
# আমার ফাঁসি চাই




মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টু

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক সরকারীভাবে সস্ত্রীক অবাঞ্ছিত ঘোষিত

# আমার ফাঁসি চাই



আমাদের মহান স্বাধীনতা যুদ্ধের দুই বীর মুক্তিযোদ্ধা। বাঁ দিক থেকে 'আমার ফাঁসি চাই' গ্রন্থের লেখক মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টু এবং যুদ্ধে তার সাথী মুক্তিযোদ্ধা আবুল হোসেন (বাবুল আজাদ) এই ছবিটি ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় তোলা। *এই ছবিটি মুক্তিযুদ্ধ যাদুঘরে সংরক্ষিত আছে।*


## মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টু


**প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক সরকারীভাবে সস্ত্রীক অবাঞ্ছিত ঘোষিত**

## উৎসর্গ


দেশপ্রেম বিবর্জিত নেতা-নেত্রীর খপ্পরে পড়ে যে সমস্ত প্রতিভাবান তরুণ ছাত্র-যুবক তাঁদের ভবিষ্যৎ এবং জীবন বিসর্জন দিয়েছে, 'আমার ফাঁসি চাই' গ্রন্থটি তাঁদের জন্য-

আমার ফাঁসি চাই
মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টু

প্রকাশক ঃ
স্বর্ণ লতা ও বন লতা

প্রকাশ কাল ঃ
স্বাধীনতা দিবস ১৯৯৯

মূল্য ঃ ৭৫ (পচাত্তর টাকা) মাত্র।




পরিচিতি পত্র

মো. মতিউর রহমান
৬২ বি কে দাস সড়ক
থানা সূত্রাপুর
জিলা ঢাকা ... গণপ্রজাতন্ত্রী বাংলা দেশের একজন নাগরিক

(A. LATIP KHAN)

এই পরিচয় পত্রটি ৭১-এর মহান মুক্তিযুদ্ধকালীন সময়ে ভারতে প্রবাসী স্বাধীন বাংলাদেশ সরকার ত্রিপুরা রাজ্যের রাজধানী আগরতলায় এই গ্রন্থের লেখক মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টুকে প্রদান করে। এই পরিচিতি পত্রটি মুক্তিযুদ্ধ যাদুঘরে সংরক্ষিত আছে।



11 MAR 1999

দেশ ও জনগণের অতন্দ্র প্রহরী

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ

কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল

৩৯০ নিউ ইস্কাটন রোড, ঢাকা

যাহার জন্য প্রযোজ্য

মোঃ মতিউর রহমান

ঢাকা

প্রতি স্বাক্ষর

শেখ হাসিনা
মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এবং
প্রধান পৃষ্ঠপোষক ও প্রধান উপদেষ্টা
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ।

চেয়ারম্যান
কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ।

ভারতীয় ভলিউম অনুযায়ী দেশের প্রধানমন্ত্রী হিসেবে শেখ হাসিনা প্রতি স্বাক্ষর করে এই সনদটি 'আমার ফাঁসি চাই' গ্রন্থের লেখক মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টুর বরাবরে প্রদান করেন।

## নামকরণ

যদি পুলিশের উদ্দেশ্যে স্বীকারোক্তিমূলক জবানবন্দী দেওয়া হতো, তাহলে গ্রন্থটির নাম হতো "১৬১ ধারায় জবানবন্দী।" যদি ম্যাজিস্ট্রেটের উদ্দেশ্যে স্বীকারোক্তিমূলক জবানবন্দী দেওয়া হতো, তাহলে গ্রন্থটির নাম হতো **"১৬৪ ধারায় জবানবন্দী।"** কিন্তু জনতার উদ্দেশ্যে দেওয়া স্বীকারোক্তিমূলক জবানবন্দীর কোন ধারা নেই। যেহেতু এই গ্রন্থটি জনতার উদ্দেশ্যে দেওয়া এক ধরনের স্বীকারোক্তিমূলক জবানবন্দী, তাই গ্রন্থটির নাম দিয়েছি **"আমার ফাঁসি চাই"**। যদি বলা যায় মিস্টার X অপরাধ করেছে। মিস্টার X এর ফাঁসি চাই। তাহলে নিজে অপরাধ করলে কি বলা উচিত না **আমার ফাঁসি চাই?** তাই গ্রন্থটির নাম রেখেছি **"আমার ফাঁসি চাই?**

## ভূমিকা

আমার বিশ্বাস অতীতের সত্য ঘটনা বা ইতিহাস জানা থাকলে ভবিষ্যতের দিক নির্দেশনা হয়তো আসতে পারে। শুধু আমি আছি বা জানি এমন সমস্ত ঘটনাবলীই কেবল এখানে লিখিত হলো। তবে আমার দেখা বা জানার বাইরে অন্য কিছু নেই, এটা একেবারেই ঠিক নয়। অবশ্যই আছে।

আমরা যারা সাধারণ মানুষ, আমাদের একটা বিষয়ে নিশ্চিত হতে হবে যে, যারা রাজনীতি করেন বা দেশ চালান তারা আমাদের চাইতে খুব বেশি কিছু বোঝেন তা মোটেও নয়। আমাদের ধারণার আশপাশ দিয়েই তাদের ধারণা। আমাদের চাইতে খুব বেশি জ্ঞান, মেধা, যোগ্যতা রাজনীতিবিদদের আছে, এমন ভাববারও কোনই কারণ নেই। বরং কোন কোন বাস্তব বিষয়ে তাদের ধ্যানধারণা ও জ্ঞানের চাইতে আমরা যারা সাধারণ মানুষ, আমাদের জ্ঞান-বুদ্ধি সেই তুলনায় অনেক বেশি। অন্তত বাংলাদেশের রাজনীতিক ও প্রশাসকদের বেলায় এটা ষোল আনা সত্য।

কত নীচ প্রকৃতির এবং কত লোভী ও ক্ষুদ্র মনোবৃত্তির মানুষেরা কত উপরে আসীন, সাধারণ জনতার কাছে তা তুলে ধরার জন্যই এই বই লেখার প্রয়াস আমার। বাংলাদেশের নাগরিকদের প্রতি বিশেষ করে আগামী প্রজন্মের মানুষদের জন্য এই ধরনের বই বা পুস্তক লেখা উচিত কি-না এ নিয়ে বিস্তর চিন্তা-ভাবনা, আলাপ-আলোচনা এবং তর্ক–বিতর্কের পর অবশেষে সিদ্ধান্ত নিয়েছি-রাজনীতির অন্তরালের কোন সত্য ও তথ্যকে বাধাগ্রস্ত না করে, যতটুকু জেনেছি তাই-ই জনসমক্ষে তুলে ধরব এই ভেবে যে, তা যদি বর্তমান এবং আগামী দিনের মানুষের কোন কাজে লাগে।

এই গ্রন্থ বা পুস্তক পড়ে কোন কোন পাঠক আমাদের অকথ্য ভাষায় গালি-গালাজ করবেন, পারলে তার চাইতেও ভয়ানক চরম দণ্ড দেবেন। আবার কোন কোন পাঠক হয়তো সতর্ক-সাবধান হয়ে বিস্তর চিন্তা-ভাবনা করে আগামী দিনের রাজনৈতিক পথ চলবেন।

পাঠক কি করবেন, এটা একান্তই পাঠকের নিজস্ব ব্যাপার। তবে আমরা এটাকে প্রকাশ করা আমাদের একান্তই দায়িত্ব মনে করেছি।

আমাদের সমূহ বিপদের কথা চিন্তা করে সকলেই একবাক্যে বইটি এখন প্রকাশ না করে, শেখ

হাসিনা যখন বাংলাদেশের প্রধানমন্ত্রী থাকবেন না, তখন প্রকাশ করার পক্ষে রায় দিয়েছেন। কিন্তু আমরা স্বামী-স্ত্রী সম্মিলিত সকলের রায়ের সাথে একমত হইনি এই ভেবে যে, মানুষের (শেখ হাসিনার) দুর্বল মুহূর্তে তাঁর পিছনের কথা ফাঁস করে দেওয়ার মধ্যে কোন সৎ সাহস বা কৃতিত্ব থাকতে পারে না।

তাই ভবিষ্যৎ বিড়ম্বনার সম্ভাবনা জেনেও সর্বশক্তিমান আল্লাহর উপর ভরসা রেখে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শাসনামলেই এই গ্রন্থ বা পুস্তক প্রকাশ করার সিদ্ধান্ত নিয়েছি। জীবন মানে পরাজিত হওয়া নয়, অবিরাম যুদ্ধ করা। রাখে আল্লাহ মারে কে?

পাঠক মনে করতে পারেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারী ভাবে আমাদের (স্বামী-স্ত্রী) কে অবাঞ্ছিত ঘোষণা করার জন্যই আমরা এই জাতীয় লেখা তৈরি করেছি। হ্যাঁ, এটা খুবই সত্যি কথা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্রীয়ভাবে আমাদের (স্বামী-স্ত্রী) কে অবাঞ্ছিত ঘোষণা করে চরম অকৃতজ্ঞতার পরিচয় না দিলে হয়তো আমাদের মাথায় এই গ্রন্থ লেখার বিষয়টি আসতো না।

পুলিশ, সিআইডি, ডিবি, আইবি, এনএসআই, ডিজিএফআইসহ রাষ্ট্রের সকল সংস্থায় আমাদের স্বামী-স্ত্রীকে অবাঞ্ছিত ঘোষণা করে দেওয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐ আদেশই আমাদের মাথায় এই বই বা গ্রন্থ লেখার বিষয় এনে দেয়।

এখানে যা লেখা হয়েছে তার সবটুকুই বাস্তবের ছবি। আমরা শুধু সত্য বিষয়ের উপর কথার মালা গেঁথেছি।

আমাদের চিন্তায় এই বিষয়গুলো জাগিয়ে দেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জানাই আন্তরিক ধন্যবাদ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐ বেআইনী আদেশের প্রতি আমরা যারপর নাই কৃতজ্ঞ। কারণ সেই সূত্র থেকেই এত কিছুর বিস্তার।

রাষ্ট্রের নাগরিককে অবাঞ্ছিত ঘোষণা শুধু সংবিধান বিরোধী এবং বেআইনীই নয়, এটা হচ্ছে শপথ বাক্যের স্পষ্ট বরখেলাপ।

১৯৯৬ সালের ২৩শে জুন সন্ধ্যা সাতটায় বঙ্গভবনের দরবার কক্ষে প্রধানমন্ত্রীর পদ গ্রহণের সময় শেখ হাসিনা শপথ নিয়ে বলেছিলেন, আমি শেখ হাসিনা সশ্রদ্ধচিত্তে শপথ করিতেছি যে, আমি আইন অনুযায়ী বাংলাদেশের প্রধানমন্ত্রী পদের কর্তব্য বিশ্বস্ততার সঙ্গে পালন করিব। আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব। আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান করিব এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হয়ে সকলের প্রতি আইন অনুযায়ী যথাবিহিত আচরণ করিব।

রাজনীতি হচ্ছে মানুষকে দেওয়ার জন্য, পাওয়ার জন্য নয়। এই বিষয়টি নিয়ে ১৯৮১ সালের ১৭ই মে শেখ হাসিনা দেশে ফেরার পরদিন থেকে ১৯৯৭ সালের ১৫ই জানুয়ারী পর্যন্ত দীর্ঘ প্রায় ষোল বৎসর বিরামহীন দ্বন্দ্বের অবসান ঘটিয়ে অবশেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের তাড়িয়ে দিলেন। আমরা পরাজিত হলাম। তবুও বোঝাতে পারলাম না, রাজনীতি মানুষকে দেওয়ার জন্য, পাওয়ার জন্য নয়। সত্যি কথা বলার প্রবল দৃঢ়তা আমাদেরকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার পরিবারের কাছে বিপজ্জনক করে তুলেছিলো।

ব্যক্তিগতভাবে যিনি অসৎ, বেঈমান, নিমকহারাম এবং মুনাফেক। তিনি কী রাষ্ট্রীয় বা সমাজ জীবনে সৎ ঈমানদার হতে পারেন?

## প্রকাশকের কথা

লেখক মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টু ভারতীয় প্রশিক্ষণপ্রাপ্ত একজন মহান মুক্তিযোদ্ধা। যুদ্ধে যাওয়া মানে মৃত্যুর মুখোমুখি হওয়া। মৃত্যুর সাথে পাঞ্জা লড়া। মুক্তিযুদ্ধের সময় নবম শ্রেণীর ছাত্র হয়েও লেখক যুদ্ধ করে আমাদের দেশ স্বাধীন করেছেন। একজন বীর মুক্তিযোদ্ধা হিসেবে তিনি আমাদের অহংকার, আমাদের গর্ব। সম্ভবত তিনিই একমাত্র মুক্তিযোদ্ধা যার প্রবাসী স্বাধীন বাংলাদেশ সরকার কর্তৃক দেয়া সনদ "মুক্তিযুদ্ধ জাদুঘরে" সংরক্ষিত আছে।

ব্রিগেডিয়ার আমীন আহাম্মেদ চৌধুরী ১৯৮৮ সালে ভারত সরকার-এর কাছ থেকে '৭১-এর মুক্তিযোদ্ধাদের যে তালিকা সংগ্রহ করে এবং পরবর্তী পযায়ে সেনানিবাস (ক্যান্টনমেন্ট) এবং মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টে মুক্তিযোদ্ধার যে তালিকা সংরক্ষিত হয় ভারতীয় সেই তালিকার ১নং ভলিউম-এর ৪৬২ নং নামটি লেখকের। তার পরবর্তী পর্যায়ে ১৯৯৮/৯৯ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার দপ্তরে (প্রধানমন্ত্রীর কার্যালয়ে) ঐতালিকার ১টি সংরক্ষণ করেন এবং এই ভারতীয় তালিকা অনুযায়ী দেশের প্রধানমন্ত্রী হিসেবে প্রতিস্বাক্ষর করে মুক্তিযোদ্ধাদের সনদ দেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রতি স্বাক্ষরকৃত ০৪২৭৬ নং মুক্তিযোদ্ধা সনদটি লেখকের।

লেখক বঙ্গবন্ধু শেখ মুজিব হত্যার প্রতিবাদে যুদ্ধ করেন। যুদ্ধক্ষেত্রে বন্দী হন। কারাবরণ করেন।

১৯৮১ সালের ১৭ই মে শেখ হাসিনা দেশে আসার পর থেকে ১৯৯৭ সাল পর্যন্ত প্রায় ১৬ বছর লেখক শেখ হাসিনার অলিখিত কনসালটেন্ট থাকেন। লেখকের স্ত্রী নাজমা আক্তারী ময়না ১৯৮৮ সাল থেকে ১৯৯৭ সাল পর্যন্ত প্রায় ৯ বছর শেখ হাসিনার অবৈতনিক হাউজ সেক্রেটারী থাকেন।

১৯৯৭ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারী ভাবে লেখক এবং তার স্ত্রীকে অবাঞ্ছিত ঘোষণা করেন। লেখক ও তার স্ত্রী আইনজীবী ছাড়া নিজেরাই প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে ঐ অবাঞ্ছিত ঘোষণা বে-আইনী দাবী করে হাইকোর্টে মামলা করেন।

১৯৭১ সালে আমাদের মহান মুক্তিযুদ্ধের ভিতর দিয়ে লেখক রাজনীতিতে প্রবেশ করেন। '৭১ সাল থেকে এখন পর্যন্ত দীর্ঘ ২৭/২৮ বছর তিনি রাজনীতির সাথে সরাসরি ওতপ্রোতভাবে জড়িত আছেন। ২৭/২৮ বছরের বাংলাদেশের রাজনীতির নেপথ্যের অনেক কাহিনী লেখকের জানা আছে এবং এই দীর্ঘ সময়ের অনেক নেপথ্য কাহিনীর সাথে লেখক নিজেই জড়িত।

২৭/২৮ বছরের রাজনীতির নেপথ্যের কাহিনীর উপরই ভিত্তি করে **"আমার ফাঁসি চাই"** গ্রন্থটি রচিত।

বিশেষত '৮১ সালের ১৭ই মে শেখ হাসিনা দেশে আসার পর থেকে '৯৭ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনীতির নেপথ্যের অনেক কাহিনী লেখক তার এই গ্রন্থে ফাঁস করে দিয়েছেন।

এ কথা নিশ্চিত বলা যায় যে, **"আমার ফাঁসি চাই"** বইটি পড়লে যে কেউ বিশেষত তরুণ-যুবক-ছাত্র সম্প্রদায় রাজনৈতিক প্রতারণার হাত থেকে বেঁচে যাবেন।

*-স্বর্ণলতা ও বনলতা, প্রকাশক*

## সূচীপত্র

৬৯-এর গণ আন্দোলন, ৭০-এর নির্বাচন, স্বাধীনতা ঘোষণা, মুক্তিযুদ্ধ, সিরাজ সিকদার হত্যা, একদলীয় শাসন, শেখ মুজিব হত্যা, খন্দকার মুশতাক রাষ্ট্রপতি, জেল হত্যা, ৩রা নভেম্বর অভ্যুত্থান, ৭ই নভেম্বর সিপাহী বিপ্লব।


| | |
|---|---|
| ৭ই মার্চের ভাষণ | ১২ |
| ভারতে পলায়ন | ৩৩ |
| যুদ্ধে পরাজয় | ৩৪ |
| হারিয়ে যাওয়া শেখ মুজিবের জনপ্রিয়তা ফিরিয়ে আনা | ৩৭ |
| রাজনীতিতে শেখ হাসিনা | ৩৯ |
| এই জিয়া সেই জিয়া নয় | ৪১ |
| রাষ্ট্রপতি জিয়া হত্যা | ৪১ |
| লেবানন ট্রেনিং | ৪৪ |
| এরশাদকে ক্ষমতা গ্রহণের আমন্ত্রণ | ৪৬ |
| ৮৩-র মধ্য ফেব্রুয়ারীতে ছাত্র হত্যা | ৪৬ |
| সেলিম ও দেলোয়ার হত্যা | ৫১ |
| দেশদ্রোহী অসভ্য বাহিনী | ৫৩ |
| '৮৬-র নির্বাচন | ৫৪ |
| আন্দোলন আন্দোলন খেলা | ৫৭ |
| ছিয়াশির পার্লামেন্ট ভেঙ্গে দেওয়া | ৫৮ |
| এরশাদ পতনে ও তত্ত্বাবধায়ক সরকার | ৫৯ |
| এরশাদ পতনে সেনাবাহিনীর ভূমিকা | ৫৯ |
| পদত্যাগ নাটক | ৬১ |
| টাকার বিনিময়ে রাষ্ট্রপতি প্রার্থী | ৬২ |
| জাহানারা ইমাম ও শেখ হাসিনা | ৬২ |
| গোলাম আযম ও শেখ হাসিনা বৈঠক | ৬৩ |
| ১৯৯২ এর হিন্দু-মুসলিম রায়ট | ৬৪ |
| শেখ হাসিনার-গোলাম আযমের ২য় বৈঠক | ৬৮ |
| নির্বাচন বাতিলের দাবি | ৬৮ |
| শেখ হাসিনা এবং মেয়র হানিফ | ৭১ |
| রুমালে গ্লিসারিন | ৭১ |
| আজ আমি বেশি খাব | ৭২ |
| টাকার ভাগ দিতে হবে | ৭২ |
| জাহানারা ইমাম মরেছে, আপদ গেছে | ৭৩ |
| শেখ হাসিনার ট্রেনে গুলি | ৭৩ |
| স্বামী-স্ত্রী রাত কাটায়নি | ৭৫ |
| অদ্ভুত চরিত্র কর্ম ও ভাগ্য | ৭৬ |
| রাজাকারের ছেলের সাথে বিয়ে দেব না | ৭৭ |
| সব যান, বের হন | ৭৭ |
| এক কোটি সাতত্রিশ লক্ষ টাকা | ৭৮ |
| নেত্রী এখন নামাজ পড়ছেন | ৭৮ |
| আমার সাথে বেঈমানী করেছে | ৭৯ |
| আওয়ামী লীগের সিদ্ধান্তের গুরুত্ব | ৮০ |
| জনতাকে শান্ত থাকার বক্তৃতা | ৮১ |
| খাতা-কলম গোলা-বারুদ ও দিগম্বর কাহিনী | ৮১ |
| জেনারেল নাসিমকে ক্ষমতা দখলের প্রস্তাব | ৮৪ |
| পুলিশের লাশ চাই, মিলিটারীর লাশ চাই | ৮৫ |
| বেঈমানটা আসছে | ৮৭ |
| নায়ক, মন্ত্রী ও জনতার মঞ্চ | ৮৮ |
| শেখ হাসিনা-জেনারেল নাসিমের বৈঠক | ৮৮ |
| নৌকা ঃ দুর্গা দেবীর বাহন | ৮৯ |
| রাজাকারের কাছে আসন বিক্রি | ৯০ |
| হিন্দুরাই আমার বল-ভরসা | ৯১ |
| সৈন্য নামানোর নির্দেশ দিয়ে চম্পট | ৯২ |
| পেনসিডিল কাহিনী | ৯৩ |
| আবু হেনার আগমন | ৯৬ |
| ঐকমত্যের সরকার | ৯৬ |
| রওশন এরশাদের পা ধরা | ৯৮ |
| হানিফ এলজিআরডি মন্ত্রী | ৯৯ |
| সবার মুখ কালো | ১০০ |
| আমার সাথে বেঈমানী | ১০০ |
| বেসামাল | ১০১ |
| দুই বোনের ভাগাভাগি | ১০২ |
| শেয়ার বাজার কেলেঙ্কারী | ১০৩ |
| ওরা ৬ জন মুক্তিযোদ্ধা | ১০৪ |
| ডক্টরেট ডিগ্রি পাওয়া | ১০৫ |
| প্রথম আমেরিকা সফর | ১০৬ |
| যুদ্ধ বিমান ক্রয় | ১০৮ |
| কাদের সিদ্দিকী বনাম শেখ হাসিনা | ১১০ |
| বিচারপতি সাহাবুদ্দীন আহমদের রাষ্ট্রপতি হওয়া | ১১২ |
| বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে মামলা | ১১৪ |
| গঙ্গা ও পার্বত্য চট্টগ্রাম চুক্তি | ১১৫ |
| ঘর ভাঙ্গা আসছে এবং ডঃ মহিউদ্দিন মন্ত্রী | ১১৭ |
| অবাঞ্ছিত ঘোষণা | ১১৮ |
| দশ টাকার নোটে শেখ মুজিবের ছবি | ১১৯ |
| পুলিশের গুলিতে কেউ মারা যায়নি | ১২০ |

| | |
|---|---|
| কুত্তার জাত | ১১৩ |
| জিল্লুর রহমান সেক্রেটারী | ১১৩ |
| টাকা আর লাশ | ১২৪ |
| স্বামীর সাথে না থাকা | ১২৫ |
| পাচার | ১২৭ |
| ভ্যাট প্রত্যাহার | ১২৮ |
| খেলা | ১২৮ |
| প্রিয়-অপ্রিয় পছন্দের-অপছন্দের | ১২৮ |
| প্রথম নির্দেশ | ১২৯ |
| কোন নেতা ছিল না | ১২৯ |
| চিন্তাভাবনা ছাড়াই বলা | ১২৯ |
| রাজা-বাদশা, রাষ্ট্রপতি-প্রধানমন্ত্রী | ১৩০ |
| ওয়াদা | ১৩০ |
| সপ্তাহে দু'দিন ছুটির কাহিনী | ১৩১ |
| কাকে প্রথম সৎ হতে হবে | ১৩১ |
| সুরে সুরে কথা বলা | ১৩৩ |
| কোন শিক্ষা নেয়নি | ১৩৩ |
| কার কত টাকা | ১৩৪ |
| ধিক শেখ মুজিব ধিক | ১৩৫ |
| ডায়রীর পাতা | ১৩৬ |
| শিক্ষা | ১৩৬ |
| মুক্তিযুদ্ধের চেতনা | ১৩৭ |
| আমার, শেখ মুজিবের ও শেখ হাসিনার ফাঁসি চাই | ১৩৮ |
| তবে তার আগে | ১৩৯ |



*১৯৮১ সালের ১৭ই নবেম্বর এই ছবিটি তোলা। ছবিতে দেখা যাচ্ছে (বাঁ থেকে) বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা 'আমার ফাঁসি চাই' গ্রন্থের লেখক মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টু, মাঝে আওয়ামীলীগের সাবেক কেন্দ্রীয় নেতা দৈনিক বাংলার বাণীর নির্বাহী সম্পাদক শফিকুল আজিজ মুকুল। ১৯৮১ সালের ১৭ই নবেম্বরের এই দিনে আওয়ামীলীগ সভানেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা উপস্থিত সকলের সামনে মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টুকে তার (শেখ হাসিনার) কনসালটেন্ট ঘোষণা দেন।*

***৬৯-এর গণ আন্দোলন, ৭০-এর নির্বাচন, স্বাধীনতা ঘোষণা, মুক্তিযুদ্ধ, সিরাজ সিকদার হত্যা, একদলীয় শাসন, শেখ মুজিব হত্যা, মুশতাক রাষ্ট্রপতি, জেল হত্যা, ৩রা নভেম্বর অভ্যুত্থান, ৭ই নভেম্বরের সিপাহী বিপ্লব।***

১৯৬৯ সাল, বাঙালি বীরোচিত এক সংগ্রামের মাধ্যমে কারাগারে থেকে বের করে আনলো বাঙালির অবিসংবাদিত নেতা শেখ মুজিবর রহমানকে। তথাকথিত আগরতলা ষড়যন্ত্র মামলার অভিযোগে পাকিস্তান সরকার এক প্রহসনমূলক বিচার করছিল শেখ মুজিবর রহমানসহ সামরিক-বেসামরিক-বাঙালি কিছু লোকের। কিন্তু বাংলার মানুষ এই মামলা এবং বিচার গ্রহণ করেনি। শুধু তাই নয়, এই মামলা ও বিচারের বিরুদ্ধে তীব্র গণ আন্দোলন করে বাঙালিরা পাকিস্তান সরকারকে বাধ্য করলো এই মামলা প্রত্যাহার করতে এবং শেখ মুজিবসহ সকল অভিযুক্ত ব্যক্তিকে নিঃশর্ত মুক্তি দিতে। তখন বাংলাদেশ ছিল পাকিস্তানের উপনিবেশ। আমাদের এই দেশের নাম ছিল পূর্ব পাকিস্তান।

স্বাধীনতার পরে এই আগরতলা ষড়যন্ত্র মামলায় অভিযুক্ত ব্যক্তিদের সাথে মিলেমিশে যতটুকু জানা যায় তা হলো, পাকিস্তান যে আমাদের উপনিবেশ বানিয়ে রেখেছিল এবং ধর্মের নামে বাঙালিদের শোষণ করছে এটা তারা স্পষ্ট বুঝতে পেরেছিল। ঔপনিবেশিক শোষণ ও বাঙালিদের বিশেষ করে বাঙালি সৈনিকদের বঞ্চিত করার বিষয়গুলো নিয়ে পাকিস্তান সামরিক বাহিনীর অন্তর্ভুক্ত বাঙালিদের মধ্যে কানাঘুষা চলছিল। পাকিস্তান সেনা- বাহিনীর বাঙালি সৈনিকরা তাদের প্রাপ্য পাওনা নিয়ে ভাবতে আরম্ভ করেছিল। ঠিক এমনি মুহূর্তে পাকিস্তান সরকার শেখ মুজিবসহ সামরিক-বেসামরিক বাঙ্গালিদের গ্রেপ্তার করে ও আগরতলা ষড়যন্ত্র মামলা সাজায়।

এই মামলায় অভিযুক্তরা পাকিস্তান থেকে বাংলাদেশ স্বাধীন করবে এই রকম কোন কঠিন সিদ্ধান্ত সে সময় নেয়নি। তবে ক্রমশ নিজেদের অধিকার সম্পর্কে সচেতন হয়ে পড়ছিল। এ মামলায় এমন অভিযুক্তও ছিলেন যিনি কিছুই জানতেন না। শুধু বাঙালি হওয়ার কারণেই মূলত অভিযুক্ত হয়েছিলেন। পাকিস্তান আমাদের অধিকার সচেতনাকে অঙ্কুরেই ধ্বংস করে দেওয়ার জন্যই এই আগরতলা ষড়যন্ত্র মামলার সূত্রপাত করেছিল। এমন অনেক অভিযুক্ত ছিলেন যারা ঢাকা ক্যান্টনমেন্টে আসামীর কাঠগড়ায় দাঁড়ানো ছাড়া শেখ মুজিবকে আর কখনও দেখেননি। এক প্রত্যুষে পাকিস্তান থেকে বাংলাদেশকে স্বাধীন করে ফেলার এমন কোন স্পষ্ট পরিকল্পনা বা সিদ্ধান্ত অভিযুক্তদের কারোই কখনো ছিল না বলে আগরতলা মামলার প্রায় অভিযুক্তদের কাছ থেকে জানা যায়। অভিযুক্তদের প্রায় সকলেই বলেন, বাঙালিদের অধিকার থেকে বঞ্চিত রাখা এবং নির্যাতনের জন্যই মূলত পাকিস্তান সরকার তিলকে তাল বানিয়ে এই আগরতলা মামলা দায়ের করেন।

পূর্ব পাকিস্তানের বাঙালিরা পাকিস্তানের নির্যাতনের বিরুদ্ধে বীরোচিত গণ আন্দোলনের মাধ্যমে শেখ মুজিবসহ অভিযুক্ত সকলকে মুক্ত করে আনে।

১৯৬৯ সালেই ছাত্র নেতা তোফায়েল আহমেদ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এক ছাত্র-জনতার বিশাল সভায় শেখ মুজিবকে বঙ্গবন্ধু উপাধি দেওয়া হয়। ১৯৭০ সালে পাকিস্তান সরকার জাতীয় পরিষদ (এমএনএ)-এর এবং প্রাদেশিক পরিষদের (এম পিএ) নির্বাচন ঘোষণা করে। মজলুম জননেতা মাওলানা আব্দুল হামিদ খান ভাসানীর নেতৃত্বে কিছু সংখ্যক বামপন্থী

রাজনৈতিক নেতা নির্বাচন বর্জনের জোরালো আহ্বান জানান। মজলুম জননেতা মাওলানা ভাসানীর বক্তব্য ছিল, পাকিস্তানী সরকারের নির্বাচনী ফাঁদে পা না দিয়ে পূর্ববাংলাকে স্বাধীন করার সংগ্রাম শুরু করা উচিত। তাদের শ্লোগান ছিল, নির্বাচনে লাথি মার পূর্ববাংলা স্বাধীন কর। অপর দিকে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান নির্বাচনে অংশগ্রহণের পক্ষে ছিলেন এবং তিনি জনগণকে নির্বাচনে অংশ নেওয়ার আহ্বান জানান। জনগণ বঙ্গবন্ধুর আহ্বানে অভূতপূর্ব সাড়া দিলো। গোটা পূর্ব পাকিস্তানে বঙ্গবন্ধু এবং তার দল আওয়ামী লীগের পক্ষে নির্বাচনী জোয়ার বয়ে গেল। নির্বাচনে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ও তার দল আওয়ামী লীগকে বাঙালিরা পূর্ব পাকিস্তানের ১৬৯টি আসনের মধ্যে মাত্র ২টি আসন ছাড়া বাকি ১৬৭টি আসনে বিজয়ী করলো। মোট ভোটের শতকরা ৯০টি ভোট বঙ্গবন্ধু এবং তার দল পেলেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান সারা পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ নেতা হলেন। পাকিস্তানের তৎকালীন রাষ্ট্রপতি জেনারেল ইয়াহিয়া খান বঙ্গবন্ধু শেখ মুজিবকে পাকিস্তানের ভাবী প্রধানমন্ত্রী হিসেবে অভিহিতও করলেন। কিন্তু পশ্চিম পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ নেতা জুলফিকার আলী ভুট্টো এবং পাকিস্তানের প্রেসিডেন্ট জেনারেল ইয়াহিয়া খান বঙ্গবন্ধুকে প্রধানমন্ত্রীত্ব এবং তার দল আওয়ামী লীগকে পাকিস্তানের ক্ষমতা না দেওয়ার নানা চক্রান্ত শুরু করলেন। পূর্ব পাকিস্তানের রাজনৈতিক পরিস্থিতি হলো আগ্নেয়গিরির মতো, বাঙালিরা চরম উৎকণ্ঠিত, উত্তেজিত। রাজপথ মিছিলে, মিটিং-এ প্রকম্পিত। ঘরে ঘরে মানুষে মানুষে উদ্বেগ, উৎকণ্ঠা।

সমগ্র বাঙালি কেবল তাকিয়ে আছে জাতির অবিসংবাদিত নেতা শেখ মুজিবর রহমানের দিকে। তিনি যা বলছেন চোখের পলকে বাঙালি তাই করছে। ইতিহাসের পাতায় অনেক ইতিহাস দ্রুত গড়িয়ে যাচ্ছে। যে কোন ধরনের কর্মসূচিতে শুধু শেখ মুজিবের ঘোষণা করতে যতটুকু দেরী- তিনি যে কোন কর্মসূচী ঘোষণা দেওয়ার সঙ্গে সঙ্গে বিদ্যুৎ গতিতে বাঙালি তা বাস্তবায়িত করছে। উত্তাল জাতির মুখে শুধু একটি শ্লোগান গর্জন করে ফিরছে, বাংলাদেশ স্বাধীন কর, বাংলাদেশ স্বাধীন কর।

## ৭ই মার্চের ভাষণ

এরই মধ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব ৭ই মার্চ রেসকোর্স ময়দানে (সোহরাওয়ার্দী উদ্যান) জনসভা ডাকলেন। ভোর না হতেই লক্ষ লক্ষ বাঙালি রেসকোর্স ময়দানে সমবেত হলো স্বাধীনতা প্রশ্নে নেতার রায় শোনার জন্য। লক্ষ লক্ষ জনতার সামনে এসে দাঁড়ালেন জনতার নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান। কিন্তু বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান স্বাধীনতা ঘোষণা করেও স্বাধীনতা ঘোষণা করলেন না। পাকিস্তান সরকারের কাছে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান মূলত ৪টি কন্ডিশন বা দাবি দিয়ে তার ভাষণ শেষ করলেন।

বঙ্গবন্ধু বললেন, আমার দাবি মানতে হবে প্রথম, তারপর তিনি বিবেচনরা করে দেখবেন এসেম্বলীতে যাবেন, কি যাবেন না। যদিও বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান বললেন, এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।

তারপরও বলা যায় না বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান '৭১-এর ৭ই মার্চ স্বাধীনতা ঘোষণা করেননি। ৭ই মার্চ '৭১ তিনি স্বাধীনতা ঘোষণা করেও স্বাধীনতা ঘোষণা করেননি। অজ্ঞাত কারণে তিনি '৭১-এর ৭ই মার্চ পরিষ্কারভাবে স্বাধীনতা ঘোষণা না করে, স্বাধীনতা ঘোষণা



করতে একটুখানি বাকি রাখলেন এবং পাকিস্তান সরকারের উদ্দেশ্যে ৪টি দাবি করলেন। আবার তার এই দাবি মেনে নেওয়ার জন্য পাকিস্তান সরকারকে সুনির্দিষ্ট কোন সময়সীমাও বেঁধে দিলেন না। তবে তাঁর নির্দেশে যে অসহযোগ আন্দোলন তখন চলছিল তা বজায় রাখার নির্দেশ তিনি দেন এবং সেই সাথে নতুন করে যোগ করলেন খাজনা-ট্যাক্স সব বন্ধ করে দেওয়ার নির্দেশ। হরতাল প্রত্যাহার করলেন। স্কুল, কলেজ, অফিস, আদালত, কলকারখানা সব বন্ধ ঘোষণা করলেন। মাস শেষে কর্মচারীদের বেতন নিয়ে আসতে বললেন। শিল্পের মালিককে শ্রমিকের বেতন পৌঁছে দিতে বললেন। রেডিও, টেলিভিশন তাঁর সংবাদ পরিবেশন না করলে বাঙালিদের রেডিও টেলিভিশনে যেতে নিষেধ করলেন।

আন্দোলন নতুন মোড় নিল। বাঙালি বুঝতে পারলো স্বাধীনতা ছাড়া আর কোন গত্যন্তর নেই। কিন্তু ঠিক কবে থেকে স্বাধীনতার যুদ্ধ বা মুক্তিযুদ্ধ শুরু হবে এবং কিভাবে হবে তা নিয়ে ছিল অস্পষ্টতা ও সংশয়। কারোরই সঠিক কোন পরিষ্কার ধারণা ছিল না।

কোন এক অজ্ঞাত কারণে ৭১-এর ৭ই মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান একক ভাবে সুস্পষ্ট করে স্বাধীনতা ঘোষণা করলেন না কেন, তা কখনো কোন দিন পষ্কার জানা যায়নি।

বিশ্লেষণ এবং সামরিক পরিসংখ্যানে জানা যায়, ৭ই মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান যদি পাকিস্তানের সাথে সম্পর্ক ছিন্ন করে বাংলাদেশকে স্বাধীন সার্বভৌম দেশ হিসেবে ঘোষণা করতেন এবং সুদূর ১২ হাজার মাইল দূর থেকে আসা পাকিস্তানী সৈন্যদের বন্দী করতে বলতেন, তাহলে পাকিস্তানী সৈন্যদের সাথে বাঙালি সৈন্য, ইপিআর, পুলিশ ও জনতার যে লড়াই বা যুদ্ধ হতো, সেই যুদ্ধে মাত্র কয়েক দিনের মধ্যেই সামান্য রক্তপাতের বিনিময়েই আমাদের দেশ মুক্ত বা স্বাধীন হতো।

১৯৭১ সালের ৭ই মার্চ পযন্ত বাংলাদেশে (তৎকালীন পূর্ব পাকিস্তান) পাকিস্তানী সৈন্য সংখ্যা এতই নগণ্য ছিল যে, পাকিস্তানী পাঞ্জাবী, সিন্ধি, বেলুচ সৈন্য, বাঙালী সৈন্যদের কাছে অসহায় এবং মুখাপেক্ষী ছিল। আবার এই পাকিস্তানী পাঞ্জাবী, সিন্ধি, বেলুচ সৈন্যদের অধিকাংশই ছিল অফিসার। যারা যুদ্ধ পরিচালনা করে কিন্তু নিজেরা সরাসরি যুদ্ধ করে না। এই নগণ্য সংখ্যক পাকিস্তানী সৈন্যকে ধরাশায়ী বা পরাস্ত করতে বাঙালি সৈন্য, ই, পি, আর (আজকের বি, ডি, আর) পুলিশ এবং সাড়ে সাত কোটি জনতার কোন ক্রমেই সপ্তাহের বেশি সময় লাগতো না। কিন্তু অজ্ঞাত কারণে ৭ই মার্চ বঙ্গবন্ধু মুজিবর রহমান স্পষ্টভাবে সরাসরি স্বাধীনতা ঘোষণা না করায় এবং অনির্দিষ্ট সময় দিয়ে পাকিস্তানের কাছে ৪টি দাবী বা শর্ত দেওয়ার সুযোগে পাকিস্তান দিবা-রাত্রি তাদের সৈন্য এবং অস্ত্র বাংলাদেশে এনেছে। ১৯৭১ সালের ৭ই মার্চ পর্যন্ত বাংলাদেশে পাকিস্তানের যত নন বেঙ্গলি সৈন্য ছিল, ৭ই মার্চ শেখ মুজিবর রহমানের ভাষণের পর (৭ই মার্চ থেকে ২৫ শে মার্চ পর্যন্ত) পাকিস্তান বাংলাদেশে তার সৈন্য ও অস্ত্রশস্ত্র, গোলাবারুদ বহুগুণ বেশি বৃদ্ধি করে এবং পাকিস্তানী নন বেঙ্গলি সৈন্যের সংখ্যা যখন বাঙালি সৈন্য সংখ্যার চাইতে বহুগুণ বেশি বৃদ্ধি হয় কেবল তখনই পাকিস্তানীরা বাঙালিদের আক্রমণ শুরু করে। বঙ্গবন্ধু ৭ই মার্চের ভাষণে পাকিস্তানীদের আক্রমণ প্রতিহত করতে রাস্তাঘাট বন্ধ করে দেওয়ার কথা বলেছেন। যার যা আছে তাই নিয়ে মোকাবেলা করার কথা বলেছেন। খাজনা-ট্যাক্স বন্ধ করে দেয়ার কথা বলেছেন। বাংলাদেশ থেকে পাকিস্তানে টাকা-পয়সা পাঠানো বন্ধ করেছেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান বলেছেন, বাংলাদেশ থেকে পাকিস্তানে আর এক পয়সাও পাচার হতে পারবে না। কিন্তু বাংলাদেশে আর একজনও পাকিস্তানী সৈন্য আনা যাবে না একথা

বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কখনও বলেননি।
ফলে পাকিস্তান ৭ই মার্চ থেকে তৎকালীন ঢাকা তেজগাঁও বিমান বন্দর দিন- রাত ২৪ ঘন্টা শুধু সৈন্য আনার কাজে ব্যবহার করেছে।
পাকিস্তান আমাদের দেশ থেকে ১২ হাজার মাইল দূরবর্তী একটি দেশ। শুধু দূরত্বটাই মুখ্য নয়। আমাদের বাংলাদেশ আর পাকিস্তানের ঠিক পুরোপুরি মাঝখানে রয়েছে পাকিস্তানের চির শত্রুদেশ ভারত। এই মাঝখানের শত্রু-ভাবাপন্ন বিশাল ভারত টপকে পাকিস্তানীদের বাংলাদেশে আসা কিছুতেই সম্ভব ছিল না। প্রশ্নই ওঠে না। ভৌগোলিক কারণেই অতি সহজে স্বল্পসময়ে স্বল্প প্রাণহানিতে আমাদের দেশ স্বাধীন হওয়া খুবই সম্ভব ছিল। উচিত ছিল। এমন হওয়াও বৈচিত্র্য ছিল না যে, বিনা যুদ্ধে, বিনা রক্তপাতেই আমাদের দেশ স্বাধীন হতো। কিন্তু আমাদের স্বাধীনতার জন্য কার্যকরী ব্যবস্থা না নিয়ে, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কর্তৃক পাকিস্তানীদের দীর্ঘ সময় দেওয়ার কারণেই আমাদের স্বাধীনতার জন্য ত্রিশ লক্ষ মানুষকে প্রাণ দিতে হলো (ত্রিশ লক্ষ শহীদ এর এই সংখ্যা নিয়েও প্রশ্ন আছে)। দুই লক্ষ মা-বোনদের ইজ্জতও দিতে হলো (এই দুই লক্ষ বীরাঙ্গনাদের সংখ্যা নিয়েও প্রশ্ন আছে)। আসলে শেখ মুজিবর রহমান মানসিকভাবে স্বাধীনতার জন্য প্রস্তুত ছিলেন না। অথবা পাকিস্তান থেকে বিচ্ছিন্ন হয়ে আলাদা স্বাধীন রাষ্ট্র তিনি চাননি। পাকিস্তানীরা আমাদের উপর স্বাধীনতা যুদ্ধ বা মুক্তিযুদ্ধ চাপিয়ে দিয়েছিল এবং তাদের আক্রমণ ও হত্যাযজ্ঞের ফলেই আমরা মুক্তিযুদ্ধ করতে বাধ্য হই। অর্থাৎ পাকিস্তানীরাই আমাদের স্বাধীন হতে বাধ্য করেছে।
'৭১ সালের ৭ই মার্চের ভাষণে শেখ মুজিবর রহমান পাকিস্তানীদের কাছে যে ৪টি দাবি করেছিলেন-(১) সামরিক আইন মার্শাল 'ল' তুলে নিতে হবে। (২) সমস্ত সেনাবাহিনীর লোকদের ব্যারাকে ফিরিয়ে নিতে হবে। (৩) যেভাবে হত্যা করা হয়েছে তার তদন্ত করতে হবে। (৪) আর জন- প্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তর করতে হবে। অর্থাৎ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানকে পাকিস্তানের প্রধানমন্ত্রী করতে হবে।
এই দাবিগুলো যদি পাকিস্তানীরা মেনে নিত তাহলে কি আমাদের মুক্তিযুদ্ধ করতে হতো? পাকিস্তান থেকে বিচ্ছিন্ন হয়ে আমাদের আলাদা স্বাধীন রাষ্ট্র বাংলাদেশ হতো? কবি নির্মলেন্দু গুণের মতে শেখ মুজিবর রহমানের ৭ই মার্চের দাবি পাকিস্তান যদি মেনে নিত তাহলে আর যাই হোক, এই যাত্রায় বাংলাদেশ স্বাধীন হতো না।
বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ছিলেন পাকিস্তানের নির্বাচিত জন প্রতিনিধিদের নেতা। পাকিস্তানীরা যদি শেখ মুজিবকে নির্বাচিত নেতা হিসেবে ক্ষমতা দিতো, যদি বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান পাকিস্তানের প্রধানমন্ত্রী হতেন, তাহলে তো আমরা নিশ্চয়ই পাকিস্তান থেকে বিচ্ছিন্ন হয়ে আলাদা স্বাধীন রাষ্ট্র হতাম না বা বঙ্গবন্ধুও তা চাইতেন না। জনগণ কর্তৃক নির্বাচিত বাঙালি জনপ্রতিনিধিদের কাছে পাকিস্তানী সামরিক শাসকরা ক্ষমতা হস্তান্তর করবে এবং বাঙালি জনপ্রতিনিধিরা পাকিস্তান সরকার পরিচালনা করবেন এই তো ছিল বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রকৃত কথা। পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ ছিল বাঙালি। এই সংখ্যাগরিষ্ঠ বাঙালিরা পাকিস্তান শাসন করবে এটাই ছিল বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের মূলমন্ত্র। ঘটনা প্রবাহের ঐতিহাসিক বিশ্লেষণে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ছিলেন পাকিস্তানের শেষ ব্যক্তি, যিনি পাকিস্তানের অখণ্ডতায় দৃঢ়ভাবে বিশ্বাসী ছিলেন।
ঐক্যবদ্ধ পাকিস্তানের প্রতি শেখ মুজিবর রহমানের ছিল পূর্ণ আনুগত্য। পাকিস্তান বিচ্ছিন্ন হয়ে যাক, পাকিস্তান টুকরো হয়ে যাক, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কখনই তা চাননি। আর চাননি



বলেই প্রয়োজনীয় সুযোগ থাকা সত্ত্বেও তিনি পাকিস্তান থেকে বিচ্ছিন্ন হয়ে আলাদা স্বাধীন রাষ্ট্র তৈরীর জন্য কোন বাস্তব কার্যকর ভূমিকা নেননি।
শেখ মুজিবর রহমানের ৭ই মার্চের ভাষণ হলো ট্রিমেনডাস কন্ডিশন্যাল স্পিস। যে ভাষণে পাকিস্তান রক্ষার শেষ চেষ্টা হিসেবে শেখ মুজিবর রহমানের কাছে ক্ষমতা হস্তান্তরের শর্ত দেওয়া হয়েছিল। আবার ক্ষমতা না দেওয়া হলে পাকিস্তান বিচ্ছিন্ন হয়ে যাওয়ার সতর্ক হুঁশিয়ারী দেওয়া হয়েছে।
৭ই মার্চের বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান-এর ভাষণ ছিল, বিশ্ব ইতিহাসে অদ্বিতীয় এক অনন্য ঐতিহাসিক ভাষণ। যে ভাষণে তিনি স্বাধীনতা ঘোষণা করেও স্বাধীনতা ঘোষণা করেননি।
সে কারণেই আমাদের স্বাধীনতা ঘোষণার তারিখ বা দিন এবং স্বাধীনতার ঘোষক নিয়ে চির বিতর্ক।
আমরা ২৬শে মার্চকে স্বাধীনতা দিবস হিসেবে পালন করি তার মূল কারণ হলো, ২৫ মার্চ দিবাগত রাত বারটার পর পাকিস্তানী সেনাবাহিনী ঘুমন্ত বাঙালির উপর পৈশাচিক আক্রমণ ও গণহত্যাযজ্ঞ শুরু করে। ২৫শে মার্চ দিবাগত গভীর রাত অর্থাৎ ঘড়ির সময় অনুযায়ী তা ২৬ শে মার্চের প্রথম প্রহর ধরা হয় বলেই ২৬শে মার্চকে আমরা স্বাধীনতা দিবস হিসেবে পালন করি। প্রকৃতপক্ষে পাকিস্তানী সৈনিকদের আক্রমণ আর ঘড়ির সময় হিসেবে নিয়েই ২৬শে মার্চকে স্বাধীনতা দিবস ধরা হয়। এই হিসেবে যদি পাকিস্তানীরা আমাদের ২৬শে মার্চের আগে অথবা পরে যে কোন দিন আক্রমণ করতো তাহলে সেই দিনটিই আমাদের স্বাধীনতা দিবস হিসেবে চিহ্নিত হতো।
সত্যি কথা বলতে কি, কেউই সঠিক সময়ে পূর্ণাঙ্গরূপে আমাদের স্বাধীনতা ঘোষণা করেননি। যদিও বলা হয়ে থাকে ২৫শে মার্চ রাত ১২টায় পর টেলিগ্রামের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান স্বাধীনতা ঘোষণা করেছিলেন, কিন্তু টেলিগ্রামের ঐ ঘোষণার যথার্থতা খুঁজে পাওয়া যায়নি। টেলিগ্রামের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের স্বাধীনতা ঘোষণাটি তখনকার সময়ের সাড়ে সাত কোটি বাঙালির কেউ পেয়েছে বা শুনেছে আজ পর্যন্ত এমন দাবি কেউ করেননি।
২৩শে মার্চ হলো পাকিস্তান দিবস। এই ২৩শে মার্চে পাকিস্তান দিবসে তৎকালীন পূর্ব পাকিস্তান (বর্তমান বাংলাদেশ) সহ সারা পাকিস্তানের সকল সরকারি-বেসরকারি ভবন এবং শহরের বাড়ীগুলোতে সবুজ-সাদা চাঁনতারা পাকিস্তানী পতাকা তোলা হতো। শহরের রাস্তাগুলো পাকিস্তানী পতাকা দিয়ে সাজান হতো এবং রাষ্ট্রীয় ও সামাজিক নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে ২৩শে মার্চ পাকিস্তান দিবস পালন করা হতো। কিন্তু '৭১-এর ২৩শে মার্চ পাকিস্তান দিবসে পূর্ব পাকিস্তানের (বর্তমান বাংলাদেশের) কোথাও, কোন সরকারি বেসরকারি ভবনে পাকিস্তানী পতাকা তো ওড়ানো হয়ইনি বরং জনগণ স্বেচ্ছায় স্বতঃস্ফূর্তভাবে এদেশের (তৎকালীন পূর্ব পাকিস্তানের) প্রতিটি সরকারি-বেসরকারি ভবনে, প্রতিটি বাড়িঘরে, রাস্তাঘাটে, গ্রাম বাংলার গাছে গাছে এমন কি বঙ্গবন্ধু শেখ মুজিবের বাসভবনে সবুজের মাঝে লাল বৃত্তের উপর হলুদ রঙের মানচিত্র খচিত স্বাধীন বাংলার পতাকা উড়িয়ে দিয়ে পাকিস্তানের যবনিকাপাত ঘটালো। পাকিস্তান দিবসে পাকিস্তানী পতাকা উড়লো না। পাকিস্তানী সৈন্যরা কুচকাওয়াজ করলো না। পাকিস্তানের কোন অস্তিত্বই খুঁজে পাওয়া গেল না। তারপরও বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান স্বীকৃত পন্থায় সোজাসুজি স্পষ্ট করে বাংলার স্বাধীনতা ঘোষণা করেননি। কি এক অজ্ঞাত কারণে শেখ মুজিবর রহমান মুখ খোলেননি। নীরব ছিলেন। স্বাধীনতা ঘোষণার বৈধ

রাজনৈতিক দায়িত্ব কেবল শেখ মুজিবকে বাঙালি জাতি দিয়েছিলেন, কিন্তু শেখ মুজিবর রহমান জাতি কর্তৃক প্রদত্ত রাজনৈতিক দায়িত্ব পালন করে স্বাধীনতা ঘোষণা করেননি।

ঐ পরিস্থিতিতে অন্য কারো পক্ষে স্বাধীনতা ঘোষণা করা সম্ভব ছিল না। কেননা শেখ মুজিব ছিলেন বাঙালির আশা-আকাঙ্খার মূর্ত প্রতীক। তবে পাকিস্তানীরা ভয়, লোভ কোন কিছুর বিনিময়েই বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান স্বাধীনতা চান না এই রকম কোন স্বীকারোক্তি আদায় করতে পারেনি। যদি শেখ মুজিবর রহমান স্বাধীনতার বিপক্ষে কোন কথা বলতেন, তাহলে আমাদের স্বাধীনতা পাওয়া ডিফিক্যাল্ট হয়ে যেত।

অপরদিকে ২৭শে মার্চ প্রত্যুষে চট্টগ্রাম কালুরঘাট বেতার কেন্দ্র থেকে মেজর জিয়াউর রহমান দুই রকম স্বাধীনতা ঘোষণা দেন। মেজর জিয়াউর রহমান প্রথম ঘোষণা দেন, "আই এম মেজর প্রেসিডেন্ট পিপলস রিপাবলিক অফ বাংলাদেশ আই ডিক্লিয়ার ইনডিপেন্ডেন্ট অব বাংলাদেশ।

মেজর জিয়াউর রহমান দ্বিতীয়বার ঘোষণা দেন, "আই এম মেজর জিয়া, অই ডিক্লিয়ার ইনডিপেন্ডেন্ট অব বাংলাদেশ, অন বিহব ওয়ার গ্রেট লিডার শেখ মুজিবর রহমান।

মেজর জিয়াউর রহমান বেঙ্গল রেজিমেন্ট, ইপিআর (ইস্ট পাকিস্তান রাইফেল) পুলিশ এবং জনতাকে পাকিস্তান আর্মির বিরুদ্ধে যুদ্ধে ঝাঁপিয়ে পরার আহ্বান জানান। এবং সারা দুনিয়ার কাছে মুক্তিযুদ্ধের পক্ষে সাহায্যের আবেদন জানান। যদিও জিয়াউর রহমানের ২৭শে মার্চ সকালে এই ঘোষণা দেওয়ার আগেই ২৫ শে মার্চ দিবাগত গভীর রাতে অর্থাৎ ঘড়ির সময় অনুযায়ী ২৬শে মার্চ প্রথম প্রহরেই ঢাকাতে ই পি আর (ইস্ট পাকিস্তান রাইফেল) এবং পুলিশ পাকিস্তানীদের বিরুদ্ধে যুদ্ধ শুরু করে দেয়। পাকিস্তানী সৈন্যরা ঢাকার রাজারবাগ পুলিশ হেড কোয়ার্টার এবং ঢাকার পিলখানায় ই,পি,আর হেড কোয়ার্টারে আক্রমণ করলে ইস্ট পাকিস্তান রাইফেল (আজকের বি, ডি আর) এবং পুলিশ পাকিস্তানীদের কাছে আত্মসমর্পণ না করে পাল্টা আক্রমণ করে। এবং আমরা ছাত্রজনতা ঐ রাতেই ঢাকার বিভিন্ন থানা থেকে পুলিশের রাইফেল এনে পাকিস্তানীদের বিরুদ্ধে যুদ্ধের প্রস্তুতি নেই। কিন্তু আমাদের রাইফেল চালানোর (ট্রেনিং) প্রশিক্ষণ না থাকায় আমরা পাকিস্তানীদের বিরুদ্ধে ঐ রাতে যুদ্ধ শুরু করতে পারিনি। ই, পি, আর ও পুলিশের ঐ রাতের যুদ্ধটা ছিল মূলত আত্মরক্ষার্থে। কারো কোন প্রকার নির্দেশ বা ঘোষণা ছাড়াই ই, পি আর ও পুলিশ পাকিস্তানীদের বিরুদ্ধে ২৫শে মার্চ দিবাগত গভীর রাতেই যুদ্ধ শুরু করে দিয়েছিল। তারপরও বলা চলে মেজর জিয়াউর রহমানের ২৭শে মার্চের সকালের স্বাধীনতা ঘোষণায় মুক্তিপাগল গোটা বাঙালি জাতি ভীষণভাবে আশান্বিত হয়েছিল, অনুপ্রাণিত হয়েছিল। বিশেষ করে যারা দেশের জন্য যুদ্ধ করতে জন্য মানসিকভাবে চূড়ান্ত প্রস্তুত হয়েছিল তাদের মধ্যে জিয়াউর রহমানের এই স্বাধীনতা ঘোষণা অভূতপূর্ব চাঞ্চল্যের সৃষ্টি করেছিল, উৎসাহ উদ্দীপনা ও প্রেরণার সৃষ্টি করেছিল।

বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান মুক্তিযুদ্ধের নেতৃত্ব দেওয়ার কোনরূপ চেষ্টা না করেই পাকিস্তানীদের হাতে গ্রেপ্তার হন। অজ্ঞাত কারণে তিনি কিছুটা ইচ্ছাকৃতভাবেই পাকিস্তানীদের হাতে বন্দী হন বলে অনুমান করা হয়।

২৭শে মার্চ থেকে ঢাকার বাসিন্দারা দিশেহারা হয়ে লক্ষ লক্ষ নর-নারী, আবাল-বৃদ্ধ-বনিতা পিঁপড়ার সারির মত ঢাকা শহর ছেড়ে পায়ে হেঁটে গ্রামের দিকে চলে যায়। শহর ছেড়ে চলে যাওয়া মানুষের এই কাফেলাকে একমাত্র রোজ কেয়ামতের কাফেলার সাথেই তুলনা করা চলে। সবুজ গ্রাম আর গ্রামের মেঠো পথ ভরে ওঠে শহর ফেলে পালিয়ে যাওয়া লক্ষ লক্ষ



মানুষে মানুষে।

শহর থেকে আসা লক্ষ লক্ষ মানুষকে গ্রামের কৃষক-কৃষাণী নিজের সন্তানের মত তাদের বুকে ঠাঁই দেয়। গ্রামের মানুষ রাস্তায়, পথে, মাঠে, ঘাটে চিরা, গুড়, মুড়ি, ডাব, যা কিছু সহায়-সম্বল ছিল তার সবটুকুই উজাড় করে বাড়িয়ে দিয়েছে শহর থেকে আসা মানুষের সাহায্যে। শহর ছেড়ে পালিয়ে আসা মানুষের এতটুকু কষ্ট যেন না হয়, তার সব দায়িত্ব গ্রামবাসীর। গ্রামের প্রতিটি বাড়িতে দিন-রাত্রি ভাত রান্না হচ্ছে, লক্ষ লক্ষ মানুষ খাচ্ছে। কে খাচ্ছে, কার বাড়িতে খাচ্ছে, কার ভাত খাচ্ছে কেউ তা জানে না। যারা খাচ্ছে তারা জানে না কে খাওয়াচ্ছে। আর যারা খাওয়াচ্ছে তারাও জানে না কাদের খাওয়াচ্ছে। মানুষে মানুষে এ এক মহা মিলন, এক মহা ভ্রাতৃত্ব। কখনো পৃথিবীতে এমন হয়েছে কিনা কিম্বা আর হবে কিনা জানি না। মানুষ মানুষের এত আপন! নিজের চাইতে মূল্যবান অপরজন! এ দৃশ্য যারা দেখেনি তারা কোনদিন বুঝবে না! তাদের কোনদিন বোঝানো যাবে না। পৃথিবীতে এমন কোন ভাষা বা শব্দ নেই, এমন কোন লেখক নেই যে লেখক ঐ সময়ের মানুষে মানুষে ঐক্য, ভ্রাতৃত্, সহমর্মিতা আর নিজের চাইতে অপরকে বেশি ভালবাসার চিত্র তুলে ধরতে পারবে। ঢাকা থেকে পায়ে হেঁটে ফরিদপুরের গোপালগঞ্জ-মুকসুদপুর গ্রামের বাড়িতে গিয়েছি। কত নদী পার হয়েছি, পার হয়েছি পদ্মা নদী। পাঁচ দিন-পাঁচ রাত্রি পথ চলেছি, তারপর গ্রামের বাড়ি এসেছি। একটি পয়সাও খরচ হয়নি। কোথাও একটি পয়সা লাগেনি। গ্রামের মানুষ খাইয়েছে। নৌকার মাঝি নদী পার করে দিয়েছেই বিনা পয়সায় খাওয়ানো, থাকতে দেওয়া, নদী পার করে দেওয়া, এ যেন গ্রামের মানুষের মহা পবিত্র নৈতিক দায়িত্ব ছিল।

হাঁটতে হাঁটতে পথিমধ্যে কত গর্ভবতী মা-বোন সন্তান প্রসব করেছে। আর গ্রামের মা-বোনেরা তার সেবার ভার তুলে নিয়েছে আপন করে।

এপ্রিলের প্রথম সপ্তাহ, এবার মুক্তিযুদ্ধে যাওয়ার পালা। কিভাবে মুক্তিযোদ্ধা হওয়া যায়, মুক্তিযুদ্ধ করা যায়? ১৭ই এপ্রিল আকাশবাণী কলকাতা থেকে বার বার ঘোষণা এসেছে, আজ রাত আটটার পর একটি বিশেষ অনুষ্ঠান প্রচার করা হবে। রাত আটটার আকাশবাণী কলকাতা বেতারের বাংলা খবরে বলা হলো সংবাদের পর একটি বিশেষ অনুষ্ঠান প্রচার করা হবে।

দেশাত্মবোধক গান দিয়ে শুরু হল অনুষ্ঠান। আমাদের মুক্তিযুদ্ধের এবং বাঙালির ইতিহাসের শ্রেষ্ঠ দিন এবং শ্রেষ্ঠ ঘটনাটির কথা। আজ ১৭ই এপ্রিল, কুষ্টিয়ার মেহেরপুরের বৈদ্যনাথতলার আম্রকাননে জননেতা তাজউদ্দিন আহমেদ-এর নেতৃত্বে স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার গঠনের কথা জানানো হলো। মেহেরপুরের বৈদ্যনাথতলার নাম ইতিহাসে স্বর্ণাক্ষর দিয়ে নতুন করে রাখা হলো মুজিব নগর এবং এই মুজিবনগরেই তাজুদ্দিন আহমেদের নেতৃত্বে শপথ নিল বাংলাদেশের প্রথম এবং বিপ্লবী সরকার। বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানকে করা হলো বাংলাদেশের রাষ্ট্রপতি এবং তার অনুপস্থিতিতে উপ-রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামকে করা হলো অস্থায়ী রাষ্ট্রপতি। এবং তাজুদ্দিন আহমেদকে করা হলো বাংলাদেশের প্রধানমন্ত্রী। তাজুদ্দিন আহমেদের নেতৃত্বে একটি মন্ত্রীসভাও গঠিত হলো। জেনারেল ওসমানীকে করা হলো প্রধান সেনাপতি। অস্থায়ী রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, প্রধান সেনাপতি সকলের শপথ অনুষ্ঠানও হলো এই মুজিব নগরে। এখানেই প্রবাসী সরকারকে গার্ড অফ অনার দেওয়া হলো।

শুরু হলো মুক্তিযুদ্ধের নতুন যাত্রা। বাঙালির ইতিহাসে সংযোজিত হলো নতুন অধ্যায়ের। আমাদের মুক্তিযুদ্ধ সুসংগঠিত হলো। আমাদের দেশের প্রায় এক কোটি মানুষ শরণার্থী হয়ে ভারতে আশ্রয় নিল। আমরা যারা মুক্তিপাগল কিশোর, তরুণ, যুবক আমরা ভারতে গিয়ে

সামরিক প্রশিক্ষণ (আর্মি ট্রেনিং) নিলাম এবং মুক্তিযোদ্ধা হলাম। মুক্তিযোদ্ধা হওয়ার আগে শুধু ভাবতাম কবে মুক্তিযোদ্ধা হব? কিভাবে মুক্তিযোদ্ধা হবো! ভাবতে ভাবতে গ্রামের বাড়ি থেকে আবার ঢাকায় চলে এলাম। এই ঢাকায়ই আমি জন্মেছি। শিশু থেকে কিশোর হয়েছি। এখানেই আমার সব বন্ধু-বান্ধব। গ্রামের বাড়ীতে আমার কোন বন্ধু-বান্ধব নেই। মুক্তিযুদ্ধে যাওয়ার জন্য অন্তত একজন বন্ধু তো খুবই দরকার। কাজেই আবার শত্রুর প্রধান ঘাঁটি ঢাকায় চলে এলাম। প্রতিদিন ভাবি মুক্তিযুদ্ধে যাব। কিন্তু রাতে শুধু মা'র কথা মনে হয়। মনে হয়, আমি যুদ্ধে চলে গেলে মা শুধু কাঁদবেন। আমার জন্য মা অনেক কষ্ট পাবেন, অনেক কাঁদবেন। আমার আর কোন পিছু টান নেই, শুধু মা। আব্বার কথা আমি মোটেও ভাবি না। মা'র জন্যই মনটা আমার কেমন হয়ে যায়। কেমন জানি সব কিছু এলোমেলো হয়ে যায়। এভাবে ভাবতে ভাবতে কয়েক দিন চলে যায়। মুক্তিযুদ্ধে যাওয়ার জন্য মনটা আমার অস্থির হয়ে আছে। কিন্তু মাকেও ছাড়তে পারি না, মুক্তিযুদ্ধেও যাওয়া হয় না।

একদিন আমার মনে হলো, সব ছেলেরই তো মা আছে। ছেলে যুদ্ধে গেলে মা তো কাঁদবেই। মা'র কান্নার কথা ভেবে ছেলে যদি মুক্তিযুদ্ধে না যায়, তাহলে তো মুক্তিযুদ্ধ হবে না, দেশও স্বাধীন হবে না। না, মা কাঁদে কাঁদুক, আমাকে মুক্তিযুদ্ধে যেতে হবে। দেশ স্বাধীন করতে হবে। পরের দিনই পাশের বাড়ীর আমার এক বন্ধু বয়সে আমার চেয়ে সামান্য বড়, নাম তার বাবুল আজাদ-তাকে মুক্তিযুদ্ধে যাওয়ার কথা বলে ফেললাম। সঙ্গে সঙ্গেই বাবুল আজাদ খুশিতে রাজি হয়ে গেল। বললো, আমি তো এই রকমই ভাবছিলাম এবং এই রকম একজন বন্ধুই খুঁজছিলাম।

তারপর প্ল্যান প্রোগ্রাম করে একদিন খুব ভোরে দু'জনে ভারতের উদ্দেশ্যে রওয়ানা হলাম।

আমরা দু'বন্ধু গ্রামের পথ দিয়ে হাঁটতে হাঁটতে নদীর পারে একটি বাড়িতে এসে পৌঁছলাম। তখন প্রায় সন্ধ্যা। শ'খানেক পুরুষ-মহিলা-শিশু আগে থেকেই নদী পার হওয়ার জন্য এই বাড়িতে ঘাপটি মেরে অপেক্ষা করছে। বাড়ির নদী-ঘাটে ছোট একটি ডিঙ্গি নৌকা বাধা আছে। এই ছোট নৌকাটিতে আট- দশজনের বেশি লোক একসঙ্গে পার হওয়া যাবে না। এই বাড়ির কোন মানুষ এখানে নেই। শুধু কয়েকটি লাশ পচে গলে পড়ে আছে। আর এই যে শ'খানেক মানুষ, এর সবাই শরণার্থী হয়ে ভারতে চলে যাওয়ার জন্য এখানে জড়ো হয়ে আছে। সন্ধ্যার পর নৌকার মাঝি এসে নদী পার করে দেবে সেই অপেক্ষায় আছে। নদীতে পাক সেনারা গানবোট নিয়ে ঘাঁটি করেছে। দিনের বেলায় নদী পার হতে গেলে দেখা যাবে এবং আর্মিরা গুলি করে মেরে ফেলবে। তাই রাতের অপেক্ষায় আছে সবাই। রাতের অন্ধকারে নদী পার হতে হবে। অন্ধকার ঘনিয়ে এলো। বেশ গাঢ় অন্ধকার, হঠাৎ নদীতে পাকিস্তানী আর্মির গানবোটের সার্চলাইটের আলো দেখা গেল। এই দিকেই আসছে গানবোটটা। চাপা কান্না শুরু হয়ে গেল। কেউ কেউ বলছে কাইন্দেন না ভাই, কাইন্দেন না, আল্লাহরে ডাকেন।

গানবোটটা দ্রুত এই দিকে ছুটে আসছে। সবাই মৃত্যুর ভয়ে চুপসে গেল, কারো কোন সাড়াশব্দ নেই। শুধু গানবোটের আওয়াজ আর সার্চলাইটের আলো। আমরা সবাই মাটিতে শুয়ে পড়লাম যাতে গানবোটের সার্চলাইটের আলোতে দেখা না যায়। বুকের ভেতর ভয়। তার উপর মানুষের পচা লাশের গন্ধে দম বন্ধ হয়ে আসছে।

দিন চারেক আগে পাকিস্তানী হানাদাররা এই বাড়িতে হানা দিয়ে এই মানুষগুলোকে হত্যা করেছে। আবাল-বৃদ্ধ-বনিতা কারো মুখেই কোন শব্দ নেই। অন্তরে শুধু আল্লাহ, রসূল (সঃ) আর ভগবানের নাম। গানবোট যতই এগিয়ে আসছে মনে হচ্ছে মৃত্যু ততই এগিয়ে আসছে।



মৃত্যু এখন শুধু কয়েক মিনিটের ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। আমি একটা গাছের আড়ালে দাঁড়িয়ে সবাইকে বললাম, কেউ শোয়া থেকে উঠবেন না, নড়াচড়াও করবেন না, কোন কথা বলবেন না। সবাই মাটিতে যেভাবে শুয়ে আছেন ঠিক এভাবেই থাকবেন। কোন প্রকার চিৎকার বা ছোটাছুটি মানেই নিশ্চিত মৃত্যু। আল্লাহ পাক যদি সহায় হোন তাহলে আমরা এভাবেই বেঁচে যাব। এ ছাড়া আমাদের আর বাঁচার কোনই পথ নেই। সবাই সৃষ্টিকর্তাকে স্মরণ করেন।

গানবোট একেবারে বাড়ির পাশে এসে পড়লো। সার্চলাইটের তীব্র আলোয় আলোকিত হলো সারা বাড়ি। বাড়ির আঙ্গিনায় কাপড় শুকানোর যে দড়ি বাঁধা ছিল তাও স্পষ্ট দেখা গেল। গানবোটটি যত দ্রুত এসেছিল তত দ্রুতই চলে গেল। থামলো না। এক সময় অদৃশ্য হয়ে গেল। সবাই যেন নতুন জীবন নিয়ে বেঁচে উঠলো। কিছুক্ষণ পর নৌকার মাঝি এলে কার আগে কে যাবে, এক সঙ্গে লাফিয়ে নৌকায় উঠে পড়লো। যা হবার তাই হলো। তীরেই নৌকা ডুবে গেল। নৌকা তুলে পানি ফেলে মাত্র ভাসানো হলো, সঙ্গে সঙ্গে আবারও সবাই নৌকায় লাফিয়ে উঠলো। পানি সেচে নৌকা আবার ভাসানো হলো। আবারও সবাই এক সঙ্গে উঠতে গিয়ে ডুবিয়ে দিল নৌকা। শিশু আর মহিলারা কাঁদতে শুরু করলো। আমি আর আমার বন্ধু বাবুল আজাদ উচ্চ কণ্ঠে ধমকের সুরে বললাম, আমরা দু'জন সবার শেষে যাব। একজনও বাকি থাকতে আমরা যাব না। সবাই নদী পার হওয়ার পর আমরা পার হবো, কে কে আমাদের সঙ্গে নদী পার হবেন?

কেউই কোন কথা বলল না। সকলেই চুপ।

আমরা কথা দিলাম সবাই আগে যাবেন-আমাদের আগে যাবেন। আমরা যাকে বলবো সেই নৌকায় উঠবেন। নইলে নৌকা আর তুলবো না, সবাই একসঙ্গে মারা পড়বো। জনাকয়েক বলে উঠলো, ঠিক আছে, আপনারাই ঠিক করে দেবেন কে কখন উঠবে। কেউ কেউ বলে উঠলো আবার নিজেরাই আমাদের ফেলে চলে যেয়েন না।

বললাম, দেখতেই তো পাবেন যাই কিনা। কাউকেই ফেলে আমরা যাব না। আমাদের কথা শুনেন, সবাই নদী পার হতে পারবেন এবং আমাদের আগে পার হবেন।

আবার নৌকা তুলে পানি ফেলে নৌকা ভাসালাম। ডান দিক থেকে এক এক করে নয়জন করে নৌকায় তুললাম। নৌকা ছেড়ে গেল। নামিয়ে দিয়ে আবার নৌকা ফিরে এলো। শেষ ট্রিপ-এ আমরা দু'জনসহ পাঁচজন নৌকায় উঠে নদী পার হলাম।

সীমান্তের কাছাকাছি বাতেন ভাই নামে এক ভদ্রলোকের বাড়িতে রাত্রি কাটানোর পর সকাল বেলায় আমার বন্ধু বাবুল আজাদ কান্না জুড়ে দিল। সে ঢাকায় ফিরে আসবে। আবার আমাকে সঙ্গে নিয়ে ফিরে আসবে। বাবুল আজাদ কাঁদতে কাঁদতে বলতে থাকলো, রাত্রে মাকে স্বপ্ন দেখেছি, মা বলছে ফিরে আয়। রিম্মিকে স্বপ্ন দেখেছি। রিম্মি হলো বাবুল আজাদ আর আমার বাসায় ঠিক উল্টো দিকের বাসার মস্ত বড় এক ধনী লোকের মেয়ে। বাবুল আজাদের প্রেমিকা, খুবই ভাল মেয়ে। সব দিক দিয়েই ভাল। আচার- ব্যবহার অমায়িক, দেখতে সুন্দরী, ভাল ছাত্রী, সবার প্রিয়। (বেচারা রিম্মির অকাল মৃত্যু হয়েছে। আল্লাহ্‌র কাছে দোয়া করি রিম্মি যেন বেহেস্তে যান) বাবুল আজাদ বললো, স্বপ্নের ভিতর রিম্মি আমাকে বলছে, বাবুল তুমি যুদ্ধে যেও না। তুমি মরে গেলে আমি কাকে ভালবাসবো? তুমি ছাড়া আমি কাউকে ভালবাসতে পারব না। তুমি ফিরে এসো নইলে আমাকেও নিয়ে যাও। ইত্যাদি ইত্যাদি বলতে বলতে সে কি কান্না বাবুল আজাদের। আমার কাছে বাবুলের দাবী, চল আমরা ঘরে ফিরে যাই।

কান্না যখন কিছুতেই থামাতে পারলাম না, তখন বললাম, তুই ফিরে যা। আমি ফিরে যাব না।

আমি যুদ্ধে যাব।
বাবুলের উত্তর আমি তোকে ফেলে একা ফিরে যাব না। চল দু'জনেই ফিরে যাই।
না, আমি ফিরে যাব না, তুই ফিরে যা।
না, আমি তোকে ছাড়া ফিরে যাব না।
বাবুল আমাকে সঙ্গে নিয়ে ঘরে ফিরে আসবে, আমি ফিরে আসব না। বাবুলের কান্না থামে না। এক পর্যায়ে বললাম, সীমান্তের কাছেই তো চলে এসেছি, চল আর একটু সামনে গিয়ে দেখি কি হচ্ছে। তারপর ফিরে আসব।
এবার বাবুল আজাদ রাজি হলো। কান্না থামাল। আমরা এবার সীমান্ত লক্ষ্য করে চলতে শুরু করলাম। যতই সীমান্তের কাছে যাচ্ছি ততই বেশি করে গোলাগুলির আওয়াজ শোনা যাচ্ছে।
অনেক চড়াই-উৎরাই পার হয়ে দু'বন্ধু মিলে ভারতের ত্রিপুরা রাজ্যের রাজধানী আগরতলায় গিয়ে পৌঁছলাম। পথের অনেক কাহিনী, সব লিখলে ফুরাবে না। ভারতের যে জায়গায় আমরা গিয়ে উঠলাম। জায়গাটা বেশ উঁচু পাহাড়ের মত, তবে পাহাড় না। এই জায়গায় উঠেই দেখি খাকি পোষাক পড়া চার-পাঁচ জন আর্মি একটি বাংকারে দাঁড়িয়ে আছে এবং আরো সাত-আট জন আর্মি দাঁড়িয়ে মানুষের সঙ্গে কথা বলছে। দেখেই তো আমার আত্মারাম খাঁচা হয়ে গেল। এ আমি কোথায় এলাম, যে আর্মির ভয়ে সারা পথ কত কষ্ট করে এলাম আর এখানে এসে সেই আর্মির একেবারে মুখের সামনে দাঁড়িয়ে পড়লাম! ভয়ে আমি হিম হয়ে গেলাম। কিছু সময় জ্ঞান শূন্য থাকলাম। তারপর ধীরে ধীরে তাকিয়ে দেখলাম জনগণের মাঝে কোন প্রতিক্রিয়া নেই; সবাই যার যার কাজে ব্যস্ত। আমি ভীষণ অবাক হলাম-স্বপ্ন দেখছি না তো? পরে বুঝলাম, ও এইটা তো ভারত! এরা ভারতীয় আর্মি। পৃথিবীর সব দেশের আর্মির পোষাকই যে এক এটা আমার জানা ছিল না।
আমরা শরণার্থী ক্যাম্প বা শিবিরে না গিয়ে, সোজা কলেজ টিলায় চলে গেলাম। কলেজ টিলা মানে আগরতলা এম, বি, বি, কলেজ ক্যাম্পাস। এই কলেজ টিলাতেই বাংলাদেশের প্রাক্তন ও বর্তমান ছাত্র নেতারা থাকেন। এখানেই ছাত্র সংগ্রাম পরিষদের অফিস। শেখ ফজলুল হক মনির নেতৃত্বে (পূর্ব পাকিস্তান ছাত্রলীগের প্রাক্তন সাধারণ সম্পাদক, আওয়ামী যুবলীগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, দৈনিক বাংলার বাণী ও দৈনিক টাইমস পত্রিকার সম্পাদক, বঙ্গবন্ধু শেখ মুজিবের ভাগনে। '৭৫-এর ১৫ই আগস্টে শেখ মনিকেও হত্যা করা হয়) আ, স, ম, রব (ডাকসুর ভিপি, জাসদ-এর সাধারণ সম্পাদক, হোসেন মোহাম্মদ এরশাদ-এর '৮৮ সালের পার্লামেন্টের গৃহপালিত বিরোধী দলীয় নেতা। সম্মিলিত ওয়াচ ডগ, শেখ হাসিনার ঐকমত্যের সরকারের মন্ত্রী।)
আব্দুল কুদ্দুস মাখন ('৭০-'৭১-এর ডাকসুর ছাত্র সংসদের জি, এস, '৯০ দশকে মারা যান এবং মীরপুর বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মুক্তিযোদ্ধা কবর স্থানে দাফন হয়) এম, এ, রশিদ (পূর্ব পাকিস্তান ছাত্রলীগের দপ্তর সম্পাদক, স্বাধীনতার ইশতেহার পাঠকারী, স্বাধীনের পর বাংলাদেশ ছাত্রলীগের সাধারণ সম্পাদক, বর্তমানে ব্যবসায়ী)। শেখ ফজলুল করিম সেলিম (প্রাক্তন ছাত্রনেতা, শেখ মনির সহোদর, বর্তমানে দৈনিক বাংলার বাণীর সম্পাদক, যুবলীগের চেয়ারম্যান, জাতীয় সংসদ সদস্য)। মিজানুর রহমান মিজান (প্রাক্তন ছাত্রনেতা, আব্দুল কুদ্দুস মাখন-এর ভগ্নিপতি, বর্তমানে ঢাকা জেলার এ, ডি, সি ল্যান্ড) প্রমুখ এর তত্ত্বাবধানে কলেজটিলা থেকে বাংলাদেশের ছাত্রদের তালিকাভুক্ত (রিক্রুট) করে সামরিক প্রশিক্ষণ নেওয়ার জন্য ভারতের বিভিন্ন ট্রেনিং ক্যাম্পে পাঠানো হতো।



এই কলেজ টিলাতে গিয়ে আমরা মনি ভাই, মাখন ভাই, রশিদ ভাই এবং মিজান ভাইয়ের সাথে দেখা করলাম। নেতারা বললেন, যতদিন ট্রেনিং-এ যাওয়া না হয় এখানে থাক। আমরা সারাদিন আগরতলায় ঘুরে বেড়াই, রাতে কলেজ টিলায় ঘুমাই। এমনি করে প্রায় মাসখানেক চলে গেল। আমরা সঙ্গে করে বাড়ি থেকে যে টাকা-পয়সা এনেছিলাম তা শেষ হয়ে যাওয়ার উপক্রম হলো। এদিকে ট্রেনিং-এ যেতে আরো বেশ কিছুদিন অপেক্ষা করতে হবে। এই অবস্থায় বন্ধু বাবুল আজাদ একদিন বললো, দোস্ত তুমি থাক, আমি ঢাকায় যাই, যেয়ে বাড়ি থেকে টাকা নিয়ে আসি।
আমি সঙ্গে সঙ্গে বাবুলের প্রস্তাব প্রত্যাখ্যান করলাম। বললাম, না ট্রেনিং এ যতদিন না যাই ততদিন খেয়ে না খেয়ে কষ্ট করতে থাকি।
খাওয়ার দারুণ কষ্টে পড়ে গেলাম। দিনে একমুঠো ভাত পাইতো পাই না অবস্থা। আর বাবুলের প্রতিদিন একই কথা-তুই থাক আমি ঢাকায় যাই টাকা-পয়সা নিয়ে আসি।
আমি বলি, না তুই ঢাকা ফিরে গেলে আর আসবি না।
বাবুল আমাকে বোঝায়, দেখ দোস্ত, আমি যদি এখান থেকে চলে যেতে চাই, তাহলে কি চলে যেতে পারি না? তুই কি আমাকে আটকিয়ে রেখেছিস? আমি চলে যেতে চাইলে তো যে কোন সময় চলে যেতে পারি, তোকে বলে যাওয়ার দরকার কি? আমি এই জন্যই তোকে বলে যেতে চাই যাতে তুই মন খারাপ না করিস। তুই বিশ্বাস কর, আমি কথা দিলাম, ঠিকই ঢাকায় যেয়ে মা'র কাছ থেকে টাকা নিয়ে আবার তোর কাছে ফিরে আসবো।
আমি বাবুলের কথা বিশ্বাস করলাম না।
যে ছেলে বাংলাদেশে থাকতেই রাস্তা থেকে বাড়ি ফিরে যাওয়ার জন্য কান্নাকাটি জুড়ে দিয়েছিল, সেই ছেলে সীমান্ত পাড়ি দিয়ে ঢাকার বাড়িতে ফিরে গিয়ে টাকা নিয়ে আবার আগরতলায় আমার কাছে ফিরে আসবে! এটা কিছুতেই বিশ্বাসযোগ্য নয়। তবে চিন্তা করলাম বাবুল যে কোন মুহূর্তেই সত্যিই আমাকে না জানিয়ে বাংলাদেশে চলে যেতে পারে। ওকে ধরে রাখার কোন উপায় তো আমার নেই। না বলে পালিয়ে যাবে তার চাইতে আমিই বাবুলকে বাংলাদেশে যাওয়ার অনুমতি দিয়ে দেই। সেই ভাল। আমি বাবুল আজাদকে চলে যাওয়ার অনুমতি দিলাম। দু'বন্ধু সীমান্তে এলাম, একজন আর একজনকে জড়িয়ে ধরলাম।
অশ্রুসজল চোখে আমি বাবুল আজাদকে বিদায় দিলাম। মনে হলো যেন আর দেখা হবে না। এ দেখাই শেষ দেখা। বিদায়ের বেলায় শুধু বললাম, আমার মাকে সান্ত্বনা দিস।
আমি টিলার উপর দাঁড়িয়ে রইলাম। সামনে সমতলভূমি, বাংলাদেশ। বাবুল ধীরে ধীরে বাংলাদেশে নেমে গেল। পলকহীন দৃষ্টিতে তাকিয়ে রইলাম বাবুলের যাওয়ার দিকে। দৃষ্টিতে যতদূর দেখা যায় বাবুল আস্তে আস্তে ছোট হয়ে যাচ্ছে। এক সময় দৃষ্টির বাইরে মিলিয়ে গেল বাবুল আজাদ। টিলার উপর ঐ একই স্থানে কতক্ষণ নির্বাক, পলকহীন, ভারাক্রান্ত হৃদয়ে আনমনা হয়ে দাঁড়িয়ে ছিলাম জানি না। ভারতীয় এক শিখ সৈন্যের স্পর্শে সংজ্ঞা ফিরে পেলাম। একাকী বিষন্ন মনে কলেজ টিলায় ফিরে এলাম। নিজেকে ভীষণ নিঃসঙ্গ মনে হলো। সারারাত ঘুম হলো না। রাতভর শুধু মনকে শক্ত করলাম। দেখতে দেখতে সপ্তাহখানেক পার হয়ে গেল। শুনলাম কলেজ টিলায় আমরা যারা আছি তাদের খুব তাড়াতাড়ি ট্রেনিং-এ পাঠিয়ে দেওয়া হবে। শুনে মনটা ভাল লাগলো। মুক্তিযোদ্ধা হব। দেশের মুক্তির জন্য যুদ্ধ করব। বাবুল আজাদের কথা মনে হলো। বাবুল আজাদ আর আসবে না জানি। তবুও যদি আসে, আমাকে পাবে না। এসে দেখবে আমি ট্রেনিং-এ চলে গেছি। আমার সাথে বাবুল আজাদের আর দেখা

হবে না। যদি বেঁচে থাকি, বাবুলও যদি বেঁচে থাকে, দেশ স্বাধীন হলে হয়তো দেখা হবে। মিজানুর রহমান মিজান ভাই খুব অমায়িক লোক। আমাকে ডেকে বললেন, রেন্টু তৈরি হও, দুই চার দিনের মধ্যেই ট্রেনিং-এ যাবে। তুমি ছোট তো তাই একটু ঝামেলা হবে। তোমাকে ছোট বলে ট্রেনি-এ নিতে চাবে না। তুমি চিন্তা করো না। আমি সব ঠিক করে দেব।
মিজান ভাই-ই ট্রেনিং-এর লিস্টটা লিখে। তাই খুব একটা ঘাবড়ালাম না। বাবুল চলে গেছে বেশ কয়েক দিন হয়ে গেল। মনের গভীরে নিজের অজান্তেই ক্ষীণ আশা। এখনো বাবুল এলো না? আগামী পরশু দিন সকাল সাতটায় আমি ট্রেনিং-এ চলে যাব। সন্ধ্যা ঘনিয়ে এসেছে। মাগরিবের নামাজের সালাম ফেরাতেই দেখি, বাবুল আজাদ বলছে, রেন্টু আমি আইসা পরছি। আমি স্বপ্ন দেখছি না, ঠিক ঠিক দেখছি, কিছুক্ষণ বুঝে উঠতে পারলাম না। সত্যি সত্যিই বাবুল আজাদ এসেছে (ব্রিগেডিয়ার আমীন আহাম্মেদ চৌধুরী ১৯৮৮ সালে ভারত সরকার-এর কাছ থেকে '৭১-এর মুক্তিযোদ্ধাদের যে তালিকা সংগ্রহ করে এবং পরবর্তী পর্যায়ে সেনানিবাস (ক্যান্টনমেন্ট) ও মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টে এবং তার পরবর্তী পর্যায়ে ১৯৯৮/৯৯ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার দপ্তরে (প্রধানমন্ত্রীর কার্যালয়ে) মুক্তিযোদ্ধাদের যে তালিকা সংরক্ষিত হয়, ভারতীয় সেই তালিকার ১নং ভলিউম-এর ৪৬১ নং "মোঃ আবুল হোসেন, পিতা-এ, কে আজাদ ৬৪ বি, কে, দাস রোড ফরাশগঞ্জ, ঢাকা।" মোঃ আবুল হোসেন-এর ডাকনাম হলো বাবুল আজাদ)। শুধু একা বাবুল আজাদ আসেনি। সঙ্গে আবার মনির নামে একজনকে নিয়ে এসেছে (ব্রিগেডিয়ার আমীন আহাম্মেদ চৌধুরী ১৯৮৮ সালে ভারত সরকার-এর কাছ থেকে '৭১-এর মুক্তিযোদ্ধাদেরও তালিকা সংগ্রহ করে এবং পরবর্তী পর্যায়ে সেনানিবাস (ক্যান্টনমেন্ট) ও মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টে এবং তার পরবর্তী পর্যায়ে ১৯৯৮/৯৯ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার দপ্তরে (প্রধানমন্ত্রীর কার্যালয়ে) মুক্তিযোদ্ধাদের যে তালিকা সংরক্ষিত হয়, ভারতীয় সেই তালিকার ১নং ভলিউম-এর ৪৬৬ নং "মোঃ আব্দুল হালিম সিদ্দিক পিতা-মোঃ সুবেদ আলী ৫৩ নং বি, কে দাস রোড ফরাশগঞ্জ ঢাকা।" মোঃ আব্দুল হালিম সিদ্দিক-এর ডাকনাম হলো মনির। বর্তমানে মনির সপরিবারে আমেরিকায় বসবাস করে)। মনির আমাদেরই পাড়ার ছেলে। আমি অবশ্য মনিরকে এর আগে চিনতাম না। এই প্রথম দেখলাম মনিরকে। মিজান ভাইয়ের কাছে গিয়ে বললাম। আমার দু'বন্ধু ছাড়া আমি ট্রেনিং-এ যাব না। যে করেই হোক বাবুল আজাদ ও মনিরকে আমার সাথে ট্রেনিং-এ পাঠাতেই হবে।
পরের দিন সকালে মনির বললো, ওর বড় ভাই মন্টু ভাই আগরতলাতেই কোথাও আছে।
ছুটলাম মনিরের বড় ভাই মন্টু ভাইয়ের সন্ধানে। খুঁজে বের করলাম মন্টু ভাইকে। মন্টু ভাই ট্রেনিং শেষ করে অস্ত্র নিয়ে বাংলাদেশের ভিতরে যুদ্ধে যাওয়ার অপেক্ষায় আছেন। মন্টু ভাইয়ের কাছেই শুনলাম আমার সেজো ভাই ঢাকা কায়েদে আজম (বর্তমান শহীদ সোহরাওয়ার্দী কলেজ) ছাত্র সংসদের জি, এস, মজিবুর রহমান মন্টু ট্রেনিং শেষ করে অনেক আগেই ঢাকায় অপারেশনে চলে গেছে। কলেজ টিলায় ফিরে এসে দেখা হলো শহীদ ভাইয়ের সাথে। শহীদ ভাই আমার সেজো ভাই মজিবুর রহমান মন্টুর বন্ধু এবং কায়েদে আজম কলেজ ছাত্র সংসদের এ, জি এস।
শহীদ ভাই আমাদের পরে যাবে টেভুয়া ট্রেনিং ক্যাম্পে সামরিক প্রশিক্ষণ নেওয়ার জন্য। মিজান ভাইয়ের বদৌলতে পরের দিন সকালে আমরা তিন বন্ধু এটা মিলিটারী লরিতে উঠে বসলাম অন্যান্যদের সাথে। মিলিটারী লরিতে ওঠার আগে তিন-চার জায়গায় আমাদের নাম লেখা হলো এবং আমাদের স্বাক্ষর নেওয়া হলো। সামরিক লরি আমাদের নিয়ে চলতে শুরু করল, সন্ধ্যা



নাগাদ লেম্বু চোরা নামক ট্রেনিং **ক্যাম্পে পৌঁছে গেলাম**। এই লেম্বু চোরা ট্রেনিং ক্যাম্পে ভারতীয় সেনাবাহিনীর মেজর কে, বি, **সিং এবং মেজর আর,** পি, শর্মার অধীনে এক মাস সামরিক প্রশিক্ষণশেষে ২নং সেক্টরের **সদর দপ্তর মেলাঘর থেকে** অস্ত্রশস্ত্র নিয়ে বাংলাদেশের ভেতরে ঢুকে পড়লাম। ২নং সেক্টরের **প্রথম সেক্টর কমান্ডার ছিলেন** মেজর খালেদ মুশাররফ। ২নং সেক্টর কমান্ডার মেজর খালেদ **মুশাররফকে লেঃ কর্নেল** পদে পদোন্নতি দিয়ে তাঁর নামের ইংরেজি প্রথম অক্ষর K অনুসারে **গড়ে তোলা হয় ফোর্স**। এবং এই K ফোর্সের অধিনায়ক হন খালেদ মুশাররফ। তখন ২নং **সেক্টরের কমান্ডারের** দায়িত্ব নেন ক্যাপ্টেন থেকে সদ্য পদোন্নতি পাওয়ার মেজর হায়দার। খুব **সম্ভবত খালেদ মুশাররফ যখন** ২নং সেক্টর কমান্ডার তখন হায়দার ২নং সেক্টরের টু আই সি **ছিলেন।**
আমরা যারা ভারতে সামরিক **প্রশিক্ষণ নিয়ে** মুক্তিযোদ্ধা হয়েছি, আমাদের প্রশিক্ষণকালে অসংখ্যবার বহু জায়গায় আমাদের **নাম, পিতার নাম,** বর্তমান ও স্থায়ী ঠিকানা কতজন ভাই, কতজন বোন, তাদের নাম ইত্যাদি **বিশদ লিপিবদ্ধ করা** হয় এবং স্বাক্ষর নেওয়া হয়। এই জাতীয় বায়োডাটা দিতে গিয়ে **আমরা বিরক্ত হয়ে পড়েছিলাম**। ভারত সরকার যদি প্রয়োজন মনে করে ঐ তালিকা ধরে এখনও **আমাদের খুঁজে বের করে** ফেলতে পারবে। একমাত্র কাদের সিদ্দিকী বীর উত্তম-এর কাদেরিয়া **বাহিনী ছাড়া, আমরা** যারা ভারতে গিয়ে ট্রেনিং নিয়ে মুক্তিযোদ্ধা হয়েছি এই **মুক্তিযোদ্ধারাই মূল মুক্তিযোদ্ধা** বা প্রথম মুক্তিযোদ্ধা। এই মুক্তিযোদ্ধারাই দেশে এসে ছাত্র যুবকদের **ট্রেনিং দিয়ে আরো** মুক্তিযোদ্ধা তৈরি করে। অর্থাৎ ভারতীয় প্রশিক্ষণপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের **থেকেই জন্ম নেয়** দেশীয় প্রশিক্ষণপ্রাপ্ত মুক্তিযোদ্ধা। এই হলো ইন্ডিয়ান ট্রেইন্ড এবং লোকাল **ট্রেইন্ড মুক্তিযোদ্ধা।** এই মুক্তিযোদ্ধাদের সাথে এদেশের আপামর জনতা যোগ হয়ে হলো মুক্তিবাহিনী। **যদি মুক্তিবাহিনী** বলা হয় বা ধরা হয়, তাহলে কেবল রাজাকার, আলবদর, আল্‌শামস **ব্যতীত সকল** (সাড়ে সাত কোটি) বাঙালির মুক্তিবাহিনী।
যেমন সেনাবাহিনী, সেনাবাহিনীর **সকল সদস্যই** যুদ্ধ করে না। সেনাবাহিনীর ইঞ্জিনিয়ারিং কোরের লোকদের দায়িত্ব **হচ্ছে, ব্রীজ, কালভার্ট, পুল** ইত্যাদি তৈরি করা। যুদ্ধ করা নয়। আবার সেনাবাহিনীর মেডিকেল **কোর বা সিগন্যাল** কোর-এর সদস্যরা যুদ্ধ করে না। মেডিকেল কোরের দায়িত্ব হচ্ছে আহত **সৈনিকের চিকিৎসা করা, যুদ্ধ** করা নয়।
সিগন্যাল কোরের দায়িত্ব **হচ্ছে সিগন্যাল দেওয়া, যুদ্ধ** করা নয়। সেনাবাহিনীর সাপ্লাই কোরের লোকেরা যুদ্ধ করে না, কিন্তু **যুদ্ধক্ষেত্রে রসদ, গোলাবারুদ,** খাবার ইত্যাদি সকল কিছু সাপ্লাই করার বা পৌঁছে দেওয়ার দায়িত্ব **হচ্ছে সাপ্লাই** কোরের। সেনাবাহিনীর পদাতিক (ইনফিন্ট্রি), গোলন্দাজ (আর্টিলারি) ইত্যাদি **কোরের কাজ হচ্ছে** যুদ্ধ করা।
সেনাবাহিনীর পদাতিক (ইনফিন্টি), **গোলন্দাজ** (আর্টিলারি) ইত্যাদি কোরের কাজ হচ্ছে শত্রুকে আক্রমণ করা বা শত্রুর আক্রমণ **প্রতিহত করা** অর্থাৎ সাধারণ ভাষায় যুদ্ধ করা। ইঞ্জিনিয়ারিং কোর, সিগন্যাল কোর, মেডিক্যাল **কোর, সাপ্লাই** কোর ইত্যাদি সকল কোর মিলেই হয় সেনাবাহিনী।
এখন যদি ইঞ্জিনিয়ারিং কোরের **লোকেরা ব্রীজ** বা পোল না বানিয়ে দেয়। তাহলে সৈনিকেরা নদী পার হতে পারবে না। মেডিক্যাল **কোর** চিকিৎসা না করলে আহত সৈনিক সুস্থ হতে পারবে না। সিগন্যাল কোর সিগন্যাল **না দিলে সৈনিকেরা** বুঝতে পারবে না। সাপ্লাই কোর সাপ্লাই না দিলে সৈনিকেরা গোলাবারুদ পাবে **না, খাবার** পাবে না।
এখন যদি ইঞ্জিনিয়ারিং কোর ব্রীজ **না তৈরি করে,** মেডিক্যাল কোর চিকিৎসা না দেয়, সিগন্যাল

কোর সিগন্যাল না দেয়, সাপ্লাই কোর সাপ্লাই না দেয়। তাহলে কি পদাতিক বা গোলন্দাজ কোর যুদ্ধ করতে পারবে? না, পারবে না। যুদ্ধ করতে হলে উল্লেখিত সকল কিছু চাই। এই সকল কিছু মিলেই হয় যুদ্ধ। আমাদের মুক্তিযুদ্ধও সকল কিছু মিলেই হয়েছে। যেমন নৌকার মাঝি মুক্তিযোদ্ধাদের নদী পার করে দিয়ে ইঞ্জিনিয়ারিং কোরের দায়িত্ব পালন করেছেন। গ্রাম্য ডাক্তার বা ঔষধের দোকানদার মুক্তিযোদ্ধাকে চিকিৎসা করে মেডিকেল কোরের কাজ করেছেন। গ্রামের কৃষক পাকিস্তানী সেনাবাহিনীর গতিবিধির খবর মুক্তিযোদ্ধাকে জানিয়ে সিগন্যাল কোরের ভূমিকা নিয়েছেন। গ্রামের মা ভাত রেঁধে খাইয়েছেন এবং সাধারণ মানুষ অস্ত্র ও গুলির বোঝা মাথায় করে মুক্তিযোদ্ধাদের পৌঁছে দিয়ে সাপ্লাই কোরের কাজ করেছেন। তবেই না কেবল আমরা মুক্তিযোদ্ধারা যুদ্ধ করেছি। আমরা মুক্তিযোদ্ধারা পদাতিক বা গোলন্দাজ কোরের কাজ করেছি। গোটা সাড়ে সাত কোটি বাঙালি ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল, সিগন্যাল, সাপ্লাই ইত্যাদি কোরের কাজ করেছেন। এবং এই সকল কোরের সমন্বয়ে অর্থাৎ মুক্তিযোদ্ধা জনতার সমন্বয়ে সৃষ্টি হয়েছে মুক্তিবাহিনী।

কেবল রাজাকার, আলবদর ব্যতীত সকল বাঙালি মুক্তিবাহিনী। পাকিস্তানীরা অবশ্য এই সংজ্ঞাই বিশ্বাস করতো, আর এই জন্যই তারা নির্বিচারে বাঙালি হত্যা করেছে। নির্বিচারে বাঙালি হত্যা করা ছাড়া পাকিস্তানী সৈনিকদের আর যা করার ছিল তা হলো আত্মসমর্পণ। পাকিস্তানী সেনাবাহিনীর অবস্থা ছিল দীপান্তরে বা নির্বাসনে আসা মানুষের মত। নির্বাসনে বা দীপান্তরে আসা মানুষের সাথে পাক-সেনাদের পার্থক্য ছিল শুধু নিরস্ত্র আর সশস্ত্র। নির্বাসনে পাঠানো মানুষ থাকে নিরস্ত্র। কিন্তু পাকিস্তানী সেনাবাহিনীর সৈনিকদের আধুনিক অস্ত্রশস্ত্র দিয়ে নিজ ভূখণ্ড পাকিস্তান থেকে ১২শ' মাইল দূরে বাংলাদেশে নির্বাসনে পাঠানো হয়েছিল। পাকিস্তানী সমরবিদ ও রাজনীতিবিদরা মনে করেছিল তারা শুধু অস্ত্রের জোরে মানুষ খুন করেই বাংলাদেশ দীর্ঘ দিন দখল করে রাখতে পারবে। কিন্তু যেই মাত্র নিরস্ত্র বাঙালি সংক্ষিপ্ত সামরিক ট্রেনিং নিয়ে অস্ত্র হাতে তুলে নিল, সঙ্গে সঙ্গে শুধু শহর অঞ্চল ছাড়া গোটা বাংলাদেশের নিয়ন্ত্রণ চলে গেল মুক্তিযোদ্ধা ও মুক্তিবাহিনীর কাছে।

বাংলাদেশে আসা পাকিস্তানী সেনাবাহিনীর কাছে যে ধরনের অস্ত্র এবং যে পরিমাণ অস্ত্র ছিল তা দিয়ে কেবল নিরস্ত্র মানুষকে দীর্ঘদিন দাবিয়ে রাখা যেতো ঠিকই, কিন্তু সশস্ত্র মানুষকে বেশিদিন দাবিয়ে রাখা কিছুতেই যেতো না। এবং ভারতের মত একটি রাষ্ট্রের আক্রমণ মোকাবেলা করার ক্ষেত্রে বাংলাদেশে অবস্থানরত পাকিস্তানীদের অস্ত্র ছিল সম্পূর্ণ অকার্যকর। মাত্র কয়েক মাসের মধ্যেই মুক্তিযোদ্ধা এবং এদেশের আপামর জনতা অর্থাৎ মুক্তিবাহিনীর দাপটে পাক হানাদাররা রাতের বেলায় চলাফেরা বন্ধ করে দিল। তবে পাক হানাদাররা ঠাণ্ডা মাথায়, একটা পরিকল্পনা দ্রুত চালিয়ে যেতে থাকলো তা হলো এদেশের নারীদের ধর্ষণ করা। পাকিস্তানীদের নীল নক্সাই ছিল এদেশের কিশোরী, যুবতী, রমণী নির্বিচারে ধর্ষণ করে তাদের পেটে পাকিস্তানীদের জারজ সন্তান তৈরি করা। বাঙালি নারীর গর্ভে পাকিস্তানী জারজ বংশধর বৃদ্ধি করা এবং পাকিস্তানী এই জারজদের দিয়ে বাংলাদেশকে চিরকাল দখল করে রাখা। পাকিস্তানীরা তাদের পরিকল্পনা বাস্তবায়িত করার জন্য গোলাম আযম, মতিউর রহমান নিজামীদের মত মুষ্টিমেয় হাতে গোনা কতিপয় ঘৃণিত ব্যক্তিকে তাদের দোসর হিসেবে পেল ঠিকই। কিন্তু গোটা বাঙালি জাতি পাকিস্তানীদের চিরদিনের জন্য উপড়ে ফেলার জন্য ছিল বদ্ধপরিকর।

অপরদিকে ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধীর সরকার এবং ভারতের জনগণ বাঙালির



জন্য, বাংলাদেশের স্বাধীনতার জন্য তাদের সকল ধরনের সাহায্যের দুয়ার খুলে দিল অকৃপণভাবে।

মুক্তিযুদ্ধের মাত্র নয় মাসের মাথায় ভারতের সাথে পাকিস্তানের যুদ্ধ বেঁধে গেল। একদিকে মুক্তিযোদ্ধা-জনগণ মিলে সাড়ে সাত কোটি মুক্তিবাহিনী, তার সাথে যোগ হলো ভারতীয় সেনাবাহিনী। মুক্তিবাহিনী আর ভারতীয় বাহিনী মিলেমিশে হলো মিত্রবাহিনী। ৬ই ডিসেম্বর মিত্রবাহিনী সাঁড়াশি আক্রমণ শুরু করল নির্বাসনে আসা দিশেহারা পাক হানাদার বাহিনী মাত্র দশ দিনের মাথায় ১৬ই ডিসেম্বরে অসহায়ে মত পরাজয় বরণ করলো। ছিয়ানব্বই হাজার পাকিস্তানী সৈন্য জেনারেল নিয়াজির নেতৃত্বে ১৬ই ডিসেম্বর ১৯৭১ সাল রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) আত্মসমর্পণ করলো। এই আত্মসমর্পণের ঐতিহাসিক দলিলে, আত্মসমর্পণকারীদের পক্ষে পাকিস্তানীদের জেনারেল নিয়াজি স্বাক্ষর করেন এবং ভারতীয় সেনাবাহিনীর জেনারেল জগজিৎ সিং অরোরা বিজয়ীদের পক্ষে স্বাক্ষর করেন। বিশ্বের দরবারে প্রতিষ্ঠিত হলো স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। মুক্তিপাগল মানুষ মুক্তিযোদ্ধা এবং ভারতীয় সেনাবাহিনীর প্রত্যক্ষ অংশগ্রহণের মাধ্যমে ছিনিয়ে আনলো স্বাধীনতার লাল সূর্য।

বাঙালী জাতি সশস্ত্র যুদ্ধের মাধ্যমে দেশ স্বাধীন করে ১৯৭২ সালের ১০ই জানুয়ারী বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানকে স্বাধীন দেশে ফিরিয়ে আনলো।

স্বাধীন দেশে ফিরে এসে বঙ্গবন্ধু শেখ মুজিব, যার সফল নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন হয়েছে বিপ্লবী সরকারের প্রধানমন্ত্রী বা মুজিব নগর সরকারের প্রধানমন্ত্রী তাজুদ্দিন আহমেদকে প্রধানমন্ত্রীর পদ থেকে সরিয়ে নিজে প্রধানমন্ত্রী হলেন। মুক্তিযোদ্ধাদের কাছ থেকে অস্ত্র জমা নিলেন। মুক্তিযুদ্ধের সময় যে বাঙালিরা পাকিস্তানী সেনাবাহিনীর অধীনে চাকরী করেছে ও পরাজিত হয়ে মুক্তিযোদ্ধাদের কাছে আত্মসমর্পণ করেছে সেই পরাজিত প্রশাসনকে, পুনর্জীবিত করলেন ও দেশ পরিচালনার দায়িত্বে নিয়োজিত করলেন। আর মুক্তিযোদ্ধারা কে কোথায় গেল তার কোন খবর রাখলেন না। শুধু তাই নয়, ভারত সরকারের কাছে মুক্তিযোদ্ধাদের সম্পূর্ণ সঠিক তালিকা থাকা সত্ত্বেও সেই তালিকা না এনে নানানজনকে দিয়ে নানা রকমের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট বিতরণ করলেন। আমার জানামতে, ঐ মুক্তিযোদ্ধা সার্টিফিকেট কোন প্রকৃত মুক্তিযোদ্ধা তো নেনইনি, বরং যারা রাজাকার ছিল, চরম সুবিধাবাদী ছিল, যারা মুক্তিযুদ্ধের ধারকাছ দিয়েও হাঁটেনি তারাই ঐ সকল মুক্তিযোদ্ধা তালিকাভুক্ত হয়েছে এবং সার্টিফিকেট নিয়েছে।

একজন মুক্তিযোদ্ধার জাতির কাছ থেকে কেবল সম্মান ব্যতীত আর কিছু পাওয়ার থাকতে পারে না। মুক্তিযোদ্ধারা জাতির গৌরব। ভারত সরকারের কাছ থেকে মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ তালিকা নিয়ে আসার সহজ পন্থা গ্রহণ না করে, কেন শেখ মুজিবর রহমান নানানজনকে দিয়ে (অনেক বির্তকিত ব্যক্তিও এর মধ্যে আছে) নানান রকমের তালিকা আর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট দিয়ে লেজে গোবরে বেহাল অবস্থা করলেন, তা বোধগম্য নয়।

মুক্তিযোদ্ধারা থাকবে না, থাকবে দেশ। থাকতে হবে মুক্তিযোদ্ধাদের তালিকা। কিন্তু শেখ মুজিব অতি সামান্য ও অতি সহজ কাজ ভারত থেকে মুক্তিযোদ্ধাদের প্রকৃত তালিকা নিয়ে আসতে কেন ব্যর্থ হলেন! এই ব্যর্থতার জন্য একজন মুক্তিযোদ্ধা হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবকে কখনই ক্ষমা করবো না।

বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতি জাতির ভালবাসা, শ্রদ্ধা, সর্বোপরি বিশ্বাস আকাশছোঁয়া, তিনি সদ্য স্বাধীন বাংলাদেশের প্রধানমন্ত্রী। জাতির আশা ছিল মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী

রাজনৈতিক দলগুলো নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব একটি জাতীয় সরকার গঠন করবেন। কিন্তু বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান তা করলেন না। তিনি সরকার গঠন করলেন মুক্তিযুদ্ধের কঠিন ত্যাগের পরীক্ষায় পিছিয়ে পড়া, দেশ ও জাতির প্রতি দায়িত্ব পালনে চরমভাবে ব্যর্থ, সুবিধাভোগী আওয়ামী লীগের সেই সব ব্যক্তিদের নিয়ে। মুক্তিযুদ্ধের সফল নেতা তাজুদ্দিন আহমেদসহ সকল মুক্তিযোদ্ধাদের দূরে ঠেলে, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান পরাজিত প্রশাসন ও লোকদের দিয়ে সশস্ত্র যুদ্ধের মাধ্যমে বিজয়ী একটি জাতি ও একটি দেশকে পরিচালনা করতে যেয়ে, আসলে বিজয়ী জাতিকে পরাজয়ের গহ্বরে ঠেলে দিলেন।

একজন জাতীয় নেতার জ্ঞান গরিমা আর অভিজ্ঞতায় পূর্ণাঙ্গ সফল হতে যদি একশ' মার্কের দরকার হয়, তবে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ছিল পঞ্চাশ মার্ক। পাকিস্তানের তেইশ-চব্বিশ বছরের আন্দোলন আর সংগ্রামের মধ্য দিয়ে শেখ মুজিবর রহমান পঞ্চাশ মার্ক অর্জন করেছিলেন। আর বাকী পঞ্চাশ মার্ক অর্জন হতো, যদি বঙ্গবন্ধু শেখ মুজিব '৭১-এ মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানের কাছে বন্দী না হয়ে মুক্তিযুদ্ধের নেতৃত্ব দিতেন তাহলে তিনি প্রত্যক্ষভাবে বুঝতেন মুক্তিযুদ্ধের চেতনা কি, মুক্তিযুদ্ধের আদর্শ কি। মুক্তিযোদ্ধা কারা হয় এবং কিভাবে মুক্তিযোদ্ধা হয়। একটা জাতির জীবনে মুক্তিযুদ্ধ বারবার আসে না। জাতির জীবনে মুক্তিযুদ্ধ আসা বিরল ভাগ্যের ব্যাপার। একমাত্র মুক্তিযুদ্ধের মাধ্যমেই একটি জাতি দেহ-মনে মাথা তুলে দাঁড়ায় এবং পুরনো ধ্যান-ধারণা, পুরনো সকল ব্যবস্থা, সংকীর্ণ সকল চিন্তা ঝেড়ে ফেলে জাতি নতুন করে জন্ম নেয়।

একমাত্র মুক্তিযুদ্ধের জীবনপণ কঠিন পরীক্ষার মাধ্যমেই দেশ ও জাতির সেবায় এগিয়ে আসে জাতির বীর সন্তানেরা। আর পিছনে পড়ে যায়, পালিয়ে যায় সুবিধাবাদী ভীরু কাপুরুষের দল। কেবল মুক্তিযুদ্ধের সময়ই পরিষ্কার চেনা যায় কারা সুবিধাভোগী ভীরু কাপুরুষ আর কারা ত্যাগী সাহসী পুরুষ। কিন্তু জাতির দুর্ভাগ্য, দুর্ভাগ্য বঙ্গবন্ধু শেখ মুজিবের । বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান চিনলেন না, জানলেন না জাতির সাহসী, ত্যাগী পুরুষদের। এখানেই বঙ্গবন্ধু শেখ মুজিবের পঞ্চাশ মার্ক ঘাটতি থেকে গেল। শুধু পঞ্চাশ মার্ক নিয়ে তিনি দেশ চালাতে গেলেন। পাকিস্তানীরা যুদ্ধে পরাজিত হলো। বন্দী হলো। কিন্তু তাদের পরাজিত তাঁবেদারি বাঙালি প্রশাসনটা রয়েগেল। বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এই পরাজিত পাকিস্তানী প্রশাসনটা শুধু অক্ষতই রাখলেন না বরং বিজয়ী বাঙালি জাতির মাথার উপর পুনরায় চাপিয়ে দিলেন।

তিনি দল ও প্রশাসনে মুক্তিযোদ্ধাদের তেমন স্থান দিলেন না। এক সময়ে যারা বঙ্গবন্ধু শেখ মুজিবের দল ছিল, সমর্থক ছিল তারা বিভক্ত হলো, জাতি বিভক্ত হলো। বাড়তে থাকলো নিরাশার সংখ্যা। হতাশা আর নিরাশার ভিতর দিয়ে সময় বয়ে যেতে থাকলো।

এদেশের কৃষক-শ্রমিক ছাত্র জনতা এবং সাধারণ মানুষ জীবনপণ করে যুদ্ধ করেছে। জীবনপণ করা সকল যোদ্ধাদের তথা গোটা জাতির শুধু একটি স্বপ্ন ছিল। একটিই আশা ছিল। আর সে স্বপ্ন ও আশা হলো সুখে থাকার স্বপ্ন, সুখে থাকার আশা। সুখ বলতে যা বোঝায় তাহলো, থাকার জন্য ঘর। ক্ষুধার জন্য অন্ন। রোগশোকের জন্য চিকিৎসা ও শিক্ষার নিশ্চয়তাই হলো সুখে থাকা। আর এই সুখে থাকার জন্যই এদেশের মানুষ লড়াই করেছে, যুদ্ধ করেছে।

অস্পষ্ট হলেও জনগণের আকাঙ্খা ছিল সমাজ বিপ্লবের। আমাদের স্বাধীনতা সংগ্রামে সমাজতান্ত্রিক উপাদান ছিল, মুক্তিযুদ্ধে সমাজতন্ত্রীরাও ছিলো। কিন্তু সমাজতন্ত্রীরা নেতৃত্ব দিয়ে জাতীয়তাবাদীদের উপরে ওঠার আগেই আমাদের দেশ স্বাধীন হয়ে যায়। মুক্তিযুদ্ধ বিকাশ লাভ না করে অসমাপ্ত থেকে যায়। ফলে সামাজিক বিপ্লবও অসমাপ্ত থেকে যায়। স্বাধীনতার অর্থ



হচ্ছে জনগণের মুক্তি। দেশ স্বাধীন হলো, কিন্তু জনগণ মুক্তি পেল না। জনগণের অর্থনৈতিক মুক্তি হলো না। স্বাধীনতা উত্তর বাংলাদেশের পুরাতন সমাজ কাঠামো ভেঙ্গে নতুন সমাজ গড়ার মধ্য দিয়ে সকল মানুষের জন্য অধিকার ও সুযোগের সাম্য প্রতিষ্ঠা না করে বরং প্রতিহত করেছে সামাজিক বিপ্লবকে। অক্ষুন্ন রেখেছে অসম বিকাশের পুরাতন ধারাকে। তারা লুণ্ঠন করেছে দু'হাতে। আমলা, কালো ব্যবসায়ী অসৎ রাজনীতিক এরাই ক্রমাগত ধনী হয়েছে স্বাধীনভাবে। জনগণের অগ্রগতি হবে কি? তারা আরো নিঃস্ব, আরো দরিদ্র হতে থাকলো। নেতৃত্ব সমগ্র জনগণের স্বার্থ না দেখে, শ্রেণীস্বার্থ দেখেছে। তাৎপর্যের বিষয়, নেতৃত্ব যে কেবল শ্রেণীতে সীমাবদ্ধ ছিল তা নয়, আটক ছিল দল এবং সর্বোপরি পরিবারের কাছে। দেশে দুর্ভিক্ষ শুরু হলো। হাজার হাজার মানুষ না খেতে পেয়ে ক্ষুধায় মারা গেল। বৃদ্ধি পেলো লুণ্ঠন ও দুর্নীতি। শেখ মুজিবের নেতৃত্ব বিশ্বাসযোগ্যতা হারাতে লাগলো। অপর দিকে অসমাপ্ত সামাজিক বিপ্লবের বিপ্লবীরা পূর্ব বাংলা সর্বহারা পার্টির মহান নেতা কমরেড সিরাজ সিকদারের নেতৃত্বে তাদের সশস্ত্র বিপ্লবী তৎপরতা তীব্রতর করে তোলে। যুবকরা পূর্ব বাংলা সর্বহারা পার্টি জিন্দাবাদ, কমরেড সিরাজ সিকদার জিন্দাবাদ ধ্বনি দিয়ে দেশে ব্যাপক এক নতুন সংগ্রাম শুরু করে। এই সংগ্রামের নাম দেয় শ্রেণী সংগ্রাম। দলে দলে যুবকরা সিরাজ সিকদারের নেতৃত্বে এই সশস্ত্র সংগ্রামে যোগ দিতে থাকে।

আদিকাল থেকে শিক্ষিত ও ধনী পরিবারে সিরাজ সিকদার জন্মগ্রহণ করেন। সিরাজ সিকদার খুবই মেধাবী ছাত্র ছিলেন এবং নিজে বি, এস, সি, (সিভিল) ইঞ্জিনিয়ার ছিলেন। ছাত্র জীবনে তিনি বামপন্থী ছাত্র সংগঠন করতেন। শ্রেণী সংগ্রাম ও সমাজ বিপ্লবের প্রয়োজনে কমরেড সিরাজ সিকদারের সশস্ত্র সংগ্রাম এতই ব্যাপক ও তীব্র হলো যে, শেখ মুজিবর রহমানের প্রশাসন দিনকে দিন অচল হয়ে যেতে শুরু করলো। নির্যাতিত নিপীড়িত শোষিত বাঙালির হৃদয়ে কমরেড সিরাজ সিকদারকে ঘিরে নতুন স্বপ্ন দানা বাঁধতে লাগলো।

১৯৭৪ সালের ২রা জানুয়ারী সিরাজ সিকদার গ্রেপ্তার, পলায়নকালে পুলিশের গুলিতে নিহত, এই শিরোনামে দেশের সকল পত্রিকায় সংবাদ পরিবেশিত হলো। পুলিশের প্রেসনোটে বলা হলো সিরাজ সিকদারকে গ্রেপ্তার করা হয়েছিল এবং সাভার রোড দিয়ে নিয়ে আসার সময় সিরাজ সিকদার পুলিশের ভ্যান থেকে লাফিয়ে পড়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করেছিল। তখন পুলিশ গুলি করে, সেই গুলিতে সিরাজ সিকদার নিহত হয়।

কিন্তু অনুসন্ধান করে জানা যায় পুলিশের প্রেসনোট বানোয়াট। সিরাজ সিকদারকে গ্রেপ্তার করা হয় ঠিকই এবং গ্রেপ্তারের পর বিনা বিচারে বন্দী অবস্থায় গুলি করে হত্যা করা হয়। সিরাজ সিকদারের বুকে মোট পাঁচটি গুলির চিহ্ন ছিল যা সামনে থেকে করা হয়েছে। কেউ যদি পালাতে থাকে এবং পলায়নপর ব্যক্তিকে যদি পিছনে থেকে গুলি করা হয়, তাহলে সেই গুলি পিঠে বিদ্ধ হবে। কিন্তু সিরাজ সিকদারের বুকে বুলেট বিদ্ধ হয়েছিল। তিনি মেহনতী মানুষের মুক্তির জন্য, শোষকের শোষণ থেকে মানুষের মুক্তির জন্য ব্যক্তিগত সকল ভোগবিলাস, সুযোগ-সুবিধা বিসর্জন দিয়ে সর্বহারা শ্রেণীতে মিশে গেলেন। নিপীড়িত-নির্যাতিত,সর্বহারা মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য ঘর সংসার, আত্মীয়-পরিজন, আরাম-আয়াস ত্যাগ করে সমাজ বিপ্লবে নিজেকে সম্পূর্ণ উৎসর্গ করেছিলেন। মানুষের জন্য এমন উৎসর্গীকৃতপ্রাণ কমরেড সিরাজ সিকদারকে বিনা বিচারে বন্দী অবস্থায় নির্মম-নিষ্ঠুরভাবে হত্যা করার পর শেখ মুজিবর রহমান পবিত্র পার্লামেন্টে দাঁড়িয়ে দম্ভের সাথে বললেন, আজ কোথায় সিরাজ সিকদার? এই ঘটনার পর শেখ মুজিবের দেশপ্রেম, মহানুভবতা এবং আইন ও বিচারের প্রতি শ্রদ্ধা প্রশ্নের

সম্মুখীন হয়ে পড়লো। মানুষ ভাবতে লাগলো শেখ মুজিব যদি একজন দেশপ্রেমিক হন, একজন বীর হন, একজন মহান নেতা হন, তাহলে কি করে আর একজন দেশপ্রেমিককে, আর একজন বীরকে, আর একজন সর্বস্বত্যাগী মহান নেতাকে বিনা বিচারে বন্দীদশায় গুলি করে হত্যা করতে পারলেন? আবার এই জঘন্য অন্যায় ও কলঙ্কের কথা পবিত্র পার্লামেন্টে দম্ভের সাথে শেখ মুজিব কি করে বলতে পারলেন?

১৯৭৫ সালে শেখ মুজিবর রহমান প্রধানমন্ত্রী থেকে রাষ্ট্রপতি হলেন। দেশের সকল রাজনৈতিক দল নিষিদ্ধ ঘোষণা করলেন। এবং প্রতিষ্ঠিত করলেন একদলীয় বাকশালি শাসন ব্যবস্থা। শেখ মুজিবের বাকশাল ছাড়া কেউ অন্য কোন দল করতে পারবে না। সরকার নিয়ন্ত্রিত চারটি সংবাদপত্র ছাড়া দেশের অন্য সকল সংবাদপত্র নিষিদ্ধ ঘোষণা করা হলো। জাতির বিভক্তি গেল না। আশা-নিরাশার মিশ্র প্রতিক্রিয়া বইতে লাগলো। ১৯৭৫ সালের ৭ই জুন বহু মানুষ, বহু পেশাজীবী সংগঠন বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানকে বাকশাল করার জন্য প্রবল বর্ষণ উপেক্ষা করে অভিবাদন জানালো।

সরকারী মালিকানায় নেওয়া দৈনিক ইত্তেফাকসহ চারটি পত্রিকা ছাড়া বাকি সকল সংবাদপত্র নিষিদ্ধ। শেখ মুজিবের নেওয়া নতুন একদলীয় রাজনৈতিক, অর্থনৈতিক, প্রশাসনিক ব্যবস্থা সম্পর্কে রাজনীতিবিদ, সাহিত্যিক, সাংবাদিক, সামরিক-বেসামরিক ব্যক্তিসহ দেশের সকল নাগরিকের কিছুই বলার সুযোগ থাকলো না। সর্বত্র নিস্তব্ধতা।

১৫ই আগস্ট ১৯৭৫ সাল। ফজরের আজানের পর কাক ডাকা ভোরে রেডিওতে মেজর ডালিমের কণ্ঠ, আমি মেজর ডালিম বলছি, স্বৈরাচারী শেখ মুজিবকে হত্যা করা হয়েছে। সেনাবাহিনী ক্ষমতা দখল করেছে। অনির্দিষ্ট কালের জন্য কার্ফু ঘোষণা করা হয়েছে।

এরপর দ্বিতীয়বার ঘোষণা করা হলো, শেখ মুজিব ও তার স্বৈরাচারী সরকারকে উৎখাত করে খন্দকার মোশতাক আহমেদের নেতৃত্বে সামরিক বাহিনী ক্ষমতা দখল করেছে এবং কার্ফু জারি করা হয়েছে।

সহকর্মী হিসেবে শেখ মুজিব যাদের দীর্ঘদিন কাছে এবং পাশে রেখেছেন সেই সকল আওয়ামী লীগের নেতা নীরব এবং নিশ্চুপ থেকেছেন। ছাত্রলীগের সামান্য সংখ্যক তরুণ নেতৃস্থানীয় কর্মীরা আওয়ামী লীগের নেতাদের সাথে যোগাযোগ করলে তারা সবাই চুপচাপ থাকার, অপেক্ষা করার এবং দেখার পরামর্শ ও নির্দেশ দেন। নেতাদের ইংরেজিতে একটা কমন ডায়লগ ছিল, যা কোন কোন ক্ষেত্রে নির্দেশ হিসেবেও মান্য হয়েছে, এই ডায়ালগ বা নির্দেশটি হলো 'ওয়েট এন্ড সি'। '৭৫-এর ১৫ই আগস্ট শেখ মুজিব হত্যার পর আওয়ামী নেতাদের 'ওয়েট এন্ড সি'-এর রাজনীতি শুরু হয়। ছাত্রনেতা-কর্মীদের খুবই সামান্য একটা অংশ 'ওয়েট এন্ড সি' রাজনীতি প্রত্যাখ্যান করে অনুল্লেখযোগ্য কর্মতৎপরতা শুরু করে এবং এই তৎপরতা মূলত শুধু ঢাকা বিশ্ববিদ্যালয়েই সীমাবদ্ধ থাকে। এই কর্মতৎপরতায় অংশগ্রহণকারীদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন বর্তমান কম্যুনিস্ট পার্টির (সিপিবি) সাধারণ সম্পাদক মুজাহিদুল ইসলাম সেলিম।

১৫ই আগস্টে শেখ মুজিবর রহমানকে হত্যার পর হত্যার সমর্থনে আনন্দ উল্লাস করে রাজপথে কোন মিছিল হয়নি। আবার হত্যার বিপক্ষেও কোন শোক সভা, শোক মিছিল এবং প্রতিবাদ মিছিলও হয়নি।

বলা যায় শেখ মুজিব হত্যাকাণ্ডের পিছনে প্রায় সকল সামরিক এবং বেসামরিক নেতৃত্ব সমর্থন জুগিয়েছিল। অন্তত একথা সহজেই বলা যাবে যে, সকলেই নীরবে এ হত্যা মেনে নিয়েছিল



কেবল ব্যতিক্রম কাদের সিদ্দিকী ছাড়া।

মুক্তিযুদ্ধের কিংবদন্তী কাদের সিদ্দিকী শেখ মুজিব হত্যার প্রতিবাদে '৭১-এর মুক্তিযুদ্ধের ন্যায় আবারো সশস্ত্র যুদ্ধ শুরু করে। শেখ মুজিব হত্যাকাণ্ডের পর আওয়ামী লীগের নেতারা এবং শেখ মুজিবের মন্ত্রী সভার সদস্যরাই খন্দকার মোশতাক আহমেদ-এর নেতৃত্বে মন্ত্রীসভা গঠন করে। খন্দকার মোশতাক আহমেদ শেখ মুজিবের স্থলাভিষিক্ত হন। খন্দকার মোশতাক আহমেদ ছিলেন শেখ মুজিবর রহমানের মন্ত্রীসভার বাণিজ্যমন্ত্রী। বাণিজ্যমন্ত্রী খন্দকার মোশতাক আহমেদের রাষ্ট্রপতি হওয়ার সাংবিধানিক কোন বৈধতা ছিল না। খন্দকার মোশতাকের রাষ্ট্রপতি হওয়া সাংবিধানিকভাবে সম্পূর্ণ অবৈধ ছিল। তবুও দেশের নতুন রাষ্ট্রপতি হন খন্দকার মোশতাক আহমেদ এবং খন্দকার মোশতাক আহমেদের নেতৃত্বে মন্ত্রী সভায় যোগদান করেন বর্তমানে শেখ হাসিনার মন্ত্রী সভার সদস্য আবুল হাসান চৌধুরীর পিতা সাবেক রাষ্ট্রপতি বিচারপতি আবু সাঈদ চৌধুরী। শেখ হাসিনার আওয়ামী লীগ সভাপতি মন্ডলির সদস্য এবং এমপি আব্দুল মান্নানসহ শেখ মুজিবের মন্ত্রী সভার অনেক মন্ত্রী।

খন্দকার মোশতাক আহম্মেদের রাষ্ট্রপতি হওয়া, সাংবিধানিকভাবে কোন বৈধতা না থাকা সত্ত্বেও অবৈধভাবে খন্দকার মোশতাক আহামদকে রাষ্ট্রপতি হিসেবে শপথ বাক্য পাঠ করান সুপ্রীম কোর্টের অস্থায়ী প্রধান বিচারপতি এ, বি মাহামুদ হোসেন।

এছাড়া মুক্তিযুদ্ধের বীর সেনানী বঙ্গবীর জেনারেল এম, এ, জি ওসমানী খন্দকার মোশতাকের সামরিক উপদেষ্টা হন। ১৫ই আগস্ট সকাল ৯টায় তৎকালীন সেনাবাহিনী প্রধান শেখ হাসিনার দলের বর্তমান এম. পি মেজর জেনারেল শফিউল্লাহ সেনাবাহিনী প্রধান হিসেবে খন্দকার মোশতাক আহম্মেদের প্রতি আনুগত্য প্রকাশ করে রেডিওতে ভাষণ দেন। এরপর আনুগত্য প্রকাশ করে রেডিওতে ভাষণ দেন বিমান বাহিনী প্রধান শেখ হাসিনার বর্তমান বিতর্কিত এম. পি এ. কে. খন্দকার, নৌ বাহিনী প্রধান এডমিরাল এম. এইচ. খান ও বি. ডি. আর এবং পুলিশ প্রধানগণ।

নতুন রাষ্ট্রপতি হিসেবে খন্দকার মোশতাক আহমেদ পার্লামেন্ট মেম্বারদের সভা ডাকেন। এই সভায় যোগদান করা থেকে বিরত রাখার জন্য ছাত্রনেতা নিহত সৈয়দ নুরুল ইসলাম নুরুর নেতৃত্বে ছাত্রলীগের হাতে গোনা কয়েক জন কর্মী জোর চেষ্টা ও তদবীর চালালেও আওয়ামী লীগের প্রায় সকল এম, পি উক্ত সভায় যোগদান করেন।

অপর দিকে বিখ্যাত মুক্তিযোদ্ধা বঙ্গবীর আব্দুল কাদের সিদ্দিকী বীর উত্তম তার জনাপঞ্চাশেক সাথীসহ সীমান্ত এলাকায় অবস্থান নিয়ে খন্দকার মোশতাক আহমেদ-এর সরকারের বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধ শুরু করলে, ছাত্রনেতা সৈয়দ নুরুল ইসলাম নুরু তার কয়েকজন সঙ্গী নিয়ে বৃহত্তর ময়মনসিংহ এবং বৃহত্তম সিলেট জেলার সীমান্ত অঞ্চলে কাদের সিদ্দিকীর নেতৃত্ব গড়ে ওঠা সংগঠন জাতীয় মুক্তিবাহিনীতে যোগ দেন।

ডাকসুর সাবেক ভি. পি মুজাহিদুল ইসলাম সেলিম (বর্তমানে কমিউনিস্ট (সিপিবি) পার্টির সাধারণ সম্পাদক), ইসমত কাদির গামা, রবিউল আলম চৌধুরী (বর্তমানে সরকারী আমলা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার পিএস মোক্তাদির চৌধুরী) দের নেতৃত্বেমাত্র শ'খানেক ছাত্রনেতা ও কর্মী ঢাকা বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক কর্মতৎপরতা শুরু করলে, এই কর্মতৎপরতা প্রতিহত করার জন্য জাসদ ছাত্রলীগ (গণবাহিনী) প্রবলভাবে সক্রিয় হয়ে ওঠে।

'৭৫ সালের অক্টোবর মাসের শেষের দিকে ছাত্রলীগের এই মুষ্টিমেয় নেতা- কর্মী মিলে সিদ্ধান্ত নিল ৪ঠা নভেম্বর '৭৫-এ ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের বাসভবনে মৌন

মিছিল করে যাওয়া হবে।
৪ঠা নভেম্বরের মৌন মিছিল সফল করে তোলার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ঢাকা শহরে গোপন বৈঠক চলতে লাগলো। ২রা নভেম্বর দিবাগত গভীর রাতে অর্থাৎ ৩রা নভেম্বর প্রত্যুষে দেশে ২য় সামরিক অভ্যুত্থান ঘটলো। ৩রা নভেম্বর সকালে সোভিয়েত রাশিয়ায় নির্মিত বোমারু বিমান মিগ ২১ আকাশে উড়লো এবং খুবই নীচ দিয়ে ঘন ঘন মহড়া দিতে লাগলো। বাংলাদেশ বেতার বা রেডিও বাংলাদশ এবং টেলিভিশন সম্প্রচার সারাদিন বন্ধ রইল। বোমারু বিমানের নীচ দিয়ে ঘন ঘন মহড়া দেওয়া এবং রেডিও বন্ধ থাকায় দেশে যে ২য় বার সামরিক অভ্যুত্থান হয়েছে এটা স্পষ্ট বোঝা গেল এবং এটাও সুস্পষ্ট বুঝা গেল যে, এই ২য় সামরিক অভ্যুত্থানের জয়-পরাজয়ের কোন নিশ্চিত ফলাফল এখনও হয়নি। কোন পক্ষই এখনও নিশ্চিত বিজয়ী হয়নি। আর এই জন্যই বোমারু বিমান মিগ-২১ বারবার নীচে ড্রাইভ দিয়ে প্রতিপক্ষকে বোমা মারার হুমকি দিচ্ছে এবং বেতার বা রেডিও বন্ধ রয়েছে। বোমারু বিমান বোমা মারার হুমকি দিচ্ছে কিন্তু বোমা মারছে না, এ থেকে বোঝা যাচ্ছে দুই পক্ষের সাথে আলোচনা চলছে। আর সেই জন্যই যুদ্ধ বিমান আক্রমণের মহড়া দিচ্ছে, কিন্তু আক্রমণ করছে না।
রাতে হঠাৎ টেলিভিশন সম্প্রচার শুরু করলো কিন্তু অভ্যুত্থান সম্পর্কে কোন কিছুই বলা হলো না। ৪ঠা নভেম্বর সকাল বেলা পূর্ব নির্ধারিত কর্মসূচী অনুযায়ী মৌন মিছিলের প্রস্তুতি নিয়ে শ'পাঁচেক ছাত্র-জনতা বিশ্ববিদ্যালয়ের বটতলায় সমবেত হলো। সমবেত ছাত্র, জনতা বিচ্ছিন্নভাবে সামরিক অভ্যুত্থান নিয়ে আলোচনা করলো।
এদের অধিকাংশেরই ধারণা সেনাবাহিনীর নতুন প্রধান মুক্তিযুদ্ধের ঘোষণাদানকারী মেজর জেনারেল জিয়াউর রহমান অভ্যুত্থান করেছেন। মুক্তিযুদ্ধের ঘোষক হিসেবে সাধারণ মানুষের কাছে জেনারেল জিয়ার একটা পরিচিতি ছিল এবং গ্রহণযোগ্যতা ছিল। তাই অনেকেই মনে করেছে জেনারেল জিয়াউর রহমানের নেতৃত্বেই সামরিক অভ্যুত্থান হয়েছে। অবশ্য কেউ কেউ বলল ব্রিগেডিয়ার খালেদ মুশাররফ অভ্যুত্থান করেছেন। অভ্যুত্থানের নেতৃত্ব কে দিয়েছেন তা পুরোপুরি নিশ্চিত না হওয়া গেলেও, একটা বিষয় নিশ্চিত হওয়া গেছে যে, ১৫ই আগস্টে অভ্যুত্থান করে শেখ মুজিবকে যারা হত্যা করেছে; তারা এখন আর ক্ষমতায় নেই এবং তারা দেশ ত্যাগ করেছে। ইতোমধ্যে আরো কয়েকশ' লোক সমাবেশে যোগ দিয়েছে। সাত আটশ' লোক নিয়ে মৌন মিছিল শুরু হলো। মৌন মিছিল ধানমন্ডি ৩২নং সড়কে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর বাসভবন অভিমুখে যাত্রা করলো। পলাশীর মোড়ে পুলিশ প্রথম বাধা দিল। পুলিশ বলছে, মিছিল নিষিদ্ধ আপনারা মিছিল করবেন না। কে মিছিল নিষিদ্ধ করেছে জিজ্ঞেস করলে পুলিশ কোন উত্তর দিতে পারেনি। পুলিশ বলেছে, আপনারা একটু অপেক্ষা করুন আমরা উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে জেনে নেই। কিন্তু মিছিল থামলো না। মিছিল চলতে থাকলো। পুলিশও নামকাওয়াস্তে হালকা-পাতলা বাধা দিতে লাগলো। কিন্তু প্রকৃত অর্থে পুলিশী বাধা বলতে যা বোঝায় তা পুলিশ মোটেও দেয়নি। আসলে পুলিশও জানতো না কারা এখন দেশের ক্ষমতায় আছে, দেশে কি হচ্ছে, পুলিশের কি করণীয়। পুলিশ অনেকটা কিংকর্তব্যবিমূঢ় ছিল। নিঃশব্দ মৌন মিছিল সাইন্স ল্যাবরেটরীর মোড় পার হয়ে কলাবাগানের দিকে যেতে থাকলে এদিকে পাহারায় থাকা সেনাবাহিনীর দশ-বার জন্য সৈন্য মিছিলের দিকে এগিয়ে এলো। সৈন্যদের মিছিলের দিকে এগিয়ে আসতে দেখে বেশ কিছু মিছিলকারী মিছিল ত্যাগ করে আশেপাশে সরে পড়ল।
সৈন্যরা মিছিলের দিকে এগিয়ে এলো ঠিকই, কিন্তু মিছিলে বাধা দান বা সমর্থন কোন কিছুই



করলো না। শুধু তাকিয়ে তাকিয়ে দেখতে লাগলো। তবে সৈন্যদের তাকানোর ভঙ্গিটা বিরূপ ছিল। তারা বাঁকা চোখেই মিছিলটাকে দেখেছে এবং মনে হয়েছে দ্বিতীয় সামরিক অভ্যুত্থান ও সৈন্যদের করণীয় সম্পর্কে তারাও নিশ্চিত হন। মিছিল কলাবাগান অতিক্রম করার সময় ব্রিগেডিয়ার খালেদ মুশাররফ-এর মা এবং ছোট ভাই রাশেদ মুশাররফ (বর্তমানে শেখ হাসিনার ভূমি প্রতিমন্ত্রী) মিছিলে অংশ নিলে ব্রিগেডিয়ার খালেদ মুশাররফ-এর নেতৃত্বে অভ্যুত্থানের বিষয়ে বিস্তারিত জানা যায়। এখানেই জানা গেল নতুন সেনাবাহিনী প্রধান মেজর জেনারেল জিয়াউর রহমানকে ব্রিগেডিয়ার খালেদ মুশাররফ-এর অনুগত বাহিনী বন্দী করেছে এবং অনতিবিলম্বে ব্রিগেডিয়ার খালেদ মুশাররফ মেজর জেনারেল পদোন্নতি নিয়ে সেনাবাহিনী প্রধান হচ্ছেন। মিছিল ৩২নং ধানমন্ডি বঙ্গবন্ধু ভবনের গেটে গিয়ে বিকেল তিনটায় বিশ্ববিদ্যালয়ের জমায়েত ও বিক্ষোভ মিছিলের কর্মসূচি দিয়ে শেষ হয়।
দুপুর ১টার দিকে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান-এর ভবনের সামনে থেকে যে যার স্থানে ফিরে যাই। মাত্র আধা ঘন্টা সময়ের মধ্যে দুপুরের আহার শেষ করে পুরান ঢাকা থেকে আবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে রওয়ানা হই। বিকেল তিনটার আগেই আমরা ডাকসু ভবনের সামনে উপস্থিত হয়ে দেখি প্রায় হাজার খানেক ছাত্র-জনতা ইতোমধ্যেই সমবেত হয়েছে। আনুষ্ঠানিকভাবে সমাবেশ শুরু হয়নি, কিন্তু বিক্ষিপ্তভাবে সবাই আলোচনা করছিল, এই আলাপ-আলোচনার মূল বিষয় ছিল জেলখানায় জাতীয় চার নেতা হত্যা। গতকাল ৩রা নভেম্বর শেখ মুজিব হত্যাকারীরা জেলখানার অভ্যন্তরে বন্দী অবস্থায় বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী মুক্তিযুদ্ধের সফল নেতৃত্ব দানকারী জনাব তাজুদ্দিন আহম্মেদ, প্রথম রাষ্ট্রপতি (অস্থায়ী) সৈয়দ নজরুল ইসলাম, প্রধানমন্ত্রী ক্যাপ্টেন (অবঃ) মুনসুর আলী এবং শিল্পমন্ত্রী কামরুজ্জামানকে গুলি করে হত্যা করে এবং তারপর দেশ ত্যাগ করে।
ডাকসুর সাবেক ভি. পি. বর্তমানে কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক মুজাহিদুল ইসলাম সেলিম, ইসমত কাদির গামা সংক্ষিপ্ত ও বিক্ষিপ্ত বক্তৃতার পর মিছিল শুরু হলো। জেলখানায় জাতীয় চার নেতা ও হত্যার খবরে মিছিলের মানুষগুলো কেমন যেন বিমর্ষ হয়ে গেল। মিছিলটা পুরনো ঢাকার দিকে এগিয়ে যেতে লাগলো। কিন্তু মিছিলের গতি-প্রকৃতিটা এমনই হলো যেএটা না হলো বিক্ষোভ মিছিল, না হলো মৌন মিছিল। মিছিলটা পুরাতন শহর দিয়ে নাজিমুদ্দিন রোডের সেন্ট্রাল জেলের (কেন্দ্রীয় কারাগার) সামনে দিয়ে সন্ধ্যার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহিরুল হক হলের মাঠে এসে শেষ হলো। এখানে মুজাহিদুল ইসলাম সেলিম আগামী ৫ই নভেম্বর শোকসভার কর্মসূচী ঘোষণা করে পাড়ায়-মহল্লায় মিছিল ও পথসভা করার নির্দেশ দিলেন। এর আগে বিকেল ৩টার দিকে সোহরাওয়ার্দী উদ্যানের দক্ষিণ পশ্চিম কোণে তিন নেতার মাজারের সামনে জাতীয় চার নেতাকে দাফন দেওয়ার জন্য কবর খোড়া হলো। কিন্তু শেষ পর্যন্ত পুলিশের বাধার জন্য জাতীয় চার নেতাকে এখানে কবর দেওয়া গেল না।
আমরা দশ এগারোজন মিছিল করতে করতে পুরাতন শহরে আমাদের মহল্লায় ফিরে এলাম। তখন রাত ৮টা হবে। মহল্লায় এসে পরিচিত মাইকের দোকান থেকে মাইক এবং গ্যারেজ থেকে রিক্সা নিয়ে মাইক বেঁধে মিছিল এবং পথসভা করতে লাগলাম। পথসভা ও মিছিলে জাতীয় চার নেতা হত্যার প্রতিবাদে আগামীকাল শোকসভার ঘোষণা দিতে থাকলাম। পথসভা এবং মিছিলে জনতা তো অংশ গ্রহণ করলই না, এমন কি আওয়ামী লীগের নেতাকর্মীরাও অংশগ্রহণ করলই না এমন কি আওয়ামী লীগের নেতা কর্মীরাই ও অংশগ্রহণ করল না।।
আমরা দশ-এগারোজন ছাত্রনেতা-কর্মীই সারাটা পুরাতন শহরের যতটা এলাকা সম্ভব মিছিল

আর পথ সভা করতে থাকলাম। রাত ১১টার দিকে শ্যামবাজার এলাকায় মিছিল নিয়ে এলে সূত্রাপুর থানার পুলিশ রাস্তার দু'দিকে থেকে ঘেরাও করে আমাদের বেধড়ক লাঠি পেটা করে রিক্সা এবং মাইক ছিনিয়ে নিয়ে যায়। পুলিশের এই হামলায় গুরুতর আহত হয় ছাত্র ইউনিয়ন নেতা বর্তমান সরকারী আমলা খন্দকার শওকত হোসেন (জুলিয়াস) এবং কবি নজরুল সরকারী কলেজের তুখোড় ছাত্রনেতা সৎ ও প্রতিবাদী ব্যক্তিত্ব বিএনপি সরকার কর্তৃক মনোনীত ৭৯ নং ওয়ার্ড চেয়ারম্যান বর্তমান জাতীয়তাবাদী দল ৭৯নং ওয়ার্ড সভাপতি জননেতা মোঃ ফরিদ উদ্দিন। আমরা সবাই পালিয়ে গেলাম। রাতে কেউই বাসায় থাকলাম না।

কিন্তু রিক্সাওয়ালা, রিক্সার মালিক, মাইকওয়ালা এরা সবাই আমার বাসায় এসে রিক্সা আর মাইক দাবী করে বসে রইল। পরদিন সকালে টাকা-পয়সা দিয়ে থানায় লোক পাঠানো হলো রিক্সা আর মাইক ছাড়ানোর জন্য, কিন্তু থানা পুলিশ কিছুতেই মাইক আর রিক্সা ছাড়লো না। ৩রা নভেম্বর ব্রিগেডিয়ার খালেদ মুশাররফের নেতৃত্বে সংগঠিত দ্বিতীয় সামরিক অভ্যুত্থানে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের হত্যাকারীরা দেশ থেকে পালিয়ে গেলেও যার নেতৃত্বে শেখ মুজিবর রহমানকে হত্যা করা হলো এবং যিনি সংবিধান বহির্ভূতভাবে অবৈধ পন্থায় দেশের রাষ্ট্রপতি হয়ে বসলেন সেই খন্দকার মোশতাক আহমেদ ঠিকই রাষ্ট্রপতি পদে বহাল থাকলেন। ১৫ই আগস্ট সকালে বাংলাদেশের রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানকে হত্যা করে সংবিধান বহির্ভূত পন্থায় সম্পূর্ণ অবৈধভাবে রাষ্ট্রপতি হয়ে বসা খন্দকার মোশতাক আহমেদকে রাষ্ট্রপতি হিসেবে শপথ বাক্য পাঠ করান বাংলাদেশ সুপ্রীম কোর্টের তৎকালীন অস্থায়ী প্রধান বিচার এ বি মাহমুদ হোসেন। সংবিধান বহির্ভূত পন্থায় রাষ্ট্রপতি পদে অধিষ্ঠিত খন্দকার মোশতাক আহমেদ-এর কাছ থেকে ৫ই নভেম্বর '৭৫-এ ব্রিগেডিয়ার খালেদ মুশাররফ পদোন্নতি নিয়ে মেজর জেনারেল হন এবং সেই সাথে মুক্তিযুদ্ধের ঘোষক মেজর জেনারেল জিয়াউর রহমানকে সেনাবাহিনী প্রধানের পদ থেকে সরিয়ে দিয়ে নিজেই সেনাবাহিনী প্রধান পদে অধিষ্ঠিত হন। বিমান বাহিনী প্রধান ও নৌ বাহিনী প্রধানগণ খালেদ মুশাররফকে মেজর জেনারেল ও সেনাবাহিনী প্রধান-এর ব্যাচ পরিয়ে দিচ্ছেন এই ছবি পত্রিকায় প্রকাশিত হয়।

৫ই নভেম্বর বিশ্ববিদ্যালয় এলাকায় শ' পাঁচেক ছাত্র-জনতা সমবেত হলেও নেতৃত্বের অভাবে এবং জাসদ ছাত্রলীগের দাপটের কারণে ৪ঠা নভেম্বর ঘোষিত ৫ই নভেম্বরের শোকসভা অনুষ্ঠিত হয়নি। দেশের সর্বশেষ রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে অস্পষ্টতা এবং আতঙ্ক নিয়ে বিক্ষিপ্ত কথাবার্তা আর মিছিলের চেষ্টার মধ্যে দিয়ে ৫ই নভেম্বরের দিন শেষ হয়ে গেলে সন্ধ্যায় আমরা পুরাতন ঢাকায় ফিরে আসি এবং সরকারী কবি নজরুল কলেজের শহীদ সামসুল আলম ছাত্রাবাসের ছাত্রদের নিয়ে ছাত্রসভা করি। পরদিন ৬ই নভেম্বর সকালে পুরাতন ঢাকা থেকে যথারীতি আমরা দশ-এগারোজন মিছিল নিয়ে আবারও ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমবেত হলে খন্দকার মোশতাক আহমেদকে রাষ্ট্রপতির পদ থেকে সরিয়ে সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি আবু সাহাদাত মোঃ সায়েমকে রাষ্ট্রপতি করা, (আওয়ামী লীগের) পার্লামেন্ট ভেঙ্গে দেওয়া, সামরিক আইন জারি করা এবং সেনাবাহিনী প্রধান হিসেবে মেজর জেনারেল খালেদ মুশাররফের প্রধান সামরিক আইন প্রশাসক হওয়াসহ ইত্যাদি বিষয় সম্পর্কে বিস্তারিত শোনা যায় এবং এই দিনেও আমাদের মিছিল ও আলোচনার কোন আনুষ্ঠানিকতা ছিল না। সবাই ছিল বিক্ষিপ্ত এবং বিচ্ছিন্ন। সন্ধ্যানাগাদ আমরা পুরাতন শহরে ফিরে আসি। নেতৃত্বের কোথাও কেউ নেই। সব কেমন যেন শূন্য ও ফাঁকা। দেশে আরো সাংঘাতিক ধরনের কি যেন হতে যাচ্ছে তা অনুভব করা যায়। উপলব্ধি করা যায়। কিন্তু পরিষ্কার বোঝা যায় না। আওয়ামী বাকশালী



নেতারা সব কে যে কি করছে বা কোথায় পালিয়ে গেছে তাও বোঝা যায় না। ছাত্রনেতাদের মধ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবের ভাগনে শেখ শহীদ অনেকটা পাতানো গৃহবন্দী বলেই মনে হচ্ছে। ইসমত কাদির গামার ততটা বুদ্ধিশুদ্ধি নেই, তবে কিছু করার চেষ্টায় আছেন। রবিউল আলম চৌধুরী (বর্তমানে আমলা প্রধানমন্ত্রী শেখ হাসিনার পিএস মোক্তাদির চৌধুরী) আছেন, সব সময়ই আছেন। বলতে গেলে সেই এখন সব চাইতে বড় নেতা। ডাকসুর সাবেক ভিপি ছাত্র ইউনিয়ন নেতা মুজাহিদুল ইসলাম সেলিম হলেন কিছু একটা করার চেষ্টাকারীদের মূল নেতা। ছাত্রনেতা সৈয়দ নুরু কাদের সিদ্দিকীর সাথে যোগ দিয়েছেন।

আগামীকাল যথারীতি বিশ্ববিদ্যালয়ে যাওয়া ছাড়া আমাদের কোন কর্মসূচী নেই। রাত যখন গভীর হলো, দেড়টা দু'টা বাজে, ঘড়ির সময় অনুযায়ী ৭ই নভেম্বর গভীর রাতে হঠাৎ গুলির আওয়াজ শোনা যেতে লাগলো। রাত যতই বাড়তে লাগলো গুলির আওয়াজও ততই বাড়তে লাগলো। গুলির আওয়াজে মনে হতে লাগলো এ যেন পঁচিশে মার্চ '৭৫-এর মতোই এক কালো রাত। পঁচিশে মার্চ '৭১-এ পাকিস্তানী হানাদার বাহিনী নিরস্ত্র ঘুমন্ত বাঙালিকে নির্বিচারে গুলি করে হত্যা করেছে। কিন্তু আজকের গুলি কারা করছে, কেন করছে, কার বিরুদ্ধে করছে কিছুই বোঝা যাচ্ছে না।

৭ই নভেম্বর ভোর হতে না হতেই দেখা গেল সেনাবাহিনীর সিপাহীরা (জোয়ান) আকাশপানে গুলি করতে করতে রাস্তা গিয়ে পায়ে হেঁটে, গাড়িতে চড়ে যে যেভাবে খুশি ঘুরে বেড়াচ্ছে। আর এই সেনা সিপাহীদের সঙ্গে স্বতঃস্ফূর্তভাবে জনগণের একটা অংশ যোগ দিয়েছে। সিপাহী জনতা, রাজপথে মিছিল করছে আর আকাশের দিকে গুলি ছুঁড়ছে, শ্লোগান দিচ্ছে। সিপাহী-জনতার এই মিছিল থেকে নানা ধরনের শ্লোগান দিতে শোনা গেল। কোন মিছিল থেকে শ্লোগান আসলো মোশতাক-জিয়া জিন্দাবাদ, মুসলিম বাংলা জিন্দাবাদ। কোন মিছিল থেকে শ্লোগান উঠলো কর্নেল তাহের জিন্দাবাদ, তাহের-জিয়া ভাই ভাই। গণবাহিনী জিন্দাবাদ, সিপাহী জনতা-ভাই ভাই ইত্যাদি নানা ধরনের শ্লোগান দিতে শোনা গেল সিপাহী জনতার- মিছিল থেকে। এই সিপাহী-জনতার সামনে কোন সুস্পষ্ট লক্ষ্য বা পরিষ্কার কোন ধারণা যে ছিল না তা বোঝা যাচ্ছিল এবং এই সিপাহী-জনতার বিদ্রোহে কোন একক নেতৃত্ব বা নিয়ন্ত্রণ যে ছিল না তাও বোঝা যাচ্ছিল। তবে এই সিপাহী-জনতার বিদ্রোহ যে আওয়ামী বাকশালী এবং শেখ মুজিব-এর অনুসারীদের বিরুদ্ধে তা নিশ্চিত ছিল।

ঐ মিছিলকারী সিপাহী-জনতা আওয়ামী বাকশালী বা শেখ মুজিব-এর অনুসারীদের দেখামাত্র যে মেরে ফেলত তাতে কোনই সন্দেহ ছিল না।

## ভারতে পালায়ন

৭ই নভেম্বরের সিপাহী জনতার বিপ্লব ছিল শেখ মুজিবর রহমান, আওয়ামী বাকশালী ও ভারতের বিরুদ্ধে বিদ্রোহ। সাধারণ সিপাহী-জনতা এই বিপ্লবে স্বাধীনতার ঘোষক জিয়াউর রহমানকেই নেতা মনে করেছে। '৭৫ সালের আগস্টে শেখ মুজিবের হত্যাকাণ্ডের পর আওয়ামী বাকশালীরা বা শেখ মুজিবের অনুসারীরা কে যে কোথায় লাপাত্তা হয়ে গেল তার কোন হদিস পাওয়া গেল না। অবশ্য শেখ মুজিবের সহপার্টি বা আওয়ামী বাকশালী নেতাদের একটা বিরাট অংশ মুজিব হত্যাকারীদের সাথে হাত মিলালো এবং হত্যাকারীদের নেতা খন্দকার মোশতাক আহমেদের নেতৃত্বে সরকার গঠন করল'। আর আমরা গুটিকয়েক ছাত্র-নেতাকর্মী রাজনৈতিক তৎপরতা চালাবার বা মুজিব হত্যার প্রতিবাদ করার চেষ্টা করছিলাম, তারা '৭৫-এর ৭ই

নভেম্বরের বিক্ষুব্ধ সিপাহী জনতার বিদ্রোহ দেখে ভয়ে পালিয়ে ভারত চলে গেলাম।



শেখ মজিব হত্যার প্রতিবাদ যুদ্ধের ৩ যোদ্ধা বাদিক থেকে "আমার ফাঁসি চাই" গ্রন্থের লেখক বাংলাদেশ আওয়ামী লীগের ১নং কাউন্সিলার মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টু, আরিফ আহাম্মেদ দুলাল, এস এ কাইয়ুম খসরু।

## যুদ্ধে পরাজয়

১৯৭৭ সালের নির্বাচনে ইন্দিরা গান্ধী পরাজিত হলে মোরারজি দেশাই ভারতের প্রধানমন্ত্রী হন। ইন্দিরা গান্ধীর পরাজয় এবং মোরারজি দেশাই-ভারতের প্রধানমন্ত্রী হওয়ায় আমরা শংকিত হই। এমনিতেই সারা বিশ্বের আন্তর্জাতিক রাজনৈতিক পরিস্থিতি আমাদের সম্পূর্ণ বিপক্ষে। একমাত্র ইন্দিরা গান্ধী ছাড়া গোটা ভারতের রাজনীতিও ছিল আমাদের বিপক্ষে। আমাদের একমাত্র সমর্থক এবং সাহায্যকারী শ্রীমতি ইন্দিরা গান্ধী এখন ক্ষমতাচ্যুত। সামনের দিন আমাদের ভাল হওয়ার কোনই সম্ভাবনা নেই। ভারতের নতুন প্রধানমন্ত্রী মোরারজি দেশাই প্রথমে আমাদের সকল সাহায্য বন্ধ করে দিলেন। বাংলাদেশের মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জেনারেল জিয়াউর রহমান এবং ভারতের নতুন প্রধানমন্ত্রী মোরারজি দেশাই উভয়ই ছিলেন আন্তর্জাতিক রাজনীতিতে মার্কিন লবির লোক। ফলে সম্ভবত মার্কিন যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের পরামর্শে ভারত এবং বাংলাদেশ যৌথভাবে আক্রমণ করে আমাদের পরাস্ত করার চুক্তিবদ্ধ হয়।

সীমান্ত অঞ্চলে আমাদের দখলে থাকা মুক্তাঞ্চল এবং আমাদের ঘাঁটিগুলোতে বরাবর ভারত ব্যাপক সৈন্য সমাবেশ করে। অপরদিকে বাংলাদেশেও অনুরূপভাবে ব্যাপক সৈন্য সমাবেশ করে। আমরা সামনে বাংলাদেশ সেনাবাহিনী ও বি ডি আর এবং পিছনে ভারতীয় সেনাবাহিনী ও বি এস এফ দ্বারা সাঁড়াশি কায়দায় চতুর্দিক থেকে ঘেরাও হয়ে পড়ি। আমাদেরকে বাংলাদেশ ও ভারতের সৈন্যরা চতুর্দিক থেকে ঘেরাও করার ফলে আমরা এক কোম্পানি থেকে আরেক কোম্পানি বিচ্ছিন্ন হয়ে পড়ি। বিচ্ছিন্ন হয়ে পড়ি হেডকোয়ার্টার থেকেও। আমাদের এক ঘাঁটি থেকে আর এক ঘাঁটির যোগাযোগ সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। আমাদের সর্বাধিনায়ক সিদ্দিকীর সাথেও সকল যোগাযোগ বন্ধ হয়ে যায়।

আমরা এক ঘাঁটির সাথীরা অন্য ঘাঁটির সাথীরা কি করছে, কি অবস্থায় আছে কিছুই বুঝতে পারছি না। শুধু বাংলাদেশের আর ভারতীয় আর্মিদের মাইকের আওয়াজ। একদিকে বাংলাদেশের সেনাবাহিনীর মাইকে বলছে আটচল্লিশ (৪৮) ঘন্টার মধ্যে আত্মসমর্পণ



(সারেন্ডার) কর। নইলে আক্রমণ করা হবে। অন্যদিকে পিছনের দিক থেকে ভারতীয় সেনাবাহিনী মাইকে বলছে, আটচল্লিশ ঘন্টাকা আন্দার হাতিয়ার ডালদো।

আমার ঘাঁটি ছিল ময়মনসিংহ জেলার দুর্গাপুর থানার ভবানীপুর। আমার ঘাঁটির সামনে ছিল বেশ বড় সমেশ্বর নদী। নদীর অপর পারে ছিল জেনারেল মাহামুদুল হাসান, মেজর সামাদ, মেজর মঈন-এর নেতৃত্বে বাংলাদেশ সেনাবাহিনী এবং পিছনে ছিল ভারতীয় সেনাবাহিনী। আমরা উভয় দেশের সেনাবাহিনীর বিরুদ্ধে শেষ পর্যন্ত যুদ্ধ করতে প্রস্তুত। আমাদের অস্ত্রের ভাণ্ডার মোটামুটি খারাপ না, যদিও গোলাগুলির পরিমাণ কম। পেছন থেকে ভারতীয় বাহিনী আমাদের সহজে কাবু করতে পারলেও সামনে নদী থাকায় কৌশলগত কারণেই বাংলাদেশ বাহিনী আমাদের সহজে কাবু করতে পারবে না। আমার ধারণা ছিল ভারতীয় সেনাবাহিনী আমাদের বিরুদ্ধে যুদ্ধ করলেও এডভান্স হয়ে আমাদের ঘাঁটি দখল করতে আসবে না। ভারতীয় বাহিনী তাদের অবস্থান থেকে প্রচণ্ড আক্রমণ করে আমাদের ঘায়েল করতে চাইবে। কিন্তু এডভান্স করে আমাদের ঘাঁটি দখল করার রিস্কা বা ঝুঁকি নেবে না। আর আমাদের ঘাঁটির সামনে নদী থাকায় কৌশলগত কারণে আমরা অনেক সুবিধা ও সুদৃঢ় অবস্থানে আছি। বাংলাদেশ বাহিনীর পক্ষে নদী অতিক্রম করে আমাদের ঘাঁটি দখল করা এক দুরূহ ব্যাপার। এই অবস্থায় একমাত্র বিমান হামলা করা ছাড়া আমাদের পরাস্ত করা কঠিন। আমরা সম্ভাব্য বিমান হামলা মোকাবেলা করার জন্য আগে থেকেই মাটি কেটে শালবনের বিশাল বিশাল শাল গাছ দিয়ে তার উপর সমেশ্বর নদীর পাথর, বালি আর মাটি দিয়ে দুর্বোধ্য মজবুত বিশালাকার বাঙ্কার ও ট্রেঞ্চ তৈরি করেছি। আমরা মাটির উপর না উঠে মাটির নিচ দিয়ে বাঙ্কার ও ট্রেঞ্চের ভিতর দিয়ে অনায়াসে এক জায়গা থেকে আর এক জায়গায় যেতে পারি এবং যুদ্ধ করতে পারি।

আমাদের আত্মসমর্পণের (সারেন্ডারের) জন্য বেঁধে দেওয়া আটচল্লিশ ঘন্টা সময় অতিক্রান্ত হওয়ার পর, জেনারেল মাহামুদুল হাসান নিজে নেতৃত্ব দিয়ে আমাদের ঘাঁটির উপর বারো ঘন্টাব্যাপী মর্টারের প্রায় শতাধিক শেল নিক্ষেপ করে। সেই সময়ে পিছন দিক থেকে ভারতীয় বাহিনীও আমাদের উপর অবিরাম গোলা ও গুলি নিক্ষেপ করে।

ভারতীয় বাহিনীর গোলাগুলি ও বাংলাদেশ বাহিনীর মর্টারের শেলিং চলাকালে আমরা বাঙ্কার ও ট্রেঞ্চে বসে বাংলাদেশ বাহিনীর দিকে সজাগ ও তীক্ষ্ণ দৃষ্টি রাখা ছাড়া এক রাউন্ড গুলিও করিনি। তখনও ভোর হয়নি, অন্ধকার কাটেনি, আবছা অন্ধকারে হঠাৎ দেখা গেল বিশ-ত্রিশ নৌকা বোঝাই হয়ে জেনারেল মাহামুদুল হাসানের বাহিনী নদী অতিক্রম করছে। সঙ্গে সঙ্গে আমরা আক্রমণ করলে তারাও মরিয়া হয়ে পাল্টা আক্রমণ করে। তাদের সমর্থনে সেনাবাহিনীর একটি দল কভারেজ এটাক্ট করে। আক্রমণ-পাল্টা আক্রমণের মধ্যে দিয়ে প্রচন্ড যুদ্ধ বেধে যায়। ঘন্টাতিনেক তীব্র সংঘর্ষের পর জেনারেল মাহামুদুল হাসানের নেতৃত্বাধীন বাংলাদেশ বাহিনী প্রচণ্ড মার খেয়ে পিছু হটে যায়। এভাবে সপ্তাহখানেক জেনারেল মাহামুদুল হাসানের আক্রমণ প্রতিহত করতেই আমাদের গোলাবারুদ ফুরিয়ে যায়। আমাদের অস্ত্রের যে মজুদ আছে তা দিয়ে বাংলাদেশ বাহিনীর আক্রমণ বছরের পর বছর প্রতিহত করা যাবে। কিন্তু গোলাবারুদের ভাণ্ডার প্রায় ফুরিয়ে এসেছে। তার চাইতেও মারাত্মক আকার ধারণ করেছে খাদ্য সংকট। তিন দিন থেকে আমাদের কাছে কোন খাদ্য নেই। ক্যাম্পে তিন-চারটি গরু জবাই করে পুড়িয়ে পুড়িয়ে আমরা খেয়েছি। আজ তাও নেই। আমরা যারা একাত্তরের

মুক্তিযোদ্ধা, আমরা একাত্তরের মুক্তিযোদ্ধা শুধু অস্ত্রের সংকটে পড়েছি। কিন্তু খাদ্য সংকটে কখনও পড়িনি। গোটা বাঙালী জাতিই আমাদের খাদ্য সরবরাহ করেছে। প্রয়োজনে বাঙালী নিজে না খেয়ে মুক্তিযোদ্ধাদের খাইয়েছে। কোন মুক্তিযোদ্ধাই খাদ্যে কষ্ট করেনি। এদেশের মানুষ আগে মুক্তিযোদ্ধার খাওয়া জুগিয়েছে, তারপর নিজের খাওয়া জুগিয়েছে। একাত্তরের যুদ্ধে আমি খাদ্য সংকটেও পড়িনি এবং যুদ্ধে অস্ত্রে ও গোলাবারুদের মতো খাদ্যও যে একটা বিরাট ভাইটাল ফ্যাকটর তাও বুঝিনি।

এখন অস্ত্র আছে, কিন্তু গোলাবারুদের সংকটে পড়েছি। তার চাইতেও বেশি সংকটে পড়েছি খাদ্যের। আমাদের অস্ত্রপ্রতি পাঁচ-সাত রাউন্ড গুলি ও গোলা রয়েছে মাত্র। যা পাঁচ-দশ মিনিটও টিকবে না। আমার মনে এখনো আশা শেষ মুহূর্তে ভারত হয়তো সদয় হতে পারে। আবার সর্বাধিনায়ক কাদের সিদ্দিকীর সাথে যোগাযোগ প্রতিষ্ঠিত হবে।

আমাদের কয়েকজন বন্ধু পালিয়ে যেতে গিয়ে ভারতীয় বাহিনী ও বাংলাদেশ বাহিনীর হাতে ধরা পড়ে মাইকে আমাদের নাম ধরে ডাকতে লাগলো। আর বলতে লাগলো, কোন অসুবিধা নেই, সবাই চলে আসেন ইত্যাদি ইত্যাদি।

দু'দিন কোন পক্ষেরই কোন যুদ্ধ নেই, গোলাগুলি নেই। চতুর্দিকে নীরব। আমাদের কেউ বাঙ্কারে, কেউ উপরে। কেউ বসে, কেউ দাঁড়িয়ে। আমাদের কোনই খাদ্য নেই। অস্ত্র আছে, কিন্তু নেই যুদ্ধ করার গুলি। সর্বোপরি নেই যুদ্ধ করার মতো বিন্দুমাত্র মানসিক শক্তি। আমি একটি ছোট কাঁঠাল গাছের নিচে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখছি জেনারেল মাহামুদুল হাসান তার বিরাট সৈন্যবাহিনী নিয়ে নৌকা করে আমাদের তীরে এসে নামলো। পাশে থাকা আমার অস্ত্রটা একবার তাকিয়ে দেখলাম। হয়তো মনের ভুলেই দেখলাম। কিন্তু হাতে তুলে নিলাম না।

জেনারেল মাহামুদুল হাসান তার বাহিনীকে নদীর পারে দাঁড় করিয়ে রেখে মেজর মঈন, মেজর সামাদসহ কয়েক জন অফিসার সঙ্গে নিয়ে ধীরে ধীরে আমাদের ঘাঁটিতে উঠে এসে আমার সামনে দাঁড়িয়ে অত্যন্ত মোলায়েম এবং ভদ্রকণ্ঠে আমাকে বললেন, দিন, আপনার অস্ত্রটা আমার হাতে দিন।

আমি শেষ বারের মত আমার অস্ত্রটা দেখলাম। তারপর আলতো হাতে জেনারেল হাসানের হাতে তুলে দিতে দিতে মনে মনে বললাম, বিদায় হে বন্ধু, বিদায়।

এরপর জেনারেল হাসান বললেন, চলেন আপনাদের ঘাঁটিটা একটু ঘুরে দেখি।

তিনি ঘুরে ঘুরে দেখতে লাগলেন। আমাদের সাথীরা যে যেখানে ছিল সেখানেই দাঁড়িয়ে রইল। কারো অস্ত্র হাতে, কারো অস্ত্র মাটিতে। মেজর মঈনকে অস্ত্রগুলো কালেকশন করতে বলে, আমাদের সবাইকে এক জায়গায় দাঁড় করালেন। এরপর নিয়ে গেলেন দুর্গাপুরে সেনাবাহিনীর একটি ঘাঁটিতে। সেখানে নিয়ে জেনারেল মাহামুদুল হাসান আমাদের উদ্দেশ্যে বললেন, আপনাদের চিন্তার বা ঘাবড়াবার কোনই কারণ নেই। আমার সাথে প্রেসিডেন্ট জিয়াউর রহমান-এর কথা হয়েছে। প্রেসিডেন্ট জিয়াউর রহমান কথা দিয়েছেন আপনাদের সকলকেই ছেড়ে দেওয়া হবে। শুধুমাত্র '৭৫-এর ১৫ই আগস্টের আগে যদি কারো বিরুদ্ধে বাংলাদেশ দণ্ডবিধির আওতায় মামলা থেকে থাকে তাহলে তাকে বিচারের জন্য সোপার্দ করা হবে। দুর্গাপুরে কয়েক দিন রাখার পর আমাদের নিয়ে যাওয়া হয় নুরুদ্দিন কনসেন্ট্রেশন ক্যাম্পে। এরপর সেখান থেকে নিয়ে যাওয়া হলো ময়মনসিংহ রেসিডেন্সিয়াল মডেল গার্লস স্কুলের কনসেন্ট্রেশন ক্যাম্পে।

এই ক্যাম্পে আমাদের ইন্টারোগেশন শুরু হয়। প্রতিদিন আমাদের আলাদা আলাদাভাবে বিভিন্ন



ধরনের প্রশ্নের উত্তর লিখিত ও মৌখিকভাবে নেওয়া হতো। আমাদের মাঝ থেকে আমাদের সাথী চট্টগ্রামের জননেতা মৌলভী সৈয়দ আহম্মেদকে ঢাকা ক্যান্টনমেন্টে নিয়ে টর্চার (নির্যাতন) করে মেরে ফেলা হয়। এই সংবাদসহ আমাদের প্রতি ভারতের মোরারজি দেশাই সরকারের বর্বরোচিত অমানবিক আচরণের সংবাদ ভারতীয় সংবাদপত্রে প্রকাশিত হলে কংগ্রেস বিরোধী মোর্চার প্রতিষ্ঠাতা, ইন্দিরা গান্ধীর পতনের মূল নায়ক, যার বদৌলতে মোরারজি দেশাই ভারতের প্রধানমন্ত্রী, ভারতের সেই প্রবীণ সর্বদলীয় নেতা জয়প্রকাশ নারায়ণ বিক্ষুব্ধ হয়ে সঙ্গে সঙ্গে মোরারজি দেশাইয়ের পদত্যাগ দাবী করেন।

জয় প্রকাশ নারায়ণের বক্তব্য হলো, প্রতিবেশী রাষ্ট্রের বিদ্রোহীদের আশ্রয় দেওয়া ভারতের নৈতিক দায়িত্ব এবং চিরকালের ঐতিহ্য। প্রধানমন্ত্রী মোরারজি দেশাই এই নৈতিক দায়িত্ব পালন না করে এবং চির ঐতিহ্য রক্ষা না করে বাংলাদেশের বিদ্রোহীদের মৃত্যুর দিকে ঠেলে দিয়ে অমার্জনীয় অপরাধ করেছেন এবং ভারতের প্রধানমন্ত্রী থাকার নৈতিক দায়িত্ব ও অধিকার হারিয়েছেন। সুতরাং আর এক মুহূর্ত দেরি না করে তাকে পদত্যাগ করতে হবে। নইলে ক্ষমতাচ্যুত করা হবে।

সর্বদলীয় নেতা জয় প্রকাশ নারায়ণ প্রধানমন্ত্রী মোরারজি দেশাইয়ের পতনের কার্যক্রম শুরু করলে, ভারতের প্রধানমন্ত্রী মোরারজি দেশাই সরকার আমাদের সর্বাধিনায়ক বঙ্গবীর কাদের সিদ্দিকীসহ ভারতে থাকা কয়েকজনকে ভারতে রাজনৈতিক আশ্রয় দেন। অন্যদিকে বাংলাদেশের মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জিয়াউর রহমান তার দেওয়া কথানুযায়ী ভবিষ্যতে রাষ্ট্রদ্রোহিতামূলক কাজে জড়িত হবে না এই মর্মে মুচলেকা (বন্ড) নিয়ে আমাদের নিঃশর্ত মুক্তি দেন।

মূলত আমাদের প্রতি ভারতের প্রধানমন্ত্রী মোরারজি দেশাই সরকারের অমানবিক ও অনৈতিক আচরণের ফলে শেষ পর্যন্ত ভারতের সর্বদলীয় নেতা জয় প্রকাশ নারায়ণ জনতার মোর্চা ভেঙ্গে দিয়ে প্রধানমন্ত্রী মোরারজি দেশাইয়ের পতন ঘটান।

## হারিয়ে যাওয়া শেখ মুজিবের জনপ্রিয়তা ফিরিয়ে আনা

কনসেন্ট্রেশন ক্যাম্প থেকে ছাড়া পেয়েই হারিয়ে যাওয়া শেখ মুজিবর রহমানের জনপ্রিয়তা পুনরায় উদ্ধারের এবং সংগঠন গড়ে তোলার কাজে নতুন করে ঝাঁপিয়ে পড়ি। একমাত্র কাদের সিদ্দিকী ও তার কয়েকজন সাথী ছাড়া অন্য কেউ ভারতে রাজনৈতিক আশ্রয় না পাওয়ায় এস এম ইউসুফ, মোজাহিদুল ইসলাম সেলিম, শাহ মোহাম্মদ আবু জাফর (বর্তমানে জাতীয় পার্টি নেতা) মোস্তফা মোহসীন মন্টু (বর্তমানে গণফোরাম নেতা), রবিউল আলম চৌধুরী (বর্তমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পি, এস মোক্তাদীর চৌধুরী), ফরিদপুরের রুমি (শেখ মুজিবের মন্ত্রী মোল্লা জালাল উদ্দিনের ছেলে), আবু সাঈদ (বর্তমানে শেখ হাসিনার তথ্য প্রতিমন্ত্রী) ডাঃ এস এ মালেক (বর্তমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক উপদেষ্টা) সহ শেখ মুজিব নিহত হওয়ার পর যে সকল নেতা-কর্মী ভারতে গিয়েছিল তারা সকলেই একে একে দেশে ফিরে আসেন।

হেদায়েতুল ইসলাম কাজল (শেখ মুজিব ও এরশাদের মন্ত্রী কোরবান আলীর ভাগ্নে ১৯৯৬-এর সড়ক দুর্ঘটনায় নিহত) গোলাম মোস্তাফা খান মিরাজ, আব্দুস সামাদ পিন্টু, মোবারক হোসেন সেলিম (বর্তমানে অগ্রণী ব্যাংক কর্মকর্তা ও নেতা), শামীম আফজাল (বর্তমানে বিচারপতি), রাজশাহীর বজলুর রহমান ছানা (বর্তমানে সহকারী এটর্নী জেনারেল) এবং রানাসহ আরো কিছু সাথী বন্ধু মিলে সারা দেশের সব ক'টি বিশ্ববিদ্যালয়, কলেজ এবং অঞ্চলে নতুন করে দ্রুত সংগঠন গড়ে তুলতে থাকি। বিশেষ দায়িত্ব হিসেবে আমি ঢাকা শহরের সব কয়টি কলেজ এবং

মহল্লায় সংগঠন গড়ে তুলি। আমরা শুধু ছাত্র সংগঠন গড়ে তুলেই ক্ষান্ত হতাম না। যুবলীগ, কৃষক লীগ এমন কি মূল সংগঠন আওয়ামী লীগও আমরা গঠন করে দিতাম। আমাদের কর্মী সৃষ্টি এবং কর্মী সংগ্রহ অভিযান দ্রুতগতিতে চলতে থাকে এবং আমরা দারুণভাবে সংগঠিত ও শক্তিশালী হতে থাকি।

আব্দুর রাজ্জাক, এস এম ইউসুফ, শাহ মোহাম্মদ আবু জাফর, রবিউল আলম চৌধুরী ও শফিকুল আজিজ মুকুল (আওয়ামী লীগের সাবেক কেন্দ্রীয় নেতা, নামকরা তাত্ত্বিক, দৈনিক বাংলার বাণীর সহ-সম্পাদক-সাহিত্যিক সাংবাদিক নিবেদিতপ্রাণ, চিরকুমার) এবং আমাদের মধ্যে একটা অঘোষিত চেইন অফ কমান্ড তৈরি হয়। অন্যদিকে কিশোরগঞ্জ থেকে আসা মঞ্চ কাঁপানো ও ব্যাপক সাড়া জাগানো বক্তা ও সবচাইতে জনপ্রিয় ছাত্রনেতা ফজলুর রহমান (ছাত্রলীগের সাবেক সভাপতি আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা, প্রাক্তন এম পি, ১৯৯৬ সালে আওয়ামী লীগ থেকে শেখ হাসিনা কর্তৃক বহিষ্কৃত)-এর জ্বালাময়ী বক্তৃতা এবং সেই সাথে অভিজ্ঞ ও তুখোড় সংগঠক খ, ম, জাহাঙ্গির এম পি, শেখ হাসিনার মন্ত্রীসভার প্রতিমন্ত্রী) এর সাংগঠনিক দক্ষতা এই সব মিলে ১৫ই আগস্টে শেখ মুজিবের সাথে নিহত হয়ে যাওয়া শেখ মুজিবের জনপ্রিয়তা এবং সংগঠন নতুন প্রাণ পেতে থাকে। প্রকাশ্যে ফজলু জাহাঙ্গিরদের বক্তৃতা-বিবৃতি এবং আমাদের নীতি ও আদর্শের রাজনৈতিক প্রশিক্ষণ এবং কর্মী সৃষ্টি এই দুয়ে মিলে রাজনীতিতে এবং দেশে নতুন পোলারাইজেশন বা মেরুকরণ শুরু হয়। জহুরা তাজুদ্দিন আওয়ামী লীগের আহ্বায়িকা। আব্দুর রাজ্জাক আওয়ামী লীগের চালিকাশক্তি। '৭১-এ আমাদের মহান মুক্তিযুদ্ধের সময় আমরা যা পেয়েছিলাম এবং স্বাধীনতার পর আমরা যা হারিয়েছি, সেই ন্যায়-নীতি, আদর্শ, ত্যাগ সর্বোপরি মানুষের জন্য মানুষের ভালাবাসা, ভোগে নয় ত্যাগেই সুখ। দেশ ও মানুষের জন্য নিজেকে বিলিয়ে দেওয়ার হারিয়ে যাওয়া চেতনা আবার ফিরে আসতে লাগলো।

হোটেল ইডেনে শেখ মুজিবের মৃত্যুর পর আওয়ামী লীগের দ্বিতীয় সম্মেলন হলো। প্রথম সম্মেলনে জহুরা তাজুদ্দীনকে আহ্বায়িকা করে আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটি গঠিত হলো। দ্বিতীয় সম্মেলনে কর্মীদের আপত্তি ও ঘোরতর বিরোধিতা সত্ত্বেও সৈয়দা জহুরা তাজুদ্দীনকে বাদ দিয়ে আব্দুল মালেক উকিলকে আওয়ামী লীগের সভাপতি ও আব্দুর রাজ্জাককে সাধারণ সম্পাদক করা হলে আমরা কিছুটা চিন্তিত হই এই ভেবে যে, মালেক উকিল আদর্শবান ব্যক্তিত্ব নন। মালেক উকিল প্রেসিডেন্ট হলেও পার্টির চালিকা- শক্তি থেকে যায় সেক্রেটারী আব্দুর রাজ্জাকের হাতেই। এই পরিস্থিতিতে আওয়ামী লীগের সঙ্গে অঙ্গ সংগঠন এবং মূল শক্তি ছাত্রলীগের সম্মেলন হয়। সম্মেলনে সারা দেশের ছাত্র প্রতিনিধিদের ফজলু-জাহাঙ্গির প্যানেলের একক দাবি থাকলেও অজ্ঞাত কারণে কাদের-চুন্নু প্যানেল করা হয়। ওবায়দুল কাদের (শেখ হাসিনার যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী) কে সভাপতি ও বাহালুল মজনুন চুন্নুকে সাধারণ সম্পাদক করা হয়। পরে জানা যায়, মালেক-রাজ্জাক নিজেদের মধ্যে ভাগাভাগি করে কাদের-চুন্নু প্যানেল করে। এতে আমরা যারা আদর্শের জন্য নিবেদিতপ্রাণ তারা খুবই মর্মাহত হই।

বাহালুল মজনুন চুন্নু নিজ শ্রম, ও ব্যক্তিগত আচার-ব্যবহার-এর মাধ্যমে নিজেকে সাধারণ সম্পাদক হিসেবে মানিয়ে নিতে পারলেও সভাপতি হিসেবে ওবায়দুল কাদের কখনই নিজেকে প্রতিষ্ঠিত করতে পারা তো দূরের কথা একজন সাধারণ ছাত্রনেতা হিসেবেও দাঁড়াতে পারেনি। ডাকসুর নির্বাচনে তিন তিনবার প্রতিদ্বন্দ্বিতা করে প্রতিবারই ভোট পেয়েছে জামানত বাজেয়াপ্ত হওয়ার সামান্য কিছু উপরে। কিন্তু বাহালুল মজনুন চুন্ন সাধারণ ছাত্র সমাজের কাছে একজন



বিনয়ী, কর্মঠ ছাত্রনেতা হিসেবে নিজেকে প্রমাণ করতে পেরেছেন।

১৯৭৯ সালে মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জেনারেল জিয়াউর রহমান রাষ্ট্রপতি নির্বাচন দিলে, আওয়ামী লীগ সরাসরি নিজ দলের প্রার্থী না দিয়ে গণতান্ত্রিক ঐক্যজোট (গজ)-এর নামে মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি জেনারেল আতাউল গনি ওসমানীকে মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জেনারেল জিয়াউর রহমানের বিপরীতে রাষ্ট্রপতি প্রার্থী করে। ঐ নির্বাচনে মুক্তিযোদ্ধা জেনারেল জিয়াউর রহমান মূলত আওয়ামী লীগের প্রার্থী জেনারেল এম এ জি ওসমানীকে বিপুল ভোটে পরাজিত করে জনগণের প্রত্যক্ষ ভোটে দেশের প্রথম রাষ্ট্রপতি নির্বাচিত হন। নির্বাচনের পরে জানা যায়, আওয়ামী লীগ নেতৃত্ব ঐ রাষ্ট্রপতি নির্বাচনকে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গুরুত্ব, অর্থবহ ও বৈধতা দেওয়ার জন্য মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সাথে গোপন শলাপরামর্শ ও যোগসাজশের ভিত্তিতে মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি জেনারেল আতাউল গনি ওসমানিকে রাষ্ট্রপতি প্রার্থী করেছিল।

## রাজনীতিতে শেখ হাসিনা

আওয়ামী লীগে মালেক উকিল এবং ছাত্রলীগে ওবায়দুল কাদের এর মতো স্থূল, আপোষকামী ও অযোগ্য লোকের নেতৃত্বে আসায় নিবেদিত কর্মীদের মাঝে হতাশা ও তীব্র ক্ষোভের সৃষ্টি হয়। এই হতাশা ও ক্ষোভের মধ্যে আব্দুর রাজ্জাকের চরিত্র ও ভূমিকা প্রশ্নের সম্মুখীন হতে থাকে। এরই মধ্যে আসে '৭৫ পরবর্তী আওয়ামী লীগের তৃতীয় সম্মেলন। এই সম্মেলনকে সামনে রেখে রাজ্জাক এবং তোফায়েল উভয় গ্রুপ আওয়ামী লীগের নেতৃত্ব দখলের অর্থাৎ সভাপতি ও সাধারণ সম্পাদক পদ দখলের তীব্র প্রতিযোগিতায় লিপ্ত হয়। এই প্রতিযোগিতায় মালেক উকিল রাজ্জাকের সঙ্গে থাকলেও তোফায়েল গ্রুপ নেতৃত্ব দখলের প্রশ্নে কোন প্রকার ছাড় না দেওয়ার সিদ্ধান্তে অটল থাকে। এতে আওয়ামী লীগ ভাঙ্গনের সম্মুখীন হয়। এমনিতেই মিজানুর রহমান চৌধুরীর নেতৃত্বে আওয়ামী লীগের একটি ক্ষুদ্র অংশ আগেই দল থেকে বেরিয়ে বিচ্ছিন্ন আওয়ামী লীগ তৈরী করেছে। নেতৃত্ব দখলের লড়াইয়ের মাঝেই আওয়ামী লীগ সম্মেলন অনুষ্ঠিত হয়। অবস্থা বেগতিক দেখে দলের ভিতরের বিরুদ্ধবাদীদের মোকাবেলা করার জন্য আব্দুর রাজ্জাক আওয়ামী লীগের সভাপতি পদে শেখ মুজিবের মেয়ে শেখ হাসিনাকে এই ভেবে নিয়ে আসেন যে, শেখ মুজিব পরিবারের এই অরাজনৈতিক মহিলা সব সময়ই তার (আব্দুর রাজ্জাকের) মুখাপেক্ষী হয়ে থাকবে।

শেখ মুজিবের জীবদ্দশায় তাঁর ছেলে শেখ কামাল, ভাগ্নে শেখ মনি, শেখ সেলিম এবং কখনো কখনো শেখ জামাল রাজনীতিতে হস্তক্ষেপ বা নাক গলালেও শেখ হাসিনা কখনই রাজনীতির ধারে-কাছেও ঘেঁষেনি। যদিও সাম্প্রতিককালে এক সময়ে শেখ হাসিনা ইডেন মহিলা মহাবিদ্যালয়ের ভি পি ছিলেন বলে প্রচার চালানো হলেও শেখ হাসিনা নিজে কখনই এমন দাবি করেননি। শেখ হাসিনার ভি পি থাকার প্রচারণা চালানো হলেও কবে, কখন বা কোন সালে ভি পি ছিলেন তা প্রচার করা হয় না। বরং শেখ হাসিনা ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সদস্যও ছিলেন না-এটা তিনি (শেখ হাসিনা) ছাত্রলীগের প্রায় অনুষ্ঠানেই বলেন।

তাছাড়া শেখ হাসিনা মহিলা, আবার দেশের বাইরে রয়েছেন। কখনও দেশে এলেও রাজনৈতিক অনভিজ্ঞ ও অরাজনৈতিক মহিলা হওয়ার কারণেই আব্দুর রাজ্জাক যেভাবে চালাবেন, শেখ হাসিনা সেভাবেই চলবেন। এই ধারণা থেকেই আব্দুর রাজ্জাক গং শেখ হাসিনাকে আওয়ামী লীগের সভাপতি করেন।

অতীতে মালেক উকিলকে আওয়ামী লীগের সভাপতি এবং ওবায়দুল কাদেরকে ছাত্রলীগের

সভাপতি করায় সংগঠনের নীতি ও আদর্শবান, ত্যাগী নেতা-কর্মী বাহিনীর আব্দুর রাজ্জাকের নেতৃত্বের প্রতি আস্থা কমে যায় এবং শেখ মুজিবের মেয়ে শেখ হাসিনা আওয়ামী লীগের সভাপতি হওয়ায় স্বস্তিবোধ করে।

সেনাবাহিনী এবং জেনারেলরা রাজনীতিতে বেআইনী ও অবৈধ হস্তক্ষেপ করতে থাকে এবং জনগণের উপর প্রভুত্ব ফলাতে থাকলে আমরা '৭১ ও '৭৫-এর যোদ্ধারা সেনাবাহিনীর বিকল্প শক্তি তৈরীর চিন্তা করতে থাকি। ছাত্রদের রাজনৈতিক প্রশিক্ষণকালে ছাত্ররা সেনাবাহিনীর চাইতেও শক্তিশালী বাহিনী বলে ধারণা দেওয়া হতো। ছাত্রদের বোঝানো হতো, সশস্ত্র কিন্তু অশিক্ষিত বাহিনী হচ্ছে সেনাবাহিনী। নিরস্ত্র কিন্তু শিক্ষিত বাহিনী হচ্ছে ছাত্রবাহিনী। সেনাবাহিনী বাস করে ক্যান্টনমেন্টের ব্যারাকে এবং ছাত্ররা বাস করে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রাবাসে।

সেনাবাহিনী জনগণের বিরুদ্ধাচরণ করে এবং জনতার স্বার্থের পরিপন্থী কাজ করে। ছাত্ররা জনগণের পক্ষাবলম্বন করে এবং জনতার জন্য জীবন দান করে। আগামী দিনে লড়াই হবে, সেই লড়াইয়ে শিক্ষিত ছাত্রবাহিনীর কাছে অশিক্ষিত সেনাবাহিনী পরাজিত হবে।

সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত জেনারেল খলিলুর রহমান এবং অবসরপ্রাপ্ত কর্নেল শওকত আলী এই দুই ব্যক্তি আওয়ামী লীগে যোগদান করলে, রেজাউল বাকি, গোলাম মোস্তাফা খান মিরাজ, আব্দুস সামাদ পিন্টু, মরহুম হেদায়েতুল ইসলাম কাজল, মোবারক হোসেন সেলিম এবং আরো কয়েকজন '৭১ ও '৭৫ এর যোদ্ধা মিলে আলাপ-আলোচনা করে সিদ্ধান্ত নিলাম কর্নেল শওকত আলীকে সাথে নিয়ে মুক্তিযোদ্ধাদের একটি সংগঠন করার। সিদ্ধান্ত মোতাবেক কর্নেল শওকত আলীকে আহ্বায়ক করে মুক্তিযোদ্ধা সংহতি পরিষদ নামে '৭১ ও '৭৫-এর যোদ্ধাদের একটি নতুন সংগঠন গড়ে তোলা হলো। আমাদের দৃষ্টি ক্যান্টনমেন্টের দিকে।

লক্ষ্য ঢাকা ক্যান্টনমেন্ট দখল। এই লক্ষ্য বাস্তবায়নে আমাদের সাংগঠনিক কার্যক্রম ও রাজনৈতিক প্রশিক্ষণ ব্যাপকভাবে বৃদ্ধি করা হলো। আমরা ছাত্র-যুবকদের আসন্ন সমাজ বিপ্লবে অংশগ্রহণের ও সর্বোচ্চ ত্যাগ স্বীকারের দীক্ষা দিতে থাকলাম। ছাত্র-যুবকদের বলে-কয়ে জীবন দেওয়ার জন্য প্রস্তুত করতে লাগলাম। বিপ্লব করতে হলে ব্যক্তি জীবনের ভয়াবহ ক্ষতি হতে পারে। কিন্তু সেই ক্ষতির হিসেব রাখা যাবে না। কেননা, বিপ্লব ব্যক্তিগত ক্ষয়-ক্ষতির হিসেব রাখে না। বিপ্লব ব্যক্তিগত ক্ষয়-ক্ষতির মধ্যে দিয়ে সামগ্রিক ফসল এনে দেয়, যা মূলত ভবিষ্যৎ বংশধরদের নিশ্চিত সুন্দর জীবন এনে দেয়। কার্যক্রমের এই পর্যায়ে আমাদের সাথে যোগ দেয়, '৭৫ সালের ৩রা নভেম্বর জেনারেল খালেদ মুশাররফ-এর নেতৃত্বে সংগঠিত ব্যর্থ সামরিক অভ্যুত্থানের কতিপয় মুক্তিযোদ্ধা সামরিক অফিসার। যোগদানকারী সামরিক অফিসারদের মধ্যে উল্লেখযোগ্য হলেন লেঃ কর্নেল এ এইচ এম গাফফার বীর বিক্রম ('৭৫-এর ৩রা নভেম্বরের ব্যর্থ অভ্যুত্থানের দায়ে সামরিক বাহিনী থেকে বরখাস্ত এবং পরবর্তী পর্যায়ে রাষ্ট্রপতি হোসেইন মোহাম্মদ এরশাদের বাণিজ্য মন্ত্রী), মেজর নাসির (পত্রিকার কলাম লেখক এবং বিশিষ্ট নাট্যশিল্পী লুৎফর নাহার লতার স্বামী) এবং ক্যাপ্টেন হাফিজুল্লা । কর্নেল গাফফার সব সময় ইংরেজি রাজনৈতিক ক্লাস নিতেন। এক ক্লাসে তিনি শিখিয়েছিলেন ভোগে শুধু সুখ আছে, কিন্তু তৃপ্তি নেই। ত্যাগে সুখ এবং তৃপ্তি দুটোই আছে। '৮১ সালের ১৭ই মে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের অরাজনৈতিক কন্যা শেখ হাসিনা কর্মী এবং জনতা বিমান বন্দরে শেখ হাসিনাকে নজিরবিহীন সংবর্ধনা দেয়।



## এই জিয়া সেই জিয়া নয়

শেখ হাসিনার দেশে ফিরে আসার তিন-চারদিন পরই তাঁর সাথে আমাদের প্রথম বৈঠক হয়। এই বৈঠকে আলোচনার শুরুতেই শেখ হাসিনা ছাত্রনেতা ও মুক্তিযোদ্ধাদের বলেন, আজ থেকে প্রচার চালাতে হবে যে, এই জিয়া সেই জিয়া নয়।

অর্থাৎ বর্তমান মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষক মেজর জিয়াউর রহমান নয়। শেখ হাসিনা হিটলারের তথ্য উপদেষ্টা গোয়েবলস-এর থিউরি অনুসারে বলেন, তোমরা যদি ভালভাবে প্রচার করতে পারো, এই জিয়া স্বাধীনতার ঘোষক জিয়া নয়, তাহলে দেখবে একদিন মানুষ এটাই বিশ্বাস করবে।

আমাদের মাঝ থেকে একজন প্রশ্ন করলো, তাহলে এই জিয়াকে কোন জিয়া বলবো?

শেখ হাসিনা বললেন, অত কথার দরকার নেই; শুধু বলবে এই জিয়া সেই জিয়া নয়!

এই কথা শুনে আমরা সবাই বিস্মৃত হলাম এবং নিজেদের মধ্যে ফিসফাস ও হাসাহাসি করলাম। কিন্তু আমরা কেউ কোন দিন শেখ হাসিনার এ শিক্ষা "এই জিয়া সেই জিয়া নয়" প্রচার করলাম না।

## রাষ্ট্রপতি জিয়া হত্যা

'৮১ সালের ২৩মে এবং ২৪মে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টি এস সির তিন তলায় সেমিনার কক্ষে '৭১ ও ৭৫-এর যোদ্ধাদের এবং সেনাবাহিনীর প্রাক্তন সদস্যদের গোপন ও জরুরী বৈঠক বসে। এই বৈঠকে কর্নেল শওকত আলী (বর্তমানে আওয়ামী লীগের এম পি আগরতলা ষড়যন্ত্র মামলায় আসামী) মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জেনারেল জিয়াউর রহমান বীর উত্তমকে হত্যার পরিকল্পনা এবং হত্যাকালীন ও হত্যা পরবর্তী সময়ে করণীয় সম্পর্কে অবহিত করেন। কর্নেল শওকত আলী বলেন, জিয়াউর রহমান চট্টগ্রাম গেলে চট্টগ্রামের জি ও সি মেজর জেনারেল মঞ্জুর বীর উত্তম-এর নেতৃত্বে জিয়াকে হত্যা করা হবে এবং এই হত্যাকাণ্ডের ব্যাপারে সভানেত্রী শেখ হাসিনা অবহিত আছেন। সভানেত্রী আমাদেরকে এই হত্যাকাণ্ডে সহায়তা ও ভূমিকা রাখার নির্দেশ দিয়েছেন।

আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা মাত্র কয়েক দিন হলো দেশে এসেছেন, এর মধ্যেই তিনি এমন একটি নির্দেশ কিভাবে দিতে পারেন? প্রশ্ন করা হলে কর্নেল শওকত আলী বলেন, শেখ হাসিনা দেশের বাইরে (ভারত) থাকতেই এ বিষয়ে অবহিত আছেন। কর্নেল শওকত আলী জিয়া হত্যাকাণ্ডে ও হত্যা পরবর্তী সময়ে আমাদের করণীয় সম্পর্কে বলেন যে, হত্যাকাণ্ডের সময় আমাদের চট্টগ্রাম ও ঢাকায় থাকতে হবে। আমাদের যারা চট্টগ্রামে থাকবে তাদের দায়িত্ব হবে জেনারেল মঞ্জুর-এর কাছে থেকে অস্ত্র নিয়ে ঢাকায় চলে আসা এবং ঢাকায় যারা থাকবে তাদের দায়িত্ব হবে চট্টগ্রাম থেকে আসা অস্ত্র নিয়ে ঢাকায় রেডিও-টেলিভিশনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা। আমাদের মধ্যে একজন কবে নাগাদ এই হত্যাকাণ্ড হতে পারে প্রশ্ন করায় কর্নেল শওকত বলেন, এখন থেকে যে কোন সময় হতে পারে। যখনই জিয়াউর রহমান চট্টগ্রামে যাবেন তখনই তাকে হত্যা করা হবে। কর্নেল শওকত আরো বলেন, জিয়া হত্যা সংগঠন পর্যন্ত সেনাবাহিনী প্রধান জেনারেল এইচ এম এরশাদসহ অন্যান্য জেনারেলগণ এবং রাষ্ট্রপতি জিয়াউর রহমান-এর গার্ড রেজিমেন্টের কর্নেল মাহফুজুর রহমান অভ্যুত্থানের নেতা জেনারেল মঞ্জুরের সাথে থাকবেন। কিন্তু যে মুহূর্তে জিয়া হত্যা সংঘটিত হয়ে যাবে সেই মুহূর্তে থেকে এরা বিভক্ত হয়ে পড়বে এবং দ্বন্দ্ব শুরু হবে। সেনাবাহিনী প্রধান

জেনারেল এরশাদের নেতৃত্বে থাকবে পাকিস্তান প্রত্যাগত (রিপেট্রিয়ট) অফিসার ও জোয়ানসহ ঢাকার জেনারেলগণ। অন্যদিকে জেনারেল মঞ্জুরের নেতৃত্বে থাকবে চট্টগ্রামের মুক্তিযোদ্ধা সামরিক অফিসার ও জোয়ানরা। জিয়া হত্যার পর জেনারেল এরশাদের আনুগত্যশীল সেনাবাহিনী এবং জেনারেল মঞ্জুরের আনুগত্যশীল সেনাবাহিনীর লড়াই হবে, যুদ্ধ হবে। এই যুদ্ধে উভয় গ্রুপেরই ক্ষতি হবে এবং একটি গ্রুপকে পরাজিত ও ধ্বংস করে অপর গ্রুপটি বিজয়ী হলেও খুবই দুর্বল থাকবে, ঠিক সেই মুহূর্তে আমরা ঐ বিজয়ী দুর্বল গ্রুপকে আক্রমণ করে পরাজিত করবো। এই হচ্ছে আমাদের হত্যা ও হত্যা পরবর্তী করণীয়।

এই জরুরী গোপন বৈঠকে ৩রা নভেম্বর '৭৫-এ সামরিক অভ্যুত্থানকারী কর্নেল গাফফার, মেজর নাসির, ক্যাপ্টেন হাফিজ এবং আরো কয়েকজন সদস্যসহ প্রায় সত্তর পঁচাত্তর জন যোদ্ধা উপস্থিত ছিল। বৈঠকে আমাদেরকে প্রধানত ৩টি গ্রুপে ভাগ করা হয়। একটি গ্রুপকে চট্টগ্রাম যেয়ে জেনারেল মঞ্জুরের কাছ থেকে অস্ত্র নিয়ে আসার দায়িত্ব দেওয়া হয়। ত্রিশ-পঁয়ত্রিশ সদস্যের দ্বিতীয় গ্রুপকে সারা দেশ সফর করে জিয়া বিরোধী মুক্তিযোদ্ধাদের কাছে এই সংবাদ পৌঁছানো ও যে কোন মুহূর্তে যে কোন ধরনের একশনে যাওয়ার জন্য প্রস্তুত করতে দায়িত্ব দেওয়া হয়। বাকি সবাইকে তৃতীয় গ্রুপ হিসেবে চব্বিশ ঘন্টা প্রস্তুত করে ঢাকায় রাখা হয়।

মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জিয়াউর রহমান চট্টগ্রামে পৌঁছলে, জেনারেল মঞ্জুরের নেতৃত্বে চট্টগ্রাম ক্যান্টনমেন্টের কিছুসংখ্যক সেনা অফিসার অভ্যুত্থান করে ৩০শে মে প্রত্যুষে চট্টগ্রাম সার্কিট হাউসে অতি সহজে, বলা যায় বিনা বাধায় মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে হত্যা করতে পারলেও সেনাবাহিনীর সাধারণ জোয়ান ও জনগণ এই হত্যাকাণ্ড প্রত্যাখ্যান করে।

জেনারেল মঞ্জুর বীর উত্তম-এর আনুগত্যশীল অফিসারগণ চট্টগ্রাম বেতার ও টেলিভিশন দখলে ও নিয়ন্ত্রণে রাখে। এদিকে ঢাকায় সেনাবাহিনী প্রধান জেনারেল এইচ এম এরশাদ, জেনারেল মীর শওকত বীর উত্তম, জেনারেল রহমানসহ সকল অফিসার ও জোয়ানরা জেনারেল মঞ্জুরের বিরুদ্ধে অবস্থান নেয়।

জেনারেল মঞ্জুরকে মোকাবেলা করার জন্য কুমিল্লা ময়নামতি ক্যান্টনমেন্টের জি ও সি ব্রিগেডিয়ার মাহামুদুল হাসানকে এক ব্রিগেড সৈন্যসহ চট্টগ্রামের দিকে পাঠান হয়। ব্রিগেডিয়ার মাহামুদুল হাসান চট্টগ্রাম সড়কের শুভপুর ব্রিজের ঢাকা পারে অবস্থান নেয় এবং শুভপুর ব্রিজের চট্টগ্রাম পারে ব্রিগেডিয়ার মাহামুদুল হাসানকে মোকাবেলা করার জন্য জেনারেল মঞ্জুরের প্রতি আনুগত্যশীল ক্যাপ্টেন দোস্ত মোহাম্মদ তার সৈন্যসহ অবস্থান নেয়। অন্যদিকে ঢাকায় মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জিয়াউর রহমান হত্যার প্রতিবাদে এবং জেনারেল মঞ্জুরের বিরুদ্ধে জনগণ ব্যাপক বিক্ষোভ, মিছিল, মিটিং সমাবেশ করলেও উপ-রাষ্ট্রপতি বিচারপতি আব্দুস সাত্তার জিয়া হত্যার সংবাদ শোনামাত্র প্রাণভয়ে ঢাকা সম্মিলিত সামরিক হাসপাতালে (সি এম এইচ)-এ "রোগী সিরিয়াস কারো সাথে দেখা হবে না" বোর্ড লাগিয়ে ভর্তি হন। পরে জিয়াউর রহমানের প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান এবং যোগাযোগ মন্ত্রী আব্দুল আলীম সি এম এইচ-এ গিয়ে উপ-রাষ্ট্রপতি সাত্তারকে বলেন, সেনাবাহিনী প্রধান এরশাদ বলেছেন, আপনি এখন রাষ্ট্রপতি।

প্রত্যুত্তরে উপ-রাষ্ট্রপতি সাত্তার বলেন, আগে সেনাবাহিনী প্রধান এরশাদকে আনেন।

তারপর সেনাবাহিনী প্রধান জেনারেল এরশাদের পৃষ্ঠপোষকতায় উপ-রাষ্ট্রপতি সাত্তার অস্থায়ী রাষ্ট্রপতি হন। দৃশ্যত সেনাবাহিনী দুই ভাগে বিভক্ত হয়ে শুভপুর ব্রিজে পরস্পর পরস্পরের মুখোমুখি অবস্থান নিলেও এবং ভাইয়ে ভাইয়ে রক্তপাতের ও জীবননাশের অবস্থা সৃষ্টি হলেও



কার্যত জেনারেল মঞ্জুর চট্টগ্রাম ক্যান্টনমেন্টের প্রকৃত নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। ফলে আমাদেরকে অস্ত্র সরবরাহ দেওয়ার কোন প্রশ্নই ওঠে না। সেনাবাহিনীর সাধারণ সৈনিক জোয়ানেরা মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জিয়াউর রহমান হত্যা সমর্থন করে না, এবং জিওসি জেনারেল মঞ্জুরের প্রতি আনুগত্য পরোক্ষভাবে অস্বীকার করে। জেনারেল মঞ্জুরের পক্ষে শুভপুর ব্রীজে আসা ক্যাপ্টেন দোস্ত মোহাম্মদ-এর সৈন্যরা, ব্রীজের অপর পারে ব্রিগেডিয়ার মাহামুদুল হাসানের সৈন্যদের বিরুদ্ধে যুদ্ধ করতে অস্বীকার করে। ননকমিশন অফিসার এবং সিপাহীরা ক্যাপ্টেন দোস্ত মোহাম্মদকে সরাসরি পরিষ্কার বলে দেয়, জেনারেল মঞ্জুর প্রেসিডেন্ট জিয়াকে হত্যা করেছে। এখন জেনারেল মঞ্জুর নিজে প্রেসিডেন্ট হবে। আমরা সুবেদার, হাবিলদার, সিপাহীরা যা আছি তাই থাকবো। আমরা নিজেরা নিজেদের জীবন নেব না। আপনারা অফিসারেরা যুদ্ধ করেন। আমরা যুদ্ধ করবো না।

তখন ক্যাপ্টেন দোস্ত মোহাম্মদ অবস্থা বেগতিক দেখে ব্রিগেডিয়ার মাহামুদুল হাসানের কাছে আত্মসমর্পণের সিদ্ধান্ত নেয় এবং আত্মসমর্পণ করে। জেনারেল মঞ্জুর বীর উত্তম চট্টগ্রাম বেতার ও টেলিভিশনে ভাষণ দিতে এবং সাংবাদিক, গণ্যমান্য ব্যক্তি ও মুক্তিযোদ্ধাদের সাথে আলোচনা করতে ক্যান্টনমেন্টের বাইরে এলে চট্টগ্রাম ক্যান্টনমেন্ট তার সম্পূর্ণ হাতছাড়া হয়ে যায়। সেনাবাহিনীর বিশেষত নন কমিশনড় এবং জোয়ানেরা মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রতি এতই আনুগত্যশীল ছিল যে, সুযোগ পাওয়া মাত্র মুহূর্তের মধ্যেই তারা জেনারেল মঞ্জুর বীর উত্তম-এর বিরুদ্ধে বিদ্রোহ করে। ফলে জেনারেল মঞ্জুর ও তার প্রতি আনুগত্যশীল অফিসারেরা আর ক্যান্টনমেন্টে ফিরে যেতে তো পারেইনি বরং পালিয়ে যেতেও পারেনি। পালিয়ে যাওয়ার সময় দৃশ্যত অস্থায়ী রাষ্ট্রপতি আব্দুস সাত্তার সরকারের প্রতি আনুগত্যশীল, কিন্তু প্রকৃত অর্থে মুক্তিযোদ্ধা জিয়াউর রহমানের প্রতি আনুগত্যশীল সৈন্যদের আক্রমণে মঞ্জুর সমর্থিত কয়েকজন অফিসার হতাহত হলেও মেজর খালেদ ও মেজর মুজাফফর পালিয়ে ভারত সীমান্তের দিকে না গিয়ে ঢাকা আসতে সমর্থ হয় এবং কর্নেল শওকত আলীর সেলটারে (আশ্রয়) থাকে। অন্যদিকে জেনারেল মঞ্জুর বীর উত্তমসহ তার আরো কয়েকজন অনুগামী অফিসার জিয়া সৈনিকদের হাতে গ্রেপ্তার হলে, জিয়াউর রহমান হত্যায় নিরাপদ দূরত্ব থেকে জড়িত তৎকালীন সেনাবাহিনী প্রধান জেনারেল এইচ এম এরশাদ গ্রেপ্তারকৃত জেনারেল মঞ্জুরকে সঙ্গে সঙ্গে হত্যা করান। জেনারেল এরশাদ জিয়া হত্যায় তার সংশ্লিষ্টতা যাতে প্রকাশ না হয়ে পড়ে সেই জন্য জেনারেল মঞ্জুর বীর উত্তমকে গ্রেপ্তার হওয়ার সঙ্গে সঙ্গে হত্যা করা।

জেনারেল মঞ্জুর আমাদের অস্ত্র দিতে ব্যর্থ হলে এবং গ্রেপ্তার ও নিহত হলে আমাদের সাথীরা ঢাকা ফিরে এসে মেজর খালেদ ও মেজর মুজাফফরকে রাজশাহী সীমান্ত দিয়ে ভারতের মুর্শিদাবাদ পৌঁছে দেয়। মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জিয়াউর রহমান হত্যায় জড়িত গ্রেপ্তারকৃত জেনারেল মঞ্জুরের সাথী বারজন মুক্তিযোদ্ধা সামরিক অফিসারের গোপন সামরিক আদালত (কোর্ট মার্শাল)-এ বিচার শুরু হলে কর্নেল শওকতের নেতৃত্বে মুক্তিযোদ্ধা সংহতি পরিষদ মেজর জিয়াউদ্দিনের নেতৃত্বে মুক্তিযোদ্ধা সংগ্রাম পরিষদ এবং মুক্তিযুদ্ধের ডেপুটি সেক্টর কমান্ডার লেঃ কর্নেল কাজী নুরুজ্জামানের নেতৃত্বে মুক্তিযোদ্ধা সংসদ এই তিনটি মুক্তিযোদ্ধা সংগঠন ঐ বিচারের বিরুদ্ধে এবং গ্রেপ্তারকৃত মুক্তিযোদ্ধা সামরিক অফিসারদের মুক্তির দাবীতে আন্দোলনের ডাক দেয়।

উল্লেখিত তিনটি মুক্তিযোদ্ধাদের সংগঠন ঢাকায় বিক্ষোভ মিছিল, সমাবেশ ইত্যাদি কর্মসূচি চালিয়ে যেতে থাকে এবং এই সকল কর্মসূচীতে মুক্তিযুদ্ধের পক্ষের রাজনৈতিক দলসমূহের

সমর্থন ও অংশগ্রহণের জন্য জোর প্রচেষ্টা চালাতে থাকে। কিন্তু একমাত্র আব্দুর রাজ্জাক ছাড়া অন্য কোন রাজনৈতিক নেতাকে ঐ সময় পাওয়া যায়নি। মুক্তিযোদ্ধা সামরিক অফিসারদের মুক্তির জন্য মুক্তিযোদ্ধাদের আন্দোলন সত্ত্বেও মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জিয়াউর রহমান হত্যার অভিযোগে সামরিক আদালতের গোপন বিচারে বারজন মুক্তিযোদ্ধা সামরিক অফিসারের ফাঁসিতে মৃত্যুদণ্ড কার্যকর হলো। এদিকে সেনাবাহিনী প্রধান জেনারেল এইচ এম এরশাদের পৃষ্ঠপোষকতায় প্রতিষ্ঠিত অস্থায়ী রাষ্ট্রপতি আব্দুস সাত্তার নতুন রাষ্ট্রপতি নির্বাচন ঘোষণা করেন এবং তিনি নিজে প্রার্থী হন।

আওয়ামী লীগের পক্ষ থেকে শেখ হাসিনা অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি আব্দুস সাত্তারের বিপরীতে ডঃ কামাল হোসেনকে রাষ্ট্রপতি প্রার্থী করে নির্বাচনে অংশগ্রহণ করেও নির্বাচনের তারিখ পিছানোর দাবী করতে থাকেন। কিন্তু সেনাবাহিনী প্রধান এরশাদ সমর্থিত বিচারপতি সাত্তার সরকার আওয়ামী লীগের নির্বাচন পিছানোর দাবী অগ্রাহ্য করে। '৮১ সালের ঐ রাষ্ট্রপতি নির্বাচনে বাংলাদেশের ইতিহাসের সবচাইতে বেশি সংখ্যক ব্যক্তি রাষ্ট্রপতি প্রার্থী হলে সরকারী গোয়েন্দা সংস্থা এন এস আই (ন্যাশনাল সিকিউরিটি ইনটিলিজেন্স বা জাতীয় নিরাপত্তা গোয়েন্দা)-এর কর্মকর্তারা রাষ্ট্রপতি প্রার্থীদের মোটা অংকের ঘুষ দিয়ে প্রার্থিতা প্রত্যাহার করায়। অন্যদিকে আওয়ামী লীগ প্রধান শেখ হাসিনা যে কোন একজন রাষ্ট্রপতি প্রার্থীকে হত্যা করে তাদের নির্বাচন পিছানোর দাবী বাস্তবায়িত করার গোপন নির্দেশ দেন। উল্লেখ্য, এক প্রার্থী খুন হলে নির্বাচনী আইন অনুযায়ী ঐ নির্বাচন তিন মাসের জন্য স্থগিত হয়ে যাবে। প্রার্থী হত্যায় শেখ হাসিনার গোপন নির্দেশ বাস্তবায়িত না হওয়ায় এবং সাত্তার সরকার আওয়ামী লীগের নির্বাচন পিছানোর দাবি মেনে না নেওয়ায় নির্দিষ্ট সময়ে রাষ্ট্রপতি নির্বাচন হয় এবং সেই নির্বাচনে সেনাবাহিনী সমর্থিত বি এন পি প্রার্থী বৃদ্ধ বিচারপতি আব্দুস সাত্তার বিপুল ভোটের ব্যবধানে আওয়ামী লীগ প্রার্থী ডঃ কামাল হোসেনকে পরাজিত করে রাষ্ট্রপতি নির্বাচিত হন।

বিচারপতি সাত্তার রাষ্ট্রপতি হলেও মূলত ক্ষমতা থেকে যায় সেনাবাহিনী প্রধান জেনারেল এরশাদের হাতে। জেনারেল এরশাদ যখন যেভাবে খুশি সেভাবেই রাষ্ট্রপতি সাত্তারকে পরিচালনা করতে থাকেন। প্রকৃত অর্থে জনগণের ভোটে নির্বাচিত রাষ্ট্রপতি বিচারপতি আব্দুস সাত্তার হয়ে যান সেনাবাহিনী প্রধান জেনারেল এরশাদের নাচের পুতুল।

## লেবানন ট্রেনিং

১৯৭৫ সালের ১৫ই আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবকে হত্যা করার পর যারা কাদের সিদ্দিকী (বাঘা সিদ্দিকী)-এর সঙ্গে মিলে ঐ হত্যাকাণ্ডের প্রতিবাদে যুদ্ধ করেছিল, তাদের কয়েকজন ১৯৮২ ইং সালের জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিব কন্যা শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করে ঢাকা ক্যান্টনমেন্ট (ঢাকা সেনানিবাস) দখল করার একটা প্রস্তাব ও পরিকল্পনা জানালে শেখ হাসিনা উক্ত প্রস্তাব ও পরিকল্পনা সানন্দে গ্রহণ করেন। পরিকল্পনাটা থাকে এই রকম যে, রাজনৈতিক শিক্ষা ও প্রশিক্ষণপ্রাপ্ত এবং কমিটেড পঁচিশ-তিরিশ হাজার যুবককে সামরিক প্রশিক্ষণ দিয়ে মৃত্যুর জন্য প্রস্তুত করে, নির্দিষ্ট একটি দিনে ঢাকা ক্যান্টনমেন্টে কমান্ডো হামলা করে দখলে নিয়ে নেওয়া। আর ঢাকা ক্যান্টনমেন্ট দখল করে নেওয়া মানেই বাংলাদেশের রাষ্ট্রীয় ক্ষমতা দখল করে ফেলা। শেখ হাসিনা সর্বশক্তি দিয়ে



এই পরিকল্পনা বাস্তবায়িত করার নির্দেশ দিলেন এবং তার নিজের (শেখ হাসিনার) পক্ষ থেকে সর্বপ্রকার সাহায্য-সহযোগিতা এবং নেতৃত্ব দেওয়ার কথা ঘোষণা করলেন।

শুরু হলো ঢাকা ক্যান্টনমেন্ট দখল করার জন্য রাজনৈতিক কর্মী তৈরি করা এবং সাথে সাথে এই কর্মীদের কোথায় সামরিক প্রশিক্ষণ দেওয়া যায় সেই স্থান খুঁজে বের করা। কর্মী সংগ্রহের জন্য সারা দেশে গোপনে রাজনৈতিক প্রশিক্ষণ শুরু হলো। এই কর্মীদের মন-মানসিকতা ও ধ্যান-ধারণা এবং ব্যক্তিগত গুণাবলীর প্রতি বিশেষ নজর দেওয়া হলো। অল্প কিছুদিনের মধ্যেই বড় ধরনের একটা কর্মী বাহিনী তৈরি করা গেল। এই কর্মী বাহিনীর মধ্যে থেকে রাজনৈতিক শিক্ষা দিয়ে বাছাই করে একটা ব্যাচ তৈরি করা হলো সামরিক শিক্ষার জন্য। অর্থাৎ মিলিটারী (আর্মি) ট্রেনিং-এর জন্য প্রথম ব্যাচ তৈরি করা হলো। কিন্তু সমস্যা হলো সামরিক শিক্ষা দেওয়ার জায়গা এবং অস্ত্র কোথায় পাওয়া যাবে? রাজনৈতিক শিক্ষা দেওয়া যত সহজ সামরিক প্রশিক্ষণ দেওয়া অত সহজ নয়। সামরিক প্রশিক্ষণ দিতে হলে প্রথমেই প্রয়োজন একটা নিরাপদ, মুক্ত এলাকা। যে এলাকায় প্রশিক্ষণার্থীরা নিরাপদে অস্ত্র চালনার মাধ্যমে অস্ত্র শিক্ষা গ্রহণ করবে।

'৭১ সালে আমাদের মহান মুক্তিযুদ্ধের সময় আমরা ভারতীয় এলাকা নিরাপদে প্রশিক্ষণের ব্যবহার করেছিলাম। কিন্তু এখন তা সম্ভব নয়। মাত্র বৎসর কয়েক আগে ভারত তার মাটি থেকে কাদের সিদ্দিকীর বাহিনীকে তাড়িয়ে দিয়েছে। সামরিক প্রশিক্ষণের জন্য ভারতের মাটি ব্যবহারের কোনই সম্ভাবনা নেই। বাংলাদেশের সুন্দরবন এবং হিলট্রাক্টও সামরিক শিক্ষার জন্য মোটেই নিরাপদ নয়। আন্তর্জাতিক দুনিয়ায় আমাদের কোন বন্ধু নেই। আফগানিস্তান কট্টর মৌলবাদীদের নিয়ন্ত্রণে। সেখানেও আমাদের কোন জায়গা নেই। সোভিয়েত ইউনিয়ন (রাশিয়া) এর কোনই সাড়া-শব্দ নেই। এমতাবস্থায় চিন্তা করতে করতে লেবানন এবং পি এল ও (প্যালেস্টাইন লিবারেশন অরগানাইজেশন) এর কথা বিবেচনায় এসে গেল। গোপন যোগাযোগ করা হলো পি এল ও'র ঢাকাস্থ প্রতিনিধি আহমেদ এ রাজেক-এর সাথে। পি এল ও'র ঢাকাস্থ গুলশান এম্বাসিতে পি এল ও প্রতিনিধি আহমেদ এ, রাজেকের সাথে গোপনে কয়েক দফা বৈঠক হলো। আহমেদ এ, রাজেককে খোলাখুলি বলা হলো আমরা সামরিক প্রশিক্ষণ চাই, বিনিময়ে তোমরা যা চাও আমরা দেব। আহমেদ এ, রাজেক মাসখানেক সময় চাইলো।

মাসখানেক পর আহমেদ এ রাজেক-এর সাথে আবার বৈঠক হলো। বৈঠকে সিদ্ধান্ত হলো পি এল ও আমাদেরকে লেবাননের মাটিতে সামরিক প্রশিক্ষণ দিয়ে দেবে। বিনিময়ে আমাদেরকে পি এল ওর পক্ষে ইসরাইলীদের বিরুদ্ধে যুদ্ধ করতে হবে। আমরা রাজি হলাম। আমাদের প্রথম ব্যাচ লেবাননে গেলে তাদের প্রশিক্ষণ দিয়ে ইসরাইলের বিপক্ষে পি এল ও'র পক্ষে যুদ্ধ করার জন্য সরাসরি রণাঙ্গনে পাঠিয়ে দেওয়া হবে। প্রথম ব্যাচ যুদ্ধ করতে থাকবে, দ্বিতীয় ব্যাচ লেবানন যাবে। দ্বিতীয় ব্যাচের প্রশিক্ষণ শেষে রণাঙ্গনে গিয়ে যুদ্ধ করতে শুরু করলে প্রথম ব্যাচ বাংলাদেশে ফেরত দেবে। অর্থাৎ আমাদের একটা ব্যাচকে সব সময়ই পি এল ও'র হয়ে যুদ্ধ করতে হবে।

আমাদের বিমানে করে লেবাননে নিয়ে যাওয়া এবং ঢাকায় নিয়ে আসার ব্যয় পি এল ও বহন করবে। আমাদের যারা যুদ্ধ করবে তাদের পি এল ও বেতন দেবে।

সময়ে সময়ে সকল বিষয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব কন্যা জননেত্রী শেখ হাসিনাকে জানানো হলো

এবং তার পরামর্শ নেওয়া হলো। পি এল ওর সাথে বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী প্রথম ব্যাচকে '৮২ সালের মে মাসের শেষ সপ্তাহে লেবানন পাঠিয়ে দেওয়া হলো।

প্রথম ব্যাচ সামরিক প্রশিক্ষণশেষে ইসরাইল সীমান্তে গিয়ে পি এল ওর পক্ষে যুদ্ধ করতে লাগলো। এদিকে দ্বিতীয় ব্যাচ লেবানন যাওয়ার জন্য প্রস্তুত হলো। এমন সময় ইসরাইল আক্রমণ করে লেবাননই দখল করে নিল। আমাদের সকল যোদ্ধা ইসরাইলীদের হাতে বন্দী হলো। আমাদের সব পরিকল্পনা ও কর্মসূচী ভেস্তে গেল। আমাদের যোদ্ধাদের মা-বাবা, আত্মীয়-স্বজন সবাই কান্নাকাটি শুরু করলো। মুজিব কন্যা শেখ হাসিনা বেমালুম সব ভুলে গেলেন। নিঃশব্দ নীরব থাকলেন। আমাদের ছেলেদের ব্যাপারে কোনদিন আর কোন কথা বললেন না। অতঃপর অতি কষ্টে পাকিস্তান রেডক্রস-এর মাধ্যমে ইসরাইলের হাতে বন্দী আমাদের যোদ্ধাদের দেশে ফিরিয়ে আনা হলো।

## এরশাদকে ক্ষমতা গ্রহণের আমন্ত্রণ

এদিকে আওয়ামী লীগ সভানেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা সেনাবাহিনী প্রধান জেনারেল এইচ এম, এরশাদকে রাষ্ট্রীয় ক্ষমতা দখলের পূর্ণাঙ্গ আমন্ত্রণ জানাতে থাকেন।

জননেত্রী শেখ হাসিনা জনগণের পক্ষ থেকে জেনারেল এরশাদকে ক্ষমতা দখলের ব্যাপারে সর্বপ্রকার সাহায্য সহযোগিতার আশ্বাস দিতে থাকেন। নির্বাচিত রাষ্ট্রপতি ও সরকার উৎখাত করে সামরিক বাহিনীর রাষ্ট্রীয় ক্ষমতা দখল করার ব্যাপারে জেনারেল এরশাদ এবং বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার চার-পাঁচ দফা গোপন বৈঠক অনুষ্ঠিত হয়।

অতঃপর জেনারেল এরশাদ সামরিক অভ্যুত্থানের ইতিহাসে নজিরবিহীন দৃষ্টান্ত স্থাপন করে ক্ষমতা দখলের অনেক আগেই ঢাকা সেনানিবাসে সংবাদপত্রের সম্পাদক বৈঠক ডেকে সামরিক অভ্যুত্থানের ঘোষণা দেন।

'৮২ সালের মার্চের ২৪ তারিখ জেনারেল এরশাদ বিনা বাধায় বিনা বাক্যে জনগণ কর্তৃক নির্বাচিত রাষ্ট্রপতি বিচারপতি আব্দুস সাত্তারকে রাষ্ট্রপতি ভবন বঙ্গভবন থেকে গলা ধাক্কা দিয়ে বের করে দেন এবং পরের দিন আবার কলার ধরে নিয়ে এসে রেডিও-টেলিভিশনে নিজের অযোগ্যতা ও তার সরকারের দুর্নীতি-স্বজনপ্রীতি ইত্যাদি কারণে স্বেচ্ছায় সেনাবাহিনী প্রধান এরশাদের নিকট ক্ষমতা হস্তান্তর করে তিনি (রাষ্ট্রপতি সাত্তার) বিদায় নিলেন এ মর্মে ভাষণ দিতে বাধ্য করে। অশীতিপর বৃদ্ধ অথর্ব রাষ্ট্রপতি বিচারপতি আব্দুস সাত্তার প্রাণভয়ে কাপুরুষের মতো নিরবে-নিঃশব্দে প্রাণ নিয়ে বিদায় নিলেন। সেনাবাহিনী প্রধান লেঃ জেঃ হোঃ মোঃ এরশাদ দেশে সামরিক আইন জারি করলেন এবং তিনি স্বয়ং হলেন প্রধান সামরিক আইন প্রশাসক ও বিচারপতি এ এফ এম আহসানউল্লা চৌধুরীকে করলেন ক্ষমতাবিহীন নামমাত্র রাষ্ট্রপতি। শেখ হাসিনার গোপন আমন্ত্রণে ও সহযোগিতায় জেনারেল এরশাদ সর্বময় ক্ষমতার মালিক হয়ে জগদ্দল পাথরের ন্যায় জনগণের বুকে চেপে বসলো।

## '৮৩-র মধ্য ফেব্রুয়ারী ছাত্র হত্যা

বছর না ঘুরতেই প্রধান সামরিক আইন প্রশাসক জেনারেল এরশাদ আর বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার গোপন আঁতাতের মাঝে গোপন বিরোধ সৃষ্টি হলো ১৯৮৩ সালের জানুয়ারীর শেষ সপ্তাহে শেখ হাসিনার স্বামী ডঃ ওয়াজেদ আলী মিয়ার মহাখালিস্থ আণবিক শক্তি



কমিশনের সরকারী বাসভবনে শেখ হাসিনা বলেন, লেঃ জেঃ এরশাদ হাতের মুঠোয় আর থাকতে চাচ্ছে না। আমার হাতের মুঠো থেকে খাটাশটা ক্রমশ বেরিয়ে যাচ্ছে। ওকে হাতের মুঠোয় পোক্ত করে আটকে রাখা দরকার।

প্রধান সামরিক আইন প্রশাসক এরশাদকে হাতের মুঠোয় রাখার জন্য শেখ হাসিনা নামকা ওয়াস্তে ভুয়া এক ছাত্র আন্দোলনের পরিকল্পনা হাজির করে বলেন, এই ছাত্র আন্দোলনের অবশ্যই ছাত্র নিহত হতে হবে। যে করেই হোক ছাত্র আন্দোলনে নামে ছাত্র হত্যা হতেই হবে। ছাত্র হত্যা হলে ছাত্র আন্দোলন চাঙ্গা হবে। আর ছাত্র আন্দোলন চাঙ্গা থাকলেই কেবল সি এম এল এ জেনারেল এরশাদকে হাতের মুঠোয় শক্ত ভাবে রাখা যাবে। শেখ হাসিনা ছাত্র আন্দোলনের নামে ছাত্র হত্যার কঠিন নির্দেশ ও পরিকল্পনা দিলেন। কোন আততায়ী বা অজ্ঞাত ঘাতকের হাতে ছাত্র হত্যা হলে কাজ হবে না। ছাত্র হত্যা হতে হবে সামরিক শাসক এরশাদের মিলিটারী অথবা পুলিশের হাতে।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, টাকা যা-ই লাগুক, এটা করতেই হবে। কিভাবে এই পরিকল্পনা বাস্তবায়িত করা যায় সবাই এ নিয়ে খুব ব্যস্ত ও চিন্তিত।

যোগাযোগ হলো প্যারা মিলিটারী ট্রুপস আর্মড্ পুলিশের কোম্পানী কমান্ডার (সিনিয়র এস পি) হাফিজুর রহমান লস্করের সঙ্গে। এই হাফিজুর রহমান লস্কর পুলিশের অফিসার হয়েও দীর্ঘদিন যাবত এন এস আই (ন্যাশনাল সিকিউরিটি ইন্টিলেজেন্ট বা রাষ্ট্রীয় নিরাপত্তা গোয়েন্দা) এর ডেপুটি ডাইরেক্টর পদে ঘাপটি মেরে বসে ছিলেন। এরশাদ ক্ষমতায় এসেই হাফিজুর রহমান লস্করকে এই বলে এন এস আই থেকে ঝেটিয়ে বিদায় করেছেন যে, তুমি পুলিশের লোক হয়ে এখানে কি কর? যাও, পুলিশের পোষাক পরে রাস্তায় চোর ধর। বলেই এন এস আই-এর ডেপুটি ডাইরেক্টরের পদ থেকে হাফিজুর রহমান লস্করকে সোজা আর্মড্ পুলিশের তৎকালীন হেডকোয়ার্টার ১৪নং কোম্পানী কমান্ডার পদে বদলী করে পাঠিয়ে দেয়। এই কারণে আর্মড্ পুলিশের কোম্পানী কমান্ডার (পুলিশের সিনিয়র এস পি) হাফিজুর রহমান লস্কর জেনারেল এরশাদ ও তার সামরিক শাসনের বিরুদ্ধে খুবই চটা ও বৈরী ছিলেন। এর উপর ছিল নগদ অর্থের টোপ।

এরশাদের প্রতি ভয়ানক ক্ষেপা ও বিরাগভাজন এবং নগদ অর্থের টোপ দু'য়ে মিলে, ছাত্র আন্দোলনের নামে ছাত্র হত্যার প্রস্তাব আসা মাত্র সঙ্গে সঙ্গে হাফিজুর রহমান লস্কর প্রস্তাব গ্রহণ করলেন। এন এস আই এর মূলত কাজ হচ্ছে কারা সরকারের বিরুদ্ধাচরণ করে তাদের লিস্ট বা তালিকা তৈরি করে সরকারকে সরবরাহ করা এবং সরকারের পতন হলে সঙ্গে সঙ্গে পতন হয়ে যাওয়া সরকারের আমলে তৈরি করা সমস্ত নথিপত্র পুড়িয়ে ধ্বংস করে ফেলে নতুন সাদা ফাইল নিয়ে নতুন সরকারের কাছে হাজির হওয়া।

৩০শে মে '৮১ প্রেসিডেন্ট জিয়াউর রহমান নিহত হলে এন এস আই-এর কর্মকর্তাগণ জিয়া বা বিএনপি সরকারের আমলে তৈরি করা সমস্ত নথিপত্র পুড়িয়ে ফেলতে যায়। কিন্তু যে মুহূর্তে নথিপত্রে অগ্নিসংযোগ করতে যাবে ঠিক সেই মুহূর্তে উপ-রাষ্ট্রপতি বিচারপতি সাত্তার অস্থায়ী রাষ্ট্রপতি পদে অধিষ্ঠিত হন। অর্থাৎ বিএনপি সরকারই টিকে যায়। ফলে এন এস আই কর্মকর্তাগণ নথিপত্র পুড়িয়ে না ফেলে আবার তা সংগ্রহশালায় যত্ন করে তুলে রাখেন। উপ-রাষ্ট্রপতি সাত্তার অস্থায়ী রাষ্ট্রপতি হলেও মূলত ক্ষমতা চলে যায় সেনাবাহিনী প্রধান হোসেন মোহাম্মদ এরশাদের হাতে। সেই সুবাদে জেনারেল এরশাদ বিচারপতি সাত্তারকে অস্থায়ী

রাষ্ট্রপতি পদ রেখে এন এস আই নথিপত্রগুলো খুঁটিয়ে খুঁটিয়ে দেখে। এনএসআই-এর নথিপত্রে জিয়াউর রহমান বা বিএনপি সরকারের বিরুদ্ধাচরণকারীদের তালিকায় জেনারেল এরশাদ-এর নামও ছিল। ফলে জেনারেল এরশাদ ক্ষমতায় এসে প্রথমেই এন এস আই থেকে হাফিজুর রহমান লস্করকে ঝেটিয়ে বিদায় করে। আর সেই কারণেই এবং নগদ অর্থের বিনিময়ে হাফিজুর রহমান লস্কর গং জেনারেল এরশাদ ও তার সামরিক শাসনের পতনের যে কোন প্রস্তাব বা প্রক্রিয়ায় শামিল হন।

আর্মড্ পুলিশের কোম্পানী কমান্ডার হাফিজুর রহমান লস্করের সঙ্গে ছাত্র আন্দোলনের নামে ছাত্র হত্যার নীলনক্সা চূড়ান্ত হয়। নীলনক্সা অনুযায়ী যে কোন প্রকারে ছাত্রদের একটি মিছিল বাংলা একাডেমির দক্ষিণে, কার্জন হলের উত্তরে, শিশু একাডেমির পশ্চিমে দোয়েল চত্বর পর্যন্ত নিয়ে আসলেই হবে। বাকি কাজ আর্মড্ পুলিশ সেরে ফেলবে। অর্থাৎ আমাদের দায়িত্ব ছাত্রদের একটা মিছিল দোয়েল চত্বর পর্যন্ত নিয়ে আসা, তারপর সেই মিছিলের উপর গুলি চালিয়ে ছাত্র হত্যার দায়িত্ব আর্মড পুলিশের কোম্পানী কমান্ডার হাফিজুর রহমান লস্করের। এই নীলনক্সা অনুযায়ী মিছিল নিয়ে আসার প্রাথমিক দায়িত্ব পড়ে জগন্নাথ হল ছাত্র সংসদের জি-এস কাদেরিয়া বাহিনীর সদস্য নিরঞ্জন সরকার বাচ্চু, সাধন সরকার, যাদব, বিদ্যুৎ, শ্যামল, প্রমুখ-এর উপর।

জেনারেল এরশাদের বিরুদ্ধে একটা মিছিল করার প্রস্তাব নিয়ে ছাত্রনেতা ফজলুর রহমান, বাহালুল মজনুন চুন্নু, ডাঃ মোস্তফা মহিউদ্দিন জালাল, খ, ম জাহাঙ্গির, ডাকসুর ভিপি আক্তারুজ্জামান, জি এস জিয়াউদ্দিন বাবলু, ফারুক, আনোয়ার, মিলন, জালাল প্রমুখ ছাত্রনেতাদের সাথে আলোচনা করা হলে সকলেই মিছিলের পক্ষে মত দেন।

ফেব্রুয়ারী মাসের দ্বিতীয় সপ্তাহের প্রথমেই মিছিলের তারিখ নির্ধারণ হলো এবং মিছিল শিক্ষা ভবন পর্যন্ত যাওয়ার সিদ্ধান্ত হলো। সিদ্ধান্ত মোতাবেক কলা ভবন থেকে ছাত্র মিছিল শুরু হলো। এদিকে শিশু একাডেমির কাছে আর্মড্ পুলিশ নিয়ে মিছিলে গুলি করে ছাত্র হত্যার জন্য পূর্ণ প্রস্তুতি নিয়ে হাফিজুর রহমান লস্কর চাতক পাখির ন্যায় অপেক্ষা করতে থাকলো।

কিন্তু কিছুতেই মিছিলকে কলা ভবনের আশপাশের বাইরে নেওয়া গেল না। অধিকাংশ ছাত্রনেতা মিছিল নিয়ে এগিয়ে যেতে মুখে অস্বীকার না করলেও, কার্যত মিছিল নিয়ে কেউ কলা ভবনের বাইরে গেল না। ফলে নীলনক্সা ভেস্তে যাওয়ায় আমরা উত্তেজিত হয়ে ছাত্রনেতাদের লাঞ্ছিত করলাম এবং কোন কোন ছাত্রনেতাকে শারীরিকভাবে আঘাতও করলাম। আবার ছাত্র মিছিলের নতুন তারিখ নির্ধারিত হলো।

আগামী ১৪ই ফেব্রুয়ারী ১৯৮৩, ১লা ফাল্গুন ছাত্র মিছিল হবে এবং মিছিল শিক্ষা ভবন অভিমুখে যাওয়ার সিদ্ধান্ত হলো।

১২ই ফেব্রুয়ারী '৮৩ সকাল ৮টায় ১৪নং মীরপুর আর্মড্ পুলিশের হেড কোয়ার্টারে এন এস আই-এর সাবেক কর্মকর্তা পুলিশের সিনিয়র এস পি আর্মড পুলিশের কোম্পানী কমান্ডার হাফিজুর রহমান লস্করকে আগামী ১৪ই ফেব্রুয়ারী ছাত্র মিছিলের চূড়ান্ত কর্মসূচী অবহিত করা হলো এবং ১৩ই ফেব্রুয়ারী রাত আটটায় হাফিজুর রহমান লস্কর-এর মীরপুর দুই নম্বরের বাসায় আগামীকাল ১৪ই ফেব্রুয়ারী সকাল দশটায় যে কোন কিছুর বিনিময়ে ছাত্র মিছিল শিশু একাডেমী পর্যন্ত নিয়ে যাওয়ার কর্মসূচী নিশ্চিত করা হলো এবং নগদ অর্থ প্রদান করা হলে তিনিও (হাফিজুর রহমান লস্কর) ছাত্র হত্যার জন্য প্রস্তুত বলে চূড়ান্তভাবে জানান।

রাত এগারোটায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের এসেম্বলী বিল্ডিং-এ জগন্নাথ হল ছাত্র



সংসদের সাধারণ সম্পাদক '৭৫-এর কাদেরিয়া বাহিনীর সদস্য ছাত্রনেতা নিরঞ্জন সরকার বাচ্চুর রুমে সর্বশেষ গোপন বৈঠক হয়। বৈঠকে উপস্থিত ছাত্রনেতা নিরঞ্জন সরকার বাচ্চু, মোবারক হোসেন সেলিম, ডাকসুর মহিলা সম্পাদিকা নাহিদ আমিন খান, সাধন সরকার, যাদব, বিদ্যুৎ প্রমুখকে আগামীকাল ১লা ফাগুন মোতাবেক ১৪ই ফেব্রুয়ারী ১৯৮৩ সকালের ছাত্র মিছিল ও ছাত্র হত্যা সম্পর্কে বিস্তারিত জানানো ও আলোচনা শেষে সিদ্ধান্ত হয় যে, ছাত্রনেতা ফজলুল রহমান, বাহালুল মজনুন চুন্নসহ প্রগতিশীল ছাত্রনেতা ও নেতৃস্থানীয় কর্মীরা কোন অবস্থাতেই আণবিক শক্তি কমিশনের পরে যাতে মিছিলে না থাকে সেই ব্যাপারে ব্যবস্থা নিতে হবে।

আজ ১লা ফাল্গুন, ১৪ই ফেব্রুয়ারী ১৯৮৩। ফুল ফুটুক আর নাই ফুটুক আজ বসন্ত। ঋতুর রাজা বসন্তের এই সমীরণে আজ সবাই উদ্বেলিত। বাঙালি রমণীরা লাল পেড়ে হলুদ শাড়ি পরে ভোর হতে না হতেই ঘর থেকে বেরিয়ে এসেছে বসন্তকে অবগাহন করতে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া ও সামসুন্নাহার হলের ছাত্রীরা খুব ভোর থেকেই লাল পেড়ে বাসন্তি রঙয়ের শাড়ি পরে বসন্ত উৎসবে মেতে উঠেছে। বসন্ত উৎসব মুখর বিশ্ববিদ্যালয়। লাল পাড় হলুদ বর্ণের শাড়ি পরে কোন কোন ছাত্রী বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস ছেড়ে মনের মানুষের সাথে বসন্ত উৎসব করতে দূর-দূরান্তে চলে যাচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় লাল পেড়ে হলুদ শাড়ির সমারোহ। আজি এ বসন্ত ... সবাই বসন্তের দোলায় দুলছে। কেউ জানে না একটু পরে কি ঘটতে যাচ্ছে। কে নিহত হতে যাচ্ছে। কোন্ স্নেহময়ী মাতার বুক খালি হচ্ছে। কোন পিতা সন্তানহারা হচ্ছে। বেলা দশটার দিকে কলাভবনের সামনে অপরাজেয় বাংলার পাদদেশে মিছিলের উদ্দেশ্যে ছাত্ররা জমায়েত হতে শুরু করে। একটি মটর সাইকেল ধানমন্ডি ৩২ নম্বরে শেখ হাসিনা, বিশ্ববিদ্যালয় এবং আর্মড্ পুলিশের হাফিজুর রহমান লস্কর-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে যাচ্ছে। মটর সাইকেলটি দ্রুত গতিতে ৩২ নম্বরে শেখ হাসিনা ও শিশু একাডেমীর পূর্ব পাশে অবস্থানরত আর্মড্ পুলিশের কোম্পানী কমান্ডার হাফিজুর রহমান লস্করের কাছে বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ পরিস্থিতি জানিয়ে যাচ্ছে। বেলা এগারোটা নাগাদ ছাত্র মিছিল শুরু হলো।

যেসব ছাত্রনেতা ও কর্মীদের আণবিক শক্তি কমিশনের পরে মিছিলে আর না থাকতে জানিয়ে দেওয়ার কথা তাদেরকে তা জানিয়ে দেওয়া হলো।

সিদ্ধান্ত ও পরিকল্পনামতো মিছিলসহ এগিয়ে গেলে কিছু ছাত্রনেতা ও কর্মীরা মিছিলের পিছন থেকে সরে পড়লো। মিছিল এগিয়ে গেল বাংলা একাডেমী ছেড়ে আরো সামনে দক্ষিণের দোয়েল চত্বরের দিকে। একেবারে দোয়েল চত্বরের কাছে এবং মিছিল যেই দোয়েল চত্বর পিছনে ফেলে পূর্ব দিকে ঘুরে দাঁড়ালো সঙ্গে সঙ্গে আগে থেকে ওঁৎ পেতে থাকা হাফিজুর রহমান লস্করের আর্মড্ পুলিশের গুলি, গুরুম গুরুম, টাস টাস! মুহূর্তের মধ্যে লুটিয়ে পড়লো কয়েকজন ছাত্র।

মটর সাইকেলটি দ্রুত ধানমন্ডি ৩২ নম্বরে গিয়ে শেখ হাসিনাকে গুলির সংবাদ দিয়ে আবার ছুটে চললো ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে। ইতোমধ্যে ছাত্ররা হাসপাতালের ইমার্জেন্সিতে গুলিবিদ্ধ ছাত্রদের নিয়ে এসেছে, গুলিবিদ্ধ ছাত্রদের মধ্যে জয়নাল ও জাফর শেষ নিঃশ্বাস ত্যাগ করে পৃথিবী ছেড়ে পরকালে চলে গেছে। জয়নাল ও জাফরের মায়ের কোল খালি হয়েছে। শূন্য হয়েছে পিতার বুক। নীল-নক্সা বাস্তবায়িত হওয়ার চূড়ান্ত সংবাদটি নিয়ে মটর সাইকেলটি চলে গেল ধানমন্ডি ৩২ নম্বরে। দুজন ছাত্র হত্যার সফলতার সংবাদটি শেখ

হাসিনাকে দিয়ে মটর সাইকেলটি ফিরে এলো বিশ্ববিদ্যালয়ে।
বিশ্ববিদ্যালয়ে শোকের ছায়া নেমে এসেছে। থেমে গেছে ১লা ফাল্গুনের বসন্তের উৎসব। ছাত্ররা তাদের নিহত সাথী জাফর ও জয়নালের লাশ কলা ভবনের অপরাজেয় বাংলার পাদদেশ ঐতিহাসিক বটতলায় নিয়ে এসেছে। বিকেল তিনটায় জানাজা ও শোকসভার কর্মসূচীটা ৩২ নম্বরে দিলে, দুপুর ২টা নাগাদ বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের বটতলা আসেন এবং তার (শেখ হাসিনার) দীর্ঘ প্রতীক্ষিত নিহত ছাত্রদের লাশ দেখে রুমাল দিয়ে চক্ষু মোছার ভান করতে করতে কোন কর্মসূচী না দিয়েই বিশ্ববিদ্যালয় এলাকা ত্যাগ করেন। শোকে ম্রিয়মাণ ছাত্র-ছাত্রীরা বটতলায় সমবেত হতে থাকে এবং ১লা ফাল্গুনে বসন্তের পোষাক লাল পেড়ে বাসন্তি রঙ-এর শাড়ি পরে প্রত্যুষে ক্যাম্পাসের বাইরে যাওয়া রোকেয়া ও শামসুন্নাহার হলের ছাত্রীরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ফিরে এসে ছাত্র হত্যার ঘটনায় শোকে বিহ্বল হয়ে বটতলার শোকসভায় সমবেত হয়।
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় এলাকা ত্যাগ করে যেয়েই সামরিক আইন প্রশাসক জেনারেল হোসাইন মোহাম্মদ এরশাদের সাথে যোগাযোগ করেন এবং ছাত্রহত্যার প্রতিবাদে কোনরূপ আন্দোলনের কর্মসূচী না দেওয়ার বিনিময়ে এরশাদের কাছ থেকে কতগুলো গোপন দাবী আদায় করে নেন। ছাত্র হত্যার প্রতিবাদে আন্দোলনের কর্মসূচী দেওয়া হবে না এই মর্মে শেখ হাসিনার কাছ থেকে নিশ্চয়তা ও আশ্বাস পাওয়ার পর জেনারেল এরশাদ সমগ্র বিশ্ববিদ্যালয় এলাকায় চতুর্দিকে থেকে নজিরবিহীন পুলিশী ও মিলিটারী হামলা চালায়। পুলিশের সাঁড়াশি হামলার মুখে ছাত্রহত্যার প্রতিবাদে বটতলায় অনুষ্ঠিত জানাজা ও শোকসভায় সমবেত ছাত্র-ছাত্রীরা দিগ্বিদিক জ্ঞানশূন্য হয়ে দৌড়াতে থাকে। কিন্তু যেদিকেই দৌড়ায় সেদিকেই পুলিশ ও আর্মির বেধড়ক মার। নিমেষের মধ্যেই বটতলায় হাজার হাজার স্যান্ডেল-জুতা পড়ে থাকা ছাড়া কোন মানুষের চিহ্ন থাকে না।
জাফর ও জয়নালের লাশ দু'টি অতি কষ্টে ছাত্ররা ধরাধরি করে সূর্যসেন হলে নিয়ে যায় এবং সূর্যসেন হলের গেটের ভেতর থেকে তালা লাগিয়ে বন্ধ করে দেয়। হলের রুমের ভেতরে ছাত্র, শিক্ষক, কর্মচারী, আর হলের আঙ্গিনায়সহ সারা বিশ্ববিদ্যালয়ে শুধু পুলিশ আর সেনাবাহিনী। মুহূর্তের মধ্যে পুলিশ আর আর্মি হলের কেচি গেট ভেঙ্গে রুমের মধ্যে প্রবেশ করবে। অবস্থা বেগতিক দেখে মটর সাইকেল আরোহী সূর্যসেন হলের দোতলা থেকে এক লাফ দিয়ে পড়লো হলের আঙ্গিনায়। আর অমনি শকুনের দল যেমনি মরা গরু ঘিরে ধরে খায় তেমনি পুলিশের দল মটর সাইকেল আরোহীকে ঘিরে পেটাতে লাগলো। এরই মধ্যে মটর সাইকেল আরোহী প্রাণপণে ছুটে চললো সূর্যসেন হলের বাউন্ডারী প্রাচীরের দিকে। মটর সাইকেল আরোহী দৌড়াচ্ছে আগে আগে, পিছনে পিছনে শকুনের ঝাঁকের ন্যায় দৌড়াচ্ছে আর পিটাচ্ছে পুলিশ ও আর্মি। পড়ি কি মরি করে এক লাফে সূর্যসেন হলের প্রাচীর টপকে কাঁটাবন আর পলাশির রাস্তায় গিয়ে পড়লো মটর সাইকেল আরোহী। সেখান থেকে ধানমন্ডি ৩২ নম্বরে গিয়ে শেখ হাসিনাকে না পেয়ে আণবিক শক্তি কমিশনের পরিচালক শেখ হাসিনার স্বামী ডঃ ওয়াজেদ মিয়ার মহাখালি সরকারী বাসভবনে গিয়ে শেখ হাসিনার পাজেরো জীপ পাওয়া গেলেও শেখ হাসিনাকে পাওয়া গেল না। শেখ হাসিনার প্রিয় এবং বিশ্বাসী বাবুর্চি রমাকান্তর কাছ থেকে জানা গেল তিনি (শেখ হাসিনা) কাউকে সাথে না নিয়ে অপরিচিত একটি প্রাইভেট কারে করে অপরিচিত একমাত্র চালক আরোহীর সাথে বোরকা পরে অজ্ঞাত স্থানে গিয়েছেন।
এদিকে বিশ্ববিদ্যালয়ের সবগুলো হলের গেট ও দরজা ভেঙ্গে পুলিশ এবং মিলিটারী



বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মচারী এবং ছাত্রদের বেধড়ক মারপিট ও গ্রেপ্তার করে সারারাত খোলা আকাশের নিচে বসিয়ে রাখে এবং নিহত ছাত্র জাফর ও জয়নালের লাশ নিয়ে যায়। বলাবাহুল্য, ঐ সময় (১৯৮৩ সালে) বেগম খালেদা জিয়া এবং তার দল বিএনপি-র সাংগঠনিক কোন অস্তিত্ব ছিল না। ফলে বেগম খালেদা জিয়া ছাত্র হত্যার পর বিশ্ববিদ্যালয়েও আসেননি। সামরিক স্বৈরাচার জেনারেল এরশাদ এবং তার সামরিক আইনের বিরুদ্ধে চির সংগ্রামের ঐতিহ্যবাহী সহজ সরল প্রাণ এদেশের ছাত্র সমাজের প্রথম আন্দোলন, প্রথম বিদ্রোহ এবং আত্মদান। রাজনৈতিক নেতৃত্বের ব্যর্থতা এবং শেখ হাসিনার পাতানো আপোষহীনতার কারণে সম্পূর্ণ ব্যর্থতায় পর্যবসিত হয়। বৃথা হয়ে যায় জাফর ও জয়নালের আত্মদান। সামরিক স্বৈরাচার জেনারেল হুসাইন মোহাম্মদ এরশাদ নিশ্চিন্তে, নির্বিঘ্নে, নির্ভাবনায় ক্ষমতায় বসে থাকে। রাজনৈতিক নেতৃত্বের অভাবে ছাত্র সমাজ দিশেহারা হয়ে নেতিয়ে যায়। এদেশের আন্দোলন-সংগ্রাম-এর মূল চালিকা- শক্তি আওয়ামী লীগ এবং তার নেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে ম্যানেজ করে দোর্দণ্ড প্রতাপে চলতে থাকে এরশাদের সামরিক শাসন।

## সেলিম ও দেলোয়ার হত্যা

বছর ঘুরে এলো ১৯৮৪ সাল। আবার ফিরে এলো ভাষা আন্দোলনের শহীদের মাস, ফেব্রুয়ারী মাস। আওয়ামী লীগ সভানেত্রী, বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার নতুন বছরের নির্দেশ- এরশাদের বিরুদ্ধে আবারো ছাত্র আন্দোলন করতে হবে।
৩রা ফেব্রুয়ারী ১৯৮৪ সাল। ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে বিকেল ৪টায় বসলো এক রুদ্ধদ্বার বৈঠক। বৈঠকে নেত্রী যে কোন প্রকারেই হোক ছাত্র আন্দোলন করার কঠোর নির্দেশ দিলেন। শুরু হলো আবার ছাত্র হত্যার নতুন পরিকল্পনা। একদিকে চলতে লাগলো ছাত্র হত্যাকারী পুলিশ অফিসার হাফিজুর রহমান লস্করদের ভাড়া করার কাজ। অন্যদিকে চলতে লাগলো সাধারণ ছাত্রদের ক্ষেপিয়ে তুলে ছাত্র আন্দোলন সংগঠিত করার কাজ।
শেখ হাসিনার প্রত্যক্ষ নির্দেশ ও তত্ত্বাবধানে খুবই দ্রুত ছাত্র হত্যাকারী পুলিশ অফিসারদের ভাড়া করার কাজ সম্পূর্ণ হলো। কিন্তু আন্দোলন করার নানাভাবে বহু রকম চেষ্টা-তদবির করেও ছাত্রদের আন্দোলনে শরীক করা গেল না।
গোটা ছাত্রসমাজই এরশাদের বিরোধী। কিন্তু আন্দোলনের প্রশ্নে, আন্দোলনের নেতৃত্বের প্রশ্নে ছাত্র সমাজ শেখ হাসিনা এবং আওয়ামী লীগকে বিশ্বাস করলো না। বেগম জিয়া এবং বিএনপি-র তখনো তেমন কোন অস্তিত্ব অনুভব করা যায়নি। দিন গড়িয়ে যায়, কিন্তু ছাত্র আন্দোলনের তেমন কোন লক্ষণ দেখা যাচ্ছে না। এদিকে ছাত্র হত্যাকারী আর্মড় পুলিশেরা '৮৩র মধ্য ফেব্রুয়ারীতে সংঘটিত ছাত্র হত্যার অনুরূপ পরিকল্পনা ও কর্মসূচী হাতে নিয়ে অধীর আগ্রহে অপেক্ষা করছে এবং গত মধ্য ফেব্রুয়ারীর ন্যায় একটা ছাত্র মিছিল নিয়ে বিশ্ববিদ্যালয়ের বাইরে আসার জন্য বারবার তাগাদা দিচ্ছে। তাগাদা দিচ্ছেন বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা। দিন যায় কিন্তু আন্দোলনের কোন খবর নেই। এক পর্যায়ে জননেত্রী শেখ হাসিনা অধৈর্য হয়ে 'তোমাদের দ্বারা কিছুই হবে না' বলে ক্ষোভ প্রকাশ করলেন।
অনেক চেষ্টা করেও শ'পাচেক ছাত্রের একটা মিছিল নিয়ে আমরা বিশ্ববিদ্যালয়ের বাইরে আসতে পারলাম না। ফলে গত '৮৩র মধ্য ফেব্রুয়ারীর ন্যায় ছাত্র হত্যা সম্ভব না হওয়ায় হত্যার ধরন পাল্টানো হলো।
আর্মড় পুলিশের কোম্পানী কমান্ডার পুলিশের সিনিয়র এস পি হাফিজুর রহমান লস্কর

ছাত্রহত্যার পরিকল্পনায় আর্মড় পুলিশের পরিবর্তে রায়ট পুলিশকে সম্পৃক্ত করে এবং নতুন পরিকল্পনা অনুযায়ী ঠিক হয় যে, ২০/৫০ জনের একটি মিছিল কোন রকমে যে কোন দিন বিশ্ববিদ্যালয়ের যে কোন দিক দিয়ে বাইরে নিয়ে এলেই রায়ট পুলিশ (যে পুলিশ ২৪ ঘন্টা বিশ্ববিদ্যালয়েই থাকে) ছাত্র হত্যা পরিকল্পনা সফল করে দেবে। সাধারণ ছাত্র তো দূরের কথা ছাত্রলীগের নেতা-কর্মীরাই মিছিলে আসতে চায় না।
এদিকে নেত্রীর কড়া নির্দেশ ছাত্রলীগের একটা খণ্ড মিছিল নিয়ে হলেও বিশ্ববিদ্যালয়ের বাইরে যেতে হবে, নইলে তোমাদের দায়িত্ব থেকে বিদায় নিতে হবে। ২৮শে ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস-এর বাইরে যাওয়ার সিদ্ধান্ত হলো এবং যথারীতি এই সিদ্ধান্ত জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে জানান হলো শেখ হাসিনার মাধ্যমে এই সংবাদ হাফিজুর রহমান লস্করের মারফত রায়ট পুলিশের ঘাতকদের জানানো হলো।
২৮শে ফেব্রুয়ারী ১৯৮৪, হঠাৎ ৩০/৪০ জন ছাত্রের একটা মিছিল বিশ্ববিদ্যালয় এলাকা ত্যাগ করে চানখাঁরপুল হয়ে ফুলবাড়িয়া বাস স্ট্যান্ড এর দিকে দ্রুত যেতে থাকলো। এই মিছিলের পেছনে পেছনে পূর্ব পরিকল্পনা অনুযায়ী রায়ট পুলিশের একটি লরি আসতে লাগলো।
বোঝা গেল এবার সামনে থেকে ছাত্র হত্যা করা হবে না, হত্যা করা হবে মিছিলের পেছন থেকে। যারা এই পরিকল্পনা অবহিত তারা যতটা সম্ভব মিছিলের সামনে থাকতে লাগলো। মোটামুটি মিছিলের অনেকেই জানে পেছন থেকে মিছিলে আক্রমণ করা হবে। রায়ট পুলিশের লরি থেকেই এই আক্রমণ করা হবে তবে রায়ট পুলিশের লরি থেকে গুলি করা হবে, না অন্য কোন ভাবে আক্রমণ করা হবে এটা কেউ জানতো না। তখন বিকেল পাঁচটা, ক্ষুদ্র ছাত্র মিছিলটি নিমতলী পার হয়ে ফুলবাড়িয়া বাসস্ট্যান্ডে ঢোকার সঙ্গে সঙ্গেই রায়ট পুলিশ তাদের লরিটি বিদ্যুৎ গতিতে মিছিলের উপর তুলে দিল। মিছিলের পিছন দিকে থাকা সেলিম মুহূর্তের মধ্যে পুলিশের লরির চাকায় পিষ্ট হয়ে গেল। বাকি সবাই রাস্তার দু'দিকে ছিটকে পড়ে প্রাণে বাঁচলেও দেলোয়ার সোজা দৌঁড়াতে লাগলো। প্রাণভয়ে দেলোয়ার দৌড়ায় আগে, দেলোয়ারের প্রাণবধ করতে পেছনে দ্রুত ছুটছে রায়ট পুলিশের লরি।
মিনিট দু'য়েক-এর মধ্যেই দেলোয়ারের দেহ চাকায় পিষে রাস্তার সাথে মিশিয়ে দেয় পুলিশের লরি। দেলোয়ারের দেহ এমন ভাবে রাস্তার সাথে মিশিয়ে দেওয়া হয়েছে যে, এটা যে দেলোয়ারের দেহ তা বোঝাতো দূরের কথা, এটা যে একটা মানুষের দেহ তাই বোঝা যাচ্ছে না। আর পেছনে পিচ ঢালা রাস্তার সাথে থেতলে মিশে আছে সেলিমের দেহ।
ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে সংবাদের জন্য অধীর আগ্রহে উৎসুক হয়ে বসে থাকা বঙ্গবন্ধু কন্যা জননেত্রী, সভানেত্রী শেখ হাসিনাকে রায়ট পুলিশের চাকায় পিষ্ট হয়ে সেলিম ও দেলোয়ারের নিহত হওয়ার সংবাদটি পৌঁছাল মটর সাইকেল আরোহী।
ছাত্রলীগের দু'জন নেতার নিহত হওয়ার সংবাদটি শুনে শেখ হাসিনা পুলকিত ও আনন্দিত হয়ে বলে উঠলেন, সাবাস।
তারপর গাড়ির ড্রাইভার জালালকে বললেন, জালাল গাড়ি লাগাও আমি বাইরে যাবো।
মটর সাইকেল আরোহী সঙ্গে যেতে চাইলে নেত্রী বললেন, তোমরা এক কাজ করো, আগামীকাল ৩২শে সবাই আসো। আজ সবাই চলে যাও।
পরদিন সকালে বত্রিশে গিয়ে নেত্রীকে না পেয়ে মটর সাইকেল আরোহী সোজা মহাখালী চলে গিয়ে ড্রাইভার জালাল এবং পাজেরো জীপ দেখতে পেয়ে নিশ্চিত হলো, নেত্রী এখানেই আছেন। কিন্তু ঘরে গিয়ে নেত্রীকে না পেয়ে বাবুর্চি রমাকান্তের কাছে জানতে পারলো, নেত্রী



অজ্ঞাত গাড়ী আর চালকের সঙ্গে অজ্ঞাত স্থানে গিয়েছেন অনেক ভোরে।
দুপুর ১টার দিকে ফিরে এসে নেত্রী খাওয়া-দাওয়া করে সোজা চলে এলেন ধানমন্ডি ৩২শে ভবনে। ছাত্রলীগের বেশ কিছু নেতা বিকেল তিনটায় ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে এসে সভানেত্রী শেখ হাসিনার কাছে ছাত্রলীগ নেতা সেলিম ও দেলোয়ারকে পুলিশের লরির চাকায় পিষ্ট করে নির্মম ও নিষ্ঠুরভাবে হত্যা করার প্রতিবাদে সামরিক একনায়ক স্বৈরাচারী এরশাদের বিরুদ্ধে তীব্র আন্দোলন করার কর্মসূচী চাইলে সভানেত্রী শেখ হাসিনা এই বলে ছাত্রনেতাদের সান্ত্বনা দেন যে, আমাদের মূল শত্রু জিয়াউর রহমান এবং তার দল বিএনপি। জিয়া তো শেষ। জেঃ এরশাদ বিএনপির কাছ থেকে মাত্র কিছুদিন হলো ক্ষমতা দখল করেছে। আমাদের এখন প্রধান কাজ, বিএনপিকে চিরতরে শেষ করে দেওয়া। এই মুহূর্তে আমরা জেনারেল এরশাদের বিরুদ্ধে সরাসরি যাব না। আমাদের মূল শত্রু বিএনপি এটা মনে রাখতে হবে। ছাত্রনেতারা সেলিম ও দেলোয়ারের হত্যার জন্য আবেগাপ্লুত হলে শেখ হাসিনা বলেন, আবেগপ্রবণ হয়ে লাভ নেই। সময় হলেই এদের পরিবারকে পুষিয়ে দেওয়া হবে।
ছাত্রনেতারা কোন রকম কর্মসূচী ছাড়াই ভগ্ন হৃদয়ে বঙ্গবন্ধু ভবন ত্যাগ করলো।

## দেশদ্রোহী অসভ্য বাহিনী

৩রা মে ১৯৮৪ এর এক পড়ন্ত বিকেলে ধানমণ্ডি বঙ্গবন্ধু ভবনে বসে গল্প করছেন বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনাসহ কয়েক জন। গল্পে গল্পে ৭১-এর মুক্তিযুদ্ধ ও পাকিস্তানী সেনাবাহিনি প্রসঙ্গ উঠলো। প্রসঙ্গ উঠলো '৭১-এর মুক্তিযুদ্ধের মধ্যে দিয়ে গড়ে ওঠা বাংলাদেশ সেনাবাহিনীর কথা।
জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশ সেনাবাহিনী সম্পর্কে বললেন, এটা একটা সেনাবাহিনী হলো? এটা একটা বর্বর, নরপিশাচ, উচ্ছৃঙ্খল, লোভী, বেয়াদব বাহিনী। এই বাহিনীর আনুগত্য নেই, শৃঙ্খলা নেই, মানবিকতা নেই, মান্যগণ্য নেই, নেই দেশপ্রেম। এটা একটা দেশদ্রোহী অসভ্য হায়েনার বাহিনী। তোমরা পাকিস্তান সেনাবাহিনীর কথা বল। সারা বিশ্বে পাকিস্তান সেনাবাহিনীর মতো এত ভদ্র, নম্র, সভ্য, বিনয়ী এবং আনুগত্যশীল বাহিনী খুঁজে পাওয়া যাবে না। পাকিস্তান সেনাবাহিনীর মানবিকতা বোধের কোন তুলনাই চলে না। কি অসম্ভব সভ্য আর নম্র তারা!
পঁচিশে মার্চ রাতে তারা (পাকিস্তান আর্মি) এলো, এসে আব্বাকে (বঙ্গবন্ধু শেখ মুজিব) সেলুট করলো, মাকে সেলুট করলো, আমাকেও সেলুট করলো। সেলুট করে তারা বলল, স্যার আমরা এসেছি শুধু আপনাদের নিরাপত্তা দেওয়ার জন্য। অন্য কোন কিছুর জন্য নয়। আপনারা যখন খুশি, যেখানে খুশি যেতে পারবেন। যে কেউ আপনার এখানে আসতে পারবে। আমরা শুধু আপনাদের নিরাপত্তা নিশ্চিত করবো। আপনারা বাইরে গেলে আপনাদের নিরাপত্তার জন্য আমরা আপনাদের সঙ্গে যাবো। কেউ আপনাদের এখানে এলে আমরা তাকে ভালভাবে তল্লাশি করে তারপর ঢুকতে দিব। এসবই করা হবে আপনাদের নিরাপত্তার জন্য। সত্যিই পাকিস্তানী সেনাবাহিনী যা করেছে তা সম্পূর্ণ আমাদের নিরাপত্তার জন্যই করেছে।
২৬শে মার্চ দুপুরে আব্বাকে (শেখ মুজিব) যখন পাকিস্তানী আর্মিরা নিয়ে যায়, তখন জেনারেল টিক্কা খান নিজে এসে আব্বাকে ও মাকে সেলুট দিয়ে, আদবের সাথে দাঁড়িয়ে বিনয়ের সাথে (শেখ মুজিবকে) বলে, স্যার আপনাকে প্রেসিডেন্ট ইয়াহিয়া খান আলোচনার জন্য নিয়ে যেতে

বলেছেন। আমি আপনাকে নিয়ে যেতে এসেছি। আপনাকে নেওয়ার জন্য বিশেষ বিমান তৈরি (স্পেশাল ফ্লাইট রেডি) আপনি তৈরি হয়ে নেন এবং আপনি ইচ্ছে করলে ম্যাডাম (বেগম মুজিব) সহ যে কাউকে সঙ্গে নিতে পারেন। আব্বা-মা'র সঙ্গে আলোচনা করে একাই গেলেন। পাকিস্তান আর্মি যতদিন ডিউটি করেছে এসেই প্রথমে সেলুট দিয়েছে।
শুধু তাই নয়, আমার দাদীর সামান্য জ্বর হলে পাকিস্তানীরা হেলিকপ্টার করে টুঙ্গিপাড়া থেকে দাদীকে ঢাকা এনে পি জি হাসপাতালে চিকিৎসা করিয়েছে। জয় (শেখ হাসিনার ছেলে) তখন পেটে, আমাকে প্রতি সপ্তাহে সি এম এইচ (সম্মিলিত সামরিক হাসপাতালে) নিয়ে চেকআপ করাতো। জয় হওয়ার একমাস আগে আমাকে সি এম এইচ-এ ভর্তি করিয়েছে। '৭১ সালে জয় জন্ম হওয়ার পর পাকিস্তান আর্মিরা খুশিতে মিষ্টি বাঁটোয়ারা করেছে এবং জয় হওয়ার সমস্ত খরচ পাকিস্তানীরাই বহন করেছে। আমরা যেখানে খুশি যেতাম। পাকিস্তানীরা দু'টি জীপ করে আমাদের সাথে যেতো। নিরাপত্তার জন্য পাহারা দিত।
আর বাংলাদেশের আর্মিরা! জানোয়ারের দল, অমানুষের দল এই অমানুষ জানোয়ারেরা আমার বাবা-মা, ভাই সবাইকে মেরেছ-এদের যেন ধ্বংস হয়।

## '৮৬ নির্বাচন

১৯৮৪ সালের ২৮শে ফেব্রুয়ারী ছাত্রলীগ নেতা সেলিম ও দেলোয়ার নিহত হওয়ার পর বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা যারপরনাই চেষ্টা করেও আর ছাত্র আন্দোলন করতে পারলেন না। ইত্যবসরে সামরিক স্বৈরাচার জেনারেল হোসাইন মোহাম্মদ এরশাদ পাকাপোক্তভাবে রাষ্ট্রীয় ক্ষমতাকে নিজের সম্পূর্ণ নিয়ন্ত্রণে নিয়ে যায়। যদিও এরই মাঝে নিরবে-নিঃশব্দে বেগম খালেদা জিয়ার নেতৃত্ব বিএনপি উল্লেখযোগ্য একক রাজনৈতিক শক্তিতে প্রতিষ্ঠিত হলো।
এরশাদ তার ক্ষমতাকে নিরঙ্কুশ করেই ১৯৮৬ তে সংসদ নির্বাচনের ঘোষণা ও প্রস্তাব দেন। এরশাদের প্রস্তাবিত সংসদ নির্বাচনে অংশগ্রহণ করা, না করার বিষয় নিয়ে দেশের রাজনৈতিক মহল ও নেতাদের মধ্যে ব্যাপক আলাপ-আলোচনা শুরু হলে বেগম খালেদা জিয়া এবং তার দল বিএনপির পক্ষ থেকে এরশাদের নির্বাচনী ফাঁদে পা না দিয়ে এরশাদ হটাও আন্দোলন করার প্রস্তাব দেয়।
তখন জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সাথে গুলশানের জনৈক ব্যবসায়ী এস আই চৌধুরীর (সিরাজুল ইসলাম চৌধুরী) গুলশানের বাসায় তৎকালীন ডিজিডি এফ আই (ডাইরেক্টর জেনারেল অব ডিফেন্স ফোর্স ইন্টিলিজেন্ট) ব্রিগেডিয়ার মাহামুদুল হাসানের সাথে গোপন বৈঠক হয়। ব্রিগেডিয়ার মাহামুদুল হাসান জেনারেল এরশাদের পক্ষ থেকে ব্যক্তিগতভাবে শেখ হাসিনাকে নির্বাচনে অংশগ্রহণ করার অনুরোধ করেন এবং নির্বাচনী সকল ব্যয়ভার বহন করার প্রতিশ্রুতি দিলে শেখ হাসিনা আন্দোলনের অংশ হিসেবে নির্বাচনে অংশ গ্রহণ করার পক্ষে মত দেন। এই পরিস্থিতিতে দেশের বামপন্থী রাজনৈতিক নেতৃবৃন্দ বিশেষত কমিউনিস্ট পার্টির প্রয়াত সাধারণ সম্পাদক কমরেড ফরহাদ-এর প্রচেষ্টায় খালেদা জিয়া এবং শেখ হাসিনার মতপার্থক্য এই কৌশলে কমিয়ে আনা হয় যে, নির্বাচনে শুধুমাত্র দুইনেত্রী (খালেদা জিয়া ও শেখ হাসিনা) ছাড়া আর কেউ দাঁড়াবে না। অর্থাৎ বামপন্থী নেত্রীবৃন্দ বেগম জিয়াকে এটা বোঝাতে সমর্থ হয় যে, বেগম জিয়া এবং শেখ হাসিনা দু'জনে দেড়'শ দেড়'শ তিন'শ আসনে নির্বাচনে দাঁড়াবেন, আর বাকি সবাই মিলে দুই নেত্রীকে তিনশ' আসনে জিতিয়ে দেবেন। তাহলে গণতান্ত্রিকভাবে নির্বাচনের মাধ্যমে সামরিক স্বৈরাচার জেনারেল



এরশাদকে ক্ষমতাচ্যুত করা যাবে। এবং তাতে করে রাজনৈতিক দলসমূহের মধ্যে বিভেদ এবং অনৈক্য সৃষ্টি হবে না।
বেগম খালেদা জিয়া এরশাদকে ক্ষমতাচ্যুত করার প্রয়াসে দুই নেত্রী ১৫০+১৫০=৩০০ আসন নির্বাচনের প্রস্তাবে সায় দেন এবং শেখ হাসিনা ও খালেদা জিয়া মুখোমুখি সংক্ষিপ্ত বৈঠক করেন। কিন্তু গুলশানের ব্যবসায়ী এস আই চৌধুরীর মাধ্যমে দুই নেত্রীর এই গোপন নির্বাচনী কৌশলের কথা এরশাদের কাছে পৌঁছে যায় এবং এরশাদ রাষ্ট্রপতির অধ্যাদেশ জারি করে যে, এক ব্যক্তি পাঁচের অধিক বা বেশি আসনে নির্বাচনে দাঁড়াতে পারবে না।
ফলে দুই নেত্রীর দেড়'শ দেড়'শ তিন'শ আসনে নির্বাচনী করার কৌশল ভন্ডুল হয়ে যায়। তখন বেগম জিয়া এরশাদের নির্বাচনী ফাঁদে পা না দিয়ে এরশাদ পতনের আন্দোলনের পুরানা অবস্থানে চলে যান। এদিকে গুলশানের এস আই চৌধুরীর বাড়িতে ডিজিডি এফ আই ব্রিগেডিয়ার মাহামুদুল হাসানের সাথে শেখ হাসিনার আবার বৈঠক হয় এবং সেই বৈঠকে দাবি করা হয় নির্বাচনী ব্যয় হিসেবে আগে যে পরিমাণ অর্থ ধরা হয়েছে, এখন তার তিনগুণ অর্থ দিতে হবে। ডি জি ডি এফ আই, ব্রিগেডিয়ার মাহামুদুল হাসান এক ঘন্টার সময় চেয়ে চলে যান এবং বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ধানমন্ডি ৩২ নম্বর বঙ্গবন্ধু ভবনে চলে আসেন। ঘন্টা দুই পর সন্ধ্যার দিকে ব্যবসায়ী এস আই, চৌধুরী দু'টি মাইক্রোবাস সঙ্গে নিয়ে ৩২ নম্বরে এসে হাজির। এস আই চৌধুরী আর শেখ হাসিনার মধ্যে এক-দেড় মিনিট কথা, তারপরই হুকুম হলো তাড়াতাড়ি মাইক্রোবাস থেকে বস্তাগুলো নামিয়ে আনো। সঙ্গে সঙ্গে মাইক্রোবাস থেকে মুখ সেলাই করা মোট নয়টি নতুন বস্তা নামিয়ে বঙ্গবন্ধু ভবনের নিচতলায় লাইব্রেরী আর বেডরুমের মাঝে যে মাস্টার বাথরুম সেই বাথরুমে রাখা হলো।
এরপর শেখ হাসিনা আদেশ করলেন সাংবাদিক সম্মেলন-এর আয়োজন করতে এবং ডঃ কামাল হোসেনসহ আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতাদের ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে জরুরী ভিত্তিতে আসতে বলার জন্য।
ডঃ কামাল হোসেনসহ যে সকল নেতাদের টেলিফোনে পাওয়া গেল তাদের অনতিবিলম্বে বঙ্গবন্ধু ভবনে আসতে বলা হলো। বিভিন্ন পত্রিকা অফিসে টেলিফোনের মাধ্যমে ও সশরীরে গিয়ে জরুরী সাংবাদিক সম্মেলনের সংবাদ জানান হলো। সাংবাদিক সম্মেলনের বিষয়বস্তু সম্পর্কে সাংবাদিকদের কিছু জানানো সম্ভব হলো না। শুধু বলা হলো জরুরী ও খুবই গুরুত্বপূর্ণ সাংবাদিক সম্মেলন। আসলে সত্যি কথা বলতে কি, সাংবাদিক সম্মেলনের বিষয়বস্তু সম্পর্কে ডঃ কামাল হোসেনসহ কোন নেতা কিছু জানেন না। মূল বিষয়বস্তু সম্পর্কে জানেন মূলত চার ব্যক্তি (১) শেখ হাসিনা (২) ব্যবসায়ী এস আই চৌধুরী (৩) ডি জি ডি এফ আই ব্রিগেডিয়ার মাহামুদুল হাসান এবং (৪) প্রধান সামরিক আইন প্রশাসক সেনাবাহিনী প্রধান রাষ্ট্রপতি জেনারেল হুসাইন মোহাম্মদ এরশাদ।
অধিক রাত হওয়া সত্ত্বেও বহুসংখ্যক সাংবাদিক এসে উপস্থিত হলো ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে।
শেখ হাসিনা ইতোমধ্যে আওয়ামী লীগ নেতাদের এরশাদের নির্বাচনে যাওয়ার (অংশ গ্রহণ করার) সিদ্ধান্ত জানালেন। নেতারা বললেন, নির্বাচনে যাব ঠিক আছে, কিন্তু একদিন আমরা বিষয়টি নিয়ে আলোচনা করি; তারপর সিদ্ধান্ত নেই।
শেখ হাসিনা বললেন, আমাদের সময় নেই, তাড়াতাড়ি করতে হবে। খালেদা জিয়া এবং তার দল বিএনপিকে ল্যাং মেরে নির্বাচনে যেতে হবে। কাজেই এটা নিয়ে এত আলোচনার দরকার

নেই। বাইরে সাংবাদিকরা বসে আছে, এখনই নির্বাচনে যাওয়ার ঘোষণা দিতে হবে। বলেই সরাসরি সাংবাদিকদের মাঝে এসে উপস্থিত হলেন এবং নির্বাচনে যাওয়ার (অংশগ্রহণ করার) ঘোষণা দিলেন। তার পরদিন ছয় ফুট লম্বা তিন ফুট চওড়া পাঁচ তলা (পাঁচ তাক) একটি স্টিলের ওয়াড্রব আনা হলো এবং যে বাথরুমে সেলাই করা বস্তাগুলো আছে সেখানে রাখা হলো। তারপর একে একে বস্তা খোলা হলো। আর বস্তার ভিতরে থাকা পাঁচশ' টাকার নতুন বান্ডিলগুলো ঐ স্টিলের ওয়াড্রব (আলমারী)-এ সাজিয়ে রাখা হলো। সব টাকা ওয়াড্রবে না ধরায় বাকি টাকা অন্যত্র সরিয়ে ফেলা হলো।

শুরু হলো ১৯৮৬-এর সংসদ নির্বাচনী প্রক্রিয়া। দেশ দুই ভাগে বিভক্ত হলো। এক ভাগ শেখ হাসিনার নেতৃত্বে জেঃ এরশাদের পাতানো নির্বাচনে জড়িয়ে পড়লো। আরেক ভাগ বেগম খালেদা জিয়ার আহবানে এরশাদ পতন ও পাতানো নির্বাচন বর্জন এবং ঠেকানের চেষ্টায় রত হলো। শেখ হাসিনা সর্বশক্তি দিয়ে আওয়ামী লীগ কর্মীদের নির্বাচনে ঝাঁপিয়ে পড়ার জোরদার আহ্বান জানালেন। তিনি বললেন, এই নির্বাচনের মাধ্যমেই আওয়ামী লীগকে পুর্নরায় ক্ষমতায় আসতে হবে এবং সামরিক শাসক এরশাদকে বিদায় করতে হবে।

শেখ হাসিনার আহ্বানে জনগণ এগিয়ে না এলেও আওয়ামী লীগের কর্মী ও সমর্থকরা স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে এলো।

আওয়ামী লীগের কর্মী ও সমর্থকরা সারা দেশেই একটা নির্বাচনী পরিবেশ সৃষ্টি করে তুললো। ঐ সময়ই ফিলিপাইনে সামরিক একনায়ক জেনারেল মার্কোস-এর বিরুদ্ধে নিহত জননেতা মিঃ একুইনোর বিধবা স্ত্রী মিসেস কোরাজন একুইনো প্রেসিডেন্ট পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে। সারা বিশ্ব ফিলিপাইনের দিকে তাকিয়ে আছে। ঠিক এমনি মুহূর্তে বাংলাদেশেও সামরিক শাসকের বিরুদ্ধে গণতান্ত্রিক নির্বাচন ফিলিপাইনের মতোই প্রায় দৃষ্টি আকর্ষণ করে আছে।

শেরে বাংলা নগরে মানিক মিয়া এভিনিউতে আওয়ামী লীগের শেষ বিশাল নির্বাচনী জনসভা। এর মাত্র দু'দিন আগে ফিলিপাইনে নির্বাচন হয়ে গেছে। সামরিক একনায়ক জেনারেল মার্কোস নির্বাচনের ফলাফল পাল্টে দিয়ে নিজেকে বিজয়ী ঘোষণা করেছে। অপর দিকে মিসেস কোরাজন একুইনো ঐ ফলাফল প্রত্যাখ্যান করে নিজেকে বিজয়ী ঘোষণা করেছেন। মিসেস কোরাজন একুইনোর পক্ষে ফিলিপাইনের জনগণ রাস্তায় নেমেছে। আর সেই জনগণকে দমিয়ে দেওয়ার জন্য একনায়ক মার্কোস-এর পক্ষে সেনাবাহিনী ট্যাঙ্ক নিয়ে রাস্তার বেরিয়ে এসেছে। একদিকে জনগণের বিক্ষোভ অপরদিকে সামরিক বাহিনীর ট্যাঙ্ক। ফিলিপাইনের অবস্থা গত দু'দিন থেকে খুবই উত্তপ্ত। জনগণও বিক্ষোভে শামিল হওয়ার জন্য জেনারেল মার্কোসের কার্ফু ভেঙ্গে রাস্তায় বেরিয়ে এসেছে। আর সেই জনগণের দিকে তাক করে ট্যাঙ্ক নিয়ে ধেয়ে আসছে সেনাবাহিনী। ফিলিপাইনের দিকে সারা পৃথিবীর দৃষ্টি যতখানি গভীর বাংলাদেশের জনগণের দৃষ্টি তার চাইতে অনেক বেশি গভীর।

ফিলিপাইনের মতো বাংলাদেশেও প্রায় একই ঘটনা, একই অবস্থা। জনগণ বনাম সামরিক বাহিনী। নির্বাচিত জনপ্রতিনিধি বনাম সামরিক একনায়ক।

বাংলাদেশের জনগণ সজাগ ও তীক্ষ্মদৃষ্টি রেখেছে ফিলিপাইনের শেষ পরিণতির দিকে। ফিলিপাইনের উত্তাপ বাংলাদেশের জনগণের অনুভূতিতে লাগছে। এমনি মুহূর্তে শেখ হাসিনার আওয়ামী লীগের শেষ নির্বাচনী বিশাল জনসভা চলছে। হঠাৎ মঞ্চের নেতার বক্তৃতা বন্ধ করে মাইকে ঘোষণা করা হলো ফিলিপাইনের একনায়ক জেনারেল মার্কোস দেশ (ফিলিপাইন) থেকে পালিয়ে গিয়েছে। ঘোষণার সঙ্গে সঙ্গে বিদ্যুৎ গতিতে জনতা উল্লাসে ফেটে পড়লো।

মনে হলো যেন বাংলাদেশ থেকে জেনারেল এরশাদ পালিয়ে গেছে এবং শেখ হাসিনা ক্ষমতায় এসেছেন। মঞ্চের নেতারা একে অপরকে বুকে জড়িয়ে ধরে কোলাকুলি করলেন।

এ যেন পথের দিশা পাওয়া গেল। বাংলাদেশেও একই ঘটনার পুনরাবৃত্তি ঘটতে যাচ্ছে। দু'দিন পর বাংলাদেশে নির্বাচন হলো। জেনারেল এরশাদ জেনারেল মার্কোসের ন্যায় মিডিয়া ক্যু করে ফলাফল পাল্টিয়ে দিয়ে নিজের দল জাতীয় পার্টিকে বিজয়ী ঘোষণা করলো। অপর দিকে শেখ হাসিনা ঐ ফলাফল প্রত্যাখ্যান করে ফিলিপাইনের মিসেস কোরাজন একুইনোর মতো নিজেকে বিজয়ী ঘোষণা করলেন। জেনারেল এরশাদ পার্লামেন্ট অধিবেশন ডাকলো শেখ হাসিনাও পাল্টা পার্লামেন্ট অধিবেশন ডাকলেন। জেনারেল এরশাদের পার্লামেন্ট অধিবেশন শুরু হলো পার্লামেন্ট হাউজে। শেখ হাসিনার পার্লামেন্ট অধিবেশন শুরু হলো পার্লামেন্টের সিঁড়িতে। এভাবে কয়েক দিন চলতে লাগলো। একদিন সন্ধ্যার পর গুলশানের ব্যবসায়ী এস আই চৌধুরী ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে তিনটি মাইক্রোবাস নিয়ে এলেন। আগে থেকে অপেক্ষায় থাকা বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা দৌড়ে এলেন এবং এস আই চৌধুরীকে নিয়ে বঙ্গবন্ধু ভবনের লাইব্রেরীতে বসিয়ে সঙ্গে সঙ্গে তিনি বেরিয়ে এসে মাইক্রোবাস থেকে দ্রুত ছালার বস্তা গুলো আগের জায়গায় নামিয়ে রাখতে বললেন। যথারীতি বস্তাগুলো নামিয়ে নির্দিষ্ট জায়গায় রাখা হলো। এবার বস্তা হলো তেরটি। নেত্রীকে বস্তা নামানো শেষ হয়েছে জানানো হলো। নেত্রী মাইক্রোবাসের সঙ্গে আসা বঙ্গবন্ধু ভবনের বাইরে থাকা সাদা পোষাকের অস্ত্রধারী ব্যক্তিদের চা খাওয়ানোর কথা বললে এস আই চৌধুরী আপত্তি করে এখনই চলে যেতে হবে বলে বিদায় নিলেন। নেত্রী তাকে মাইক্রোবাসে তুলে দিয়ে ফিরে এলেন।

অনুমান করা গেল নির্বাচনে যাওয়ার আগে নয় বস্তায় দশ কোটি টাকা ছিল। আর এখন তের বস্তায় পনর কোটি টাকা। বাংলাদেশের জনগণের আশা, আকাঙ্খা ছিল জননেত্রী শেখ হাসিনা ফিলিপাইনের মিসেস কোরাজন একুইনোর মতো আপোষহীন থাকবেন, জনগণকে রাস্তায় বেরিয়ে আসার আহ্বান জানাবেন। জনগণ রাস্তায় বেরিয়ে আসবে, সামরিক একনায়ক এরশাদের বিরুদ্ধে আন্দোলন করবে। এরশাদ জনগণ-এর বিপক্ষে সেনাবাহিনী এবং ট্যাঙ্ক নামাবে। জনতার প্রতিরোধের মুখে সেনাবাহিনী এবং ট্যাঙ্ক অকার্যকর হবে, সামরিক স্বৈরাচার এরশাদ দেশ থেকে পালিয়ে যাবে। কিন্তু না, বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা জনতার সমস্ত আশা- আকাঙ্খা জলাঞ্জলি দিয়ে নীরবে নিঃশব্দে চুপিসারে স্বৈরাচারী জেনারেল এরশাদের পার্লামেন্টে যোগ দিলেন এবং এরশাদের পার্লামেন্টের বিরোধী দলের নেত্রী হলেন। দেশ থেকে সামরিক শাসন এবং সমর নায়ক স্বৈরাচারী এরশাদ তো গেলই না বরং '৮৬-এর নির্বাচনের পাতানো খেলায় সামরিক একনায়ক জেনারেল এরশাদ পূর্বের চাইতে আরো শক্তিশালী রূপে জগদ্দল পাথরের ন্যায় জনগণের ঘাড়ে চেপে বসলো।

## আন্দোলন আন্দোলন খেলা

স্বৈরাচারী জেনারেল এরশাদের সঙ্গে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনাকে রেখে, বেগম খালেদা জিয়া একক আন্দোলন করলে কাঙ্খিত ফল আসবে না ভেবে, মটর সাইকেল আরোহী আন্দোলনের আন্তরিকতার বিষয়ে প্রশ্ন করলে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা জবাব দেন, "আমি (শেখ হাসিনা) আছি ম্যাডামের (খালেদা জিয়া) পিছনে পিছনে। ম্যাডাম (খালেদা জিয়া) যে কর্মসূচী দেবে, আমিও (শেখ হাসিনা) সেই কর্মসূচী দেব। যাতে মনে হয় আমি (শেখ হাসিনা) ও আন্দোলনে আছি। আন্দোলন সফল করে তোলার প্রশ্নে আওয়ামী লীগ কর্মীদের

বলিষ্ঠ ভূমিকা বিষয়ে জানতে চাওয়া হলে জননেত্রী শেখ হাসিনা বলেন, আওয়ামী লীগ কর্মীদের-বলে দেবে তারা যেন আন্দোলন আন্দোলন খেলা করে, কিন্তু আন্দোলন যেন না করে। অর্থাৎ আন্দোলনের সাথে থেকে আন্দোলনের পিঠে ছুরি মারতে হবে। ম্যাডামকে (খালেদা জিয়া) ব্যর্থ করে করে ঘরে বসিয়ে দিতে হবে, আর যাতে রাজনীতির নাম না নেয়। জনগণ এবং আওয়ামী লীগের মাঠকর্মীরা এরশাদ পতনের আন্দোলনের জন্য এতই উদগ্রীব যে, আন্দোলন প্রশ্নে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার স্পষ্ট নির্দেশ থাকা সত্ত্বেও তারা (আওয়ামী লীগ কর্মীরা) আন্দোলনে বলিষ্ঠ ভূমিকা পালন করতে থাকে। যখন আওয়ামী লীগের কর্মীদের কাছে জননেত্রী শেখ হাসিনার আন্দোলন না করার গোপন নির্দেশ পৌঁছানো হলো, তখন আওয়ামী লীগ কর্মীরা সভানেত্রী শেখ হাসিনার মুখ থেকে সরাসরি এই নির্দেশ শুনতে চাইলো। কিন্তু বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার পক্ষে সরাসরি এই নির্দেশ দেওয়া সম্ভব হলো না। ফলে আন্দোলনে নেতৃত্ব দিতে থাকলেন বেগম খালেদা জিয়া আর জীবন দিতে থাকলো নূর হোসেনসহ আওয়ামী লীগ কর্মীরা।

## ছিয়াশির পার্লামেন্ট ভেঙ্গে দেওয়া

১৯৮৭ সালের ১০ই নভেম্বর ঢাকায় আওয়ামী যুবলীগ কর্মী নূর হোসেন বুকে "স্বৈরাচার নিপাত যাক, আর পিঠে গণতন্ত্র মুক্তি পাক" লিখে বিক্ষোভ মিছিল করার সময় পুলিশের গুলিতে নিহত হলে দেশী এবং বিদেশী বিশেষ করে বহির্বিশ্বের প্রচার মাধ্যমে তা ফলাও করে প্রচার করে। ফলে সামরিক একনায়ক হোসাইন মোহাম্মদ এরশাদ খুবই অসন্তুষ্ট এবং রাগান্বিত হন। আওয়ামী লীগের কর্মীদের আন্দোলনে বলিষ্ঠ ভূমিকা থাকায় এরশাদ মনে করেন (ভুল বোঝেন) যে, শেখ হাসিনা তলে তলে কর্মীদের তার (এরশাদ) বিরুদ্ধে লেলিয়ে দিয়েছেন। তিনি (এরশাদ) এই বলে মন্তব্য করেন যে, আমার খাবে আমার পরবে, আবার আমার সাথে গাদ্দারী। শেখ হাসিনা গাদ্দারী করবে, আমার সাথে বেঈমানী করবে নাফরমানী করবে! আমিই (এরশাদ) শেখ হাসিনাকে বিরোধী দলীয় নেত্রী বানিয়ে মন্ত্রীর মর্যাদা দিয়েছি; মন্ত্রীর চাইতে বেশি সুযোগ-সুবিধা দিচ্ছি। দেশ চালনা থেকে শুরু করে সব কিছুতেই ভাগাভাগি করছি। আর তলে তলে আমার (এরশাদ) সাথে গাদ্দারী, নাফরমানী। আমি (এরশাদ) আর শেখ হাসিনাকে কোন ভাগ দেব না, বিরোধী দলের নেত্রীও রাখবো না। জননেত্রী বঙ্গবন্ধু কন্যা বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা ব্যবসায়ী এস আই চৌধুরী এবং ডি জি ডি এফ আই মাহামুদুল হাসানের মাধ্যমে এরশাদকে আন্দোলনে তার (শেখ হাসিনার) অনাগ্রহ, অনিচ্ছা এবং আন্দোলনের নামে আন্দোলনের সাথে সম্পৃক্ত থেকে পিছন থেকে ছুরি মেরে আন্দোলনকে ভন্ডুল করে দেওয়ার বিষয়টা অনেক বোঝাবার চেষ্টা করেছেন। কিন্তু এরশাদ নাছোড়বান্দা। তার এক কথা, আন্দোলনের নামে পিছন থেকে আন্দোলনকে ছুরি মারতে হবে না। আন্দোলনের বিরুদ্ধে আমাকে (এরশাদকে) প্রকাশ্যে সরাসরি সমর্থন দিতে হবে। নইলে আমি (এরশাদ) পার্লামেন্টও রাখব না, শেখ হাসিনাকেও বিরোধী দলীয় নেত্রী রাখবো না। বিরোধী দলীয় নেত্রী থাকতে হলে এবং মন্ত্রীর মর্যাদাসহ অন্যান্য সকল প্রকার সুযোগ-সুবিধা পেতে হলে আমাকে (এরশাদ) কোন প্রকার রাখঢাক না করে ঢালাওভাবে সমর্থন করতে হবে।
শেখ হাসিনা কৌশলগত কারণে প্রকাশ্যে সরাসরি ঢালাওভাবে জেনারেল এরশাদকে সমর্থন করতে অক্ষমতা প্রকাশ করলে অবশেষে এরশাদ ১৯৮৮ সালে মাত্র দুই বছর আগে গড়া তার (এরশাদের) নীলনক্সার পার্লামেন্ট ভেঙ্গে দেয় এবং নতুন করে দ্বিতীয়বার তার (এরশাদ)



নীলনক্সার পার্লামেন্ট নির্বাচন দিয়ে জাসদের আ স ম রব (বর্তমানে শেখ হাসিনার মন্ত্রী) কে পার্লামেন্টে বিরোধী দলের নেতা বানান।

## এরশাদ পতন ও তত্ত্বাবধায়ক সরকার

জনতা স্বৈরাচারী এরশাদ বিরোধী আন্দোলনে সর্বোচ্চ ত্যাগ স্বীকারে প্রস্তুত হয় এবং বেগম জিয়া ভেতরে ভেতরে জনতার মাঝে আপোষহীন নেত্রী রূপে প্রতিষ্ঠিত হন। অবস্থা বেগতিক দেখে শেখ হাসিনার বেগম খালেদা জিয়ার আন্দোলনের সাথে পুরোপুরি সম্পৃক্ত হওয়া ছাড়া কোন গত্যান্তর থাকে না। আগে থেকেই আওয়ামী লীগের মাঠকর্মীরা এরশাদ হঠাও আন্দোলনে তাদের বলিষ্ঠ ভূমিকা বজায় রেখেছে। এখন শেখ হাসিনা বাধ্য হয়ে আন্দোলনে আসায় আন্দোলন আরো বেগবান হয়েছে।
জননেত্রী শেখ হাসিনা এবং দেশনেত্রী খালেদা জিয়া দুই নেত্রীর আন্দোলন প্রসঙ্গে বৈঠক হলো। আন্দোলন আরো তুঙ্গে উঠলো। দুর্বার গণ আন্দোলন চলতে থাকলো। স্বৈরাচার সামরিক একনায়ক জেনারেল এরশাদ কার্ফু জারি করলো, সেনাবাহিনীকে জনগণের বিপক্ষে রাস্তায় নামালো। কিন্তু জনগণকে দমানো গেল না। জনগণ ইস্পাতদৃঢ় ঐক্য গড়ে জেনারেল এরশাদের কার্ফু ভাঙ্গলো, সেনাবাহিনীর সাথে সংঘর্ষ শুরু করলো। সারা দেশে স্ফুলিঙ্গের মতো আন্দোলনের আগুন ছড়িয়ে পড়লো-ছাত্র যুবক আর জনতার আন্দোলনের মুখে বিশ্ব বেহায়া স্বৈরাচারী এরশাদের সকল কূটকৌশল আর শক্তি পরাস্ত হতে থাকলো।
জেনারেল এরশাদ ছাত্রনেতাদের ক্রয় করার জন্য শত কোটি টাকা খরচ করলো এবং জেলখানা থেকে দাগী অপরাধীদের ছাড়িয়ে এনে কোটি কোটি টাকা আর অস্ত্র দিয়ে আন্দোলন দমানোর ব্যবস্থা করলো। এই দাগী অপরাধীরাই ১৯৯০ সালের ২৭শে নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় লাইব্রেরীর পূর্ব দক্ষিণ কোণায় দূর থেকে গুলি করে ডাঃ মিলনকে হত্যা করলো। ডাঃ মিলন নিহত হওয়ার সঙ্গে সঙ্গে ছাত্র-জনতার আন্দোলন দাবানলের রূপ নিল। আন্দোলন নতুন মোড় নিল। ঠিক যেমন ১৯৬৯-এ আসাদ হত্যার পর হয়েছিল। অনির্দিষ্টকালের হরতাল ও কার্ফুতে দেশের সমস্ত কিছু অচল। চলছিল শুধু পিকেটিং, মিছিল, টিয়ার গ্যাস আর গুলি।

## এরশাদ পতন সেনাবাহিনীর ভূমিকা

সেনাবাহিনীর উচ্চপদস্থ অফিসারগণ সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল নূরুদ্দিন খানকে (বর্তমানে শেখ হাসিনার সরকারের মন্ত্রী) সেনাবাহিনীর উচ্চপদস্থ অফিসারদের একটি গোপন বৈঠক করতে বাধ্য করলো এবং সেই বৈঠকে প্রেসিডেন্ট জেনারেল এরশাদকে আর সমর্থন না করার সিদ্ধান্ত হয়। সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল নূরুদ্দিন খানকে বৈঠকের এই সিদ্ধান্ত প্রেসিডেন্ট এরশাদকে জানিয়ে দেওয়ার দায়িত্ব দিলে তিনি (সেনাপ্রধান নূরুদ্দিন খান) এই দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করলে নবম ডিভিশনের (সাভার ক্যান্টনমেন্টের) জি ও সি মেজর জেনারেল আব্দুল সালাম (বর্তমানে আওয়ামী লীগের এম পি রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান) বৈঠকের এই সিদ্ধান্ত প্রেসিডেন্ট এরশাদকে জানিয়ে দেওয়ার দায়িত্ব নেন এবং বৈঠক থেকে সোজা ঢাকা সেনাভবনে গিয়ে প্রেসিডেন্ট এরশাদকে সেনাবাহিনীর উচ্চপদস্থ অফিসারদের বৈঠকে তাকে (এরশাদকে) আর সমর্থন না করার সিদ্ধান্তের কথা স্পষ্ট জানিয়ে দেন।

তখন স্বৈরাচারী হোসেন মোহাম্মদ এরশাদ সম্পূর্ণ হতবিহ্বল হয়ে পড়ে এবং তারপরই পদত্যাগ করার সিদ্ধান্ত নেয়। এই পদত্যাগের সিদ্ধান্ত কার্যকরী করার জন্য প্রথম উপ-রাষ্ট্রপতি মওদুদ আহমেদ পদত্যাগ করেন এবং সুপ্রীমকোর্টের প্রধান বিচারপতি সাহাবুদ্দীন আহমেদ উপ-রাষ্ট্রপতি হন। তারপর রাষ্ট্রপতি জেনারেল এরশাদ উপ-রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমেদের কাছে পদত্যাগ করলে উপ-রাষ্ট্রপতি সাহাবুদ্দিন আহম্মেদ অস্থায়ী রাষ্ট্রপতি হন এবং তাঁর নেতৃত্বে তত্ত্বাবধায়ক সরকার গঠন করে ১৯৯১ সালের ২৭শে ফেব্রুয়ারী জাতীয় সংসদের নির্বাচন দেন। বাংলাদেশের ইতিহাসে এই প্রথম দেশের সবক'টি রাজনৈতিক দল স্বাধীন, মুক্ত এবং স্বেচ্ছায় স্বতঃস্ফূর্তভাবে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমেদ-এর নেতৃত্বে গঠিত তত্ত্বাবধায়ক সরকারের অধীনে জাতীয় সংসদ নির্বাচনে অংশ গ্রহণ করে। নির্বাচনী প্রক্রিয়া দ্রুত এবং জোরদারভাবে এগিয়ে চলছে। নির্বাচনে অংশগ্রহণকারী সকল দল প্রার্থী মনোনয়ন চূড়ান্ত করেছে। দেশের জনগণও এই প্রথম মুক্ত স্বাধীন এবং নিরপেক্ষভাবে আমার ভোট আমি দেব যাকে খুশি তাকে দেয়ার দৃঢ় মনোভাব নিয়ে আগামী ২৭শে ফেব্রুয়ারী ১৯৯১ সাল ভোট দেবার স্বতঃস্ফূর্ত সিদ্ধান্ত নেয়। সারা দেশে চলে ব্যাপক নির্বাচনী প্রচারাভিযান। পোস্টার আর দেয়াল লিখনে ভরে গেছে সমস্ত জায়গা। দিবা-রাত্রি চলছে মিছিল-মিটিং। আওয়ামী লীগ এবং বিএনপি মূলত এই দু'টি দলের মধ্যে তীব্র নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতা হবে। বিএনপি ও আওয়ামী লীগ এই দু'টি দলের কোথায় কে জেতে কে হারে বলা কঠিন। এরই মধ্যে এক সাংবাদিক সম্মেলনে জননেত্রী বঙ্গবন্ধু কন্যা আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বললেন, বিএনপি দশটির বেশি সিট পাবে না। অর্থাৎ বিএনপি তিনশ' (৩০০) আসনের মধ্যে দশটি (১০) আসনে বিজয়ী হবে এবং দুশ' নব্বই (২৯০) আসনে পরাজিত হবে।
স্কুল-কলেজ, অফিস-আদালত, ঘরে-বাইরে, মাঠে-ঘাটে সর্বত্র নির্বাচনী আলোচনা আর প্রচারণা। এক কথায় নির্বাচনী প্রচারণা এখন তুঙ্গে। আজ ১০ই ফেব্রুয়ারী। ধানমণ্ডি বঙ্গবন্ধু ভবনের একটি কক্ষে রুদ্ধদ্বার বৈঠক বসলো। সামনের ২৭শে ফেব্রুয়ারী নির্বাচন। এই নির্বাচন উপলক্ষেই আজকের বৈঠক। এই বৈঠকের আলোচনায় মটর সাইকেল আরোহী যুক্তি দিয়ে বুঝিয়ে বলল, আওয়ামী লীগ ক্ষমতায় যাবে না। আগামী ২৭শে ফেব্রুয়ারীর নির্বাচনে আওয়ামী লীগ পরাজিত হবে এবং জননেত্রী বঙ্গবন্ধু কন্য শেখ হাসিনা ঢাকার দু'টি আসনেই পরাজিত হবেন।
বৈঠকে উপস্থিত রবিউল আলম চৌধুরী (বর্তমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পি এস মোক্তাদির চৌধুরী) ক্ষিপ্ত হয়ে বললেন, মিয়া আওয়ামী লীগ ক্ষমতায় যাবে না মানে কি? আওয়ামী লীগ তো ক্ষমতায় যেয়েই আছে। ঐ যে পাশের ঘরে বসে আছে হোম সেক্রেটারী, সংস্থাপন সচিব, পররাষ্ট্র সচিব। অন্য পাশের ঘরে বসে আছে পুলিশের আই জি। একটু আগে এসেছিল সেনাবাহিনী প্রধান জেনারেল নূরুদ্দিন খান। তারপরও বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় যাবে না! শেখ হাসিনা প্রধানমন্ত্রী হবে না।
মটর সাইকেল আরোহী বলে সেক্রেটারীরা (সচিবগণ) যতই বসে থাকুক, পুলিশ প্রধান, সেনাপ্রধান যতই সালাম দিয়ে যাক ২৭শে ফেব্রুয়ারী নির্বাচনে জিতে আওয়ামী লীগের ক্ষমতায় যাওয়ার সম্ভাবনা খুবই কম।
এই কথা বলার সঙ্গে সঙ্গে বৈঠকে উপস্থিত জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ক্রুদ্ধস্বরে বলেন, তুমি এখনই বের হয়ে যাও, আর আসবে না।
বের হয়ে যেতে যেতে মটর সাইকেল আরোহী বলে নেত্রী, আপনি বের করে দিলে আমি



বেরিয়ে যেতে বাধ্য, তবে যা বললাম আর ক'দিন পরেই তা আপনি বুঝবেন।
১৯৯১-এর ২৭শে ফেব্রুয়ারী শুধু বাংলাদেশের নির্বাচনী ইতিহাসে নয়, উপ-মহাদেশের নির্বাচনী ইতিহাসে এক নজিরবিহীন দৃষ্টান্ত স্থাপন করে নর-নারী নির্বিশেষে জনগণ হাসতে হাসতে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করলো। ভোট গণনায় দেখা গেল আওয়ামী লীগ পরাজিত হলো। ঢাকার দুই আসনেই জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বিপুল ভোটে ব্যক্তিগতভাবে পরাজিত হলেন। বেগম খালেদা জিয়া ও তার বিএনপি নির্বাচনে বিজয়ী হলেন। জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা নির্বাচনী ফলাফল প্রত্যাখ্যান করে বললেন, ভোটে সূক্ষ্ম কারচুপি হয়েছে, আর সূক্ষ্ম কারচুপির মাধ্যমেই আমাকে পরাজিত করা হয়েছে। আমি এই ফলাফল মানি না এবং বেগম জিয়া সরকার গঠন করলে আমি এক মিনিটও খালেদা জিয়াকে সুস্থ থাকতে দেব না।

## পদত্যাগ নাটক

হঠাৎ জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা সাংবাদিকদের কাছে ঘোষণা করলেন তিনি (শেখ হাসিনা) আওয়ামী লীগের সভানেত্রীর পদ থেকে পদত্যাগ করেছেন। সংশ্লিষ্ট সকল মহলে এই পদত্যাগের ঘটনা আলোড়ন সৃষ্টি করলো। আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির নেতারা তো হতবাক! হতবাক কেন্দ্রীয় অফিস নির্বাহীরা। বলা নেই, কওয়া নেই, দলের সভানেত্রী শেখ হাসিনা ঘোষণা করলেন, তিনি পদত্যাগ করেছেন। কিন্তু তিনি (শেখ হাসিনা) পদত্যাগ করলেন কার কাছে? কোথায় তার (শেখ হাসিনা) পদত্যাগপত্র? দলের কেন্দ্রীয় কার্যালয়ে কোন কেন্দ্রীয় নির্বাহীর কাছে সভানেত্রীর পদত্যাগপত্র নেই। কেন্দ্রীয় নির্বাহী কমিটির মিটিং-এ ও তিনি পদত্যাগ করলেন না। তাহলে তিনি পদত্যাগ করলেন কোথায় এবং কার কাছে? তিনি পদত্যাগ করেছেন বলে সাংবাদিকদের কাছে ঘোষণাই বা করলেন কিভাবে? সভানেত্রী শেখ হাসিনার এই পদত্যাগের বিষয় নিয়ে দলের ভেতরে ও বাইরে চলছে জল্পনা-কল্পনা। কেউ বলছেন না তিনি (শেখ হাসিনা) পদত্যাগ করেননি। কেউ বলছেন, না তিনি (শেখ হাসিনা) স্বয়ং পদত্যাগ করেছেন বলে ঘোষণা দিয়েছেন।
এদিকে বঙ্গবন্ধু কন্যা সভানেত্রী শেখ হাসিনা তার পদত্যাগ প্রত্যাহার করার দাবীতে ছাত্রলীগ ও যুবলীগ কর্মীদের ব্যাপক মিছিল-মিটিং এবং আমরণ অনশন করার নির্দেশ দেন। কিন্তু জননেত্রী বঙ্গবন্ধু কন্যা সভানেত্রী শেখ হাসিনার এই নির্দেশে যুবলীগ-ছাত্রলীগের কর্মীরা তেমন সাড়া না দিলে এবং পত্র-পত্রিকা পদত্যাগ নাটক নিয়ে হই চই শুরু করলে, দলের সভানেত্রী শেখ হাসিনা দলের সাধারণ সম্পাদিকা সাজেদা চৌধুরীকে (বর্তমানে শেখ হাসিনার মন্ত্রীসভার বন ও পরিবেশ মন্ত্রী) সভানেত্রীর পদত্যাগপত্র ছিঁড়ে ফেলেছেন বলে ঘোষণা দেওয়ার জন্য যারপরনাই অনুরোধ করেন। এই অনুরোধের পরিপ্রেক্ষিতে সাজেদা চৌধুরী সভানেত্রী শেখ হাসিনা তার (সাজেদা চৌধুরী) কাছে পদত্যাগপত্র দিলে তিনি তা ছিঁড়ে ফেলেছেন বলে ঘোষণা দেন এবং পদত্যাগ নাটকের অবসান ঘটান।
মটর সাইকেল আরোহী পুনরায় ফিরে এলে জননেত্রী বঙ্গবন্ধু কন্যা বিরোধী দলীয় নেত্রী সাদর সম্ভাষণ জানিয়ে তার (শেখ হাসিনার) ব্যক্তিগত পরামর্শকের দায়িত্ব ও মর্যাদা পুনরায় ফিরিয়ে দেন। মটর সাইকেল আরোহী জননেত্রী বঙ্গবন্ধু কন্যা বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনাকে সদ্য সমাপ্ত নির্বাচন সম্পর্কে এবং নতুন সরকার সম্পর্কে আর কোন কঠোর উক্তি না করে ধৈর্য ধরে অপেক্ষা করার পরামর্শ দেন।

## টাকার বিনিময়ে রাষ্ট্রপতি প্রার্থী

রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের স্থলে নতুন রাষ্ট্রপতি নির্বাচনের সময় বিরোধী দলীয় নেত্রী জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা হাজী মকবুল হোসেন (বর্তমানে আওয়ামী লীগের ধানমণ্ডি-মোহাম্মদপুর থানার এম পি এবং মোহাম্মদপুর থানা আওয়ামী লীগের সভাপতি) কে তিরিশ (৩০) লক্ষ টাকার বিনিময়ে আওয়ামী লীগের পক্ষ থেকে রাষ্ট্রপ্রতি পদপ্রার্থী করেন। অন্যদিকে এরশাদ এবং তার দল জাতীয় পার্টি সমর্থন নিয়ে সুপ্রীমকোর্টের সাবেক প্রধান বিচারপতি বদরুল হায়দার চৌধুরী রাষ্ট্রপতি প্রার্থী হন। বিরোধী দলীয় নেত্রী জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা হাজী মকবুলকে রাষ্ট্রপতি প্রার্থী করে রাখলে তার (শেখ হাসিনার) এবং তার দল আওয়ামী লীগের ভাবমূর্তি ক্ষুন্ন হবে; ঐতিহ্য নষ্ট হবে ইত্যাদি বুঝিয়ে সাবেক প্রধান বিচারপতি বদরুল হায়দার চৌধুরীকে সম্মিলিত বিরোধী দলীয় প্রার্থী করার পরামর্শ দিলে এক পর্যায়ে তিনি (শেখ হাসিনা) রাজি হন এবং বিচারপতি বদরুল হায়দার চৌধুরীকে ধানমণ্ডি বত্রিশ নম্বর বঙ্গবন্ধু ভবনে ডেকে এনে আলাপ-আলোচনা শেষে, জননেত্রী বিরোধী দলীয় নেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বিচারপতি বদরুল হায়দার চৌধুরীকে জামাতে ইসলামী বাংলাদেশ আমীর যুদ্ধাপরাধী '৭১-এর ঘাতক অধ্যাপক গোলাম আযমের সঙ্গে দেখা করে দোয়া নিয়ে আসার জন্য বলেন।

এদিকে হাজী মকবুল হোসেনকে রাষ্ট্রপতি প্রার্থিতা প্রত্যাহার করার জন্য বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা নির্দেশ দিলেও হাজী মকবুল প্রার্থিতা প্রত্যাহার করতে গড়িমসি শুরু করে। এক পর্যায়ে হাজী মকবুল হোসেন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে দেওয়া তার তিরিশ লক্ষ টাকা ফেরত না পেলে রাষ্ট্রপতি প্রার্থিতা প্রত্যাহার করতে অস্বীকৃতি জানায়।

তখন জননেত্রী বিরোধী দলীয় নেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ধানমণ্ডি বত্রিশ নম্বরে বঙ্গবন্ধু ভবনে লোক দিয়ে হাজী মকবুল হোসেনকে ডেকে (প্রায় ধরে এনে) এনে প্রথমে ধমকে জিজ্ঞেস করেন তার (মকবুল) মতো লোকের পক্ষে আওয়ামী লীগের রাষ্ট্রপতি প্রার্থী হওয়া সাজে কি না? তারপর বলেন, আমি (শেখ হাসিনা) আপনার মতো লোককে আওয়ামী লীগের রাষ্ট্রপতি প্রার্থী করে বিরল সম্মান ও মর্যাদার অধিকারী করেছি। এটা কি আপনার জন্য যথেষ্ট নয়? তাছাড়া নির্বাচনে তো জিতবেন না। রাষ্ট্রপতি তো হতেই পারবেন না। এখন সম্মানের সাথে চুপচাপে বসে পড়েন।

হাজী মকবুল আমতা আমতা করতে থাকলো বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বলেন, আপনি যা করেছেন, যা দিয়েছেন ভবিষ্যতে আমি তা মনে রাখবো এবং পুষিয়ে দেব। এই নিয়ে আর উচ্চবাচ্য করে ভবিষ্যত খোয়াবেন না। নিঃশব্দে পদত্যাগ করে আমার প্রতি আনুগত্য দেখান। অতঃপর আওয়ামী লীগের রাষ্ট্রপতি প্রার্থী মকবুল হোসেন ভবিষ্যতে আশায় প্রার্থিতা প্রত্যাহার করে জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার প্রতি আনুগত্য প্রকাশ করে।

## জাহানারা ইমাম ও শেখ হাসিনা

বেগম খালেদা জিয়া বাংলাদেশের প্রধানমন্ত্রী এবং শেখ হাসিনা বিরোধী দলীয় নেত্রী। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এবং বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার মাঝে সহযোগিতা সম্প্রীতি দূরের কথা বরং বৈরিতা এবং হিংসা আগের চেয়ে আরো তীব্র হলো।

এই সুযোগে স্বাধীনতা বিরোধী মৌলবাদী রাজনৈতিক দল জামাতে ইসলামী তাদের নেপথ্যের মূল নেতা যুদ্ধাপরাধী ঘাতক গোলাম আযমকে জামাতে ইসলামীর আমীর (প্রধান) বানায়।



এর প্রতিবাদে এবং যুদ্ধাপরাধী ঘাতক গোলাম আযমসহ সকল যুদ্ধাপরাধীর বিচারে দাবীতে ১৯৯২ সালের ১১ই ফেব্রুয়ারী শহীদ জননী জাহানারা ইমাম মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন ও '৭১-এর ঘাতক দালাল নির্মূল জাতীয় সমন্বয় কমিটির নামে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী একটি নতুন সংগঠন গড়ে তোলেন এবং আন্দোলন শুরু করেন।

শহীদ জননী জাহানারা ইমামের নেতৃত্বে গড়ে ওঠা এই নতুন সংগঠনের আন্দোলন কর্মসূচীতে জনগণ ব্যাপক সাড়া দিলো। নতুন প্রজন্ম শহীদ জননী জাহানারা ইমামের নেতৃত্ব ও কর্মসূচীতে দারুণ উৎসাহ ও আস্থা নিয়ে অংশগ্রহণ করতে থাকলে বঙ্গবন্ধু কন্যা বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা অস্থির ও উত্তেজিত হয়ে ওঠেন। তিনি (শেখ হাসিনা) কেবলই বলতে থাকেন জাহানারা ইমাম নতুন দোকান খুলেছে। নতুন ব্যবসা ধরেছে, নেত্রী হতে চায়, জননেত্রী হতে চায়। ব্যবসার জায়গা পায় না, মুক্তিযুদ্ধের নাম নিয়ে ব্যবসা শুরু করেছে।

মটর সাইকেল আরোহী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে বলে, নেত্রী একি বলেছেন আপনি? সমগ্র জাতি জানে জাহানারা ইমাম শহীদ জননী। '৭১-এর মুক্তিযুদ্ধে তাঁর (জাহানারা ইমাম) ছেলে রুমি শহীদ হয়েছে। তিনি শহীদ জননী। আর আপনি একি বলছেন?

বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা উত্তেজিত হয়ে বলেন, রাখো তোমার শহীদ জননী! ও কিসের শহীদ জননী! ওর ছেলে রুমি লুটপাট করতে যেয়ে নিজেদের গুলিতেই মারা গেছে। ওর স্বামী '৭১ সালে যুদ্ধের সময় আর্মিদের সাপ্লাই করতো।

মটর সাইকেল আরোহী বলে, একি বলছেন নেত্রী! এসব কথা জনসমক্ষে বললে হিতে বিপরীত হবে। বঙ্গবন্ধু কন্যা বলেন, এই জন্যই তো দমবন্ধ করে চুপ করে আছি এবং তোমাদের বলে রাখছি, তোমরা এগুলো বাইরে বলবে। ওরা (জাহানারা ইমাম) ধানমণ্ডি বত্রিশের রাস্তায় ঢুকতেই ডান দিকের কোণায় প্রথম ২য় তলা বাড়িতে থাকতো। আমাদের বাড়ির (ধানমণ্ডি বত্রিশের বঙ্গবন্ধু ভবনের) পূর্ব দিকে প্রথম বাড়িটায় থাকতো। জাহানারা ইমামদেরও পাকিস্তানী আর্মিরা পাহারা দিয়ে রাখতো। জাহানারা ইমামের জামাই (স্বামী) পাকিস্তানী আর্মিদের সাপ্লাই করতো। ঐ সময় প্রচুর টাকা-পয়সা কামিয়েছে এরা। আর এখন এসেছে মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন করতে। আসলে এ (জাহানারা ইমাম) এসেছে আমার নেতৃত্ব দখল করতে। আমি নির্বাচনে হেরেছি এই সুযোগে তলে তলে খালেদা জিয়ার সাথে লাইন করে জননেত্রী হওয়ার পরিকল্পনায় আছে জাহানারা ইমাম। আর তাই গোলাম আযমের বিচার, যুদ্ধাপরাধীদের বিচার, মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন ইত্যাদি নানা কথার আড়ালে নেত্রী হওয়ার খায়েশে আছে। তোমরা এর থেকে সাবধান থাকবে এবং আমাদের সকল কর্মীদের সাবধান রাখবে। কেউ যেন জাহানারা ইমামের খপ্পরে না পড়ে।

মটর সাইকেল আরোহীর প্রশ্ন, নেত্রী (শেখ হাসিনা) আপনি কি জাহানারা ইমামের ঘাতক, দালাল নির্মূল কমিটির কর্মসূচীতে যাবেন না?

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা জবাব দেন, সে আমি যাই বা না যাই তোমরা যাবে না। আর আওয়ামী লীগের কোন কর্মীকে যেতে দেবে না। বোঝা না, আমার তো ইচ্ছে না থাকলেও অনেক জায়গায় যেতে হয়। জাহানারা ইমামের মুক্তিযুদ্ধের নামে দেওয়া কর্মসূচীতে হয়তো আমি (শেখ হাসিনা) কৌশলগত কারণে যাব। কিন্তু তোমরা যাবে না।

## গোলাম আযম ও শেখ হাসিনা বৈঠক

শহীদ জননী জাহানারা ইমাম মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন ও '৭১-এর ঘাতক দালাল নির্মূল

জাতীয় সমন্বয় কমিটির আহ্বায়িকা হিসেবে ঘাতক গোলাম আযমসহ যুদ্ধাপরাধীদের বিচারের জন্য গণআদালত গঠন করেন।

১৯৯২ সালের ২৬শে মার্চ স্বাধীনতা দিবসে শহীদ জননী জাহানারা ইমামের সভাপতিত্বে গণ-আদালত ঘাতক যুদ্ধাপরাধী গোলাম আযমকে ১০টি অভিযোগে ফাঁসির রায় দেয়। গণ-আদালতের দেওয়া গোলাম আযমের ফাঁসির এই রায় কার্যকরী করার জন্য শহীদ জননী জাহানারা ইমাম সরকারের কাছে আহ্বান জানালে এবং গণ-আদালতে এই রায় কার্যকর করার দাবীতে আন্দোলনের কর্মসূচী দিলে যুদ্ধাপরাধী ঘাতক গোলাম আযম শেখ হেলাল উদ্দিন (বঙ্গবন্ধু শেখ মুজিবের একমাত্র আপন ভাই শেখ নাসেরের বড় ছেলে, শেখ হাসিনার আপন চাচাতো ভাই। বর্তমানে বাগের হাটের মোল্লার হাট ও ফকিরের হাট নির্বাচনী এলাকায় আওয়ামী লীগের এমপি) এর ইন্দিরা রোডের বাসায় বিরোধী দলীয় নেত্রী জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সাথে গোপন বৈঠকে বসে।

এই বৈঠকের সিদ্ধান্ত হয় ঘাতক গোলাম আযম ও তার দল জামাতে ইসলামী (জামাত) আর বিএনপি লেজুরবৃত্তি না করে শেখ হাসিনা ও আওয়ামী লীগকে সর্বতোভাবে সমর্থন ও সাহায্য সহযোগিতা করবে এবং শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগের সাথে মিলে খালেদা জিয়া ও বিএনপি সরকার পতনের আন্দোলন করবে। বিনিময়ে জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা যুদ্ধাপরাধী ঘাতক গোলাম আযমের ফাঁসি কার্যকর করার দাবীতে শহীদ জননী জাহানারা ইমামের নেতৃত্বে গড়ে ওঠা গণ-আন্দোলন এবং গণ আদালত নস্যাৎ ও বানচাল করার দায়িত্ব নেন। সেই থেকে ঘাতক গোলাম আযম আর বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার মাঝে গড়ে ওঠে গোপন নিবিড় ঐক্য ও সম্পর্ক।

## ১৯৯২-এর হিন্দু-মুসলিম রায়ট

১৯৯২ সালের ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহ। বাংলাদেশের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সার্কের চেয়ারম্যান। সার্কভুক্ত সাতটি রাষ্ট্রের শীর্ষ সম্মেলন ঢাকায়। সাত জাতির শীর্ষ সম্মেলনের দিন-ক্ষণ-স্থান নির্ধারণ করা হয়েছে। সার্কের চেয়ারপার্সন হিসেবে বেগম খালেদা জিয়া শীর্ষ সম্মেলন উদ্বোধন করবেন। শীর্ষ সম্মেলন উপলক্ষে কোন কোন রাষ্ট্রের সরকার প্রধানগণ আসতেও শুরু করেছে। ভারতের প্রধানমন্ত্রী নরসীমা রাও এখনও ঢাকায় পৌঁছাননি। এরই মধ্যে ভারতে বাবরী মসজিদকে কেন্দ্র করে সাম্প্রদায়িক দাঙ্গা বা হিন্দু-মুসলিম রায়ট শুরু হলো। সঙ্গে সঙ্গে বিরোধী দলীয় নেত্রী আওয়ামী লীগ সভানেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা জরুরী ভিত্তিতে মটর সাইকেল আরোহীকে ডাকলেন। মটর সাইকেল আরোহী ২৯নং মিন্টু রোডে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার বাসায় উপস্থিত হলে বাবুর্চি বিরেস দৌড়ে এসে খবর দেয় যে, আম্মা (শেখ হাসিনা) আপনাকে এখনই ধানমণ্ডি বত্রিশে বঙ্গবন্ধু ভবনে যেতে বলেছেন।

মটর সাইকেল আরোহী বত্রিশে পৌঁছলে সঙ্গে সঙ্গে জননেত্রী শেখ হাসিনা তাকে বঙ্গবন্ধু ভবনের লাইব্রেরী রুমে ডেকে বলেন, সারা দেশে হিন্দু-মুসলিম রায়ট (সাম্প্রদায়িক দাঙ্গা) লাগিয়ে দাও।

মটর সাইকেল আরোহী বলে, এটা ঠিক হবে না।

নেত্রী বলেন, ঠিক-বেঠিক তোমার ভাবতে হবে না, রায়ট লাগাতে বলেছি, তুমি লাগাও।



মটর সাইকেল আরোহী বলে, আপনি এটা বলেন কি? আমি আরো রাত-দিন পরিশ্রম করে পাড়ায়-মহল্লায় যুবকদের সর্তক করে রেখেছি যাতে করে হিন্দুদের উপর কোন প্রকার আক্রমণ না হয়। আর আপনি বলছেন রায়ট লাগিয়ে দিতে।

নেত্রী বলেন, হ্যাঁ আমি বলছি, তুমি রায়ট লাগাও।

মটর সাইকেল আরোহী বলেন, না নেত্রী, এটা নীতিবিরুদ্ধ কাজ।

নেত্রী রাগান্বিত হয়ে বলেন, রাখ তোমার নীতি-ফিতি। আমি যা বলছি তাই করো। আমি তোমার নেত্রী না তুমি আমার নেতা? আমাকে যদি নেত্রী মানো তাহলে আমি যা বলবো তাই করতে হবে।

মটর সাইকেল আরোহী বলেন, আপনিই তো আমাদের নেত্রী, আপনি যা বলবেন তাই তো শিরোধার্য। তবে হিন্দুদের উপর আক্রমণ করলে হিন্দুরা আর এদেশে থাকবে না। সবাই চলে যাবে। আর এই হিন্দুরা তো আমাদেরই লোক। আমাদেরই রিজার্ভ ভোটার।

নেত্রী বলেন, রাখ, যাবে কোথায়? যাবার জায়গা নেই। তুমি রায়ট লাগাও।

মটর সাইকেল আরোহী বলে, হিন্দুরা ভারতে চলে গেলে ভারত থেকে যে মুসলমান আসবে সে মুসলমানের সবাই হবে ধানের শীষ, মানে বিএনপি। এটা কি ভেবে দেখেছেন নেত্রী?

নেত্রী বলেন, আরে বোকা, সার্ক সম্মেলন পণ্ড করতে হবে না! কয়েক দিন পরেই সার্ক সম্মেলন। খালেদা জিয়া সার্ক সম্মেলন উদ্বোধন করবে। ইন্ডিয়ার প্রাইম মিনিস্টার নরসীমা রাও এখনও আসে নি। এই-ই সুযোগে, এখনই রায়ট লাগিয়ে দিলে সার্ক সম্মেলন পণ্ড হয়ে যাবে। তাছাড়া জাহানারা ইমাম যেভাবে জনপ্রিয় হয়ে উঠছে তাকেও তো সাইজ করতে হবে। জাহানারা ইমাম আমার নেতৃত্বের প্রতি হুমকি। যেভাবে সে দিনকে দিন মুক্তিযুদ্ধের ধারক-বাহক হয়ে যাচ্ছে তা ভয়ের ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। তাঁকে (জাহানারা ইমাম) আর ছাড় দেওয়া যায় না, এই সুযোগ। এই সুযোগেই জাহানারা ইমামকে জনগণ থেকে বিচ্ছিন্ন করে ফেলতে হবে। এক ঢিলে দুই পাখি। সার্ক সম্মেলন পণ্ড, জাহানারা ইমাম সাইজ। তুমি রায়ট লাগাও। হিন্দুদের উপর হামলা কর। এদেশের সকল হিন্দুরাই এখন জাহানারা ইমামের পিছনে চলে গেছে।

ঢাকায় রায়ট বা হিন্দু-মুসলমান দাঙ্গা লাগানোর দায়িত্ব দেওয়া হলো মটর সাইকেল আরোহীকে এবং সিদ্ধান্ত হল ২৯ মিন্টু রোড বিরোধী দলের নেত্রীর বাসার এবং ধানমণ্ডি বত্রিশ নম্বরে বঙ্গবন্ধু ভবনের টেলিফোন ব্যবহার না করে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার চাচাতো চাচা বঙ্গবন্ধু ট্রাস্টের মহাসচিব শেখ হাফিজুর রহমানের বাসার টেলিফোন থেকে ঢাকার বাইরের জেলাগুলোকে হিন্দু-মুসলমান রায়ট লাগানোর নির্দেশ দেওয়া হবে। খালেদা জিয়া সরকার যাতে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা কর্তৃক রায়ট লাগানোর পরিকল্পনা টের না পায় সে জন্য এই সতকর্তা।

বিরোধী দলীয় নেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার পরিকল্পনা ও সিদ্ধান্ত অনুযায়ী দ্রুতগতিতে হিন্দু-মুসলমান রায়ট লাগানের জন্য সারা ঢাকা শহরের সকল গুণ্ডা-বদমাইশ এবং সন্ত্রাসীরা হাতে নগদ পাঁচ (৫) লক্ষ টাকা তুলে দেওয়া হলো। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার কর্মসূচী বাস্তবায়িত করার জন্য প্রথমেই যাওয়া হলো ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের পূর্ব পাশে অবস্থিত শিববাড়ী মন্দিরে। সেখানে দেখা গেল লুটেরা আর সুযোগ সন্ধানীদের জটলা। এই জটলাকারী লুটেরা সুযোগ সন্ধানীদের হাতে সঙ্গোপনে একাধিক একশ' (১০০) টাকার কড়কড়ে নোট গুঁজে দিয়েই বলা হলো, ভারতে মুসলমানদের খুন করা হচ্ছে, মুসলমান

নারীদের ইজ্জত আর ধন-সম্পদ লুট করে নেওয়া হচ্ছে। আর আমরা বাংলাদেশের মুসলমানরা চুপচাপ চেয়ে চেয়ে দেখছি, শুনছি। যান, শুরু করেন, নেন, লুট করে নেন।

বলার সঙ্গে সঙ্গেই সুযোগ সন্ধানী লুটেরা হই হই করে মহা উৎসবে শিববাড়ী মন্দিরে লুটপাট শুরু করে দিল। সেখান থেকে চলে আসা হলো ঢাকেশ্বরী মন্দিরে। এখানেও উৎসুক সুযোগ সন্ধানী লুটেরার জটলা। এখানেও নগদ টাকা আর একই কায়দায় বক্তৃতা এবং ঢাকেশ্বরী মন্দির লুট। এরপর এল রামকৃষ্ণ মিশন। নগদ অর্থ আর বক্তৃতায় কাজ হলো। রামকৃষ্ণ মিশনে লুটপাট শুরু হলো। তারপর যাওয়া হলো পুরান ঢাকার তাতি বাজার, শাখারি পট্টি, বাংলাবাজার, মালাকাটোলা, মিলব্যারাক, গুশাই বাড়ী, নারিন্দা, টিকাটুলি, ইসলামপুর ইত্যাদি জায়গায়। কিন্তু না, এটা পুরানো ঢাকা, এখানে সবাই পরিচিত। এখানে বক্তৃতা করা যাবে না। এখানে শুধু টাকার উপর দিয়ে কাজ চালিয়ে যেতে হবে। বিভিন্ন মস্তান, সন্ত্রাসী ও নেশাখোর গ্রুপকে প্রচুর টাকা দেওয়া হলো। টাকায় কথা বললো। পুরাতন ঢাকায় হিন্দুদের দোকান, ব্যবসা প্রতিষ্ঠান, বাড়ীঘরে লুটপাট আরম্ভ হলো।

ঘন্টা তিন-চারেক পরে ধানমণ্ডি বত্রিশ নম্বর বঙ্গবন্ধু ভবনে বিরোধী দলীয় নেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে সারা ঢাকা শহরে হিন্দু-মুসলিম সাম্প্রদায়িক দাঙ্গা বা রায়ট লাগিয়ে দেওয়ার সফল সংবাদ দিলে তিনি বেজায় খুশিতে আপ্লুত হয়ে বলে ওঠেন, এই তো কাজের ছেলে। তুমি না হলে কি হয়? তাই তো আমি তোমাকে খুঁজি। সামনের নির্বাচনে তোমাকে আমি মোকসেদপুর থেকে (গোপালগঞ্জের মোকসেদপুর-কাশিয়ানী আসন) এমপি বানাব।

সারা দেশে হিন্দু-মুসলমান রায়ট শুরু হলো। ভারতের প্রধানমন্ত্রী নরসীমা রাও ঢাকা এলেন না। সার্ক সম্মেলন পণ্ড হলো।

১০ ই ডিসেম্বর ১৯৯২ সাল, বৃহস্পতিবার, ঘাতক দালাল নির্মূল কমিটির নেত্রী শহীদ জননী জাহানারা ইমামের ডাকে গণআদালত কর্তৃক ঘোষিত যুদ্ধাপরাধী গোলাম আযমের ফাঁসির রায় কার্যকর করার দাবীতে মানব-বন্ধন কর্মসূচীতে হিন্দু সম্প্রদায় যোগদান করলো না।

মাত্র কয়েকদিন আগে ঘটে যাওয়া হিন্দু-মুসলমান রায়টের কারণে যুদ্ধাপরাধী ঘাতক গোলাম আযমের ফাঁসির দাবিতে মানব-বন্ধন কর্মসূচীতে হিন্দু সম্প্রদায় যোগদান করবে না, এটা প্রায় নিশ্চিত ছিল। আর সেই কারণেই ঘাতক দালাল নির্মূল ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন কমিটির নেত্রী শহীদ জননী জাহানারা ইমাম আগে থেকেই আমরা যারা মুক্তিযোদ্ধা আমাদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ করে বন্ধু-বান্ধব, পরিবার-পরিজন নিয়ে ১০ই ডিসেম্বর-এর মানব বন্ধন কর্মসূচীতে যোগদান করার আহ্বান জানান, একজন মুক্তিযোদ্ধা হিসেবে শহীদ জননীর আহ্বানে সাড়া না দিয়ে পারিনি।

তাছাড়া হিন্দু-মুসলিম সাম্প্রদায়িক দাঙ্গা সৃষ্টি আমাকে মর্মে মর্মে আঘাত করছিল। এ জন্যই বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে না জানিয়ে আমার একমাত্র শিশুকন্যা স্বর্ণলতা ও প্রিয়তমা স্ত্রী ময়নাকে সঙ্গে নিয়ে মানব-বন্ধন কর্মসূচীতে অংশগ্রহণ করি। মানব-বন্ধন কর্মসূচীর পরের দিন ১১ই ডিসেম্বর ১৯৯২ সাল শুক্রবার দৈনিক ভোরের কাগজ ও দৈনিক আজকের কাগজ-এর প্রথম পাতায় বড় করে আমাদের (আমি, আমার কন্যা এবং আমার স্ত্রী) ছবি ছেপে লিড নিউজ করে। ভোরের কাগজ ও আজকের কাগজের এই ছবি দেখে জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ভীষণ রেগে যান এবং টেলিফোনের মাধ্যমে আমাকে জরুরী তলব করেন।

সকাল দশটা নাগাদ ২৯ মিন্টু রোডে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার বাসভবনে পৌঁছে কাঠের সিঁড়ি দিয়ে দোতলায় ব্যালকনিতে উঠে দেখি বঙ্গবন্ধু কন্যা গম্ভীর হয়ে বেতের চেয়ারে



বসে আছেন। আমাকে দেখেই ভোরের কাগজ ও আজকের কাগজ পত্রিকা দু'টি আমার দিকে ছুঁড়ে মেরে উত্তেজিত হয়ে বললেন, এই তোমাদের বিশ্বাস! মুখে এক কথা আর কাজে আর এক।

পত্রিকা দু'টি হাতে নিলাম এবং এই প্রথম সপরিবারে পত্রিকায় নিজেদের ছবি দেখে বুঝে


কাগজ
জাগরণের মধ্য দিয়ে দেশব্যাপী মানববন্ধন কর্মসূচি পালিত

*১৯৯২ সালের ১১ ডিসেম্বর ভোরের কাগজের ১ম পাতায় প্রকাশিত এই ছবিতে মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টু তাঁর স্ত্রী ময়না রহমান এবং কন্যা স্বর্ণলতাকে দেখে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ভীষণ ক্ষেপে যান।*

ফেললাম ঘটনা অনেক খারাপ। আজ কপালে অনেক খারাপি আছে।

বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা বলতে লাগলেন, নেতৃত্বের প্রতি এই তোমাদের আস্থা, এই বিশ্বাস, এই আনুগত্য। যেখানে আমি নিজে জাহানারা ইমামের কর্মসূচীতে তোমাদের অংশ গ্রহণ করতে নিষেধ করেছি এবং অন্য কর্মীরা যাতে অংশ গ্রহণ করতে না পারে তার দায়িত্ব তোমাকে দিয়েছি। সেখানে তুমি নিজেই কোন আক্কেলে বউ-বাচ্চা নিয়ে হাজির হলে? একদিকে থাক। জাহানারা ইমাম পছন্দ হয়, জাহানারা ইমামকে নিয়েই থাক। আমার দিকে আর এসো না।

আমি চুপ করে ভাবছি এখন কি বলা যায়, মাথায় একটা বুদ্ধি এলো। ধীরে ধীরে বললাম, নেত্রী আমি কিছু বলতে চাই। তুমি আবার কি বলবা, তোমার আবার কি বলার আছে? বল।

নেত্রী, আমরা তো আসলে মেয়ের (স্বর্ণলতার) জুতা কেনার জন্য এলিফেন্ট রোড যাচ্ছিলাম। কিন্তু আপনার নির্দেশ পালন করার জন্য একটু আগে ভাগেই বেরিয়েছিলাম এবং প্রেসক্লাব এসে অন্তত তিনশ কর্মীকে কানে কানে জাহানারা ইমামের এই কর্মসূচীতে যোগ না দেওয়ার আপনার নির্দেশ জানিয়ে বিদায় করেছি। কিন্তু ফটো সাংবাদিকদের খপ্পর থেকে বাঁচতে পারলাম না। তারা নাছোড়বান্দা, ফটো না তুলে ছাড়লোই না। আসলে এটা মানব-বন্ধন কর্মসূচীর ফটো না। কৃত্রিমভাবে তোলা এই ছবি। মাত্র কয়েক দিন আগে রায়ট হয়ে গেল। মৌলবাদীরাও সক্রিয়, দেশের এই উত্তপ্ত পরিস্থিতিতে-আমি বউ-বাচ্চা নিয়ে জাহানারা ইমামের মানব-বন্ধন কর্মসূচীতে যাব? আমার কি মাথা খারাপ হয়েছে? আমরা শুধু আপনার নির্দেশ

পালন করার জন্যই এই ঝুঁকি নিয়ে সেখানে গিয়েছি।
তোমরা তো এই রকমই কাজ করবা, হিতে বিপরীত করবা, তোমাদের নিয়ে যদি একটুও নিশ্চিন্ত থাকা যায়! বোঝা এইবার ঠেলা, সবাই পত্রিকার ছবিতে দেখবে শেখ হাসিনার নিজস্ব লোকেই জাহানারা ইমামের কর্মসূচীতে। এখন আর কাকে নিষেধ করবা না যাওয়ার জন্য। তোমাদের নিয়ে আমার যত জ্বালা।

## শেখ হাসিনা ও গোলাম আযমের ২য় বৈঠক

৩০শে জানুয়ারী ১৯৯৪ ঢাকা সিটি করপোরেশন-এর মেয়র ও কমিশনার নির্বাচন। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ও তার দল আওয়ামী লীগ ঢাকা মহানগর আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ হানিফকে ঢাকার মেয়র পদে মনোনয়ন দিয়েছে।
তোড়জোড়ে নির্বাচনী প্রচার-প্রপাগান্ডা এগিয়ে চলছে। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা থেকে শুরু করে দলের সকল নেতা-কর্মীই বাড়ি বাড়ি গিয়ে ভোটারদের কাছে মেয়র পদে মাছ মার্কায় হানিফের জন্য ভোট চাইছে। অধিক রাত পর্যন্ত চলছে মিছিল এবং নির্বাচনী জনসভা। প্রতিটি পাড়া-মহল্লা, অলি-গলিতে চলছে মেয়র কমিশনার নির্বাচনের কাজ। আওয়ামী লীগ, বিএনপি, জাতীয় পার্টি, জামাত, কমিউনিস্ট পার্টিসহ সকল রাজনৈতিক দল নির্বাচনী কাজে ভীষণ ব্যস্ত। ঢাকায় টানটান নির্বাচনী উত্তেজনা। নির্বাচনের আর মাত্র কয়েক দিন বাকি। ২৫শে জানুয়ারী সন্ধ্যা বেলায় ধানমন্ডি ৮/এ রোডে বঙ্গবন্ধুর চাচাতো ভাই শেখ হাফিজুর রহমান টোকনের বাসায় (শেখ হাফিজুর রহমান টোকন বর্তমানে বঙ্গবন্ধু যাদুঘরের মহাসচিব) '৭১-এর যুদ্ধাপরাধী জামাত নেতা ঘাতক গোলাম আযমের সাথে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার দ্বিতীয় বৈঠক হয়। এই বৈঠকে ঘাতক গোলাম আযম মেয়র নির্বাচনে বিএনপি প্রার্থীকে সমর্থন না দেওয়ার আশ্বাস দিলে শেখ হাসিনাও রাজনীতিতে জামাতকে আক্রমণ না করার আশ্বাস দেন।

## নির্বাচন বাতিলের দাবী

আজ ৩০শে জানুয়ারী ১৯৯৪। ঢাকায় প্রথমবারের মতো সরাসরি জনগণের ভোটে মেয়র নির্বাচন চলছে। সকাল আটটা থেকে বিরতিহীনভাবে বিকাল চারটা পর্যন্ত একটানা ভোট গ্রহণ করা হবে। গত রাতেই জননেত্রী শেখ হাসিনা নির্দেশ দিয়েছেন, আজ ৩০শে জানুয়ারী সকাল ছ'টায় ২৯ মিন্টু রোডে তার বাসায় হাজির হওয়ার জন্য। নির্দেশ মোতাবেক নেত্রীর বাসায় সকাল পৌনে ছ'টায় হাজির হয়েছি। বঙ্গবন্ধু কন্যা ঘুম থেকে উঠলেন, একসঙ্গে নাস্তা করলেন। তারপর সকাল পৌনে সাতটায় তার (শেখ হাসিনার) লাল রঙের নিশান পেট্রোল জীপ গাড়িতে করে আমাদের সঙ্গে নিয়ে বেরিয়ে পড়লেন। বঙ্গবন্ধু কন্যা প্রথমে গেলেন শেরে বাংলা নগরের রাজধানী হাই স্কুলে। তারপর গেলেন ধানমণ্ডি বয়েজ হাই স্কুলে, এরপর গেলেন ধানমণ্ডি বত্রিশে তার (শেখ হাসিনার) পিতার বাড়ি বঙ্গবন্ধু ভবনে। সেখানে কিছুক্ষণ অপেক্ষা করে চা খেয়ে নিজের ভোটার স্লিপ নিয়ে চলে এলেন সিটি কলেজে ভোট দিতে।
সিটি কলেজে ভোট দেওয়া শেষ করে আরো কিছু ভোটকেন্দ্র ঘুরে বেলা এগারোটা নাগাদ ফিরে এলেন ২৯ মিন্টু রোডে তার সরকারী বাসভবনে। জননেত্রী শেখ হাসিনা মিন্টু রোডের বাসভবনে ফিরে আসার দশ-পনের মিনিটের মধ্যে এসে উপস্থিত হলেন আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক (বর্তমানে আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য) নওগাঁর আব্দুল জলিল। সভানেত্রী শেখ হাসিনাকে আব্দুল জলিল বললেন, নেত্রী আমাদের অবস্থা ভাল না। আমরা নির্বাচনে



জিততে পারব না। আমাদের লোককে ভোটকেন্দ্র থেকে বের করে দিচ্ছে। আপনাকে তো আগেই বলেছি আওয়ামী লীগ হলো হরতাল আর আন্দোলনের দল, নির্বাচনের দল না। আপনি খামাকা নির্বাচনে যান।
আব্দুল জলিলের কথা শেষ না হতেই এসে হাজির হলেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক (বর্তমানে এলজিআরডি মন্ত্রী) জিল্লুর রহমান। জিল্লুর রহমানের পেছনে পেছনে এলেন প্রেসিডিয়াম সদস্য (বর্তমানে পানি সম্পদ মন্ত্রী) আব্দুর রাজ্জাকসহ অন্যান্য নেত্রীবৃন্দ।
একমাত্র আব্দুর রাজ্জাক ছাড়া সকল নেত্রীবৃন্দেরই এক কথা, মেয়র নির্বাচনে ব্যাপক কারচুপি হচ্ছে। আমাদের কর্মীদের ভোটকেন্দ্র থেকে বের করে দিচ্ছে। নির্বাচন বাতিলের দাবী করা হোক, আন্দোলন করা হোক ইত্যাদি। প্রেসিডিয়াম সদস্য আব্দুর রাজ্জাক বললেন, নির্বাচনে কারচুপি হচ্ছে, আমাদের কর্মীদের বের করে দেওয়া হচ্ছে, এটা কি আপনারা কেউ ভোটকেন্দ্রে গিয়ে দেখেছেন?
নেতারা কেউ কোন উত্তর দিলেন না, কোন কথাও কেউ বললেন না, সবাই চুপ।
জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, এটা আবার ভোটকেন্দ্রে গিয়ে দেখতে হয় নাকি? ওরা তো ভোট কারচুপি করবেই। এখন না করলে একটু পরে করবে। কাজেই আমাদের নির্বাচন বাতিলের দাবী করতে হবে এবং এই ইস্যু নিয়ে বিএনপি সরকার পতন আন্দোলন করতে হবে। খালেদা জিয়া সরকারের পতন ঘটাতে হবে।
সঙ্গে সঙ্গে টেবিল টেলিফোন সেট (যে সেট দিয়ে উপস্থিত সকলে শুনতে পারে) দিয়ে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা স্বয়ং প্রধান নির্বাচন কমিশনারকে ফোন করলেন। প্রধান নির্বাচন কমিশনারকে না পেয়ে, অন্য একজন নির্বাচন কশিনারকে নির্বাচন বাতিল করার কথা বললে, নির্বাচন কমিশনার বিস্ময়ের সাথে বললেন, ম্যাডাম, নির্বাচন বাতিল করা তো দূরের কথা, কোন ভোটকেন্দ্রের নির্বাচন স্থগিত করার মতো কোন ইনফরমেশন এখন পর্যন্ত আমাদের কাছে আসেনি।
জবাবে জননেত্রী শেখ হাসিনা বললেন, আমার কাছে ইনফরমেশন আচে নির্বাচন কারচুপি হচ্ছে। আমি বলছি-নির্বাচন বাতিল করেন।
নির্বাচন কমিশনার বললেন, ম্যাডাম আপনি কাইন্ডলি বলেন, কোন-কেন্দ্রে কারচুপি হচ্ছে আমরা অবশ্যই তার ব্যবস্থা নেব।
বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা চীফ ইলেকশন কমিশনারকে বলবেন আমাকে ফোন করতে এ কথা বলে ফোন রেখে দিলেন। এরপর প্রায় প্রতি ঘন্টায় ঘন্টায় নির্বাচন কমিশনে নির্বাচন বাতিল করার দাবী জানিয়ে ফোন করা শুরু হলো। বিকেল চারটা নাগাদ একবার প্রধান নির্বাচন কমিশনার জননেত্রী শেখ হাসিনার নির্বাচন বাতিলের দাবীর জবাবে বললেন, ম্যাডাম আমি ইতোমধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছি। সামান্য গোলযোগের কারণে আমি কয়েকটি ভোটকেন্দ্রের ভোট স্থগিতও করেছি।
শেখ হাসিনা পুনরায় নির্বাচন বাতিলের দাবী করলে প্রধান নির্বাচন কমিশনার বলেন, ম্যাডাম আমি নির্বাচন কমিশনে বসে নেই। আমি সরাসরি ভোটকেন্দ্রে গিয়ে নিজেই নির্বাচন পর্যবেক্ষণ করছি। আপনি নিশ্চিন্ত থাকুন, যে কোন প্রয়োজনীয় সিদ্ধান্ত নিতে আমি মোটেই পিছপা হবো না।
হ্যাঁ, আপনি নির্বাচন বাতিলের সিদ্ধান্ত নিন। আমি পরে আবার ফোন করবো বলেই জননেত্রী শেখ হাসিনা ফোন রেখে দিলেন। এরপর প্রায় পনের বার ফোন করেও নির্বাচন কমিশনারকে পাওয়া গেলো না। কিন্তু রাত দশটার সময় প্রধান নির্বাচন কমিশনারকে পাওয়া গেল। প্রধান

নির্বাচন কমিশনার ফোন ধরতেই বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা উচ্চস্বরে বললেন, কি হলো, নির্বাচন বাতিলের ঘোষণা দিলেন না?

প্রধান নির্বাচন কমিশনার বললেন, ম্যাডাম আমাদের কাছে যে ফলাফল এসেছে তাতে মেয়র পদে মাছ মার্কায় মোহাম্মদ হানিফ বিপুল ভোটে এগিয়ে রয়েছে। এখন আমরা কি নির্বাচন বাতিল ঘোষণা করবো?

শেখ হাসিনা বললেন, জ্বী জ্বী কি বললেন? হ্যাঁ ম্যাডাম, এখন পর্যন্ত প্রাপ্ত ফলাফল অনুযায়ী মেয়র পদে মাছ মার্কায় মোহাম্মদ হানিফ বিপুল ভোটে এগিয়ে রয়েছে এবং মোহাম্মদ হানিফের মেয়র হওয়া প্রায় নিশ্চিত। আমরা কি এই নির্বাচনী ফলাফল বাতিল করবো?

তাই নাকি, তাই নাকি, না না বাতিল করবেন কেন? আপনি খেয়াল রাখবেন যাতে এই ফলাফল উল্টে না যায়। আমি পরে আবার আপনার সাথে যোগাযোগ করব।

এরপর জননেত্রী শেখ হাসিনা টেবিল টেলিফোন সেট বন্ধ করে উপস্থিত সকলকে উদ্দেশ্য করে বললেন, শুনলেন তো হানিফ নাকি মেয়র হয়ে যাচ্ছে। এখন তো আমাদের নির্বাচন বাতিলের দাবী করা ঠিক হবে না; কি বলেন?

জিল্লুর রহমান বললেন, দেখেন এটা আবার কোন চাল!

আব্দুর রাজ্জাক বললেন, নেত্রী নির্বাচন কমিশনে আমার একজন ঘনিষ্ঠ লোক আছে, আমি তার কাছে যেয়ে সঠিক খবর নিয়ে আসি।

সভানেত্রী শেখ হাসিনা বললেন, তাই যান। আপনারা সকলেই যান, যার যেখানে লোক আছে সেখান থেকেই সঠিক খবরটা সংগ্রহ করেন।

রাত তখন বারোটা, সবাই চলে গেল। একমাত্র আব্দুর রাজ্জাক ছাড়া আর কোন নেতাই রাতে আর ফিরে এলেন না। রাত দেড়টার দিকে আব্দুর রাজ্জাক মিন্টু রোডে এসে বললেন, সভানেত্রী হানিফ তো মেয়র হয়ে গেছে। নির্বাচন কমিশন দেশী-বিদেশী সমস্ত নিউজ মিডিয়াতে হানিফের মেয়র হওয়ার ফলাফল পাঠিয়ে দিয়েছে। এখন হানিফ বেসরকারীভাবে ঢাকার মেয়র। সভানেত্রীকে সংবাদটা দিতে হয়।

আপনি বসেন বলে উপরে গেলাম। সভানেত্রী শেখ হাসিনা ডিশ এন্টিনায় হিন্দি ফিল্ম দেখছিলেন, তাকে আব্দুর রাজ্জাকের আসার সংবাদ এবং হানিফের বেসরকারী ভাবে মেয়র হওয়ার সংবাদ দিলে তিনি বলেন, হানিফের কপাল ভাল। আব্দুর রাজ্জাক দেখা করতে চায় জানালে শেখ হাসিনা বলেন, দূর ছবিটা জমে উঠেছে এই সময় দেখাটেখা হবে না। তুমি বলে দাও আমি (শেখ হাসিনা) ঘুমিয়ে পড়েছি।

তথাস্তু নেত্রী, বলে নিচে এসে আব্দুর রাজ্জাককে বলা হলো আপনি চলে যান, নেত্রী ঘুমিয়ে পড়েছেন। আজ আর উঠবেন না।

আব্দুর রাজ্জাক চলে গেলে এরপর ফোন এলো প্রেসিডিয়াম সদস্য (বর্তমান পররাষ্ট্র মন্ত্রী) আব্দুস সামাদ আজাদ-এর, সভানেত্রীকে সামাদ আজাদের ফোনের কথা বলা হলে, তিনি ঐ একই কথা বলেন, দূর সিনেমাটা জমে উঠেছে। বলে দাও ঘুমিয়ে গেছি। এরপর থেকে যে-ই ফোন করুক বলে দেবে ঘুমিয়ে গেছি।

এরপর থেকে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা যে রুমে বসে ডিশ এন্টিনায় হিন্দী ফিল্ম দেখছেন সেই রুম থেকেই হ্যান্ডসেট দিয়ে যে-ই ফোন করেছে তাকেই বলে দেওয়া হচ্ছে নেত্রী ঘুমাচ্ছেন। এই নিয়ে আবার জননেত্রী শেখ হাসিনা এবং উপস্থিত হিন্দি ফিল্ম দর্শকদের মাঝে হাসির রোল পড়ে গেল।



## শেখ হাসিনা এবং হানিফ

পরদিন বিকেল বেলা বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা বললেন, কিরে, এত লোক আসে যায়, এত ফুলের তোড়া, ফুলের মালা, কিন্তু হানিফকে (সদ্য নবনির্বাচিত মেয়র মোহাম্মদ হানিফ) দেখছি না! এখন পর্যন্ত একটা ফোনও করলো না। ব্যাপারটা কি? ঠিক আছে তো, না ভাইগা টাইগা গেল। এই মেয়র হওয়ার লোভেই কিন্তু হানিফ স্বৈরাচারী জেনারেল এরশাদের জাতীয় পার্টিতে যোগ দিয়েছিল। এরশাদের কাছে চান্স না পেয়ে হানিফ মেয়র হওয়ার জন্য আবার আমার কাছে ফিরে এসেছে। আমি এক কোটি সাতত্রিশ লক্ষ টাকা খরচ করে হানিফকে মেয়র করেছি। তাড়াতাড়ি খোঁজ খবর নাও। ফোন কর এবং একজন হানিফের বাড়ি গিয়ে দেখ আসল ব্যাপার কি?

সদ্য নির্বাচিত মেয়র মোহাম্মদ হানিফের বাসায় ফোন করে বলা হলো, জননেত্রী বিরোধী দলীয় নেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা হানিফ ভাইয়ের সঙ্গে কথা বলবেন।

জবাবে মিসেস হানিফ বললেন, তিনি অসুস্থ এখন কথা বলতে পারবেন না। বললেন, শীঘ্রই হানিফের বাসায় যাও, দেখ গিয়ে ঘটনা খারাপ।

তখন সন্ধ্যা হয়ে আসছে, মেয়র হানিফের বাড়ি ছুটে যাওয়া হলো। মেয়র হানিফ তখন দশ-বারো জন লোকের সঙ্গে বসে কথা বলছেন। সেখানেই শোনা গেল বিকেলে লালবাগে বিএনপির পরাজিত কমিশনার প্রার্থী আব্দুল আজিজ গুলি করে সাতজন লোককে হত্যা করেছে। জননেত্রী শেখ হাসিনা কথা বলতে চেয়েছেন বলায় মেয়র হানিফ বললেন, নেত্রীকে আমার সালাম দিও, বলো আমার শরীরটা খুব খারাপ, আমি কথা বলতে পারছি না। শুধু লালবাগের খুনের জন্য আমি ওনাদের সাথে কথা বলছি।

মেয়র হানিফের বাসা থেকে সোজা মিন্টু রোডে এসে বঙ্গবন্ধু কন্যাকে লালবাগের বিএনপি কমিশনার প্রার্থী আজিজ কর্তৃক সাত জনকে খুন করার সংবাদ দিলে বঙ্গবন্ধু কন্যা খুশিতে জিন্দেগি জিন্দেগি গান গাইতে থাকেন আর নাচতে থাকেন।

## রুমালে গ্লিসারিন

পরদিন সকালে লালবাগে নিহত সাত জনের লাশ ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের মর্গে দেখতে যাওয়ার আগে বঙ্গবন্ধু কন্যা হাসিনা বলতে থাকেন, আমার (শেখ হাসিনা) রুমালে একটু গ্লিসারিন মেখে দাও, ঐ যে, নায়িকারা অভিনয়ের সময় গ্লিসারিন দিয়ে চোখের পানি বের করে কান্নার অভিনয় করে। আমার রুমালে ঐ রকমের গ্লিসারিন লাগিয়ে দাও, যাতে আমি লাশ দেখে রুমাল ধরতেই চোখে পানি এসে যায়।

একজন বলল, গ্লিসারিনের দরকার নেই, শুধু চোখে রুমাল ধরে রাখবেন তাতেই মনে হবে আপনি কাঁদছেন। আর আমরা ফটো সাংবাদিক (ফটো সাংবাদিক) ভাইদের বলে দেব ছবির নীচে আপনি কাঁদছেন ক্যাপশন লাগিয়ে দিতে।

হাসপাতালের মর্গে নিহত সাত জনের লাশ দেখে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা চোখে রুমাল ধরলে সঙ্গে সঙ্গে সাংবাদিকগণ অসংখ্য ছবি তুলতো। ছবি তোলা শেষে বঙ্গবন্ধু কন্যা গাড়িতে উঠলেন। গাড়ি চলতে শুরু করলো। তখনও বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার চোখে রুমাল। গাড়ির চালক ড্রাইভার জালাল বলল, আপা (শেখ হাসিনা) এখন রুমাল নামান ফটো সাংবাদিক নেই।

গাড়ির সকল আরোহী হেসে উঠলো। জননেত্রী শেখ হাসিনা বললেন, ঠিক মতো দেখেছ তো, কোন ফটো সাংবাদিক নেই তো?
না, নেই।
তাহলে আমি (শেখ হাসিনা) এবার রুমাল নামাই।

## আজ আমি বেশি খাব

২৯ নং মিন্টু রোডের বাসায় এসে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, ময়না (মিসেস মতিয়ুর রহমান রেন্টু) খাওয়া-দাওয়া বেশি করে এনেছ তো? লাশ দেখে এসেছি, লাশ। আজ আমি বেশি করে খাব।
তারপর তিনি জিন্দেগী জিন্দেগী গাইতে গাইতে, নাচতে লাগলেন। সত্যি সত্যিই তিনি (শেখ হাসিনা) অস্বাভাবিক রকমের বেশি খেলেন। এমনিতেই তিনি (শেখ হাসিনা) বিভিন্ন আন্দোলন-সংগ্রামে নিহতদের লাশ দেখে এসে স্বাভাবিকের চাইতে অনেক বেশি খেতেন। কিন্তু আজ খেলেনত অস্বাভাবিকের চাইতেও অনেক বেশি।

## টাকার ভাগ দিতে হবে

টুঙ্গিপাড়ায় শেখ হাসিনার পিতা আওয়ামী লীগের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের কবরে গিয়ে মেয়র মোহাম্মদ হানিফের আনুষ্ঠানিক শপথ নেওয়ার দিনক্ষণ চূড়ান্ত করা হলো। ঢাকা থেকে বঙ্গবন্ধু কন্যা বিরোধী দলীয় নেত্রী জননেত্রী শেখ হাসিনা ঢাকার মেয়র মোহাম্মদ হানিফকে সঙ্গে নিয়ে টুঙ্গিপাড়ায় যাবেন এবং সেখানে বেসরকারীভাবে হানিফ মেয়র হিসেবে শপথ নেবেন। নির্দিষ্ট দিনে সকালবেলা সকলেই টুঙ্গিপাড়ায় যাওয়ার জন্য প্রস্তুত। কিন্তু মেয়র হানিফ এলেন না। টুঙ্গিপাড়ায় যাওয়া হলো না।
মেয়র হানিফের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বললেন, তিনি অসুস্থ। এরপর আর মেয়র হানিফ শেখ হাসিনার বাসা, আওয়ামী লীগ অফিস কোথাও এলেন না। আনুষ্ঠানিকভাবে মেয়র পদে মোহাম্মদ হানিফ শপথ নিলেন। ঢাকার মেয়রের দায়িত্বভার নিলেন। হটলাইনের রেড টেলিফোনে প্রতিদিন দুই একবার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে কথা বলেন। প্রতিদিন না হলেও প্রায়ই প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে দেখা করেন এবং যুক্তি-পরামর্শ করে সিটি করপোরেশন পরিচালনা করেন। কিন্তু বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা এবং আওয়ামী লীগ নেতা-কর্মী ও আওয়ামী লীগ অফিসের ত্রিসীমানায়ও আসেন না। বঙ্গবন্ধু কন্যা জননেত্রী বিরোধী নেত্রী শেখ হাসিনা কপাল চাপড়ান আর বলতে থাকেন, নিমকহারাম, বেঈমান, ওরে আমি এক কোটি সাত ত্রিশ লক্ষ টাকা খরচ করে মেয়র করেছি। বেঈমান, নিমকহারাম।
যে আসে, যাকে পান তার কাছেই তিনি (শেখ হাসিনা) এই কথা বলতে লাগলেন।
একজন বললো, ঠিক আছে হানিফ ভাই মেয়র হয়েছে, টাকা কামাবে, টাকা খাবে, খাক, আমরা তো আর ভাগ চাই না! কিন্তু দলের কাজ করবে না কেন?
জবাবে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, কেন? একা টাকা খাবে কেন? আমাদের ভাগ দিতে হবে। ওকে এক কোটি সাতত্রিশ লাখ টাকা খরচ করে মেয়র বানিয়েছি। তোমাদের হাত দিয়েই তো ঐ টাকা খরচ করেছি। হানিফ তো এক পয়সাও খরচ করে নি। সব আমি করেছি। এখন হানিফ একা খাবে কেন? আমাদেরও ভাগ দিতে হবে। নইলে আমি শেখ হাসিনা একদিন



না একদিন এর উসুল করে ছাড়ব।
বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা কথা বলবেন, কত শতবার ফোন করা হয়, মেয়র হানিফ ফোন ধরে না। আসতে বলা হয়, দেখা করতে বলা হয়, হানিফ আসে না, দেখা করে না। লোক পাঠালে মেয়র হানিফ বলে, যা যা, যেই জায়গায় আছিস সে জায়গায় যা। ক্ষমতায় যাওয়া লাগবো না। যে পর্যন্ত আগাইছস ঐ বিরোধী দল পর্যন্তই থাক, আর ক্ষমতায় যাওয়া লাগবো না। আমি তোগে লগে নাই।

## জাহানারা ইমাম মরেছে, আপদ গেছে

১৯৯৪ সালের ২৬শে অথবা ২৭শে জুন সন্ধ্যাবেলায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি টেলিফোন করে ২৬শে জুন '৯৪ শহীদ জননী জাহানারা ইমামের মৃত্যু হয়েছে বলে সংবাদ দিলে, জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা আনন্দে নাচতে থাকেন আর বলতে থাকেন মিষ্টি খাও, মিষ্টি। আমার একটা প্রতিদ্বন্দ্বী দুনিয়া থেকে বিদায় হয়েছে। আল্লাহ বাঁচাইছে। নেত্রী হতে চেয়েছিল। আমার জায়গা দখল করতে চেয়েছিল। জাহানারা ইমাম মরেছে আপদ গেছে। বাঁচা গেছে। আমার জায়গা দখল করতে চেয়েছিল। তোমরা জান না, ইন্ডিয়ান গোয়েন্দা এজেন্সি 'র' (ভারতের গোয়েন্দা সংস্থার নাম 'র') আমার পরিবর্তে জাহানারা ইমামকে নেতৃত্বে বসাতে চেয়েছিল। বেটি মরছে, মিষ্টি খাও। ফকিরকে পয়সা দেও।
এর কয়েকদিন পরে শহীদ জননী জাহানারা ইমামের লাশ মার্কিন যুক্তরাষ্ট্র থেকে জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর এলে, জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বলেন, চল, এয়ারপোর্টে যাই, আপদের লাশটা এনে কবরে ফেলি।
এরপর জননেত্রী শেখ হাসিনা তার লাল রঙের নিশান পেট্রোল জীপে করে বিমান বন্দর-এর উদ্দেশ্যে রওয়ানা হলেন। যেতে যেতে বলতে লাগলেন, বেটি (জাহানারা ইমাম) আমারে অসম্ভব জ্বালাইছে (জ্বালিয়েছে)। ওর মরা মুখও দেখতে ইচ্ছে করে না। কিন্তু না যেয়ে তো উপায় নেই। পলিটিক্স-এর (রাজনীতির) ব্যবসায় ইচ্ছে না থাকলেও করতে হয়।
বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বিমান বন্দরের রানওয়ে পর্যন্ত গেলেন ঠিকই, কিন্তু শহীদ জননী জাহানারা ইমামের লাশের ধারে-কাছেও গেলেন না।

## শেখ হাসিনার ট্রেনে গুলি

১৯৯৪ সালের ২২ সেপ্টেম্বর বৃহস্পতিবার জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বিমানযোগে যশোর হয়ে খুলনা এলেন এবং বিকেলে শহীদ হাদিস পার্কের জনসভায় ভাষণ দিলেন। রাত্রে নেত্রীর চাচাতো ভাই শেখ নাসেরের বড় ছেলে শেখ হেলালের বাড়িতে খেলেন এবং থাকলেন। পরদিন ২৩শে সেপ্টেম্বর শুক্রবার সকাল নয়টার সময় উত্তর- বঙ্গের উদ্দেশ্যে ট্রেন যাত্রা শুরু করলেন। বেশ লম্বা ট্রেন। অনেক সাধারণ যাত্রী আছে ট্রেনে, সাধারণ যাত্রীরা জানে না বা বুঝতে পারছে না, শেখ হাসিনার রেলপথে সভা করতে করতে যাওয়া এই ট্রেন কবে, কখন গন্তব্যে পৌঁছবে।
ঠিক সকাল নয়টায় ট্রেন ছাড়লো। প্রতিটি রেলস্টেশনেই ট্রেন থামিয়ে সভা করা শুরু হলো। ট্রেন থেকে নেমে জনসভা আয়োজনের নির্দিষ্ট জায়গায় যেয়ে বক্তৃতা দিয়ে আবার ট্রেনে ফিরে আসতে পৌনে এক ঘন্টা সময়ে লাগতে লাগলো। এভাবে প্রতিটা রেলস্টেশনে গড়ে প্রায়

একঘন্টা সময় ব্যয় হতে থাকলো। দিন পেরিয়ে রাত হয়ে গেল। শেখ হাসিনার সঙ্গে ঢাকা থেকে নিয়ে আসা প্রায় ডজনখানেকেরও বেশি সাংবাদিক (বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার ভাষায় সাংঘাতিক) এই ট্রেনে রয়েছে। ট্রেনের শেষের দিকে একটি ভি ভি আই পি স্পেশাল কামরায় বা কম্পার্টমেন্টে (বগীতে) জননেত্রী বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা। ঐ কম্পার্টমেন্ট-এর সামনে এবং পেছনে ঢাকা থেকে নিয়ে আসা শেখ হাসিনার নিরাপত্তায় নিয়োজিত স্পেশাল (এসবি) ব্রাঞ্চ পুলিশের বারো জন সদস্য। তার পরের কম্পার্টমেন্টে সাংবাদিকগণ। এরপর সবগুলো কম্পার্টমেন্ট বা বগিগুলোতে সাধারণ যাত্রী। ট্রেনের এই অপ্রত্যাশিত দীর্ঘ বিলম্বে সাধারণ যাত্রী নারী-পুরুষ আর শিশুদের ত্রাহি মধুসূদন অবস্থা। ছয় ঘন্টার যাত্রাপথ চব্বিশ ঘন্টায়ও না ফুরানোর ফলে অনেক আগেই পানিসহ ট্রেনের সকল খাবার ফুরিয়ে নিঃশেষ হয়ে গেলে সাধারণ যাত্রীদের কষ্ট আর দুর্ভোগ সীমাহীন পর্যায়ে পৌঁছে।

তৃষ্ণার্ত-ক্ষুধার্ত শিশুদের কান্না আর আহাজারিতে অনেক সাধারণ যাত্রীই পরিবার-পরিজন নিয়ে গন্তব্যের আগেই ট্রেন থেকে নেমে পালিয়ে যায়। জননেত্রী শেখ হাসিনা তার সফরসঙ্গী এবং সাংবাদিকদের জন্য প্রায় প্রতিটি রেলষ্ট্রেশন থেকেই অফুরন্ত খাবার এবং বিশুদ্ধ পানির (মিনারেল ওয়াটার) পর্যাপ্ত বোতল সরবরাহ করা হতে থাকে।

সারাদিন জননেত্রী শেখ হাসিনা প্রায় কুড়িটির মতো রেলস্টেশনে জনসভায় ভাষণ দেন। কোথায় কোথায় রেলস্টেশন ছাড়াই উৎসুক জনতা ট্রেন থামালে সেখানেও তিনি বক্তৃতা করেন। প্রতিটি জনসভাতেই ঢাকা থেকে আসা সাংবাদিকরা উপস্থিত হয়ে বঙ্গবন্ধু কন্যা হাসিনার বক্তৃতা লিপিবদ্ধ করতে থাকেন এবং শেখ হাসিনাও সাংবাদিকদের নজরে রাখেন। কিন্তু রাতের অন্ধকারে শেখ হাসিনা সাংবাদিকদের আর নজরে রাখতে পারেননি। ওদিকে শেখ হাসিনা বারবার একই বক্তৃতা দেওয়ায় সাংবাদিকদের তা মুখস্ত যাওয়াতে অনেক সাংবাদিকই রাতের অন্ধকারে ট্রেন থেকে নেমে শেখ হাসিনার বক্তৃতা লিপিবদ্ধ করতে যায়নি।

রাত তখন এগারোটা সতর মিনিট। শেখ হাসিনাকে বহনকারী ট্রেন ঈশ্বরদি রেলস্টেশন পৌঁছার কিছু সময় বাকি রয়েছে। এমন সময় বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, এত টাকা-পয়সা খরচ করে জামাই আদর করে ঢাকা থেকে যে সাংঘাতিকদের (সাংবাদিক) এনেছি তারা কি সব ঘুমাচ্ছে ? জনসভায় এতো লোক হচ্ছে, আমি এতো বক্তৃতা করছি, সাংঘাতিকদের (সাংবাদিক) নজরে পড়ছে না তো! তোমরা একটু সাংঘাতিকদের (সাংবাদিক) ঘুম ভাঙ্গিয়ে আমার (শেখ হাসিনার) জনসভায় পাঠাও যাতে পত্র-পত্রিকায় ভাল নিউজ হয়।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার বেতনভুক ব্যাগ বহনকারী মদন মোহন দাস (যার নামে শেখ হাসিনার লাল রঙের নিশান পেট্রোল জীপ গাড়িটি রেজিস্ট্রেশন করা) বলল, ডাইকা ঘুম ভাঙ্গান লাগব না। পিস্তল দিয়া রাউন্ড গুলি কইরা দিলেই সাংঘাতিকগো ঘুম কই যাইব, লাফাইয়া ট্রেন থাইকা নিচে পইড়া যাইব।

আলাউদ্দিনের প্রদীপ পাওয়ার মত সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা তার বাবার ফুফাতো ভাইয়ের ছেলে বাহাউদ্দিন নাসিমকে (বর্তমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ পি এস) বললেন, দে দুই রাউন্ড গুলি করে।

আর উপস্থিত অন্যদের বললেন, তোমরা আমাকে (শেখ হাসিনাকে) হত্যার জন্য ট্রেনে গুলি করা হয়েছে বলে সাংঘাতিকদের (সাংবাদিক) মাঝে প্রচার করে দেবে। ট্রেন ঈশ্বরদি প্ল্যাটফর্মে ঢোকার কয়েক মিনিট আগে বাহাউদ্দিন নাসিম ট্রেনের জানালা দিয়ে সাংবাদিকদের



কম্পার্টমেন্ট লক্ষ্য করে পিস্তল দিয়ে তিন (৩) রাউন্ড গুলি ছুঁড়লো। গুলির শব্দ শুনে শেখ হাসিনার নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত স্পেশাল ব্রাঞ্চের পুলিশেরাও পাঁচ-ছয় রাউন্ড গুলি করে। এই সমস্ত গুলির আওয়াজ শুনে পাশের কম্পার্টমেন্টে থাকা সাংবাদিকরা ভয়ে ট্রেনের ভেতরে গড়াগড়ি শুরু করে এবং আমরা পরিকল্পনামতো সাংবাদিকদের কম্পার্টমেন্টে এসে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে হত্যার জন্য ট্রেনে গুলি করা হয়েছে বলে প্রচার করতে থাকি। ট্রেন ঈশ্বরদি প্ল্যাটফর্মে থামলে, ঈশ্বরদি রেলস্টেশনের জনসভার মঞ্চ থেকেও মাইকে আওয়ামী লীগ প্রেসিডিয়াম সদস্য আমির হোসেন আমু বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে হত্যার জন্য ট্রেনে গুলি করা হয়েছে বলে প্রচার চালাতে থাকেন। পরের দিন ২৪শে সেপ্টেম্বর শনিবার ট্রেনে বঙ্গবন্ধু কন্যার প্রতি গুলি করা হয়েছে বলে জাতীয় পত্র-পত্রিকায় সংবাদ বের হলে, বগুড়া সরকারী সার্কিট হাউসের ভি ভি আই পি রুমে বসে জননেত্রী শেখ হাসিনাসহ তার সফর সঙ্গীরা (যারা প্রকৃত ঘটনা জানে) হাসাহাসি করতে থাকে এবং হাসাহাসির এক পর্যায়ে গুলির এই ঘটনা নিয়ে হরতাল ডাকার সিদ্ধান্ত হয়।

## স্বামী স্ত্রী-রাত ও কাটায়নি

১৯৯৪ সালের ২৮শে ডিসেম্বর শেখ হাসিনা জাতীয় সংসদ সদস্যপদ থেকে পদত্যাগ করলেন। ২৯ নং মিন্টু রোডে সরকারী বাসা ত্যাগ করে ধানমণ্ডি পাঁচ নম্বর রোডের চুয়ান্ন নম্বর বাড়িতে উঠলেন। ধানমণ্ডির বাড়িটি প্রথম ও দ্বিতীয় তলা শেখ হাসিনার পরিত্যক্ত স্বামী ডঃ ওয়াজেদ মিয়ার নামে। আর তৃতীয় তলা শেখ হাসিনার নিজের নামে। শেখ হাসিনার অবহেলিত ও পরিত্যক্ত স্বামী বৈজ্ঞানিক ডঃ ওয়াজেদ মিয়া এই বাড়িটি করার সময় দ্বিতীয় তলা করার পর টাকা ফুরিয়ে গেলে শেখ হাসিনার কাছে ধার চায়। তখন শেখ হাসিনা তৃতীয় তলা তার নিজের নামে লিখে নিয়ে তারপর ডঃ ওয়াজেদকে টাকা দেন। অবশ্য এই বাড়িতে ডঃ ওয়াজেদ মিয়া আর শেখ হাসিনা এক সঙ্গে একটি রাতও কাটাননি।

শুধু এই বাড়িতে কেন, ১৯৮১ সালের ১৭ই মে শেখ হাসিনা বাংলাদেশে আসার পর থেকেই ১৯৯৭ সালের ফেব্রুয়ারী পর্যন্ত (এর পরের অবস্থা জানা নেই যদিও, তথাপি বোঝা যায়, পাঠক যে দিন পড়বেন, সে দিন পর্যন্ত ধরে নিতে পারেন) এই ১৬/১৭ বছর এক সঙ্গে স্বামী-স্ত্রী হিসেবে রাত কাটানো তো দূরের কথা, এক বাড়িতেই কখনো থাকেননি। ১৯৮১ সালে ১৭ই মে বাংলাদেশে আসার পর মাত্র কিছুদিন শেখ হাসিনা ডঃ ওয়াজেদ মিয়ার মহাখালীস্থ সরকারী কোয়ার্টারে ছিলেন। শেখ হাসিনা যতদিন ডঃ ওয়াজেদ মিয়ার সরকারী কোয়ার্টারে থেকেছেন, ততদিন ডঃ ওয়াজেদ মিয়া তাঁর কোয়ার্টারে না থেকে সরকারী রেস্ট হাউসে থাকতেন। এরপর শেখ হাসিনা ধানমণ্ডিস্থ তাঁর পিত্রালয় বঙ্গবন্ধু ভবনে চলে আসেন। বঙ্গবন্ধু ভবন থেকে যান বিরোধী দলীয় নেত্রীর ২৯ মিন্টু রোডের সরকারী বাসভবনে। তখন শেখ হাসিনা এবং তার স্বামী ডঃ ওয়াজেদ মিয়ার ধানমণ্ডি ৫ নম্বর রোডের ৫৪ নম্বর বাড়িটি ভাড়া দেওয়া ছিল। ১৯৯৪ সালে ডিসেম্বর মাসে ধানমণ্ডি ৫ নম্বর রোডের ৫৪ নং বাড়িটির ভাড়াটিয়াদের এক প্রকার জোর করে তাড়িয়ে দিয়ে খালি করা হয় এবং তারপর বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা এই বাড়িতে আসেন। এই বাড়িতে থেকেই নানা আন্দোলন সংগ্রাম এবং নির্বাচনের পর জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা প্রধানমন্ত্রী হয়ে রাষ্ট্রীয় অতিথি ভবন করতোয়া, বর্তমানে গণভবনে গিয়ে ওঠেন। শেখ হাসিনার এই দীর্ঘ ১৬/১৭ বছরের জীবনে

ডঃ ওয়াজেদ মিয়া একটি রাতও শেখ হাসিনার সাথে কাটাননি। এমন কি এই ১৬/১৭ বছরের জীবনে শেখ হাসিনা আর ডঃ ওয়াজেদ মিয়ার ১৬/১৭ বারও দেখা পর্যন্ত হয়নি। তবে হঠাৎ হঠাৎ মাঝে মধ্যে কদাচিৎ উদ্‌ভ্রান্তের মত ডঃ ওয়াজেদ মিয়া এসে হাজির হতেন। কিন্তু তিনি (ডঃ ওয়াজেদ মিয়া) শেখ হাসিনার পক্ষ থেকে কোন প্রকার আদর-আপ্যায়ন পেতেন না। এমন কি সাধারণ সৌজন্যটুকুও শেখ হাসিনা ডঃ ওয়াজেদ মিয়াকে দেখাতেন না।
শেখ হাসিনা যখন বিরোধী দলীয় নেত্রী হিসেবে ২৯ মিন্টু রোডের সরকারী বাসায় থাকতেন, তখন এক ঈদের দিনে সাধারণ দর্শনার্থীদের মাঝে সাধারণ মানুষের মতোই ডঃ ওয়াজেদ মিয়া শেখ হাসিনার সঙ্গে ঈদ মোবারক জানাতে এলেন। কিন্তু শেখ হাসিনা আগত সকলের কুশলাদি বিনিময় করলেও তার স্বামী ডঃ ওয়াজেদের সাথে কোন প্রকার কুশলাদি বিনিময় দূরে থাক, ভ্রুক্ষেপই করলেন না। এমন কি তাকে (ডঃ ওয়াজেদ মিয়াকে) বসতে পর্যন্ত কেউ বললেন না। ডঃ ওয়াজেদ মিয়া কিছুক্ষণ করুণভাবে ফ্যালফ্যাল করে শেখ হাসিনার দিকে তাকিয়ে থেকে ধীরে ধীরে ঘর থেকে বেরিয়ে লনে, লন থেকে অসহায়ের মতো হাঁটতে হাঁটতে গেটের বাইরে চলে গেলেন। একমাত্র শেখ হাসিনা আর তার খুবই ঘনিষ্ঠ কয়েকজন ছাড়া কেউ জানলো না, বুঝলো না এই ব্যক্তিটি কে!
অনেকবার অসুস্থ হয়ে সোহরাওয়ার্দী হাসপাতালসহ বিভিন্ন হাসপাতালে মাসাধিক কাল পড়ে থাকলেও শেখ হাসিনা একটি বারের জন্যও তার স্বামী ডঃ ওয়াজেদ মিয়াকে দেখতে যেতেন না।

## অদ্ভুত চরিত্র, কর্ম ও ভাগ্য

শেখ হাসিনার স্বামী ডঃ ওয়াজেদ মিয়া শেখ হাসিনাকে দৈহিক নির্যাতন করতেন, মারধর করতেন, এ কথা শেখ হাসিনা অসংখ্য বার কেঁদে কেঁদে বলেছেন। শেখ হাসিনার কান্নায় ময়নার চোখেও পানি ঝরেছে। কিন্তু কেন স্বামী তাকে মারতেন, দৈহিক নির্যাতন করতেন, এই কথা শেখ হাসিনা কখনই বলেন নি। এ এক অদ্ভুত চরিত্র, কর্ম ও ভাগ্যের অধিকারী শেখ হাসিনা। বিদেশ থেকে একমাত্র কন্যা পুতুল এসে মা শেখ হাসিনাকে ডাকে 'এই যে বহুরূপী' তোমার তো রূপের শেষ নেই। এবার কি রূপ দেখাবে তুমি।
শেখ হাসিনা কোন কথা বললে সঙ্গে সঙ্গে মেয়ে পুতুল আত্মীয়-স্বজন সকলের সামনে বলে ওঠে, এটা তোমার কত নম্বর রূপ! শেখ হাসিনার ছোট বোন শেখ রেহানাকে পুতুল বলে, খালা এটা তোমার বোনের কত নম্বর রূপ? তোমার বোন তো বহুরূপী। রূপের শেষ নাই তার।
বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা তৎক্ষণাৎ চুপ মেরে যান। কোন কথা বলেন না, শেখ হাসিনা মেয়ে পুতুলকে তার (পুতুলের) নিজের বিয়ের প্রস্তাব দিলে কোন রকম টালবাহানা না করে বিনা বাক্যে মুহূর্তের মধ্যে সটান এক পায়ে দাঁড়িয়ে রাজি হয়ে যায়। মনে হয় যেন কারো হাত ধরে মুক্তি পেতে চায় পুতুল। শেখ হাসিনাও যেনতেন পাত্রের কাছে পুতুলকে বিয়ে দিতে মুক্ত হতে চান।
বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বিদেশে বসবাসরত একমাত্র পুত্র জয়কে ফোন করে দেশে এসে বেড়িয়ে যেতে বলেন এবং আসার সময় তার (শেখ হাসিনার) জন্য একটা শাড়ি নিয়ে আসতে বললে, পুত্র জয় সরাসরি অস্বীকার করে বলে, "ও সব শাড়িটাড়ি আমি আনতে পারবো না।" শেখ হাসিনা আবার উপস্থিত সকলকে বলে, দেখ, আমার সন্তান দেখ, আমার জন্য একটা শাড়ি আনতে বললাম। ছেলে আমার সরাসরি না করে দিল।
মা হিসেবে পুত্র-কন্যার প্রতি শেখ হাসিনার আচার-আচরণে কোনদিন কোন ত্রুটি চোখে



পড়েনি। বরং মনে হয়েছে মা হিসেবে শেখ হাসিনার তুলনা নেই। তারপরও আশ্চর্যের বিষয়! শেখ হাসিনার প্রতি তার পুত্র-কন্যার কেন এ রকম আচরণ?

## রাজাকারের ছেলের সাথে বিয়ে দেব না

শেখ হাসিনা তার কন্যা পুতুলের বিয়ে ঠিক করলে ধানমণ্ডিস্থ বাড়িতে শেখ হাসিনার স্বামী ডঃ ওয়াজেদ মিয়া এসে ক্ষিপ্ত হয়ে শেখ হাসিনাকে বলতে লাগলেন, মেয়ে কি তোমার একার? মেয়ে কি আমার না? তুমি রাজাকারের ছেলের কাছে আমার মেয়ের বিয়ে ঠিক করেছ? রাইফেল হাতে নিয়ে যে রাজাকারগিরি করেছে, মুক্তিযোদ্ধা মেরেছে, তার ছেলের সঙ্গে আমি কিছুতেই আমার মেয়ে বিয়ে দেব না। তুমি আমার মেয়েকে ঐ রাজাকারের ছেলের সাথে কিছুতেই বিয়ে দিতে পারবে না।
জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, আমি মেয়ে বিয়ে দেব। পারলে তুমি ঠেকাও। ডঃ ওয়াজেদ বললেন, তাই বলে তুমি রাজাকারের ছেলের সাথে মেয়ে বিয়ে দেবে?
বঙ্গবন্ধু কন্যা বললেন, কিসের আবার রাজাকার ফাজাকার? আমার আত্মীয় এটাই বড় কথা। সাথে মরলে আত্মীয়রাই মরে। দেখনি ঐ মুক্তিযোদ্ধা ফুক্তিযোদ্ধারাই আমার বাপ-মা ভাইদের কিভাবে মেরেছে, আমি আমার মেয়েকে এখানেই বিয়ে দেব। পারলে তুমি ঠেকাও।
ডঃ ওয়াজেদ মিয়া বললেন, তোমাদের সাথে তো আমি ঠেকাঠেকিতে পারব না। তবে আমি বলে দিচ্ছি আমার মেয়েকে যদি রাজাকারের ছেলের সাথে বিয়ে দেও তবে আমি এই বিয়ের সাথে নেই। বিয়েতে আমি আসবো না। আমি তোমাকে অনুরোধ করছি, ঐ রাজাকারের ছেলে ছাড়া যেখানে খুশি সেখানে তুমি মেয়ে বিয়ে দাও, আমি তোমার সাথে থাকবো। কিন্তু রাজাকারের বংশের কাছে মেয়ে বিয়ে দিলে আমি থাকবো না।
বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা তার স্বামী ডঃ ওয়াজেদের কথা রাখলেন না। তিনি তার ইচ্ছেমতো রাজাকারের ছেলের সঙ্গেই মেয়ে বিয়ে দিলেন। সত্যি সত্যিই ডঃ ওয়াজেদ কথা পাকাপাকি, পান চিনি, গায়ে হলুদ এবং বিয়ে কোথায়ও আসলেন না। শুধু বিয়ের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে মিনিট ৩/৪-এর জন্য এসে আবার খালেদা জিয়ার সঙ্গেই চলে গেলেন। তিনি কারো সাথে কোন কথা বললেন না। কেউ তাঁর সঙ্গে কোন কথা বললো না। বিয়ের খুঁটিনাটি থেকে শুরু করে যাবতীয় যা আয়োজন তার সিংহভাগই করতে হয়েছে আমাদের (প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক অবাঞ্ছিত ঘোষিত এক নম্বর মতিয়ুর রহমান রেন্টু, দুই নম্বর মিসেস মতিয়ুর রহমান রেন্টু, ময়না) এর উপর বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার বাবার ফুফাতো ভাইয়ের ছেলে বর্তমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ পি এস বাহাউদ্দিন নাসিমের বায়না তো ছিলই। ডেকোরেটরের বিল, বাবুর্চির বিল, খানসামার বকশিস ইত্যাদি যখন যা প্রয়োজন হয়েছে, বাহাউদ্দিন নাসিম তার সব কিছুই আমাদের কাছ থেকেই নিয়েছে।

## সব যান বের হন

বিয়ের অনুষ্ঠানে বিয়ে পড়ানোর জন্য কাজীর সামনে একটি মাইক লাগানো হয়েছিল। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা হঠাৎ সেই মাইক দিয়ে বিয়ের অনুষ্ঠানে আগতদের ঢালাওভাবে ধমকের সুরে বলতে লাগলেন, সব যান বের হন, কি পেয়েছেন? তামাশা পেয়েছেন? এখনই এই জায়গা থেকে চলে যান। নইলে অসুবিধা হবে।
বঙ্গবন্ধু কন্যার মুখে মাইকে এই কথা শুনে উপস্থিত সকলে হতবিহ্বল, কিংকর্তব্যবিমূঢ় হয়ে

যায় এবং অনেকেই আগা-মাথা না বুঝে অনুষ্ঠান থেকে চলে যেতে শুরু করলে, ময়না তাড়াতাড়ি জননেত্রীর কাছে এই কথার অর্থ কি জানতে চাইলে শেখ হাসিনা বলেন, দাওয়াত ছাড়াই অনেকে এসেছে, তাদের জন্য আমি এই কথা বলেছি। এরপর ময়না নিমন্ত্রিত অতিথিদের অনেককে বোঝাবার চেষ্টা করেছে, কিন্তু তাতে ফল হয়নি। অধিকাংশ নিমন্ত্রিত অতিথিই না খেয়ে চলে যায়।

বিয়ের সকল অনুষ্ঠান শেষ। সকলেই চলে গেছে। শুধু বর (জামাই) আর বরের আত্মীয়-স্বজনরা রয়েছে। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা তার কন্যা পুতুলকে বরের গাড়িতে তুলে দিয়ে ময়নাকে জড়িয়ে ধরে কান্নায় ভেঙ্গে পড়লেন। তারপর জননেত্রী শেখ হাসিনা ময়নাকে বললেন, ময়না আজ আর তুমি আমাকে ছেড়ে যেও না।

বিয়ের অনুষ্ঠানস্থল সংসদ ভবন চত্বর থেকে শেখ হাসিনার সঙ্গে আমাদের একমাত্র সন্তান পাঁচ বৎসরের স্বর্ণলতাকে সাথে নিয়ে ধানমণ্ডি ৫ নম্বর রোডে শেখ হাসিনার ৫৪ নম্বর বাড়িতে চলে এলাম। বাড়িতে এসে বাইরের কাপড় পাল্টে সবাইকে নিয়ে মাটিতে গোল হয়ে বসে জননেত্রী শেখ হাসিনা ময়নাকে বললেন, ময়না তোমরা যা করলে, তোমাদের ঋণ জীবনে শোধ করা যাবে না। কোনদিন তোমাদের ভোলা যাবে না। কোনদিন তোমাদের ভুলব না। আমাদের মেয়ে স্বর্ণলতাকে দেখিয়ে বললেন, ও তো পেটে থেকেই আমাকে ভালবাসে।

অবশ্য এসব কথা শেখ হাসিনা আজ নতুন বলছেন না, এর আগেও অনেক বার এসব কথা তিনি বলেছেন।

## এক কোটি সাতত্রিশ লাখ টাকা

১৯৯৫ সাল। ১০ই জানুয়ারী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস। ধানমণ্ডি বঙ্গবন্ধু ভবনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে রাম মোহন দাসের নামে রেজিস্ট্রি করা লাল রঙের নিশান পেট্রোল জীপে করে ফিরে আসছেন শেখ হাসিনা। তার সঙ্গে পাশে বসে আছে তার একজন মাত্র সঙ্গী। ড্রাইভার জালাল গাড়ি চালাচ্ছে। ড্রাইভার জালাল বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে জিজ্ঞেস করল, আপা মেয়র হানিফ এল না ফুল দিতে? শেখ হাসিনা জবাব দিলেন, কে জানে। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দেওয়ার জন্য ওকে কম ফোন করি নি। ওর কাছে কম লোক পাঠাইনি। তারপর বেঈমানটা আসে নি। শয়তানটা পাত্তাই দেয় নি। এক কোটি সাত্রতিশ লাখ টাকা খরচ করে নিমকহারামটাকে আমি মেয়র বানিয়েছি। তোমরা তো সব জান, সবই দেখেছ, সবই করেছ। কত কষ্ট করেছি আমি। আসলে যে দল থেকে একবার চলে যায় তাকে আর দলেই নেওয়া উচিত না। ও মেয়র হওয়ার জন্য আমার সাথে বেঈমানী করে স্বৈরাচারী এরশাদকে বাপ ডেকে এরশাদের পার্টিতে চলে গেছিল। সেখানে ছেক খেয়ে আবার আমার কাছে ফিরে যখন আসলো তখনই বেঈমানটারে নেওয়া উচিত ছিল না। কিন্তু কি যে হলো! কি মনে করে যে আবার নিলাম। শয়তানটা আমার সাথে এত বড় বেঈমানী করবে বুঝতে পারি নি। বুঝলে কি আর এই কাম করি।

## নেত্রী এখন নামাজ পড়ছেন

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ১৯৯৪ সালের শেষ মুহূর্তে ধানমণ্ডি বাড়িতে উঠেই, '৯৫ সালের জানুয়ারীর প্রথম থেকেই জোরশোরে লাগাতার আন্দোলন, সংগ্রাম, হরতাল, পদযাত্রা ইত্যাদি শুরু করলেন। দুপুর দু'টায় টঙ্গি থেকে মহাখালী পর্যন্ত পদযাত্রা শুরু হলো। অর্থাৎ টঙ্গি থেকে



সবাই পায়ে হেঁটে মহাখালী যাবেন। মহাখালীতে মঞ্চ তৈরি করা আছে, পদযাত্রা শেষে এই মঞ্চ থেকে শেখ হাসিনা ভাষণ দেবেন। শেখ হাসিনা তার বেতনভুক ব্যাগ বহনকারী রাম মোহন দাসের নামে রেজিস্ট্রেশন করা লাল রঙের নিশান পেট্রোল জীপে করে, বাকি সব নেতা-কর্মী পায়ে হেঁটে, টঙ্গি থেকে মহাখালীর দিকে রওয়ানা হল। প্রায় পাঁচ-সাত হাজার লোকের পদযাত্রা। হাজার লোকের ঠিক মাঝখানে শেখ হাসিনা জীপে করে পদযাত্রার সঙ্গে তাল মিলিয়ে চলছেন। পদযাত্রার মাঝে মাঝে গোটা বিশেক রিক্সায় মাইক বেঁধে নানা ধরনের শ্লোগান দেওয়া হচ্ছে। জানুয়ারী মাস, শীতের বেলা। হাঁটতে খুব একটা খারাপ লাগছে না। দুপুর গড়িয়ে বিকেল হবে হবে। হঠাৎ একটি মাইকে বলা হল জননেত্রী শেখ হাসিনা এখন আসর নামাজ পড়ছেন।

সঙ্গে সঙ্গে সবগুলো মাইক থেকে বলা শুরু হল জননেত্রী বঙ্গবন্ধু কন্যা এখন আসর নামাজ পড়ছেন। ঘড়িতে তখন সোয়া তিনটা বাজে।

প্রেসিডিয়াম সদস্য তোফায়েল আহমেদ (বর্তমানে শেখ হাসিনার শিল্প ও বাণিজ্য মন্ত্রী) বললেন, আরে থামো থামো এখনও আসর ওয়াক্তই হয় নি। একটু পরে বল।

এই কথা শুনে সব নেতারা হাসাহাসি শুরু করল। এদিকে বঙ্গবন্ধু কন্যা নিশান পেট্রোল জীপের বড় বড় জানালার গ্লাস খুলে নামাজ পড়তে শুরু করলেন। আর পদযাত্রার হাজার হাজার পুরুষ জীপ গাড়ি ঘিরে শেখ হাসিনার নামাজ পড়া দেখতে লাগল। নামাজ শেষ হয়ে গেল কিন্তু মাইকে নামাজ পড়ার প্রচার শেষ হলো না। প্রায় এক ঘন্টারও বেশি সময় গোটা বিশেক মাইকে শেখ হাসিনা নামাজ পড়ছেন প্রচার করা হল।

অন্য আর একদিন মোহাম্মদপুর থেকে পদযাত্রা শুরু হয়ে গুলশান আমেরিকান এম্বেসির সামনে দিয়ে বাড্ডায় যেয়ে শেষ হবে। পদযাত্রা শুরু হলে শেখ হাসিনা ডেকে বললেন, নামাজের ওয়াক্ত হওয়ার পরে যেন মাইকে বলা শুরু করে। ওয়াক্তের আগে যেন বলা শুরু না করে।

এবার মাইক ম্যানদের আগে ভাগেই জননেত্রী শেখ হাসিনার নির্দেশ জানিয়ে দেওয়া হল এবং আজ নামাজের ওয়াক্ত শুরু হওয়ার পরই মাইকে প্রচার শুরু হল। নেত্রীও যথারীতি নিশান পেট্রোল জীপের জানালা খুলেই নামাজ আদায় করলেন। হাজার হাজার পুরুষ মানুষও জীপ ঘিরে শেখ হাসিনার নামাজ আদায় দেখল। পদযাত্রা শেষে বঙ্গবন্ধু কন্যা তার ধানমণ্ডিস্থ বাসায় গেলে তার এক সঙ্গী বলল, আপা (শেখ হাসিনা) আপনি নামাজ পড়তে থাকলে মানুষ ভিড় করে আপনাকে দেখতে থাকে, এতে নামাজ নষ্ট হয়। আপনি নিশান পেট্রোল জীপে পর্দা লাগিয়ে নেন।

উত্তরে শেখ হাসিনা বললেন, না পর্দা লাগালে জীপের ডিসেন্সি থাকে না।

তখন ঐ সঙ্গী বলল, তাইলে আপা, আপনি জীপে বড় একটা চাদর রাখবেন, যখন নামাজ পড়বেন আমরা তখন ঐ চাদর দিয়ে জীপটা ঘিরে রাখব। যাতে আপনার নামাজ পড়া কেউ দেখতে না পারে।

জননেত্রী বললেন, না তোমরা তো সব ভাইয়ের মতো, চাদর লাগবে না।

## আমার সাথে বেঈমানী করেছে

এর তিন দিন পড়ে কাঁচপুর থেকে গুলিস্তান পর্যন্ত পদযাত্রা। এই পদযাত্রায়ও ঐ একই মাইক, একই নামাজ, একই পুরুষ মানুষের ঘিরে রাখা। এই পদযাত্রার যোগ দিয়েছিল নোয়াখালি জেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ হানিফ। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নিশান পেট্রোল

জীপের পাশে হাঁটতে হাঁটতে মোঃ হানিফ বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে জিজ্ঞেস করলেন, নেত্রী আমার মিতাকে দেখছি না?
নেত্রী বললেন, কোন মিতা?
জেলা সভাপতি বললেন, নগর আওয়ামী লীগের সভাপতি ঢাকার মেয়র মোঃ হানিফকে দেখছি না?
সভানেত্রী রেগে বলে উঠলেন, জানেন না, কুত্তার বাচ্চাটা আমার সাথে বেঈমানী করেছে। নিমকহারামী করেছে। ওরে আমি এক কোটি সাত্রিশ লাখ টাকা খরচ করে মেয়র বানিয়েছি। আর কুত্তার বাচ্চাটা আমার সাথেই বেঈমানী করেছে। ও (ঢাকার মেয়র হানিফ) এখন প্রতিদিন খালেদা জিয়ার সাথে দেখা করে। দিনে তিন-চার বার খালেদা জিয়ার সাথে ফোনে কথা বলে। আর আমি খবর দিলেও আসে না। ফোন করলেও ধরে না। সময় আসলে এই বেঈমানদেরও শিক্ষা দিতে হবে। বুঝলেন, এই বেঈমানদের উচিত শিক্ষা দিতে হবে। আপনারা প্রস্তুত হন।

## আওয়ামী লীগ সিদ্ধান্তের গুরুত্ব

১৯৯৫ সালে চাঁদপুর পৌরসভার নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত চেয়ারম্যান প্রার্থীর বিরুদ্ধে আওয়ামী লীগের সিদ্ধান্ত উপেক্ষা করে আওয়ামী যুবলীগের এক কর্মী চেয়ারম্যান প্রার্থী হয় এবং যুবলীগের এই কর্মী আওয়ামী লীগ প্রার্থীকে পরাজিত করে চাঁদপুর পৌরসভার চেয়ারম্যান নির্বাচিত হয়ে যায়। আওয়ামী লীগের সিদ্ধান্ত উপেক্ষা করে আওয়ামী লীগ মনোনীত প্রার্থীর বিরুদ্ধে যুবলীগ কর্মীর নির্বাচনে প্রার্থী হওয়াকে কেন্দ্র করে ধানমণ্ডি ৮ নম্বরে আওয়ামী ফাউন্ডেশন অফিসে আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির বৈঠক বসে।
আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে দলীয় শৃঙ্খলা রক্ষার বিষয়কে গুরুত্ব দেওয়া হয় এবং বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় বিশেষ গুরুত্ব সহকারে বলা হয়, আওয়ামী লীগের সিদ্ধান্তের প্রতি বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে দলীয় শৃঙ্খলা ভঙ্গ করে দলীয় প্রার্থীর বিরুদ্ধে যুবলীগ কর্মীর নির্বাচনে প্রার্থী হওয়া দলীয় শৃঙ্খলা রক্ষার প্রয়োজনে শাস্তিযোগ্য অপরাধ। যদিও যুবলীগ প্রার্থী নির্বাচনে বিজয়ী হয়ে পৌরসভার চেয়ারম্যান হয়েছে, তবুও তাকে শাস্তি দেওয়া অত্যন্ত জরুরী, কেননা সামনে জাতীয় সংসদ নির্বাচন। যুবলীগ কর্মী ও বর্তমানে চাঁদপুর পৌরসভার চেয়ারম্যানকে দলীয় শৃঙ্খলা ভঙ্গের অপরাধে দৃষ্টান্তমূলক শাস্তি না দিলে সংসদ নির্বাচনেও অনেকেই আওয়ামী লীগ মনোনীত প্রার্থীর বিরুদ্ধে দলীয় শৃঙ্খলা ভঙ্গ করে প্রার্থী হয়ে যাবে। এসব বিষয়ে বিস্তারিত আলোচনার পর শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি সর্বসম্মতিক্রমে যুবলীগ কর্মী চাঁদপুর পৌরসভার নব নির্বাচিত চেয়ারম্যানকে সংগঠন থেকে বহিষ্কার করার সিদ্ধান্ত নেয়।
পরদিন সকালে শেখ হাসিনার চাচাতো ভাই শেখ নাসেরের চতুর্থ ছেলে শেখ হেলালের চতুর্থ ভাই ২০/২২ বৎসরের যুবক শেখ রুবেল ধানমণ্ডি শেখ হাসিনার বাসায় এসে বঙ্গবন্ধু কন্যা আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাকে বলল, আপা তুমি চাঁদপুর পৌরসভার চেয়ারম্যানকে মালা দিয়ে বরণ করে নাও।
শেখ হাসিনা বললেন না, ওকে বহিষ্কার করব। শেখ রুবেল বলল, ও সবাইরে হারাইয়া (পরাজিত করে) চেয়ারম্যন হইছে ওরে মালা না দিয়া বহিষ্কার করবা এইটা তুমি (শেখ হাসিনা) কও কি? জলদি ওরে ডাইকা আইনা গলায় মালা দিয়া মিষ্টি খাওয়াও।
আওয়ামী লীগ সভানেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, দূর গত রাতেই তো আওয়ামী লীগ



কেন্দ্রীয় ওয়ার্কিং কমিটি সিদ্ধান্ত নিছে ওকে বহিষ্কার করার।
শেখ রুবেল বলল, রাখ তোমার ওয়ার্কিং ফুয়ার্কিং কমিটি। ওয়ার্কিং কমিটি ফমিটির কথা তুমি শুইনো না। ওরা জানে কি? বেচারা জিতা আইছে কোথায় বাহ্বা দিবা। তানা এখন উল্টা কথা। বড় আপা তুমি চেয়ারম্যান হিসেবে অভিনন্দন পাঠাও। আওয়ামী লীগ সভানেত্রী বঙ্গবন্ধু কন্যা বললেন, তাইলে এক কাম করি, আগে বহিষ্কার করি পরে বহিষ্কার প্রত্যাহার করি।
শেখ রুবেল বলল দেখ, আমি তোমারে কইতেছি, এখনই চেয়ারম্যান হিসেবে অভিনন্দন জানাও আর ঢাকা আইনা মিষ্টি খাওয়াইয়া গলায় মালা দেও।
সভানেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, তাইলে তো এখনই জিল্লুর রহমান (আওয়ামী লীগের সাধারণ সম্পাদক) কে বলতে হয়, নইলে আবার বহিষ্কারের চিঠি পাঠিয়ে দেবে। এতক্ষণে পাঠিয়ে দিয়েছে কিনা কে জানে।
বলেই সঙ্গে সঙ্গে ফোন করে আওয়ামী লীগের সভানেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জিল্লুর রহমানকে বললেন, শুনেন, গতকাল রাতে ওয়ার্কিং কমিটি চাঁদপুর পৌরসভার চেয়ারম্যানকে বহিষ্কার করার যে সিদ্ধান্ত নিয়েছে ঐ চিঠিটা পাঠায়েন না। চেপে যান।
এরপর শেখ রুবেল চলে যাওয়ার জন্য সিঁড়িতে নেমে এলে বঙ্গবন্ধু কন্যা রুবেলের পথ আগলে দাঁড়িয়ে বলে, এই রুবেল-চাঁদপুরের চেয়ারম্যান-এর কাছ থেকে কত টাকা নিয়েছিস? আমার ভাগ দে।
শেখ রুবেল বলে, দূর সরো, যাইতে দাও।
নজিব বলে, আমার ভাগ দে নইলে যাইতে দিমু না। বড় আপারে কইয়া দিমু। শেখ রুবেল বলে, পরে নিও, পরে নিও। এখনও হাতে পাই নি। নজিব বলে, ঠিক আছে আমারে দিবি তো? হ্যাঁ, দিমু।

## জনতাকে শান্ত থাকার বক্তৃতা

১৯৯৫ সালের ২৪শে আগস্ট পুলিশ নিরাপদে বাড়ি পৌঁছে দেওয়ার নাম করে ইয়াসমিন নামে ১৪ বছরের এক কিশোরীকে দিনাজপুর যাওয়ার পথে ধর্ষণ ও হত্যা করে। এই খবর জানাজানি হয়ে গেলে পত্র-পত্রিকায় প্রকাশ হলে, দিনাজপুরের মানুষ বিক্ষুব্ধ হয়ে ওঠে এবং দিনাজপুরের মানুষ পুলিশের বিরুদ্ধে মিছিল-মিটিং শুরু করলে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা দিনাজপুর জেলা আওয়ামী লীগের সভাপতি এডভোকেট আব্দুর রহিমসহ কয়েকজন জেলা নেতাকে অনতিবিলম্বে জরুরী ভিত্তিতে ঢাকায় তলব করেন। এডভোকেট আব্দুর রহিমসহ দিনাজপুরের পাঁচ নেতা ঢাকা এসে ধানমন্ডি বঙ্গবন্ধু ভবনের লাইব্রেরী রুমে বিকেল প্রায় পাঁচটায় বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সঙ্গে রুদ্ধদ্বার বৈঠক করেন। বঙ্গবন্ধু ভবনের এই বৈঠকে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা আপনা-আপনি শুরু হওয়া দিনাজপুরবাসীর এই আন্দোলনকে যে কোন কিছুর বিনিময়ে প্রচণ্ড বিক্ষোভে রূপ দিয়ে বিস্ফোরণ ঘটানোর পরামর্শ ও নির্দেশ দেন।
জননেত্রী শেখ হাসিনা বলেন, দিনাজপুরবাসীর এই বিক্ষোভকে নির্দলীয় খোলসে (আবরণে) রেখে খালেদা জিয়া সরকারের বিরুদ্ধে এই গণবিক্ষোভ আরো বেগবান, আরো চাঙ্গা করে গণঅভ্যুত্থান সৃষ্টি করে খালেদা সরকারের পতন ঘটাতে হবে। এখন আর ঢাকার দিকে চেয়ে থাকলে চলবে না। এখন দিনাজপুর থেকেই শুরু করতে হবে এবং ঢাকায় এসে শেষ করতে হবে। প্রতিদিন প্রতি মুহূর্তে পুলিশের সাথে সংঘর্ষ করতে হবে। লাশের পর লাশ ফেরতে

হবে। পুলিশের লাশও ফেলতে হবে। যত টাকা-পয়সা লাগে নিয়ে যান। তবু এই কর্মসূচী বাস্তবায়িত করতে হবে। ঐ পুলিশের মাঝেই লোক আছে, যাদের টাকা-পয়সা দিলে গুলি করে মানুষ মেরে লাশের স্তূপ লাগিয়ে দেবে। পুলিশের সাথেও কন্ট্রাক্ট করবেন, টাকা-পয়সা দেবেন। মনে রাখবেন যদি এগুলো সফল করতে পারেন তাহলেই কেবলমাত্র ক্ষমতার মুখ দেখতে পারবেন। নইলে জীবনে আর আওয়ামী লীগকে ক্ষমতায় নিতে পারবেন না। সারা দেশে যদি এসব দাঙ্গা-হাঙ্গামা, লুটতরাজ, খুন-খারাবি ছড়িয়ে দিতে পারেন, তবেই একমাত্র যদি ক্ষমতার মুখ দেখেন। ইয়াসমিন মইরা এসব ঘটানোর একটা সুযোগ করে দিছে, এখন এটাকে কাজে লাগান। মনে রাখবেন এসব অবশ্যই হতে হবে নির্দলীয় ব্যানারে। আওয়ামী লীগ নামের বিন্দু-বিসর্গও যেন না আসে। ফাল দিয়ে কেউ মঞ্চে যাবেন না। সব করবেন পিছন থেকে। পারতপক্ষে কোন ব্যাপারেই মুখ খুলবেন না। যদি মুখ খুলতেই হয় তাহলে দুনিয়ার যত ভাল ভাল কথা আছে তাই বলবেন। কাজে যাই হোক, মুখে রাখবেন শুধু ভাল কথা। আর সত্যিই যদি একটা লঙ্কাকান্ড ঘটিয়ে দিতে পারেন, তাহলে আমিও দিনাজপুরে আসবো। কিন্তু ওখানে আপনাদের সাথে আমার কোন কথা হবে না। আমি শুধু বক্তৃতায় বলে আসবো, ধৈর্য ধরুন, শান্ত থাকুন ইত্যাদি জাতীয় কথা। কিন্তু আপনারা আপনাদের কাজ পুরোপুরি চালিয়ে যাবেন। এখন ২০ লাখ টাকা নিয়ে যান। পরিস্থিতি বুঝে বাকি যা লাগবে ওখানেই পৌঁছে দেব। আমি শুধু কাজ চাই। টাকা নিয়ে যাওয়ার জন্য আপনাদের গাড়িটাড়ির ব্যবস্থা আছে? নইলে আমি টাকা নিয়ে যাওয়ার জন্য গাড়ির ব্যবস্থা করে দেই।

এডভোকেট আব্দুর রহিমসহ অন্যান্য নেতারা বঙ্গবন্ধু কন্যার কাছ থেকে বিদায় নিয়ে বঙ্গবন্ধু ভবন ত্যাগ করে চলে গেল রাত তখন আটটা। ওদিকে দিনাজপুরে অপরাধী পুলিশ ইয়াসমীন হত্যাকাণ্ড ধামাচাপা দেওয়ার চেষ্টা করলে দিনাজপুরের জনতা আরো বিক্ষুব্ধ হয়ে ওঠে। বঙ্গবন্ধু ভবন থেকে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার কাছ থেকে বিদায় নিয়ে চলে যাওয়ার ঠিক দুই দিন পরে, এডভোকেট আব্দুর রহিম ৫ নম্বর ধানমণ্ডির বাসায় ফোন করে জননেত্রী শেখ হাসিনাকে না পেয়ে, এই ম্যাসেজ বা সংবাদ দেন যে, নেত্রীকে বলবেন এখন পর্যন্ত পুলিশের কোন লাশ পাওয়ার সংবাদ পাওয়া যায় নি। তবে এখন পর্যন্ত পুলিশের গুলিতে নিহত সাত (৭) জন দিনাজপুরবাসীর লাশ পাওয়া গেছে। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বাসায় ফিরলে তাকে এই ম্যাসেজ বা সংবাদ দেওয়া হলে তিনি সঙ্গে সঙ্গে তার নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত স্পেশাল ব্রাঞ্চের পুলিশদের আজ আর কোন কাজ নেই বলে বিদায় করে দিয়ে, ধানমণ্ডি ৮ নম্বর রোডে তার চাচাতো চাচা শেখ হাফিজুর রহমান টোকন-এর বাসায় গিয়ে দিনাজপুরে এডভোকেট আব্দুর রহিমের সঙ্গে কথা বলেন। বঙ্গবন্ধু কন্যা বলেন, ঠিক আছে চালিয়ে যান। আরো জোরে চালিয়ে যান। টাকা-পয়সা যা দরকার আপনি পেয়ে যাবেন। আর একটু জোরদার করেন। আমি আসছি।

অতঃপর বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা দিনাজপুর গেলেন। জনতাকে শান্ত থাকা ও ধৈর্য ধরার বক্তৃতা দিয়ে আবার ঢাকায় ফিরে এলেন এবং ফিরে এসে বললেন, না যত গুড় তত মিঠা হয়নি। অর্থাৎ যত টাকা খরচ করা হয়েছে তত ফল আসেনি।

## খাতা-কলম গোলাবারুদ ও দিগম্বর কাহিনী

১২ ডিসেম্বর ১৯৯৪ সাল। বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার নির্দেশে আওয়ামী লীগের ছাত্র



সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ মতিঝিল শাপলা চত্বরে ছাত্রদের মহা সমাবেশের আয়োজন করেছে। মাত্র কয়েক দিন আগে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এই মতিঝিল শাপলা চত্বরেই বিএনপির ছাত্র সংগঠন জাতীয়তাবাদী ছাত্রদলকে দিয়ে ছাত্রদের মহাসমাবেশ করেছেন। ছাত্রদলের এই মহাসমাবেশে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বক্তৃতায় বলেছেন, বিরোধীদলের মোকাবেলা করার জন্য ছাত্রদলই যথেষ্ট। ছাত্রদলের ঐ মহাসমাবেশের পাল্টা মহাসমাবেশ হিসেবেই বঙ্গবন্ধু কন্যা আজকের এই ছাত্রলীগের মহাসমাবেশের আয়োজন করেছেন এবং বেগম খালেদা জিয়ার ঐ বক্তৃতার পাল্টা জবাব হিসেবে শেখ হাসিনা আজ বক্তৃতা করবেন। বঙ্গবন্ধু কন্যা বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা বিকাল ৪টা ১৫ মিনিটে মঞ্চে উঠলেন। আজকের এই ছাত্রলীগের মহাসমাবেশের মঞ্চের একটা বিশেষ এবং উল্লেখযোগ্য দিক হলো কেবল ছাত্রলীগের নেতারা ও একমাত্র শেখ হাসিনা ছাড়া অন্য কোন আওয়ামী লীগ নেতাকে মঞ্চে উঠতে দেওয়া হলো না। মঞ্চের নিচে উত্তর দিকে আওয়ামী লীগ নেতাদের বসার ব্যবস্থা হলো। শেখ হাসিনা ছাত্রলীগের দ্বারা পরিবেষ্টিত হয়ে মঞ্চে বসলেন। আওয়ামী লীগের নেতারা মঞ্চের নিচ থেকে মঞ্চে উঠে বক্তৃতা দিয়ে আবার মঞ্চের নিচে চলে গেলেন। বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা তার বক্তৃতায় ছাত্রদের লেখাপড়ায় বিশেষ মনোযোগ দেওয়ার উদার আহ্বান জানালেন এবং মঞ্চে উপস্থিত ছাত্রলীগের নেতাদের হাতেখাতা-কলম তুলে দিলেন। খাতা-কলম তুলে দেওয়ার মুহূর্তে ফটো সাংবাদিকদের ক্যামেরা বার বার ঝলসে উঠলো তার পরের দিন দেশের প্রায় সবগুলো জাতীয় দৈনিক পত্রিকায় খাতা-কলম তুলে দেওয়ার ছবি ছাপা হল এবং ছাত্রদের লেখাপড়ায় মনোযোগ দেওয়ার শেখ হাসিনার আহ্বানকে পত্রিকার শিরোনাম করা হল। কিন্তু তার আগে ৯ই ডিসেম্বর শুক্রবার ১৯৯৪ বিকেল ৩টায় ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনের লাইব্রেরী কক্ষে শেখ হাসিনা ছাত্রলীগ নেতা অজয় কর, পঙ্কজ, হিমাংসু দেবনাথ, জ্যোতির্ময় সাহা, ত্রিবেদী ভৌমিক এবং আলমসহ মোট ৯ জনকে ডেকে এনে সামনের আন্দোলনে প্রয়োজন হবে বলে গোলাবারুদ ও অস্ত্রশস্ত্র কেনার জন্য নগদ এক লক্ষ টাকা দিয়ে বলেন, আগামী ২৮শে ডিসেম্বর জাতীয় সংসদ থেকে পদত্যাগ করার পর তোমরা ঢাকা শহরসহ সারা দেশে নজিরবিহীন ত্রাসের সৃষ্টি করবে। খালেদা জিয়ার পতন না পর্যন্ত প্রতিদিন ৫/১০টা লাশ অবশ্যই ফেলতে হবে। নইলে জিয়ার পতন হবে না। এর জন্য যত টাকা লাগবে তোমরা পাবে। টাকার কোন অভাব হবে না। তোমরা গোলাবারুদ ও অস্ত্রশস্ত্রের বিশাল মজুদ গড়ে তুলবে। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এই গুলি রাখবে না। কারণ ঢাকা বিশ্ববিদ্যালয়ে পুলিশ রেড করলে এই সকল অস্ত্রশস্ত্র ও বোমা আমাদের হাত ছাড়া হয়ে যাবে। এসব জিনিষপত্র বিশ্ববিদ্যালয়ের বাইরে নিরাপদ জায়গায় রাখবে।

আর একটা দায়িত্ব তোমরা সিরিয়াসলি পালন করবে। সেটা হলো, এই যে, ইস্কাটন গার্ডেন রোড এবং ইডেন কলেজের পশ্চিম পার্শ্বে যে কোয়ার্টারগুলো আছে, সেগুলো সব সচিব-উপসচিবদের, আমি (শেখ হাসিনা) হরতাল দিলেও এই সচিব উপ-সচিবরা পায়ে হেঁটে ঠিকই সচিবালয়ে যায়। এরপর যখন আমি হরতাল দেব, তোমরা এদের বাসার কাছে ওঁত পেতে থাকবে, সেক্রেটারিরা (সচিবরা) হেঁটে সেক্রেটারিয়েটে যেতে থাকবে, পথিমধ্যে তোমরা ওদের কাপড়-চোপড় খুলে ন্যাংটা করে ফেলবে।

ছাত্রলীগ নেতারা বলল, আমাদের দুই গ্রুপে ভাগ করে দেন। এক গ্রুপ গোলাবারুদ, অস্ত্রশস্ত্রের দায়িত্বে থাকি। আর অন্য গ্রুপ সচিবদের উলঙ্গ করার দায়িত্বে থাকুক।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা তখন আলমকে সচিবদের নেংটা করার দায়িত্ব দিলেন।
এরপর অনেক হরতাল যায়। কিন্তু সচিবদের নেংটা করা হয় না। বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা তার পক্ষ থেকে সচিবদের কাপড় খুলে উলঙ্গ করার দায়িত্বপ্রাপ্ত আলমকে রোববার তাগিদ দেওয়া সত্ত্বেও যখন সচিবরা উলঙ্গ হচ্ছে না, তখন তিনি (শেখ হাসিনা) ঢালাওভাবে যাকে কাছে পান তাকেই সচিবদের নেংটা করার দায়িত্ব দিতে থাকেন। কিন্তু তারপরও সচিবরা উলঙ্গ হচ্ছে না দেখে শেখ হাসিনা ভয়ানক রেগে গেলেন এবং সচিবদের উলঙ্গ করার মূল দায়িত্বপ্রাপ্ত আলমকে নগদ বিশ হাজার টাকা দিয়ে বললেন, এই বিশ হাজার টাকা এখন দিলাম। বাকি আরো ত্রিশ হাজার টাকা সচিবদের নেংটা করার পর দেব এবং পরের হরতালেই নেংটা করতে হবে। নইলে পুরা টাকা ফেরত দিতে হবে।
ঠিকই পরের হরতালেই আলম ঢাকা বিশ্ববিদ্যালয়ের দোয়েল চত্বরের সামনে একজনকে উলঙ্গ করে ফেলল। ধানমণ্ডি ৫ নম্বর রোডের ৫৪ নম্বর বাড়িতে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার কাছে এই উলঙ্গ করার সফলতার সংবাদ পৌঁছলে তিনি খুশিতে মিষ্টি খাওয়ানোর জন্য আলমকে ডেকে আনতে লোক পাঠান। কিন্তু আলম ততক্ষণে পুলিশের হাতে ধরা পড়ে যায়। তার পরের দিন দেশের সকল সংবাদপত্রে দিগম্বর শিরোনামে ছবিসহ খবর ছাপা হল। জানা যায়, এই উলঙ্গ দিগম্বরের শিকার হওয়া ব্যক্তি একজন সচিব (সেক্রেটারি) নন। তিনি বাংলাদেশের একজন অতি সাধারণ নাগরিক। গো-বেচারা পাবলিক।

## সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিমকে ক্ষমতা দখলের প্রস্তাব

কোন আন্দোলন, কোন সংগ্রামেই কাজ হচ্ছে না। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া একতরফাভাবে আগামী ১৫ই ফেব্রুয়ারী সপ্তম পার্লামেন্টের নেত্রী হচ্ছেন এবং ২য় বারের মতো সংবিধান অনুযায়ী সরকার গঠন করতে যাচ্ছেন।
সপ্তম পার্লামেন্ট নির্বাচন, বিএনপির পুনরায় সরকার গঠন এবং খালেদা জিয়ার পুনরায় প্রধানমন্ত্রী হওয়া কিছুকেই যখন ঠেকানো যাচ্ছে না তখন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ১৭ই জানুয়ারী ১৯৯৬ সন্ধ্যায় শেখ রেহানার ননদের গুলশানের বাড়িতে কর্নেল তারেক সিদ্দিকী (শেখ রেহানার ভাসুর, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় এসেই সর্বপ্রথম তারেক সিদ্দিকীকে কর্নেল থেকে ব্রিগেডিয়ার পদে পদোন্নতি দেন এবং তার নিজস্ব সামরিক স্টাফ নিয়োগ করেন।) এর সাথে গোপনে আলোচনা করেন এবং তারেক সিদ্দিকীর মাধ্যমে সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল আবু সালেহ মোহাম্মদ নাসিম বীর বিক্রমকে রাষ্ট্রীয় ক্ষমতা দখল করার প্রস্তাব দেন। অর্থাৎ বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিমকে সামরিক অভ্যুত্থান করে বেগম খালেদা জিয়া সরকারকে উৎখাত করে রাষ্ট্রীয় ক্ষমতা দখল করার প্রস্তাব দেন।
শেখ হাসিনা তার নিজের তরফ থেকে এবং তার দল আওয়ামী লীগের তরফ থেকে সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিমকে ক্যু করার ব্যাপারে সার্বিক নিঃশর্ত সমর্থন ও সর্বপ্রকার সাহায্য-সহযোগিতা করার পূর্ণ আশ্বাস দেন। ১৯৮২ সালে বিএনপি সরকার উৎখাত করার জন্য জননেত্রী শেখ হাসিনা তখনকার সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল হুসাইন মোহাম্মদ এরশাদকে যেভাবে আমন্ত্রণ জানিয়েছিলেন এবং সাহায্য-সহযোগিতা ও সমর্থনের আশ্বাস দিয়েছিলেন, ঠিক একইভাবে ১৯৯৬-এর মধ্য জানুয়ারীতে শেখ হাসিনা সেনাপ্রধান



জেনারেল নাসিম বীর বিক্রমকে ক্ষমতা দখল করার জন্য সাহায্য-সহযোগিতা ও সমর্থনের আশ্বাস দিলেন। কিন্তু এবার সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল আবু সালেহ মোহাম্মদ নাসিম বীর বিক্রম বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার প্রস্তাবে সায় না দিয়ে উপরন্তু বলে পাঠালেন, আমি পেশাদার সৈনিক। পেশাদার সৈনিককে পেশাদার সৈনিকই থাকা উচিত এবং দেশে বর্তমানে যা চলছে তা রাজনৈতিক সংকট। রাজনীতিবিদদেরই এই রাজনৈতিক সংকট রাজনৈতিকভাবে মোকাবেলা ও নিরসন করতে হবে। সেনাবাহিনী এই সংকটে জড়িত হয়ে নতুন সংকট সৃষ্টি করবে না।
এরপরে জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা প্রচণ্ড হতাশ হয়ে এই দেশে আর থাকা যাবে না বলে মন্তব্য করেন।

## পুলিশের লাশ চাই, মিলিটারীর লাশ চাই

আজ ১০ই ফেব্রুয়ারী ১৯৯৬। সকাল ৯টা। জননেত্রী শেখ হাসিনা ধানমণ্ডিস্থ তাঁর নিজ বাসভবনের দ্বিতীয় তলায় ভি ভি আই পি ড্রয়িংরুমে ছাত্রলীগ সভাপতি এনামুল হক শামীম, সাধারণ সম্পাদক ইসাহাক আলী খান পান্না, নারায়ণগঞ্জের শামীম ওসমান (বর্তমানে আওয়ামী লীগ এম পি) অজয় কর, পঙ্কজ, নিরঞ্জন সাহা, দিপঙ্কর, অসিম, সাধন দাসসহ মোট এগার (১১) জনকে নিয়ে খুবই গুরুত্বপূর্ণ জরুরী এবং খুবই গোপন বৈঠকে বসেছেন। আসছে আগামী ১৫ই ফেব্রুয়ারী প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এককভাবে জাতীয় সংসদ নির্বাচন করতে যাচ্ছেন। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা এই নির্বাচন বানচাল করার জন্য সর্বশক্তি দিয়ে মাঠে নেমেছেন। জীবন-মরণ লড়াই।
আজ বিকাল ৩টায় পান্থপথে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সমাবেশ এবং এই সমাবেশ শেষে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বাসভবন অভিমুখে মিছিল হবে। এই সমাবেশ ও মিছিলের বিষয়েই শেখ হাসিনা বৈঠকে বসেছেন। জননেত্রী শেখ হাসিনা অত্যন্ত জরুরী, গোপনীয় এবং গুরুত্বপূর্ণ নির্দেশ ও কর্মসূচী দেওয়ার জন্যই এই বৈঠকে বসেছেন। জননেত্রী আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাকে ভীষণ চিন্তিত ও মলিন দেখাচ্ছে। কেউ কোন কথা বলছে না। তিনিও কোন কথা বলছেন না। সবাই চুপ করে বসে আছে। মনে হচ্ছে যেন, যুদ্ধে পরাজিত রাজ্যহারা রাণী আর তার সৈনিকেরা বসে আছে। হঠাৎ কান্না বিজড়িত বাষ্পরুদ্ধ কণ্ঠে শেখ হাসিনা বললেন, আজ আমার একটি ভাইও বেঁচে নেই। যদি একটি ভাইও বেঁচে থাকত তাহলে আমি যে নির্দেশ দিতাম, যে কর্মসূচী দিতাম তা অবশ্যই পালন হত। তোমরা কি আমার ভাই হতে পার না? অমি তো তোমাদের ভাই-ই মনে করি। তোমাদের মাঝেই আমার হারিয়ে যাওয়া ভাইদের খুঁজে পেতে চাই। কিন্তু তোমরা কি আমাকে বোন মনে কর? যদি তোমরা আমাকে বোন মনে কর, আর যদি সত্যি সত্যিই তোমরা আমার হারিয়ে যাওয়া ভাই হও। তাহলে এই কঠিন দিনে কঠিন কর্মসূচী পালন করার জন্য প্রস্তুত হও।
সকলেই আমার সাথে শপথ নাও, বলেই উপস্থিত সকলকে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা শপথ বাক্য উচ্চারণ করালেন-"আমরা শপথ নিতেছি যে, যে কোন ধরনের কর্মসূচী বাস্তবায়ন করার জন্য আমরা জীবন উৎসর্গ করলাম এবং আমরা আরো শপথ করিতেছি যে, আমাদের নেত্রী শেখ হাসিনার যে কোন ধরনের নির্দেশ তা যত কঠিনই হোক না কেন জীবন দিয়ে পালন করবো।"
শপথ বাক্য পাঠ শেষ হলে, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, আজ আমি দশ (১০) টা

পুলিশের লাশ চাই। ৫ (পাঁচ) টা মিলিটারির লাশ চাই।
পুলিশের লাশ চাওয়া বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নতুন কিছু নয়। অতীতে বহুবার তিনি পুলিশের লাশ চেয়েছেন। কিন্তু আজকের মতো এত আনুষ্ঠানিকতা, এতো নাটকীয়তা করে অতীতে কখনও তিনি পুলিশের লাশ চাননি। অতীতে তিনি (শেখ হাসিনা) মাঝে মধ্যেই বলতেন, পুলিশের লাশ চাই। পুলিশের লাশ চাই। কিন্তু কাউকে নির্দিষ্ট করে বলতেন না। খুব কড়া করেও বলতেন না। হঠাৎ বিড়বিড় করে কথাগুলো বলতে থাকতেন। বঙ্গবন্ধু শেখ হাসিনা বিড়বিড় করে পুলিশের লাশ চাই, পুলিশের লাশ চাই বলতে থাকলেও কেউ তা শুনত না তা নয়। উপস্থিত সকলেই তা শুনত। কিন্তু কেউই তা গুরুত্ব দিত না এবং পালন করত না।
জননেত্রী শেখ হাসিনা 'পুলিশের লাশ চাই, পুলিশের লাশ চাই' কথাগুলো হাওয়ার উপর ছেড়ে দিতেন। আর উপস্থিত সকলেই তার (শেখ হাসিনার) ন্যায় হাওয়াতেই কথাগুলো মিলিয়ে যেতে দিত। কিন্তু শেখ হাসিনা মন থেকেই এমন কিছু ঘটানোর জন্যই কথাগুলো বলতেন। অথচ কেউই শেখ হাসিনার কথা পালন করত না। পুলিশের লাশ ফেলত না। আর সেই জন্যই আজ ১০ই ফেব্রুয়ারী ১৯৯৬ এত আনুষ্ঠানিকতা, আর এত ভাবগম্ভীর পরিবেশে শপথের মাধ্যমে জননেত্রী শেখ হাসিনা ১০টা পুলিশের, ৫টা মিলিটারীর (সেনাবাহিনীর) লাশ চাইলেন। একটা ব্রিফকেস হাতে রুমে প্রবেশ করলো শেখ হাসিনার ফুফাতো ভাই (আব্দুর রব সেরনিয়াবাতের ছেলে) আবুল হাসনাত আব্দুল্লাহ (বর্তমানে জাতীয় সংসদের সরকারী দলের চীফ হুইপ)। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ব্রিফকেস খুলে ৫০০ (পাঁচশত) টাকার নগদ ১০টা বান্ডিল মানে ৫ লক্ষ টাকা ঢেলে দিয়ে বললেন, এই নাও, যাও কর্মসূচী বাস্তবায়িত কর।
বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ধানমণ্ডির বাসা থেকে রওয়ানা হয়ে বিকেল ৩-৩০ মিনিটে পান্থপথের সমাবেশের মঞ্চে উঠলেন। সমাবেশে হাজার তিনেক লোক জমায়েত হয়েছে। তিন-চার জন নেতার বক্তৃতাশেষে শেখ হাসিনা বক্তৃতা দিতে উঠলেন। বক্তৃতার শুরুতেই তিনি বললেন, আমরা প্রধানমন্ত্রী খালেদা জিয়ার বাসভবনে মিছিল নিয়ে যাব। আপনারা সকলেই মিছিলে অংশ নেবেন।
বঙ্গবন্ধু কন্যা যেই একথা বললেন আর অমনিই চতুর্দিকে থেকে বোমা পটকা, গুলি শুরু হল। মুহূর্তের মধ্যে সমবেত জনতা দিগ্বিদিক জ্ঞানশূন্য হয়ে কে কোথায় গেল তার হদিস পাওয়া গেল না। সমাবেশস্থল ফাঁকা, শূন্য হয়ে গেল। মঞ্চের নেতারা পড়ি কি মরি করে মঞ্চ থেকে লাফিয়ে পড়ে পালাতে লাগল। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে অতি কষ্টে মঞ্চ থেকে নামিয়ে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনে নিয়ে যাওয়া হল। পালানোর প্রতিযোগিতায় নেতারা কেউ কারো চেয়ে কম গেলেন না। এমন কি বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার মঞ্চের সিঁড়ি দিয়ে নামতে দেরী হচ্ছিল এই অবস্থায় পিছনে পড়ে যাওয়া এক নেতা (বর্তমানে মন্ত্রী) তাকে (শেখ হাসিনাকে) ধাক্কা মেরে নিচে ফেলে দিয়ে পালিয়ে যায়।
সমাবেশ ও প্রধানমন্ত্রী খালেদা জিয়ার বাসভবন অভিমুখে মিছিল কর্মসূচী ব্যর্থ হয়। পরে গোলযোগের কারণে পুলিশ সোনারগাঁ রোড, পান্থপথ গ্রীনরোড ইত্যাদি রোডে যানবাহন চলাচল বন্ধ করে দিলে, কলাবাগান রোডে যানজটে আটকে পাড়া বি আর টি সির দু'টি দোতলা বাস, তিনটি ট্রাক, তিনটি পিকআ্যাপ গাড়ি, পাঁচটি প্রাইভেট কার, চারটি বেবী টেক্সী (স্কুটার) এবং ধানমন্ডি বত্রিশের সামনে শুক্রাবাদ পেট্রোল পাম্পে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নির্দেশে বঙ্গবন্ধু ভবনের স্টাফ (কর্মচারী) দিয়ে আগুন লাগিয়ে প্রতিশোধ হিসেবে জ্বালিয়ে দেওয়া হল। শেখ হাসিনা ধানমন্ডি বত্রিশের সামনে নিজ হাতে একটা স্কুটারে (বেবী ট্যাক্সি) আগুন লাগিয়ে দিলেন।



## বেঈমানটা আসতেছে

বেগম খালেদা জিয়ার দল বিএনপি ১৫ই ফেব্রুয়ারী নির্বাচনের দিন ভোট কেন্দ্রে ভোটার উপস্থিত করতে না পারায় এতদিন পর্যন্ত বিএনপির পক্ষে থাকা রাজনৈতিক মহল, প্রশাসন ও অন্যান্যরা এখন প্রকাশ্যে বিএনপির বিরোধিতা শুরু করে।
১৭ই ফেব্রুয়ারী শনিবার ১৯৯৬। দুপুর প্রায় ৩টা। ধানমন্ডি ৫ নম্বর রোডের বঙ্গবন্ধু শেখ হাসিনার ৫৪ নম্বরের বাড়ির উপরের তলায় ৮৬৮৭৭৯ টেলিফোন বেজে ওঠে। ফোনটি রিসিভ করে হ্যালো বলতেই, ফোনের অপর প্রান্ত থেকে ভেসে এল হ্যালো, আমি হানিফ, হানিফ!
কোন হানিফ?
আমি নগরের সভাপতি হানিফ, ঢাকার মেয়র।
আস্সালামু আলাইকুম হানিফ ভাই, আপনি?
হ্যাঁ আমি।
আপনি কে?
আমি .....।
ও ভাল আছো ভাই? জি ভাল। আমি একটু নেত্রীর সাথে কথা বলতে চাইছিলাম। অনেকদিন অসুস্থ ছিলাম। কথাবার্তা বলতে পারি নি, তাই এখন একটু বলতে চাই। নেত্রীকে একটু দেওয়া যায়?
জ্বী ধরেন, দেখছি নেত্রী কোথায়!
বঙ্গবন্ধু কন্যা ভাত খেয়ে বেসিনে হাত ধুচ্ছিলেন। বলা হলো আপা মেয়র ফোন করেছে।
নেত্রী হাত মুছতে মুছতে ফোনের দিকে হেঁটে আসতে আসতে বললেন, মহিউদ্দিন ভাই তো (চট্টগ্রামে সিটি করপোরেশনের মেয়র)?
না, ঢাকার মেয়র।
শুনেই বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা থমকে গিয়ে আপন মনেই বলে উঠলেন, বেঈমানটা! কিছুক্ষণ দাঁড়িয়ে থাকলেন। গভীর ভাবে কিছু একটা ভাবলেন। মনে হয় ফোন ধরবেন কি ধরবেন না চিন্তা করলেন। তারপর ধীর পায়ে এগিয়ে এলেন। ফোনটা ধরলেন, হ্যালো। না না এখানে না, এখানে না। বত্রিশে আসেন (বত্রিশ মানে ধানমণ্ডি বত্রিশ নম্বরে বঙ্গবন্ধু ভবনে) পবিত্র জায়গায় আসেন। পবিত্র জায়গায় বসেই আলোচনা করি।
হ্যাঁ, এক্ষুণি আসেন, হ্যাঁ, আপনি না আসা পর্যন্ত আমি আছি।
বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা টেলিফোনটি রেখে দিয়ে বললেন, চল চল বত্রিশে যাই। বেঈমানটা আসতেছে। চল বত্রিশ যাই।
সবাই মিলে ধানমণ্ডি বত্রিশ বঙ্গবন্ধু ভবনে যাওয়া হল। শেখ হাসিনা বঙ্গবন্ধু ভবনের গেটের বাইরে রাস্তায় পায়চারী করতে লাগলেন আর ঢাকার মেয়র মোহাম্মদ হানিফের অপেক্ষা করতে লাগলেন। মিনিট বিশেক পরেই বাংলাদেশের জাতীয় পতাকা লাগানো জীপ গাড়িতে করে ঢাকা সিটি করপোরেশনের মেয়র হানিফ বত্রিশে বঙ্গবন্ধু ভবনের সামনে এসে পৌঁছল। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা এগিয়ে গিয়ে নিজ হাতে মেয়র হানিফের জীপের দরজা খুললেন, আর বলতে লাগলেন, এই যে আগামী দিনের এল জি আর ডি মিনিস্টার। এল জি আর মিনিস্টার ছাড়া কি ঢাকার মেয়র চলতে পারে? এল জি আর ডি মিনিস্ট্রি তো আপনার। আপনিই তো এল জি আর ডি মিনিস্টার।
এই কথা বলতে বলতে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা মেয়র হানিফকে জীপ গাড়ি থেকে নামিয়ে

এনে উপস্থিত সকলের সাথে মেয়র হানিফকে দেখিয়ে এই যে আগামী দিনের এল জি আর ডি মিনিস্টার বলে পরিচয় করিয়ে দিলেন। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার মুখে এই কথা শুনে মেয়র মোহাম্মদ হানিফ খুশিতে ডগমগ হয়ে বলল, নেত্রী যা বলেন, নেত্রী যা বলেন।

## নায়ক, মন্ত্রী ও জনতার মঞ্চ

তারপর মেয়র হানিফকে বঙ্গবন্ধু ভবনের অফিস কক্ষে এনে শেখ হাসিনা বললেন, এই মিষ্টি আনো, মিষ্টি আনো, হানিফ ভাইকে মিষ্টি খাওয়াও।

মিষ্টি খেতে খেতে বঙ্গবন্ধু কন্যা বললেন, বঙ্গবন্ধু ছিলেন মহানায়ক, আর আপনি হলেন নায়ক। নায়ক না হলে কি চলে? সারা দেশ, জাতি এখন তাকিয়ে আছে নায়কের দিকে। মানে আপনার দিকে। নগরবাসী তাকিয়ে আছে আপনার দিকে। আমি এই পর্যন্ত এনে দিয়েছি, এখন আপনি ফিনিশিং দেন। এখন আপনার পালা। আপনি নায়ক, আপনার হাতেই সব। আমার হাতে আর কিছু নেই। আমার যা ছিল সব আমি করেছি। আপনি মেয়র, আপনিই নায়ক, এখন আপনি ফিনিশিং গোল করেন। আপনি ছাড়া ফিনিশিং হবে না। আপনার হাতেই ফিনিশিং হবে বলেই খেলা এখনও বাকি আছে।

আপনারাই তো বঙ্গবন্ধুকে শেখ মুজিব থেকে বঙ্গবন্ধু বানিয়েছেন। আপনারা যদি সেদিন আমার পিতাকে আশ্রয় না দিতেন, সাহায্য-সহযোগিতা না করতেন তাহলে কি আমার পিতা শেখ মুজিব থেকে জাতির পিতা হতে পারতেন? এই আপনারা ঢাকার মানুষেরা বানিয়েছেন। আজ আমি তার মেয়ে, আমাকে যদি আপনি সাহায্য না করেন আমি কি করে বড় হবো? আমার ভাইয়েরা কেউ বেঁচে নেই। আপনিই আমার ভাই। আমি আপনার বোন। আমাকে আপনি সহযোগিতা করেন। আমি কখনোই আপনার কথা ভুলব না। আপনাকে ছাড়া চলব না।

ঢাকার মেয়র মোহাম্মদ হানিফ বলল, হ্যাঁ নেত্রী, আমাকে এক মাস সময় দেন, আমি খালেদা জিয়াকে ফেলে দেব।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, না, না, একমাস সময় দেওয়া যাবে না। আপনি পনের দিনের মধ্যেই ফেলে দেন।

এই বৈঠকেই ঠিক হল প্রেসক্লাবের সামনে স্থায়ী মঞ্চ তৈরী করে এখান থেকেই যতক্ষণ বেগম খালেদা জিয়ার পতন না হয়, দিন-রাত ২৪ ঘন্টা স্থায়ী ভাবে আন্দোলন চালিয়ে যাওয়ার। পরবর্তী সময়ে নাট্যশিল্পী ও টিভির খবর পাঠক রামেন্দু মজুমদার ও নাট্যশিল্পী পিযুষ বন্দোপাধ্যায় এই মঞ্চের নাম দেন জনতার মঞ্চ।

প্রেসক্লাবের সামনের এবং সচিবালয়ের উত্তরের তোপখানা রোডের পূর্ব থেকে পশ্চিম পর্যন্ত অর্থাৎ পল্টনের মোড় থেকে হাইকোর্ট পর্যন্ত রাস্তা সম্পূর্ণ বন্ধ করে রাস্তার মাঝখানে বিশাল মঞ্চ তৈরী করে প্রতিদিন চলতে থাকলো গান-বাজনা, বক্তৃতা, আবৃত্তি ইত্যাদি। এক পর্যায়ে এই মঞ্চে এসে যোগ দিল সচিবালয়ের কিছুসংখ্যক কর্মকর্তা ও কর্মচারী। এ সবই চলতে লাগল ঢাকার মেয়র শেখ হাসিনার ভাষায় নায়ক ও আগামী দিনের এল জি আর ডি মন্ত্রী মোহাম্মদ হানিফের নেতৃত্বে।

## শেখ হাসিনা জেনারেল নাসিমের মুখোমুখি বৈঠক

বেগম খালেদা জিয়ার নেতৃত্বে, সপ্তম সংসদ একদিনের অধিবেশনে মিলিত হয়ে সংবিধান সংশোধন করে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচনের বিধান করে সপ্তম সংসদ বিলুপ্ত বা



বাতিল ঘোষণা করল এবং আগামী ১২ই জুন ১৯৯৬ ইংরেজিতে অষ্টম জাতীয় সংসদ নির্বাচনে এর তারিখ ঘোষণা করল এবং সুপ্রীমকোর্টের সাবেক প্রধান বিচারপতি মোহাম্মদ হাবিবুর রহমানকে প্রধান করে তত্ত্বাবধায়ক সরকার গঠন করা হল।

সাবেক সেনাবাহিনী প্রধান (এরশাদ আমলের) অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল নূরুদ্দিন খান (বর্তমানে শেখ হাসিনার মন্ত্রী) এবং অবসরপ্রাপ্ত মেজর জেনারেল সালাম (বর্তমানে আওয়ামী লীগ এমপি ও রেড ক্রিসেন্টের চেয়ারম্যান) এর মাধ্যমে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল আবু সালেহ মোহাম্মদ নাসিম বীর বিক্রম-এর সাথে আলোচনার প্রস্তাব পাঠান। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার ঐ প্রস্তাবের পরিপ্রেক্ষিতে নাট্যশিল্পী লুৎফুর নাহার লতা (বর্তমানে আমেরিকা নিবাসী) ও তার স্বামী অবসরপ্রাপ্ত মেজর নাসির সেনাপ্রধান জেনারেল নাসিমের সাথে শেখ হাসিনার বৈঠকের আয়োজন করে।

নাট্যশিল্পী লতা ও তার স্বামী মেজর (অবঃ) নাসির বনানীর কুলসুম ভিলা, ১১৭ বনানী ব্লক-ই, রোড-৪ এর ছায়াঘেরা সিরামিকের ৪ তলা ভবনের ৩য় তলার বাসায় শেখ হাসিনা এবং সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিমের মুখোমুখি বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা আগামী ১২ই জুনের নির্বাচনে সেনাপ্রধান জেনারেল নাসিম এবং তার সৈনিকদের সাহায্য প্রার্থনা করেন। জবাবে সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিম শেখ হাসিনাকে সার্বিক সাহায্য-সহযোগিতার পূর্ণ আশ্বাস দিয়ে বলেন, আপনি (শেখ হাসিনা) চাইলে এখন থেকে সেনাবাহিনী আপনার নির্দেশেই চলবে।

এর জবাবে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বলেন, এটা যদি সত্যি হয় তবে ভবিষ্যতে আমিও আপনার নির্দেশেই চলব।

এই বৈঠকের পর থেকে সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল আবু সালেহ মোহাম্মদ নাসিম বীর বিক্রম বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার পরামর্শ ও নির্দেশেই সেনাবাহিনী পরিচালনা করতে থাকেন।

## নৌকা ঃ দুর্গা দেবীর বাহন

১৯৯৬-এর ১২ই জুন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য বিভিন্ন রাজনৈতিক দল প্রার্থী মনোনয়ন দিল। আওয়ামী লীগও মনোনয়ন দিল। গোপালগঞ্জের তিনটি আসন এবং বাগেরহাটে দু'টি আসনের মোট ভোটারের প্রায় পঁয়ষট্টি শতাংশ ভোটার হিন্দু সম্প্রদায় হওয়ায় স্বাভাবিক কারণেই এই পাঁচটি আসনে আওয়ামী লীগ-এর নৌকামার্কা প্রার্থী ছাড়া অন্য কোন দলের অন্য কোন মার্কার প্রার্থী নির্বাচনে বিজয়ী হওয়ার কোনই সম্ভাবনা নেই এবং কোনকালেই বিজয়ী হয়নি এবং হবেও না। (১) মোকসেদপুর ও কাশিয়ানী, (২) গোপালগঞ্জ ও কাশিয়ানী (৩) টুঙ্গিপাড়া ও কোটালিপাড়া (৪) মোল্লার হাট ও ফকিরের হাট (৫) বইঠাঘাটা ও দাকোপ এই ৫টি (পাঁচ) আসনে যতদিন পর্যন্ত পঁয়ষট্টি শতাংশ হিন্দু সম্প্রদায় থাকবে ততদিন পর্যন্ত আওয়ামী লীগ প্রার্থী নৌকা মার্কায় একচেটিয়াভাবে বিজয়ী হতে থাকবে। এই পাঁচটি আসনের প্রার্থীদের এলাকায় কোন কাজ করতে হয় না। যে কোন প্রকারেই হোক বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার আওয়ামী লীগের নৌকা মার্কা টিকিট নিলেই সে যে কেউই হোক ৭৫% ভোটে বিজয়ী হবে। এই ৫টি আসনকে বলা হয় ভিক্ষার আসন। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা দয়া করে যাকে এই অঞ্চলের আসন ভিক্ষা দেবেন, তিনিই এই অঞ্চলের জনপ্রতিনিধি বা জাতীয় সংসদ সদস্য অর্থাৎ এমপি। এই অঞ্চলের লেখাপড়া প্রায় অজানা একজন প্রবীণ বৃদ্ধ হিন্দু লোককে

কেন আওয়ামী লীগকে ভোট দেন জানতে চাইলে, ঐ প্রবীণ বৃদ্ধ হিন্দু লোকটি বলেন, আমরা আওয়ামী লীগ টিগ বুঝি না। আওয়ামী লীগকে ভোটও দেই না। আমরা ভোট দেই নৌকায়। অর্থাৎ নৌকা মার্কায় ভোট দেই।

নৌকা মার্কায় কেন ভোট দেন জানতে চাইলে তিনি বলেন বারে, নৌকায় ভোট দেব না? নৌকা যে দেবীর বাহন। মা দুর্গা দেবী এই বাহনে (নৌকা) চড়েই স্বর্গ থেকে ধরায় এসেছিলেন, অসুর (পাপিষ্ঠ) কে দমন করার জন্য। আর আমরা যদি মা দুর্গার বাহন নৌকায় ভোট না দেই, তাইলে দেবীর বাহনের অমর্যাদা হবে। মা দুর্গা অভিসম্পাত দেবে। এ জন্য দেখেন না, ভোটের সময় আমরা সকলেই গিয়ে, মা দুর্গা দেবীকে খুশি করার জন্য মা দুর্গা, মা দুর্গা বলে নৌকা মার্কায় ভোট দিয়ে আসি। একজনও বাদ যাই না। সকলে গিয়ে নৌকা মার্কায় ভোট না দিলে মা দুর্গা অসন্তুষ্ট হবে। আমাদের অমঙ্গল হবে। তাই যত কাম থাকুক, যত ঝামেলাই থাকুক, কোন রকমে শুধু ভোটকেন্দ্রে যেতে পারলেই হলো। আমরা সকলেই গিয়া নৌকা মার্কায় ভোট দিয়ে আসবো।

## রাজাকারের কাছে আসন বিক্রি

এই অঞ্চলের ৫টি আসনের ৩টি আসনে দাঁড়ালেন শেখ হাসিনা স্বয়ং। আর ১টি আসনে শেখ হাসিনার ফুফাতো ভাই শেখ সেলিম এবং মোকসেদপুর-কাশিয়ানীর অপর আসনটিতে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার বহুবার কথা দিয়েছেন। নিজের থেকেই যেচে পড়ে কথা দিয়েছেন।

মতিয়ুর রহমান রেন্টুকে নানা ধরনের কাজ দিয়েছে, আর কাজ শেষে প্রতিবারই বলেছেন, তোমাকেই আমি (শেখ হাসিনা) মোকসেদপুর- কাশিয়ানীর এমপি বানাব। মতিয়ুর রহমান রেন্টুর স্ত্রী ময়নাকেও বহুবার বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বলেছেন, তোমরা আমাদের জন্য যা করলে এবং যা করছো, তার ঋণ আমি কোনদিন শোধ করতে পারবো না। তোমাদের কথা কোন দিন ভোলা যাবে না। তবে রেন্টুকে (মতিয়ুর রহমান রেন্টু) আমি মোকসেদপুর-কাশিয়ানীর এমপি বানাব।

কিন্তু না, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা কথা রাখলেন না। ওয়াদা রাখলেন না। কথা দিয়েও তিনি (বঙ্গবন্ধু কন্যা) কথা রক্ষা করলেন না। ওয়াদা করে ওয়াদার বরখেলাফ করলেন। ওয়াদা ভঙ্গ করলেন। যদিও বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বক্তৃতায় অসংখ্যবার বেগম জিয়ার উদ্দেশ্যে বলেছেন, ওয়াদা ভঙ্গকারীকে আল্লাহ্ পছন্দ করে না। শুধু মতিয়ুর রহমান রেন্টু কেন? বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা মনোনয়ন দিলেন না সাবেক ছাত্রনেতা, ত্যাগী এবং সৎ নেতা ইসমত কাদির গামা, আবুল হাসান, মুকুল বোস এদের কাউকেই তিনি মোকসেদপুর-কাশিয়ানী থেকে মনোনয়ন দিলেন না। তিনি মনোনয়ন দিলেন এমন একজনকে যার বিরুদ্ধে সশস্ত্র রাজাকারীর অভিযোগ আছে।

কথিত আছে, লেফটেন্যান্ট কর্নেল ফারুক ১৯৭১ সালে আমাদের মহান মুক্তিযুদ্ধের সময় পাক হানাদার বাহিনীর যোগসাজশে সশস্ত্র রাজাকার হয়েছিল। তাদের বাড়ীতে রাজাকারের ক্যাম্প বানিয়েছিল এবং ঐ অঞ্চলে পাকিস্তান সেনাবাহিনী নিয়ে অনেক বাড়ীঘর জ্বালিয়েছিল। তিনি (লেঃ কর্নেল ফারুক) প্রখ্যাত মুসলিম লীগ নেতা সালাম খানের দুরসম্পর্কের ভাতিজা। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর তিনি রাজাকারীর অভিযোগে বাড়ীঘর ছেড়ে পালিয়ে যান। পরবর্তী কোন এক সময়ে সম্ভবত '৭২/৭৩ সালে যশোর থেকে বাংলাদেশ সেনাবাহিনীতে ভর্তি হন। ২৫ বছর সেনাবাহিনীতে চাকুরী করে জেনারেল এরশাদের সাথে লাইন করে সাপ্লাই



কোরে পোস্টিং নিয়ে প্রচুর টাকা-পয়সা কামান। মতিয়ুর রহমান রেন্টু, ইসমত কাদির গামা, আবুল হাসান, মুকুল বোস এরা সকলেই মুক্তিযোদ্ধা। এই মুক্তিযোদ্ধা ও ত্যাগী নেতাদের বাদ দিয়ে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা মোকসেদপুর-কাশিয়ানী থেকে মনোনয়ন দিলেন '৭১-এর রাজাকার এলপিআর-এ আসা লেঃ কর্নেল ফারুক খানকে। কিন্তু কেন? সেনাবাহিনীতে চাকরীরত অবস্থায় অসৎ পথে উপার্জিত অর্থ থেকে লেঃ কর্নেল ফারুক খান বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে এক কোটি টাকা দেন এবং এই নগদ টাকার বিনিময়ে শেখ হাসিনা মোকসেদপুর-কাশিয়ানী আসনটি এলপিআর-এ যাওয়া লেঃ কর্নেল রাজাকার ফারুক খানের কাছে বিক্রি করেন।

## হিন্দুরাই আমার বল-ভরসা

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা যেদিন আওয়ামী লীগের মনোনয়ন ঘোষণা করলেন, সেদিন তিনি নিজে মোট ৪টি আসন থেকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার ঘোষণা দেন। গোপালগঞ্জের ১টি, বাগেরহাটের ২টি এবং ঢাকার ডেমরা থেকে ১টি। এই মোট ৪টি আসন থেকে শেখ হাসিনা নিজে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার ঘোষণা দেওয়ার পরের দিনই বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ঢাকার ডেমরা আসন থেকে তার প্রার্থিতা প্রত্যাহার করে নিলে, ঢাকার মেয়র মোহাম্মদ হানিফের নেতৃত্বে কয়েকজন নেতা জননেত্রী শেখ হাসিনাকে অনুরোধ করে বলেন, আপনি গোপালগঞ্জ আর বাগেরহাটের (টুঙ্গিপাড়া মধুমতি নদীর অপরপার) ৩টি আসন থেকে দাঁড়ালেন অথচ ঢাকার একটি আসন থেকেও নির্বাচনে দাঁড়ালেন না। ৫টি আসন থেকে তো আপনি দাঁড়ালে পারেনই। খালেদা জিয়া ৫টি আসন থেকে দাঁড়িয়েছে; আপনিও ৫টি আসন থেকে দাঁড়ান। আপনি আমাদের নেত্রী, আপনি অন্তত ঢাকার দু'টি আসন থেকে নির্বাচনে দাঁড়ান।

জবাবে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা বললেন, গোপালগঞ্জে আর বাগেরহাটে তো ৭০% (সত্তর শতাংশ) হিন্দু আছে; ঢাকায় কত পার্সেন্ট হিন্দু আছে? হিন্দুরা ছাড়া মুসলমানরা আমাকে ভোট দেয় না। মুসলমানরা বেঈমান ও অকৃতজ্ঞ। হিন্দুরা ঈমানদার এবং কৃতজ্ঞ। আমি হিন্দুদের উপর ভরসা করতে পারি, বিশ্বাস রাখতে পারি। কিন্তু মুসলমানদের বিশ্বাস করা যায় না। ভরসা করা যায় না। এই জন্যই তো আমি সত্তর শতাংশ হিন্দুদের অঞ্চল গোপালগঞ্জ আর বাগেরহাট থেকে ৩টি (তিন) আসনে দাঁড়িয়েছি। কিন্তু ঢাকা থেকে ১টি (এক) আসনেও দাঁড়াইনি। যাও ডেমরা থেকে দাঁড়িয়েছিলাম খোঁজ খবর নিয়ে দেখলাম, ডেমরায় তেমন হিন্দু নে, তাই প্রত্যাহার করে নিয়েছি। ঢাকার মেয়র হানিফ বললেন, এটা আপনার ভুল ধারণা। মুসলমানরা ভোট না দিলে আপনার অন্যান্য প্রার্থীরা জিতে কিভাবে?

বঙ্গবন্ধু কন্যা বললেন, মূলতঃ হিন্দুদের ব্যাংক ভোটটা পুরাটা পায়, বাকী আত্মীয়-স্বজন, নিজস্ব লোকলস্কর দিয়ে গুতিয়ে গাতিয়ে কোন রকমে বেরিয়ে আসে। হিন্দুরা না থাকলে আমি, আমার দল ১টি (এক) আসনেও জিততে পারতাম না। হিন্দুরা যাতে নিরাপদে-নির্বিঘ্নে ভোট দিতে পারে এই জন্যই তো আমি এত আন্দোলন-সংগ্রাম করে তত্ত্বাবধায়ক সরকার আদায় করেছি। হিন্দুরাই আমার বল। হিন্দুরাই আমার ভরসা।

নির্বাচনী প্রচারের কাজ দ্রুত এগিয়ে চলছে। সারা দেশ পোস্টার, প্লে-কার্ড ফেস্টুন, ব্যানার এবং দেয়াল লিখনে ছেয়ে গেছে। কোথাও এতটুকু খালি জায়গা নেই। প্রতিদিন রাতে চলছে মিটিং আর মিছিল।

## সৈন্য নামানোর নির্দেশ দিয়ে চম্পট

১৯৯৬ সালের এপ্রিল মাসের শেষ সপ্তাহে নাট্যশিল্পী লুৎফুর নাহার লতার মাধ্যমে সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিম বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার কাছে সংবাদ পাঠালেন যে, ২৫ মার্চ '৯৫ সপ্তম পার্লামেন্টে ২৪ ঘন্টারও বেশি বিরতিহীন অধিবেশনে সংবিধানে, যে সংশোধনী আনা হয়েছে তাতে রাষ্ট্রপতির হাতে সেনাবাহিনীর সকল কর্তৃত্ব দেওয়া হয়েছে। অর্থাৎ সংশোধিত সংবিধান অনুযায়ী সেনাবাহিনীর সকল কর্তৃত্ব বিএনপির বর্তমান রাষ্ট্রপতি আব্দুর রহমান বিশ্বাসকে দেওয়া হয়েছে। তত্ত্বাবধায়ক সরকার প্রধান বিচারপতি মোহাম্মদ হাবিবুর রহমানের কাছে এবং সেনাবাহিনীর প্রধান জেনারেল নাসিমের কাছে সেনাবাহিনীর কোন কর্তৃত্বই নেই। এই সংবাদ শোনার পর শেখ হাসিনা বলেন, ও এই জন্যই খালেদা জিয়া দিন-রাত পার্লামেন্টে বসে ছিল। খালেদা জিয়া ২৪ ঘন্টারও বেশি সময় ধরে সংসদ অধিবেশনে বসে থেকেই এই কুকীর্তিই করেছে। আমি তো বুঝিনি, আগে চিন্তা করিনি।

এরপর বঙ্গবন্ধু কন্যা হাসিনা উত্তেজিত হয়ে বলেন, কিসের সংবিধান? কিসের সংশোধনী? আমি যা বলব জেনারেল নাসিমকে তাই করতে হবে। জেনারেল নাসিম আমাকে কথা দিয়েছে, আমি যা বলবো, আমি যে নির্দেশ দেব নাসিম সে ভাবেই সেনাবাহিনী চালাবে। লতা (লুৎফুর নাহার লতা) তুমি যাও, সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিমকে বলো আমি যেভাবে বলবো, যা বলবো সে যেন সেভাবেই তা করে। বাকি সব দায়দায়িত্ব আমার, আমিই বুঝবো। সংবিধান অনুযায়ী সেনাবাহিনীর পুরো কর্তৃত্ব ও দায়দায়িত্ব রাষ্ট্রপতি আব্দুর রহমান বিশ্বাসের।

কিন্তু সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিম বীর বিক্রম প্রতিদিন প্রতি মুহূর্তে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নির্দেশে সেনাবাহিনী পরিচালনা করতে লাগলেন। দ্বৈত নির্দেশনার কারণে ভেতরে ভেতরে সেনাবাহিনীতে সংকট সৃষ্টি হলো। রাষ্ট্রপতি রহমান বিশ্বাস সেনা কর্মকর্তাদের কোন নির্দেশ দিলে, সেনাপ্রধান জেনারেল নাসিম শেখ হাসিনার নির্দেশে তার বিপরীত নির্দেশ দিতে লাগলেন এমন কি রাষ্ট্রপতি আঃ রহমান বিশ্বাস কোন সেনা কর্মকর্তাকে বদলি নির্দেশ দিলে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নির্দেশে তার বিপরীত নির্দেশ দিতে লাগলেন। এমনকি রাষ্ট্রপতি আঃ রহমান বিশ্বাস কোন সেনা কর্মকর্তাকে বদলীর নির্দেশ দিলে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নির্দেশে জেনারেল নাসিম পাল্টা বদলীর নির্দেশ দিতে শুরু করলেন।

সেনাবাহিনীর ভেতরকার সংকট আরো ঘনীভূত হয়ে সংঘাতের দিকে যেতে লাগলো। এই পরিস্থিতিতে রাষ্ট্রপতি আব্দুর রহমান বিশ্বাস ১৮ই মে '৯৬ বগুড়া সেনানিবাসে (ক্যান্টনমেন্টের) জি ও সি মেজর জেনারেল গোলাম হেলাল মোরশেদ খান বিবিপিএসসি এবং বি,ডিআর-এর উপ-মহাপরিচালক ব্রিগেডিয়ার মিরণ হামিদুর রহমানকে অকালীন (বাধ্যতামূলক) অবসর দান করেন। (এই অবসর দেওয়া উর্ধ্বতন সেনা কর্মকর্তাদের মধ্যে একজন শেখ হাসিনার চাচাতো ভাই শেখ হেলাল-এর আত্মীয়) পাল্টা ব্যবস্থা হিসেবে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ৪ জন উর্ধ্বতন সেনা কর্মকর্তাকে অবসর দেওয়ার নির্দেশ দিলে সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিম (শেখ হাসিনার নির্দেশমত) মেজর জেনারেল মোহাম্মদ আব্দুল মতিন, মেজর জেনারেল সুবিদ আলী ভূঁইয়া, ব্রিগেডিয়ার আব্দুর রহিম ও কর্নেল আব্দুস সালাম এই ৪ জন উর্ধ্বতন সেনাকর্মকর্তাকে অবসরের নির্দেশ দেন। ফলে সংঘাত চরম আকার ধারণ করে সশস্ত্র বাহিনী চ্যালেঞ্জ-পাল্টা-চ্যালেঞ্জে চলে গেলো। সাংবিধানিকভাবে সেনাবাহিনীর পূর্ণ কর্তৃত্বের অধিকারী রাষ্ট্রপতি আব্দুর রহমান বিশ্বাস, সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিমকে



অবসর দানের সিদ্ধান্ত নিলে ১৯শে মে '৯৬ শেখ হাসিনা জেনারেল নাসিমকে তার (নাসিমের) সমর্থনে সারা দেশ থেকে ঢাকায় সেনাবাহিনী মার্চ করানোর (নিয়ে আসার) নির্দেশ দেওয়ার জন্য তাকে জানান। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার এই নির্দেশ পাওয়ার পর সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল আবু সালেহ মোহাম্মদ নাসিম ১৯শে মে দিবাগত রাত ২টার পর (ঘড়ির কাঁটা অনুযায়ী ২০শে মে রাত ২টা) ঢাকার বাইরের সমস্ত সেনা ইউনিটকে তার সমর্থনে ঢাকায় মার্চ (চলে আসার) করার নির্দেশ দেন।

এর কয়েক ঘন্টা পরে ২০শে মে সকাল ৮টায় বেসরকারী বিমান এরো বেঙ্গলে করে শেখ হাসিনা সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিমকে অবহিত না করে চুপিসারে কক্সবাজারের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। এদিকে সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিমের নির্দেশ পেয়ে বগুড়া, রংপুর, যশোর, ময়মনসিংহ প্রভৃতি ক্যান্টনমেন্ট থেকে সেনাবাহিনী ঢাকার দিকে রওয়ানা হয়। সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিম এর নির্দেশে এবং সমর্থনে ঢাকার বাইরে থেকে আসা সৈনিকদের মূল নেতৃত্ব দেন ময়মনসিংহ ব্রিগেড কমান্ডার ব্রিগেডিয়ার জিল্লুর রহমান এবং বগুড়া বিগ্রেড কমান্ডার ব্রিগেডিয়ার শফি মেহবুব। এই পরিস্থিতিতে রাষ্ট্রপতি আব্দুর রহমান বিশ্বাস সেনাবাহিনী প্রধান জেনারেল নাসিমকে বরখাস্ত করে সিজিএস (চীফ অব জেনারেল স্টাফ) মেজর জেনারেল মাহবুবুর রহমানকে লেফটেন্যান্ট জেনারেল পদোন্নতি দিয়ে নতুন সেনাবাহিনী প্রধান পদে নিয়োগ দেন।

কিন্তু লেফটেন্যান্ট জেনারেল আবু সালেহ মোহাম্মদ নাসিম তার বরখাস্তের আদেশ এবং নতুন সেনাবাহিনী প্রধান পদে জেনারেল মাহবুবুর রহমান-এর নিয়োগ প্রত্যাখ্যান করে নিজেকেই সেনাবাহিনী প্রধান দাবি করতে থাকেন এবং পরবর্তী নির্দেশের জন্য বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সাথে বার বার যোগাযোগের ব্যর্থ চেষ্টা করতে থাকেন।

ওদিকে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা আওয়ামী লীগের বর্তমান এমপি ও শেখ পরিবারের ব্যবসায়িক পার্টনার ডাঃ ইকবালের এরোবেঙ্গলে করে কক্সবাজার পৌঁছে কক্সবাজারের আপার সার্কিট (পাহাড়ের উপরে সে সার্কিট হাউস) হাউসে বসে সাগরের পানে তাকিয়ে সাগরের ঢেউ দেখছেন। আর চা খাওয়ার সাথে মাঝে মাঝে একটু করে ফেনসিডিল খাচ্ছেন।

## ফেনসিডিল কাহিনী

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা অবশ্য আগে কখনো ফেনসিডিল খেতেন না। '৯১ সালে নির্বাচনে হেরে যেয়ে বিরোধী নেত্রী হিসেবে ২৯ নং মিন্টু রোডের সরকারী বাসায় ওঠার পর থেকেই সর্দি-কাশি লেগেই থাকতো, ঘুম হতো না। নাক দিয়ে সব সময় পানি ঝরতো। মাথা ব্যথা করতো, টেনশনে ঘুম হতো না। বিশেষ করে বক্তৃতা দেওয়ার সময় গলা ভেঙ্গে যেতো। বক্তৃতা দেওয়ার সময় গলা বসে যাওয়া ছিল সবচেয়ে বড় অসুবিধা। ডাঃ এস এ মালেক (বর্তমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক উপদেষ্টা) অনেক হোমিওপ্যাথি ঔষধ খাইয়েছেন। ডাঃ এস এ মালেকের কাছ থেকে শত শত শিশি হোমিওপ্যাথি ঔষধ খেয়েও কোন ফল হচ্ছিল না। জননেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ভাল হচ্ছিলেন না। ডাঃ মালেক এই সকল ঔষধের জন্য কোন পয়সা নিতেন না, যদি পয়সা নিতেন তাহলে নিশ্চিত বলা হতো পয়সা নেওয়ার জন্যই ডাঃ মালেক অযথা নেত্রীকে ঐ সব ঔষধ খাওয়াচ্ছেন। ডাঃ মালেকের হোমিওপ্যাথি ঔষধের সাথে চলতো তুলসি পাতার রস, জ্যৈষ্ঠমধু। কিন্তু কোন কিছুতেই কিছু হচ্ছিল না। অবশেষে একদিন ডাঃ এস এ মালেক এক বোতল ভারতীয় ফেনসিডিল নিয়ে এলেন এবং বঙ্গবন্ধু

কন্যাকে বললেন, নেত্রী ২ চামচ করে দিনে ৩ বার এই ওষুধ খান; দেখবেন সর্দি চলে যাবে, খুশখুশি কাশ চলে যাবে, গলা ভাঙ্গবে না, মাথা ধরা চলে যাবে। রাতে ভাল ঘুম হবে।
একজন বলল, হায় হায় এটা তো ফেনসিডিল, আপা, এটা খেয়ে মানুষ নেশা করে।
মালেক ভাই, এটা আপনি কি আনলেন?
ডাঃ এস এ মালেক বললেন, রাখ তোমাদের কথাবার্তা। নেত্রী, এই ঔষধ আমাদের দেশেই ছিল। আমরা কত প্রেসক্রাইব করেছি। এটা খুবই কার্যকরি এবং ভাল ওষুধ। এরশাদ আমলে শুধু শুধু এই ঔষধটা ব্যান্ড (নিষিদ্ধ) করেছে। নেত্রী আপনি খেয়ে দেখেন, যদি আপনার অসুবিধা দূর না হয়েছে, তবে আমাকে বলবেন।
এটা '৯২ সালের প্রথম দিকের কথা। এরপর থেকেই ২ চামচ করে দিনে ৩ বার আর যেদিন মিটিং থাকে, জনসভা থাকে, বক্তৃতা থাকে সেদিন ৫/৬ চামচ করে দিনে ৩/৪ বার এমন কি চায়ের লিকারের সাথে মিশিয়ে জনসভার মঞ্চে নিয়ে গলা ঠিক রাখার জন্য বক্তৃতার আগমুহূর্ত পর্যন্ত। লম্বা বক্তৃতা হলে বক্তৃতার মাঝেও শেখ হাসিনা ফেনসিডিল খেতে লাগলেন।
এভাবে বছর দুই/তিন নেত্রী নিয়মিত প্রতিদিন ফেনসিডিল খেলেন। পরবর্তী পর্যায়ে তিনি আর ফেনসিডিল ছাড়তে পারলেন না। যখনই তিনি ফেনসিডিল ছেড়েছেন তখনই পুরানো সেই রোগ ব্যাধি সর্দি, গলা খুশখুশি বক্তৃতার সময় গলা ভেঙ্গে যাওয়া, ঘুম না হওয়া ইত্যাদি আবার পেয়ে বসে।
তাই ডাঃ এস এ মালেক বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে নিয়মিত ফেনসিডিল দিতে থাকলেন আর নেত্রীও খেতে থাকলেন।
বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার মনোযোগ আকর্ষণ করার জন্য জিজ্ঞেস করা হলো, আপা ঢাকার খবর কি?
নেত্রী কাব্যিক সুরে বললেন, কেউ কারো নাহি ছাড়ে সমানে সমান।
তারপর বললেন, দিয়ে এসেছি লাগিয়ে যা হয় হোক। আজ নেত্রীর অনেকগুলে পথসভা আছে। পথসভা মানে রাস্তার ধারে জনসভা। নেত্রীর আজ অনেক বক্তৃতা করতে হবে। গলা গরম রাখতে হবে। গলা বসে গেলে বা ভেঙ্গে গেলে বক্তৃতা চলবে না। আবার ওদিকে ঢাকার পরিস্থিতি গরম। তাই আজ একটু বেশি ফেনসিডিল খেতে হচ্ছে। বেলা ১১টায় কক্সবাজার-এর জনসভা শুরু হলো। এর মধ্যে ঢাকার পরিস্থিতির গুরুতর অবনতি ঘটার সংবাদ এলো। রাষ্ট্রপতি আঃ রহমান বিশ্বাস এবং জেনারেল নাসিমের এই সংঘাতে ঢাকা ক্যান্টনমেন্ট কার নিয়ন্ত্রণে এটা বোঝা যাচ্ছে না। তবে সাভার ও গাজীপুর ক্যান্টনমেন্ট যে রাষ্ট্রপতি আঃ রহমান বিশ্বাসের পক্ষে এটা বোঝা গেল এই কারণে যে, জেনারেল নাসিমের নির্দেশে ঢাকা অভিমুখে আসা যশোর, রংপুর, বগুড়া এবং ময়নসিংহ ক্যান্টনমেন্টের সৈনিকদের প্রতিরোধ করার জন্য নবম পদাতিক ডিভিশনের জিওসি মেজর জেনারেল ইমামুজ্জামান-এর নির্দেশে সাভার ক্যান্টনমেন্টের সৈনিকেরা আরিচা ঘাটে অবস্থান নেয় এবং ফেরী চলাচল বন্ধ করে দেয় ও নদী পার হওয়ার অপেক্ষায় থাকা দৌলতদিয়া এবং নগরবাড়ি ঘাটের সৈনিকদের নদী পার হওয়ার চেষ্টা করলে ডুবিয়ে দেওয়া হবে বলে ওয়ারলেসের মাধ্যমে হুঁশিয়ার করে দেয়।
এদিকে ময়মনসিংহ থেকে আসা সৈনিকদের রাস্তায় ব্যারিকেড দিয়ে গাজীপুরের সৈনকরা আটকিয়ে দেয়। কুমিল্লার ময়নামতি, চিটাগাং, বান্দরবন প্রভৃতি ক্যান্টনমেন্টের অবস্থা বোঝা যায় না। শেখ হাসিনা ইতোমধ্যে ৭টি পথসভায় বক্তৃতা করেছেন। ঢাকা থেকে খবর এলো, ঢাকার রাস্তায় ট্যাঙ্ক নেমেছে। কিন্তু কার পক্ষে নেমেছে অর্থাৎ লড়াইয়ে কে জিতেছে?



জেনারেল নাসিম না রাষ্ট্রপতি আঃ রহমান বিশ্বাস? এটা কিছুতেই নিশ্চিত হওয়া গেল না। এই পরিস্থিতিতে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা পথসভার কর্মসূচী বাতিল করে দেন এবং কোথায় পালাবেন সেই চিন্তায় ও চেষ্টায় ব্যস্ত হয়ে পড়েন। কেউ বলেন টেকনাফে, কেউ বলেন বান্দরবানে, কেউ বলেন চিটাগাং-এ।
আওয়ামী লীগের বান্দরবানের বর্তমান এমপি বীর বাহাদুর বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে বান্দরবানে নিয়ে যেতে থাকলে পথিমধ্যে চিটাগাং সিটি কর্পোরেশনের মেয়র মহিউদ্দিন, বর্তমানে শেখ হাসিনার শ্রম মন্ত্রী মান্নান, বিমান মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন শেখ হাসিনাসহ সকলকে চিটাগাং সার্কিট হাউসে নিয়ে তোলেন। চিটাগাং সার্কিট হাউসের ভি ভি আই রুমে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা, মেয়র মহিউদ্দিন, চিটাগাং আওয়ামী লীগ সভাপতি বর্তমান শ্রম মন্ত্রী মান্নান, কেন্দ্রীয় নেত্রী এডভোকেট সাহারা খাতুন, কেন্দ্রীয় নেতা ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দিনসহ কয়েকজন বসে টেলিভিশন দেখছেন। দেশের এই সংকট মুহূর্তে করণীয় কি সে বিষয়ে জননেত্রী শেখ হাসিনা বেমালুম নিশ্চুপ। টেলিভিশন দেখা ছাড়া এই সংকটময় মুহূর্তে আর যেন কোন কাজ নেই। শুধু ঢাকায় একটা ফোন করে শেখ হাসিনা রেহানাকে বাসা ছেড়ে অন্য জায়গায় থাকার কথা বলেই নিশ্চুপ, নির্বিকার। এডভোকেট সাহারা খাতুন জিজ্ঞেস করলো, নেত্রী আমাদের করণীয় কি?
নেত্রী উত্তরে আমতা আমতা করলেন। ঢাকা থেকে আসা নেত্রীর সফরসঙ্গী মটর সাইকেল আরোহী বললো, আমাদের এখন উচিত জেনারেল নাসিমের পক্ষে মিছিল বের করা।
এডভোকেট সাহারা খাতুন জানতে চাইলেন, কি জন্য জেনারেল নাসিমের পক্ষে মিছিল বের করা উচিত?
এ জন্য মিছিল বের করা উচিত, জেনারেল নাসিম বিএনপি রাষ্ট্রপতি আঃ রহমান বিশ্বাসের প্রতিপক্ষ মানে বিএনপির প্রতিপক্ষ।
জেনারেল নাসিমকে সেনাবাহিনী প্রধান করে রাখতে পারলে সেনাবাহিনীতে চেক এন্ড ব্যালেন্স থাকবে। আর জেনারেল নাসিমের পতন ঘটলে বিএনপির রাষ্ট্রপতি রহমান বিশ্বাসের সেনাবাহিনীর উপর একক কর্তৃত্ব প্রতিষ্ঠিত হবে। ফলে আগামী ১২ জুনের নির্বাচনে এর প্রভাব পড়বে। ঠিক আছে, নাসিমের পক্ষে মিছিল বের করেন বলেই বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বেডরুমে ঢুকে পড়লেন। চিটাগাংয়ের মেয়র মহিউদ্দিন, সভাপতি মান্নান মিছিল বের করতে অস্বীকৃতি প্রকাশ করলে তাদের মিছিল বের করার জন্য চাপাচাপি করলে তারা বলেন, এখন কোথায় লোকজন পাব, মিছিলের শ্লোগান কি হবে?
ঢাকা থেকে আগত নেত্রীর সফরসঙ্গী মটর সাইকেল আরোহী বললো, যে, কোন কিছুর বিনিময়েই মিছিল করতে হবে। নইলে ১২ই জুনের নির্বাচনে আবার ক্ষমতায় যেতে চান? জেনারেল নাসিম যদি নাও টেকে, নাসিমের যদি পতনও হয় তথাপি মিছিল বের করে প্রোটেস্ট (প্রতিবাদ) বজায় রাখতে হবে। আপনারা মিছিল বের করেন। মিছিলে শ্লোগান দেবেন, জেনারেল নাসিম জিন্দাবাদ, আঃ রহমান বিশ্বাস নিপাত যাক। এই পর্যায়ে মহিউদ্দিন আর মান্নান বাইরে যেয়ে কয়েকজন লোকের একটা মিছিল বের করে সার্কিট হাউসের চারপাশে ঘুরলো। টেলিভিশনে রাষ্ট্রপতি আব্দুর রহমান বিশ্বাসের ভাষণ শুরু হলো। শেখ হাসিনা ভাষণ শুনে বলেন, তত্ত্বাবধায়ক সরকার কোথায়? হাবিবুর রহমান কোথায়? খালেদা জিয়া ২৪ ঘন্টা সংসদে বসে থেকে এমনভাবে সংবিধান সংশোধন করেছে যে, ক্ষমতা আসলে ওদের হাতেই রয়ে গেছে। আমরা তার কিছুই বুঝিনি।



এই সেই মটরসাইকেল আরোহী, 'আমার ফাঁসি চাই' গ্রন্থের লেখক বাংলাদেশ আওয়ামীলীগের ১নং কাউন্সিলর মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টু। ছবিতে (পিছনে) দেখা যাচ্ছে ঐতিহাসিক বাহাদুর শাহ্ পার্ক। কথিত আছে ব্রিটিশ উপনিবেশের বিরুদ্ধে যে সিপাহী বিদ্রোহ হয়- ইংরেজ সরকার সেই বিদ্রোহী সিপাহীদের এই বাহাদুর শাহ্ পার্কে ফাঁসিতে ঝুঁলিয়ে মৃত্যুদণ্ড কার্যকর করে। বাহাদুর শাহ্ পার্কের এই মিনারটি ১৮৫৭ সালের শহীদ স্মরণে নির্মিত।

শেখ হাসিনা আবার বেডরুমে চলে গেলেন। ঢাকা থেকে আগত সফরসঙ্গী মটর সাইকেল আরোহী ঢাকায় ফোন করে তার স্ত্রীকে বললো, তুমি যাও আওয়ামী লীগ অফিসে এবং আওয়ামী লীগের নেতা কর্মীদের বাসায়। যেয়ে বল বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা নির্দেশ দিয়েছে, মিছিল বের করতে এবং মিছিলে শ্লোগান দেবে, জেনারেল নাসিম জিন্দাবাদ! রহমান বিশ্বাস নিপাত যাক।

হঠাৎ বেডরুমের রিসিভার থেকে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বলে উঠলেন, এ-ই-এ-ই-এই। তারপর চুপ, আর কিছুই বললেন না। অর্থাৎ নেত্রী বেডরুমের রিসিভার তুলে এতক্ষণ কথাগুলো আড়ি পেতে শুনেছিলেন। টেলিভিশনে তত্ত্বাবধায়ক সরকার প্রধান বিচারপতি হাবিবুর রহমানের বক্তৃতা নেত্রী শুনলেন এবং আবার বেডরুমে চলে গেলেন। বেডরুমে গিয়ে নজিব ও বাহাউদ্দিন নাসিম বঙ্গবন্ধু কন্যাকে সার্কিট হাউস ছেড়ে অন্যত্র পালিয়ে যেতে পরামর্শ দিলে তিনি বলেন, আমি কোথায় যাব? তার চেয়ে দেখ কি হয়। বলেই শেখ হাসিনা পুরো আধা বোতল ফেনসিডিল খেয়ে শুয়ে পড়লেন।

মাঝরাতে মোটামুটি নিশ্চিত হওয়া যায় যে, জেনারেল নাসিম এ লড়াইয়ে পরাজিত।

সকাল বেলা জননেত্রী শেখ হাসিনা বলেন, নাসিম পরাজিত হয়েছে ভাল হয়েছে। ওকে (নাসিমকে) আমি ফেব্রুয়ারী মাসে ক্ষমতা নিতে বলেছিলাম ও তখন ডাট দেখিয়েছে। পরাজিত হয়েছে ঠিক হয়েছে।

সকাল ৯টার ফ্লাইটে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা চট্টগ্রাম থেকে ঢাকায় ফিরলেন। সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল আবু সালেহ মোহাম্মদ নাসিম বীর বিক্রম বরখাস্ত ও গ্রেপ্তার হলেন। এরপর থেকে আর কোনদিন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা জেনারেল নাসিমের নাম বিন্দু-বিসর্গও উচ্চারণ করলেন না।

## আবু হেনার আগমন

১২ই জুন ১৯৯৬। নজিরবিহীন দৃষ্টান্ত স্থাপন করে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হলো। নর-নারী নির্বিশেষে জনগণ স্বতঃস্ফূর্তভাবে হাসতে হাসতে ভোটকেন্দ্রে গেল, হাসতে হাসতে নিজেদের ভোট দিল। আবার হাসতে হাসতেই ঘরে ফিরে এলো। সন্ধ্যার পর বাংলাদেশ টেলিভিশনে নির্বাচনী ফলাফল ঘোষণা শুরু হলো। প্রথম দিকে দেখা যায় আওয়ামী লীগ বেশ এগিয়ে রয়েছে। রাত ১০টার পর আবার দেখা যায় বিএনপি বেশ এগিয়ে রয়েছে।

প্রথম দিকের ঘোষিত নির্বাচনী ফলাফলে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাসহ উপস্থিত সকলেই বেশ পুলকিত হতে থাকেন। কিন্তু রাত দশটার পরের ঘোষিত ফলাফলে সকলেই চিন্তিত হয়ে পড়েন।

রাত প্রায় বারোটার দিকে শেখ হাসিনা তার উপর হামলা হতে পারে এই কথা বলে তার বাসায় উপস্থিত সকলকে চলে যেতে বলেন। বাইরের সকলে চলে যাওয়ার ফলে শেখ হাসিনার ধানমণ্ডি ৫৪ নম্বর বাসাটি নীরব হয়ে যায়। রাত ১টায় দিকে প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ আবু হেনা অন্য একজনকে সঙ্গে নিয়ে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার বাসায় আসেন এবং প্রায় এক ঘন্টা একান্ত গোপন বৈঠক শেষে চলে যান।

## ঐকমত্যের সরকার

নির্বাচনের চূড়ান্ত ফলাফলে দেখা গেল অন্যান্য দলের চেয়ে আওয়ামী লীগ সবচেয়ে বেশি সিট



পেয়েছে। কিন্তু বঙ্গবন্ধু কন্যা হিসেব করে দেখলেন বিএনপি, জাতীয় পার্টি, জামাত এবং জাসদ (রবের) আ স ম রব যদি একত্রিত হয়ে যায় তাহলে আওয়ামী লীগের চাইতে ১টি সিট বেশি হয়ে যায়। অর্থাৎ আওয়ামী লীগের ১টি সিট কম হয়। সে ক্ষেত্রে আওয়ামী লীগের পরিবর্তে বিএনপি, জাতীয় পার্টি, আর জাসদের আ স ম রব এই জোট বা সম্মিলিত দলগুলো সরকার গঠন করতে পারে এবং সংসদের সংক্ষিপ্ত ৩০টি মহিলা সিট অনায়াসে নিজেদের মধ্যে ভাগাভাগি করে নিতে পারে। বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা এই হিসেব-নিকেশের পর শুধু বলতে থাকেন, আবু হেনা (প্রধান নির্বাচন কমিশনার) আমার সাথে ছলনা করলো, প্রতারণা করলো। কথা রাখলো না, কথামতো কাজ করলো না।

এরপর ১৫ই জুন সন্ধ্যা বেলায় শেখ হাসিনা জাসদ নেতা এবং জাসদের একমাত্র নির্বাচিত সংসদ সদস্য আ স ম রবকে নিয়ে যে কোন প্রকারে ছলে বলে কৌশলে তার (শেখ হাসিনার) বাসায় নিয়ে আসার নির্দেশ দেন।

স্বৈরাচারী এরশাদের '৮৮ সালের পার্লামেন্টের গৃহপালিত বিরোধী দলীয় নেতা সম্মিলিত ওয়াচ ডক আ স ম রবকে এই সংবাদ দিলে মনে হলো তিনি এমন একটি সংবাদের জন্য চাতক পাখির ন্যায় অপেক্ষা করছিলেন। শেখ হাসিনা আমন্ত্রণ জানিয়েছেন বলার সঙ্গে সঙ্গে আ স ম রব এমপি বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার ধানমন্ডি ৫ নম্বর রোডের ৫৪ নম্বর বাড়িতে ছুটে চলে আসেন। ২য় তলার ভি ভি আই পি রুমে আ স ম রব এমপিকে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বসতে দিলেন, মিষ্টি খাওয়ালেন। তারপর বললেন, রব ভাই, আপনারাই দেশ স্বাধীন করেছেন। বাংলাদেশ বানিয়েছেন। আপনারাই তো আমার পিতাকে শেখ মুজিবর থেকে বঙ্গবন্ধু বানিয়েছেন। সারা বিশ্বে পরিচিতি দিয়েছেন, এসবের মূলে ব্যক্তিগতভাবে আপনার অবদানই রয়েছে সব চাইতে বেশি।

আ স ম রব বলেন, আপনি তো তখন রাজনীতিতে ছিলেন না কাজেই আপনি জানেন না, আমরা কখনই বঙ্গবন্ধুর বিরোধিতা করতে চাইনি। আর আমি ব্যক্তিগতভাবে তো কখনই বঙ্গবন্ধুর বিরোধিতা করিনি। বঙ্গবন্ধুর চার পাশে যারা ছিল এবং আমার সাথের গুটিকয়েক, এরাই আমাদের মধ্যে দূরত্ব সৃষ্টি করে দিয়েছিল। আসলে বঙ্গবন্ধুই আমাদের প্রকৃত নেতা ছিলেন। আমরাই বঙ্গবন্ধুর প্রকৃত লোক ছিলাম।

বঙ্গবন্ধু কন্যা বললেন, হ্যাঁ রব ভাই, আপনারাই বঙ্গবন্ধুর প্রকৃত লোক। তাই তো আমি আপনাদের নিয়ে মন্ত্রীসভা গঠন করতে চাই। আমরা সকলে মিলে সরকার গঠন করে দেশ চালাতে চাই।

আ স ম রব বললেন, মনের দিক থেকে তো অনেক আগেই আমি আপনার (শেখ হাসিনার) নেতৃত্বে দেশ পরিচালনার প্রস্তুতি নিয়ে আছি এবং এতোদিন তো কেবল আপনার ডাকের অপেক্ষাই ছিলাম।

বঙ্গবন্ধু কন্যা বললেন, আমাকে বিশ্বাস করুন, আমি আপনার বিশ্বাসের অমর্যাদা করবো না।

আ স ম রব বললেন, হ্যাঁ হ্যাঁ আপনাকে বিশ্বাস করার ব্যাপারে আমার কোন ঘাটতি নেই। আপনি বঙ্গবন্ধু কন্যা; আপনাকে কি অবিশ্বাস করা যায়?

উপস্থিত নজিব আহাম্মেদ, বাহাউদ্দিন নাসিম, নকিব আহমেদ মানু, কানিজ আহাম্মেদ (এরা সবাই হাসিনার বাবার ফুফাতো ভাইদের ছেলে) রাম মোহন দাস, মৃনাল কান্তি দাস, আনাম, সেন্টুদের দিকে তাকিয়ে আ স ম রব বললেন, আমি নেত্রীর সঙ্গে একটু একা কথা বলতে চাই। বঙ্গবন্ধু কন্যা উপস্থিত সকলকে বললেন, তোমরা এখন বাইরে যাও।

সবাই বাইরে চলে আসলো। শেখ হাসিনা আর জাসদ নেতা আ স ম রব ভিতরে একান্তে কথা বলছেন। মিনিট পাঁচেক পরে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা কলম এবং ২টি কাগজ চাইলেন। ১টি কলম এবং ২টি কাগজ ভেতরে দেওয়া হলো। বাইরে থেকে বোঝা গেল বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা এবং জাসদ নেতা আ স ম রব নিজেদের মধ্যে একটি লিখিত চুক্তিনামা করলেন। মিনিট পনেরো পরে আ স ম রব চলে গেলেন। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ঘোষণা করলেন, আ স ম রবকে ম্যানেজ করা গেছে, এবার হয়তো সরকার গঠন করতে পারবো।

পরের দিন সকালে রাম মোহন দাস একটি হিসেব নিয়ে এসে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে বোঝালেন যে, বিএনপি, জাতীয় পার্টি, জামাতে ইসলামী, জাসদ রব এবং একমাত্র স্বতন্ত্র এমপি কুষ্টিয়ার মকবুল হোসেনও যদি একজোটভুক্ত হয় তাহলেও আওয়ামী লীগ-এর সংখ্যাগরিষ্ঠতা থাকে এবং আওয়ামী লীগ সরকার গঠন করতে পারে। কারণ একাধিক আসন থেকে বিজয়ী সংসদ সদস্যদের সংবিধান অনুযায়ী শপথ নেওয়ার পূর্বে ১টি (এক) মাত্র আসন বা সিট রেখে বাকি আসন বা সিট ছেড়ে দিতে হবে এবং ছেড়ে দেওয়া সেই আসন বা সিট শূন্য ঘোষিত হবে। অর্থাৎ এক ব্যক্তি যতগুলো আসন বা সিট থেকেই বিজয়ী হোক না কেন, এক ব্যক্তিকে একজন এমপিই হতে হবে এবং একজন এমপি হিসেবেই ধরা হবে। সে দিক থেকে বিএনপি, জাতীয় পার্টি, জাসদ, জামাত এবং স্বতন্ত্র জোটের আসন বা সিট ছাড়তে হবে ১১টি (এগারো), আওয়ামী লীগের ৪টি (চার)। শপথ নেওয়ার পূর্বে ছেড়ে দেওয়া আসন বাদ দিয়ে হিসেব করলে দেখা যায় আওয়ামী লীগের একারই উল্লেখিত জোটের চাইতে ১টি (এক) আসন বেশি থাকে। জননেত্রী শেখ হাসিনা এই হিসেব বোঝার পর বলে ওঠেন, ওরে হারামজাদা আগে কই ছিলি? আগে কই ছিলি? এখন সব শেষ। এখন সব শেষ। রব ভাঁওতাবাজি দিয়ে আমার কাছ থেকে লিখিত নিয়ে গেছে। এখন আর তা পাল্টানো যাবে না। হারামজাদারা আগে কি করলি? এখন কি করি? রবের কাছে আমার লিখিত আছে।

এই হলো বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার ঐকমত্যের সরকারের প্রকৃত উৎপত্তি এবং জাসদ নেতা আ স ম রব মন্ত্রী।

## রওশন এরশাদের পা ধরা

১৯শে জুন ১৯৯৬। সন্ধ্যা ৭টায় সাবেক রাষ্ট্রপতি হোসেন মোহাম্মদ এরশাদের স্ত্রী রওশন এরশাদ বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সাথে তার ধানমণ্ডিস্থ ৫ নম্বর বাড়িতে দেখা করলেন। ২য় তলায় ভি ভি আই পি রুমে মুখোমুখি সোফায় বসেছেন শেখ হাসিনা আর সাবেক ফার্স্টলেডি রওশন এরশাদ। দু'জনের মাঝে ৫ ফিটের মত দূরত্ব। রওশন এরশাদ বললেন, আপা (শেখ হাসিনা) আপনার কাছে আমার একটা অনুরোধ, আপনি জাতীয় পার্টি থেকে জিনাত মুশারফকে মহিলা এমপি বানাবেন না।

শেখ হাসিনা বললেন, এটা আপনাদের ব্যাপার, আপনারা যাকে দেবেন আমি তাকেই মহিলা এমপি বানাব।

রওশন এরশাদ বললেন, আপা, আপনি আমার বোন, আপনিও মহিলা, আপনারও স্বামী আছে। আপনি বোন হিসেবে আমার প্রতি দয়া করেন। সবই আপনার হাতে। আপনি দয়া করে আমার স্বামীকে আমার কাছে ফিরিয়ে আনতে সাহায্য করুন। ঐ চরিত্র ভ্রষ্টা-নষ্টা জিনাত মুশাররফকে দয়া করে আপনি মহিলা এমপি বানাবেন না। প্রয়োজনে আপনি জাতীয় পার্টি থেকে একটাও মহিলা এমপি বানাবেন না।



বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, না না আমি জাতীয় পার্টিকে দু'টি এবং জামাতকে ১টি মহিলা এমপি দেব।

রওশন এরশাদ বললেন, তাহলে আর যাই হোক, জিনাতকে এমপি করবেন না।

শেখ হাসিনা বললেন, বললাম তো এটা আপনাদের ব্যাপার।

রওশন এরশাদ সোফা থেকে উঠে সোজা শেখ হাসিনার পা জড়িয়ে বললেন, আপা, আপনি আমার বোন, আপনি দয়া করে আমাকে এই মসিবতে ফেলবেন না। আপনি দয়া করে আমার স্বামীকে উদ্ধার করুন।

শেখ হাসিনা বললেন, আরে কি করছেন, কি করছেন। ঠিক আছে, পা ছাড়ুন, পা ছাড়ুন আমি দেখব।

রওশন এরশাদ বললেন, আপা আপনি কথা দেন।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, ঠিক আছে জিনাতকে এমপি বানাব না।

অতঃপর রওশন এরশাদ ভি ভি আই পি রুমের পশ্চিম পার্শ্বের দরজা দিয়ে বেরিয়ে সিঁড়ির ধারে যেতে না যেতেই ভি ভি আই পি রুমের উত্তর দিকের দরজা দিয়ে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বেরিয়ে ডাইনিং রুমে এসে নাচতে লাগলেন, আর বলতে লাগলেন, কাউরে ছাড়ুম না। লাগাইয়া দিমু। কাউরে ছাড়ুম না। জিনাত মুশাররফকে এমপি বানাবই।

## হানিফ এল জি আর ডি মন্ত্রী

আগামী ২৩শে জুন ১৯৯৬। সন্ধ্যা ৭টায় বঙ্গভবনে রাষ্ট্রপতি আব্দুর রহমান বিশ্বাসের কাছে বঙ্গবন্ধু কন্যা হাসিনা প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন। সবাই খুব ব্যস্ত। যারা মন্ত্রী হবেন বলে আশা করছেন তারা সকলেই প্রচণ্ড টেনশনে আছেন। ঘনঘন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার বাসায় আসা-যাওয়া করছেন। মনে মনে ভাবছেন আমি তো মন্ত্রী হবো। আমাকে মন্ত্রী সভা থেকে বাদ দেয় কিভাবে? তবুও বলা তো যায় না, যে এক-আধজন মন্ত্রী সভা থেকে বাদ পড়বে আমার নাম আবার ঐ বাদ যাওয়া তালিকায় নেই তো? না, না এ কি করে হয়! আমাকে মন্ত্রী না বানিয়ে পারেন না। আমি মন্ত্রীত্ব পাব। তবে কোন মন্ত্রণালয়ের দায়িত্ব পাব এটা ভাববার বিষয়। ভাবী প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছের লোক, বাসার লোক বিশেষ করে আত্মীয়-স্বজনদের কাছে ধর্না দেওয়া, জোর তদবির চলছে। এদের মধ্যে একজনই শুধু তদবীর করছেন না ধর্না দিচ্ছেন না। কারণ তিনিতো একেবারেই নিশ্চিত তিনি মন্ত্রী হচ্ছেনই। শুধু মন্ত্রীত্বই নিশ্চিত নয়, মন্ত্রণালয়ও নিশ্চিত এবং সেই মন্ত্রণালয়টা হলো এল জি আর ডি মন্ত্রণালয়। এই সৌভাগ্যবান ব্যক্তিটি আর কেউ নন, তিনি হচ্ছেন ঢাকার মেয়র মোহাম্মদ হানিফ। মেয়র মোহাম্মদ হানিফ এল জি আর ডি মন্ত্রী তো হয়েই আছেন, এটা তিনি একেবারেই নিশ্চিত। তার শুধু শপথ নেওয়াটা বাকি। আগামী ২৩শে জুন শপথ অনুষ্ঠানটাও হয়ে যাবে। ঢাকার মেয়র মোহাম্মদ হানিফের এল জি আর ডি মন্ত্রণালয়ের মন্ত্রীত্বের এই নিশ্চয়তার কারণ গত ১৭ই ফেব্রুয়ারী '৯৬ ধানমণ্ডি ৩২ নং বঙ্গবন্ধু ভবনে বঙ্গবন্ধু কন্যা আজকের ভাবী প্রধানমন্ত্রী শেখ হাসিনা তো মেয়র হানিফকে এল জি আর ডি মন্ত্রী বানিয়েই রেখেছেন এবং মেয়র হানিফকে এল জি আর ডি মন্ত্রী হিসেবে অনানুষ্ঠানিক ঘোষণাও ১৭ই ফেব্রুয়ারী '৯৬ দিয়েছেন। কাজেই মেয়র মোহাম্মদ হানিফ 'নো চিন্তা ডু ফুর্তিতেই' আছেন।

## সবার মুখ কালো

আজ ২৩শে জুন ১৯৯৬ সাল। সন্ধ্যা ৭টায় বঙ্গভবনের দরবার কক্ষে রাষ্ট্রপতি আব্দুর রহমান বিশ্বাসের কাছে প্রধানমন্ত্রী হিসেবে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা শপথ নেবেন।

ধানমণ্ডিস্থ ৫৪নং বাড়িতে শুধুমাত্র শেখ হাসিনার ছাড়া বাকি সবার মুখ কালো। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার পিতার ফুফাতো ভাইদের ছেলেরা নজিব আহম্মেদ নজিব, নকিব আহাম্মেদ মান্নু, কানিজ আহাম্মেদ এদের সবার মুখ কালো। এমন কালো যেন কালবৈশাখীর কালো মেঘ এদের মুখে ভর করেছে। এদের আরেক চাচাতো ভাই বাহাউদ্দিন নাসিম সে তো ভোর হওয়ার আগেই শেখ হাসিনার বাসা ছেড়ে চলে গেছে। বাড়ির চাকর-বাকর, পিয়ন, গাড়ির ড্রাইভার, বাবুর্চি, এমন কি যারা দীর্ঘ ১৬/১৭ বৎসর শেখ হাসিনার সাথে থাকতে থাকতে শেখ হাসিনার আত্মীয়ের মতো হয়ে গেছে, শেখ হাসিনার পরিবারের সদস্য হয়ে গেছে, তাদের চোখেও জল, তাদের মুখও ভীষণ মলিন। ভীষণ কালো। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা কিছুক্ষণ পর পর শুধু বলছেন, সবাই এমন শুরু করেছে, যেন আমি মরে যাচ্ছি! আর ঘন্টাখানেক পরেই বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন। অথচ তার বাড়িতেই নেমে এসেছে ভীষণ গাঢ় শোকের ছায়া। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বলেই যাচ্ছেন হ্যাঁ, আমি কি মরে যাচ্ছি যে, সবাই শোক শুরু করেছে?

শেখ হাসিনার আত্মীয়সহ দুই-তিনজনকে এই শোকের কারণ কি জিজ্ঞেস করলে তারা বলেন, বোঝেন না, উনি তো (শেখ হাসিনা) প্রধানমন্ত্রী হয়ে গেলেন, উনার আখের তো গুছিয়েই নিলেন। আমাদের কি হবে? এখন তো উনি আমাদের খোঁজও নেবেন না। আমরা যে এতো বৎসর এতো কষ্ট করলাম, তা মনেও রাখবে না। বলা হলো, না না প্রধানমন্ত্রী হয়ে ভুলে যাবেন কেন! মনে রাখবেন না কেন? নিশ্চয়ই মনে রাখবেন।

ওরা জবাবে বললো, এখনও বোঝেন তো, কি রকম বেঈমান, বুঝবেন।

সন্ধ্যা সাতটায় বঙ্গভবনের দরবার কক্ষে প্রবেশ করা হলো। আওয়ামী লীগের সমস্ত এমপিরা এসেছেন। বিচারপতিগণ এসেছেন। তিন বাহিনী প্রধান এসেছেন। প্রশাসনের কর্মকর্তাগণ ও গণ্যমান্য ব্যক্তিগণ সবাই এসেছেন।

নতুন পায়জামা-পাঞ্জাবি আর মুজিব কোট পরে এসেছেন ঢাকার মেয়র মোহাম্মদ হানিফ। তিনি সাধারণত মুজিব কোট পড়েন না। কিন্তু তিনি তো নিশ্চিত তিনি আজ মন্ত্রীত্বের শপথ নিচ্ছেন। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা গত ১৭ই ফেব্রুয়ারী তাঁকে (হানিফকে) মন্ত্রী বলে ঘোষণা দিয়েছেন। কাজেই তিনি আজ মুজিব কোট পরে এসেছেন। তিনি জনতার মঞ্চ তৈরী করেছেন। খালেদা জিয়া সরকারের পতন ঘটিয়েছেন। জনতার মঞ্চের নায়ক তো তিনিই। এই সমস্ত দিক দিয়ে ঢাকার মেয়র হানিফ আজকের অনুষ্ঠানের মধ্যমণি না হলেও কম গুরুত্বের না।

## আমার সাথে বেঈমানী!

অনুষ্ঠানের শুরুতেই প্রধানমন্ত্রী হিসেবে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা শপথ নিলেন এবং বাংলাদেশের নতুন প্রধানমন্ত্রী হলেন। এবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর মন্ত্রী সভার নাম ঘোষণা করবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যাগ থেকে তার মন্ত্রী পরিষদের লিস্ট বের করেছেন। ঢাকার মেয়র মোহাম্মদ হানিফ আস্তে আস্তে চেয়ার থেকে উঠছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার মন্ত্রী পরিষদের নাম পড়তে একটু সময় লাগছে। ঢাকার মেয়র হানিফ এমনভাবে



আছেন যে, তিনি না চেয়ারে বসে আছেন, না দাঁড়িয়ে আছেন। তিনি মনে করছেন, চেয়ারে বসে কি লাভ এখনই তো উঠতে হবে, মন্ত্রী পরিষদের প্রথম নামটাই তার। চেয়ার ছেড়ে দাঁড়াচ্ছেন না এ জন্য যে, দৃষ্টিকটু মনে হতে পারে। তাই তিনি আধা বসা, আধা দাঁড়ানো অবস্থায় আছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মন্ত্রী পরিষদের নাম পড়তে লাগলেন। প্রথম নামটি মেয়র হানিফের না, দ্বিতীয়টি না, তৃতীয়টি না, চতুর্থ না, পঞ্চম না, ষষ্ঠ না, সপ্তম না, অষ্টম না ..... না, না, না, না। এরপর মেয়র মোহাম্মদ হানিফ কানায় কানায় শ্রোতা-দর্শকে ভরা দরবার কক্ষের চেয়ারের দু'সারির মাঝখান দিয়ে দ্রুত বঙ্গভবন ত্যাগ করে বেরিয়ে যেতে থাকলে একজন তাকে পিছন থেকে হানিফ ভাই বলে জড়িয়ে ধরলে তিনি তাকে ধাক্কা মেরে সরিয়ে দিয়ে, আমার সাথে বেঈমানী! আমার সাথে বেঈমানী! বলতে বলতে বঙ্গভবন ত্যাগ করে চলে যান।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার বাসায় ফিরে রাতের খাবার খেতে খেতে বলেন, আজ আমার দু'টি আনন্দ। প্রধানমন্ত্রী হতে পারার আনন্দ আর হানিফের বেঈমানীর প্রতিশোধ নিতে পারার আনন্দ।

পরবর্তী পর্যায়ে মেয়র মোহাম্মদ হানিফ ডায়াবেটিক (বারডেম-এ) হাসপাতালে ভর্তি হয়ে সাংবাদিক ডেকে বলেন, কাউকে সম্মান না করেন অপমান করতে পারেন না।

তারপর দাবী করলেন মিনি গভর্নমেন্টের। এরপর মেট্রোপলিটন অথরিটির। কিন্তু না, মেয়র হানিফের কিছুই পাওয়া হলো না। মন্ত্রীত্ব না। মিনি গভর্নমেন্ট না। মেট্রোপলিটন অথরিটিও না।

## বেসামাল

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার ধানমণ্ডিস্থ বাসায় ফিরে এসে তার জন্য নতুন সরকারী বাসা পছন্দ করার জন্য আত্মীয়-স্বজনদের বললেন। শুরু হলো প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য বাসা পছন্দ করা। প্রথমেই দেখা হলো রাষ্ট্রীয় অতিথি ভবন সুগন্ধা। তারপর দেখা হলো এরশাদ আমলে শুরু হয়ে খালেদা জিয়ার আমলে শেষ হওয়া, জাতীয় সংসদসহ বহুল আলোচিত ২০ কোটি টাকা ব্যয়ে নির্মিত ৩০ নম্বর হেয়ার রোডের বাসাটি। এরপর রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মা, মেঘনা এবং অবশেষে করতোয়া।

বহু চিন্তা-ভাবনা, আত্মীয়-স্বজনের সাথে অনেক আলাপ-আলোচনার পর শেরে বাংলা নগর সংসদ ভবনের পশ্চিম উত্তরে ক্রিসেন্ট লেকের পশ্চিমে বিশাল আকারের দুর্গের ন্যায় করতোয়াকে পছন্দ করা হলো। প্রধানমন্ত্রী শেখ হাসিনার পিতা শেখ মুজিবের আমলে তাঁর (শেখ মুজিবের) অফিস ছিল এখানে। তখন এই ভবনকে বলা হতো গণভবন। পুনরায় এই ভবনের নাম গণভবন দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাসভবন করা হলো।

৩রা জুলাই, ১৯৯৬। রাত ৯টার দিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই গণভবনে এসে উঠলেন। গণভবনে এসে তিনি সোজা ২য় তলায় চলে গেলেন। ২য় তলার শোবার রুম দেখলেন, খাবার রুম দেখলেন, বসার রুম দেখলেন, আরো ৮/১০টা রুম দেখলেন। প্রতিটি রুমেই ২৬ ইঞ্চি রঙ্গিন টেলিভিশন এবং অত্যাধুনিক আসবাবপত্রে সুচারুরূপে সাজানো। রাত বেশি হওয়ায় বিশাল প্রাসাদের বিশাল আয়তনের নীচতলার অংশটি প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেখতে পারলেন না। ঘুমিয়ে পড়লেন।

পরদিন ৪ঠা জুলাই, ঈদের দিনে ছোট ছোট ছেলেমেয়েরা যেমন খুব ভোরে উঠে গোসল টোসল সেরে নতুন জামাকাপড় পরে খুশির ঠেলায় বেড়াতে বের হয়ে যায়, ঠিক ঐ রকম

ভাবেই প্রধানমন্ত্রী শেখ হাসিনা খুব ভোরে উঠে সারসার করে গোসল টোসল সেরে নতুন শাড়ী পরে সাতটা বাজার আগেই তার (প্রধানমন্ত্রী) কার্যালয়ে চলে গেলেন। ফিরলেন দুপুর প্রায় ১টায়। গণভবনের নীচতলায় ঢুকতেই হাতের ডান দিকে অর্থাৎ নীচতলার পশ্চিম পার্শ্বের ৩ নম্বর রুমে ঢুকলেন, সঙ্গে ছিলেন চাচী, মানে শেখ হেলালের মা। এই ৩ নম্বর রুমটিতে ঢুকেই প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেসামাল হয়ে যেয়ে এক চিৎকার দেন, ও ...রে চা...চি রে এ....ত ব...ড় টে... বি...ল বলে লাফ দিয়ে শেখ হেলাল এমপির মাকে জড়িয়ে ধরে বললেন, ভইরা গুষ্ঠী (সকল আত্মীয়) কে খবর দেন, এই টেবিলে খাইতে হবে।
চাচী বললেন, ভইরা গুষ্ঠী আসলেও টেবিল ভরবি নেনে।
প্রধানমন্ত্রী শেখ হাসিনা বললেন, তাইলে টুঙ্গিপাড়ার মাইনসেরে (মানুষ) খবর দেন। এই টেবিলে খাইতে হবে।
প্রধানমন্ত্রীর চিৎকারে তার নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত সেনাবাহিনীর বিশেষ দল এস এস এফ এবং পি জি আর-এর সদস্যরা এগিয়ে এলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা চুপ করে যান এবং চাচীকে সঙ্গে নিয়ে উপরে চলে যান।
গণভবনের ৩নং রুমটি একটি বিশাল রুম। এই রুমে ডিম্ব আকৃতির একটি বিশাল টেবিল রয়েছে এবং এই টেবিলের চার দিকে প্রায় শ'দুই রিভলবিং চেয়ার রয়েছে। এই রুমটি খাওয়ার বা ডাইনিং রুম নয়। এটি আসলে একটি কনফারেন্স রুম।

## দুই বোনের ভাগাভাগি

বর্তমানে বাংলাদেশের যিনি সর্বোচ্চ ক্ষমতার অধিকারী, যার অঙ্গুলী হেলনে এদেশের বড় বড় ব্যবসা-বাণিজ্য, উচ্চ পর্যায়ের চাকরী-বাকরী নিয়ন্ত্রিত হয়, সরকারের সামরিক-বেসামরিক আমলা, মন্ত্রী, প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর আত্মীয়স্বজন যে যেখানেই আছেন তাদের মধ্যে সবচাইতে শক্তিশালী ক্ষমতাধর, সামরিক সর্বোচ্চ পর্যায় থেকে যে কোন পর্যায় পর্যন্ত কর্মকর্তা-কর্মচারীর পদোন্নতি পদাবনতি এবং বদলী যার মনোবাসনা বা ইচ্ছানুযায়ী হয়, সরকারী পর্যায়ে ব্যবসা-বাণিজ্য না পাওয়া যার উপর নির্ভর করে, এদেশের বৈধ-অবৈধ সমস্ত টাকা-পয়সা যার হাতে জমা হয়, বর্তমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরিবারের ক্যাশিয়ার যিনি, একমাত্র রাজনীতি ছাড়া গোটা দেশের অর্থনীতি একক হস্তে পরিচালনা করেন যিনি, এদেশের মানুষের জন্য বিন্দুমাত্র ভালবাসা মায়া-মমতার লেশমাত্র নেই যার, এদেশের মানুষকে শিয়াল (শৃগাল) কুত্তার (কুকুরের) জাতি, নিমকহারামের জাত ছাড়া অন্য কিছু ভাবেন না, অন্য কিছু বলেন না যিনি, মাঝ রাতে ঘুম ভেঙ্গে গেলে অথবা রাত পোহালে যদি শুনতে পেতেন, এদেশের বারো কোটি মানুষ সকলেই মহাপ্রলয়ে নিহত হয়ে গেছে তাহলে খুশিতে আত্মহারা হয়ে যাবেন যিনি, সদাসর্বদাত্র, এদেশের মানুষের অনিষ্ট-অমঙ্গল ছাড়া অন্য কিছু চিন্তা এবং কামনা করেন না যিনি, তিনি আর কেউ নন, তিনি হলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান-এর ২য় কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার আদরের ছোট বোন শেখ রেহানা। ৭ই জুলাই ১৯৯৬-এর অপরাহ্নে তিনি এলেন গণভবনে। তারই বড় বোন প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে। এসেই সরাসরি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিৎকার করে বললেন, এই, শেখ মুজিব কি একা তোমার বাপ? শেখ মুজিব কি আমার বাপ না? আমার ভাগ কই? আমি কি ভাগ পাই না? আমার ৫টা মন্ত্রী নিতে হবে।
প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, মন্ত্রী পাবি না। চালাইতেছি, চালাইতে দে। যত টাকা দরকার



পাবি। সব তুই নে।
দুই বোনের চিৎকারের চোটে প্রধানমন্ত্রীর ২৪ ঘন্টা সার্বক্ষণিক নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত সেনাবাহিনী, বিমান বাহিনী ও নৌ-বাহিনীর ৬৪ (চৌষট্টি) জন অফিসার সমন্বয়ে ১৬শ (ষোলশ) সদস্যের একটি বিশেষ দল পিজি আর (প্রাইম মিনিস্টার গার্ড রেজিমেন্ট)-এর ঐ দিন ডিউটিরত সদস্যরা তাদের দায়িত্ব পালনে কিংকর্তব্যবিমূঢ় হয়ে দাঁড়িয়ে থাকলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার চোখের ইশারায় তাদেরকে সরিয়ে এনে, এটা প্রধানমন্ত্রীর একান্তই নিজস্ব এবং পারিবারিক ব্যাপার বলে ওভারলুক (দৃষ্টি এড়িয়ে যাওয়া) করার পরামর্শ দেওয়া হয়।
আজই যদি আমার পাঁচজনকে মন্ত্রী না করো, তবে আমি আমেরিকায় চলে যাব। যখন আসবো তখন সমান ভাগ নিয়ে আসবো। মনে রেখ। এ কথা বলে বঙ্গবন্ধু কন্যা শেখ রেহানা চলে গেলেন।
পরবর্তী পর্যায়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমেরিকায় যেয়ে চূড়ান্ত পর্যায়ে ভাগাভাগি এবং আপোষ রফা করে তার ছোট বোন শেখ রেহানাকে দেশে নিয়ে আসেন এই শর্তে যে, শেখ রেহানাই হবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ক্যাশিয়ার। সমস্ত টাকা-পয়সা শেখ রেহানার হাত দিয়ে আসতে হবে এবং শেখ হাসিনার পর শেখ রেহানাই হবেন শেখ মুজিবের উত্তরসূরী।

## শেয়ার বাজার কেলেঙ্কারী

১৯৯৬ সালের জুলাইয়ের মাঝামাঝি সময়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোট বোন রেহানার স্বামী শফিক সিদ্দিকী, শেখ হাসিনার লাল রঙের নিশান পেট্রোল জীপ গাড়িতে এবং হলুদ নম্বর প্লেট লাগানো দু'টি টয়োটা গাড়িতে করে ২জন শিখ, ৩জন মাড়োয়ারী ও ২জন ভারতীয় বাঙালিকে সঙ্গে নিয়ে এসে প্রতি সন্ধ্যায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারী বাসভবন গণভবনের ৫ নম্বর বৈঠকখানায় গুরুত্বপূর্ণ মিটিং করতেন। মিটিং-এ বসার আগে শফিক সিদ্দিকী মটর সাইকেল আরোহীর কাছ থেকে ঢাকার মতিঝিলের শেয়ার মার্কেটের বিষয়ে খোঁজখবর নিতেন। শফিক সিদ্দিকী প্রথমেই জানতে চাইতেন আজকে শেয়ার মার্কেটে কেমন ভীড় হয়েছিলো? মটর সাইকেল আরোহী বলতো মধুমিতা সিনেমা হলের বিপরীতে স্টক একচেঞ্জের সামনে বেশ ভীড় দেখলাম।
তখন শফিক সিদ্দিকী বলতেন শেয়ার ব্যবসা খুব ভাল ব্যবসা, শেয়ার ব্যবসা করবেন, শেয়ার কিনবেন, আত্মীয়-স্বজনদের বলবেন, বন্ধু-বান্ধব, পাড়া-প্রতিবেশী সবাইকে বলবেন শেয়ার কিনতে। শেয়ার কিনলেই লাভ।
প্রধানমন্ত্রী শেখ হাসিনার পৃষ্ঠপোষকতায় গণভবনে ৫ নং বৈঠকখানায় প্রতি সন্ধ্যায় উক্ত ব্যক্তিদের সাথে মিটিং-এর আগে মটর সাইকেল আরোহীকে শফিক সিদ্দিকীর একই প্রশ্ন, শেয়ার মার্কেটে আজকে কত লোক হয়েছে?
মটর সাইকেল আরোহীর উত্তর, অনেক লোক হয়েছে, মতিঝিলের রাস্তা ভরে গেছে।
শফিক সিদ্দিকীর একই কথা, সবাইকে শেয়ার কিনতে বলবেন। শেয়ার কেনা খুবই লাভজনক ব্যবসা। কিনলেই লাভ। এভাবে দিন যেতে লাগলো, এক পর্যায়ে প্রতিদিন সরেজমিনে শেয়ার মার্কেটের প্রকৃত অবস্থা দেখে সন্ধ্যায় গণভবনে এসে তা জানানোর জন্য মটর সাইকেল আরোহীকে শফিক সিদ্দিকী দায়িত্ব দিয়ে দিলেন। মটর সাইকেল আরোহী প্রতি সন্ধ্যায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারী বাসভবন গণভবনে গিয়ে শফিক সিদ্দিকীকে শেয়ার মার্কেটের বাস্তব অবস্থা জানাতে লাগলো। আর শফিক সিদ্দিকী তা জানার পর ভারতীয় শিখ,



খাওয়ার টেবিলে বাঁ দিক থেকে শেখ হাসিনা, মাঝে শেখ হাসিনার ৯ বছরের অবৈতনিক হাউস সেক্রেটারী প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক সরকারীভাবে অবাঞ্চিত ঘোষিত নাজমা আক্তার (মিসেস মতিয়ুর রহমান রেন্টু) ওরফে ময়না রহমান এবং ডানে ১৯৮১ সালের ১৭ ই মে শেখ হাসিনা বাংলাদেশের আসার পর থেকে ১৯৯৭ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত প্রায় ১৬ বছর শেখ হাসিনার ব্যক্তিগত কনসালটেন্টের দায়িত্ব পালনের পর ১৯৯৭ সালের ফেব্রুয়ারী মাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক সরকারীভাবে অবাঞ্চিত ঘোষিত 'আমার ফাঁসি চাই' গ্রন্থের লেখক মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টু।

মাড়োয়ারী এবং বাঙালি ব্যবসায়ীদের সাথে গুরুত্বপূর্ণ মিটিং করতে থাকলেন।
সত্যিই, শেয়ার কিনলেই লাভ। শেয়ার বিক্রী করাটা কোন ব্যাপার না। কেনাটাই আসল ব্যাপার। আজ কোনমতে শেয়ার কিনতে পারলে আগামী কাল আসতে না আসতেই তা চড়া দামে বিক্রি হয়ে যাচ্ছে। শেয়ার কেনা নিয়ে প্রায় সারা দেশেই হই হই রই রই পড়ে গেছে। বাজারে প্রচুর ক্রেতা আছে। কিন্তু শেয়ার বিক্রেতা নেই। ক্রেতারা শেয়ার কেনার জন্য রাত-দিন ঘুরে বেড়াচ্ছে। একদিন মটর সাইকেল আরোহী শফিক সিদ্দিকীর জানালো, শেয়ার মার্কেটে আজ সবচাইতে বেশি ক্রেতা এসেছে। ইত্তেফাকের মোড়, হাটখোলা, অভিসার সিনেমা হল থেকে শুরু করে পুরো মতিঝিল, শাপলা চত্বর পার হয়ে নটরডেম কলেজ ছাড়িয়ে গেছে। এই সকল এলাকায় যানবাহন বন্ধ হয়েছে। শুধু ক্রেতা আর ক্রেতা। বিক্রেতা নেই। শফিক সিদ্দিকী তার ভারতীয় ব্যবসায়ীদের নিয়ে গণভবনের ৫ নং বৈঠকখানায় নির্ধারিত মিটিং-এ বসলেন। অন্যান্য দিনের তুলনায় আজকের মিটিং অনেক বেশি সময় নিয়ে চললো। অন্যান্য দিন যেখানে মিটিং হয় দেড়-দুই ঘন্টা সেখানে আজকের মিটিং হলো প্রায় সাড়ে পাঁচ ঘন্টা।
পরের দিন শেয়ার বাজারে আরো বেশি লোক হলো এবং শফিক সিদ্দিকী তার ভারতীয় ব্যবসায়ী বন্ধুদের নিয়ে দুপুর তিনটা থেকেই গণভবনে মিটিং-এ বসেছেন। রাত দশটা পর্যন্ত একটানা মিটিং চললো। মিটিংশেষে ভারতীয়রা শফিক সিদ্দিকীর সাথে এমন করে করমর্দন ও বুকে বুক মিলিয়ে বিদায় নিল, তাতে মনে হলো এ বিদায় অন্যান্য দিনের মতো বিদায় নেওয়া নয়। তার পরদিন মতিঝিলের শেয়ার বাজারে শুধু বিক্রেতাদের ধাক্কাধাক্কি আর চিৎকার শোনা গেল। কিন্তু শেয়ার ক্রেতা খুঁজে পাওয়া গেল না। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারী বাসভবন গণভবনে শফিক সিদ্দিকী ও তার ভারতীয় ব্যবসায়ীদেরও দেখা গেল না।

## ওরা ছয় জন মুক্তিযোদ্ধা

'৭৫-এর ১৫ই আগস্ট শেখ মুজিবর রহমান নিহত হওয়ার পর ঐ হত্যাকাণ্ডের প্রতিবাদে কাদের সিদ্দিকীর সঙ্গে মিলে যে সকল মুক্তিযোদ্ধা ২য় বার যুদ্ধ করেছিল, সেই সকল মুক্তিযোদ্ধা ১২ আগস্ট ১৯৯৬ ঢাকার পুরানা পল্টনে এক বৈঠকে বসে। সারাদিন বৈঠক চলে। বৈঠকে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ক্ষমতায় আসায় তাকে এবং তাঁর সরকারকে কিভাবে সহযোগিতা করা যায় এই নিয়ে দিনভর আলোচনা চলে। হালুয়াঘাট এবং নালিতবাড়ী থানার প্রখ্যাত মুক্তিযোদ্ধা বৈদ্যনাথ কর তাঁর বক্তৃতায় কেন জানি খুবই আবেগ প্রবণ হয়ে বলতে লাগলো, '৭১-এর মহান মুক্তিযুদ্ধে যুদ্ধ করেছি। দেশ স্বাধীন করেছি। কিন্তু মরি নি। '৭৫-এ বঙ্গবন্ধু হত্যার প্রতিবাদে যুদ্ধ করেছি। যুদ্ধে পরাজিত হয়েছি। কিন্তু মরি নি। অবশেষে এক বিধবা যুবতীকে বিয়ে করেছি। আমাদের ঘরে একটি পুত্র সন্তান হয়েছে। আমি এখন এক বিধবা যুবতীর স্বামী এবং এক ছেলের পিতা। আমি আর ভাল-মন্দ কোন কিছুতেই জড়িত হতে চাই না। আপনারা এমন কিছু করবেন যাতে আমার বিধাব স্ত্রী আবার ২য় বার বিধবা না হয়। আমার ছেলে পিতৃহারা এতিম না হয়।
সন্ধ্যা সাতটায় বৈঠক শেষ হলে যে যার বাড়ির দিকে রওয়ানা হয়। নালিতা বাড়ি থানা থেকে আসা বৈদ্যনাথ কর, জসিমউদ্দিন, এরা একটি মাইক্রোবাস ভাড়া করে খোদা হাফেজ বলে নালিতাবাড়ির দিকে রওয়ানা হয়ে যায়। পরদিন সকাল ৭টার (সাত) সময় আমার কাছে মুক্তিযোদ্ধা হাসেমি মাসুদ জামিল যুগোল-এর একটি ফোন আসে। ফোনে আমাকে বলা হয় বৈদ্যনাথ কর, জসিম সহ ওরা ছয় (৬) জন মুক্তিযোদ্ধা মারা গেছে।



কথাটা শুনে হার্ট এটাকের মতো হয়ে গেল। কিছুক্ষণ কোন কথা বের হলো না। গত রাতে মানে এখন থেকে ১০/১২ ঘন্টা আগে যাদের সাথে দেখা হলো, কথা হলো তারা মারা গেছে। এটা কি অসম্ভব কথা। নিজেকে একটুখানি সামলে নিয়ে বললাম, কি বলছেন? কিভাবে মারা গেল?
মুক্তিযোদ্ধা হাসেমী মাসুদ জামিল যুগোল জানালেন, গত রাতে ঢাকা পুরানো পল্টনে উলফাত ভাইয়ের অফিস থেকে মিটিং শেষে নালিতাবাড়ি যাওয়ার সময় সড়ক দুর্ঘটনায় এই ছয় জন মুক্তিযোদ্ধা নিহত হয়। অর্থাৎ আমাদের কাছ থেকে বিদায় নেওয়ার কয়েক ঘন্টার মধ্যেই এরা পৃথিবী থেকে বিদায় নিয়ে নিল।
শোকে-দুঃখে মনটা বিষন্ন ভারাক্রান্ত হলো। বাসা থেকে বেরিয়ে কাঁদতে কাঁদতে সোজা গণভবনে গিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শোক সংবাদটা জানালাম। তিনি ভাবলেশহীন ভাবে শুনলেন। পরে তার প্রধানমন্ত্রীর কার্যালয়ে চলে গেলেন।
মনে মনে একটা ভাবনা ছিল; প্রধানমন্ত্রী যদি তাঁর পক্ষ থেকে সান্ত্বনা দেওয়ার জন্য কাউকে নিহত ছয়জন মুক্তিযোদ্ধার পরিবারের কাছে পাঠান। তাই দুপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে ফিরে এলে পুণরায় তাঁকে ছয়জন মুক্তিযোদ্ধা নিহত হওয়ার কথা বললাম।
জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বললেন, তাতে কি হয়েছে? প্রতিদিনই তো কত লোক মারা যাচ্ছে। এর ঘন্টাখানেক পর বিকেল ৩টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বাবার মৃত্যুবার্ষিকী উপলক্ষে বঙ্গবন্ধু পরিষদ-এর আলোচনা সভায় যোগদানের জন্য ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে চলে গেলেন এবং সেখানে তিনি আমার পিতা, আমার মা, আমার ভাই বলে কাঁদতে লাগলেন।
অন্যের পিতাকে যদি নিজের পিতার মতো মনে না হয়, অন্যের মাতাকে যদি নিজের মাতার মতো মনে না হয়, অন্যের সন্তানকে যদি নিজের সন্তানের মনে না হয়, অন্যের শোক-দুঃখকে যদি নিজের শোক-দুঃখ মনে না হয়, তাহলে, এমন রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, নেতা দিয়ে দেশের কোন লাভ হবে? মানুষের কোন লাভ হবে? নিজের বাবা-মা, ভাইদের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার কান্না দেখে শুধু মনে হল, হে আল্লাহ, তুমি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কি এতোই দীনহীন করলে? এতোই কাঙ্গাল করলে? যার কেবলই নিজের ছাড়া অন্যের দুঃখে বিন্দুমাত্র অনুভূতি হবে না? হে আল্লাহ, তুমি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মানুষের জন্য মমত্ববোধের সামর্থ্য দাও। মানুষকে ভালবাসার সামর্থ্য দাও। মানুষের প্রতি অনুভূতি দাও। অপরের সুখ-দুঃখকে নিজের করে ভাববার তৌফিক দাও। আমিন।

## ডঃ ডিগ্রী পাওয়া

৬ই ফেব্রুয়ারী ১৯৯৭। যুক্তরাষ্ট্রের বোস্টন বিশ্ববিদ্যালয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডক্টর অফ ল ডিগ্রী প্রদান করে। এই ডক্টরেট ডিগ্রি প্রদানের আগে, '৯৬ সালের শেষ প্রান্তে, অর্থাৎ ডিসেম্বরের শেষ সপ্তাহে বোস্টন বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট জন ওয়েসলিং বাংলাদেশে এসেছিলেন। জন ওয়েসলিং ৪/৫ (চার/পাঁচ) দিন বাংলাদেশে ছিলেন। বাংলাদেশে অবস্থানকালে জন ওয়েসলিং ৩ দিন ছিলেন ঢাকায় এবং ১দিন ছিলেন গোপালগঞ্জে। ঢাকায় অবস্থানকালে জন ওয়েসলিং প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারী বাসভবন গণভবনেই থাকতেন। গণভবন থেকেই জন ওয়েসলিংকে ঢাকার বিভিন্ন জায়গায় নিয়ে ঘুরিয়ে-ফিরিয়ে দেখান হতো। ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু যাদুঘর, সোহরাওয়ার্দী উদ্যান, সংসদ ভবন

স্মৃতিসৌধ ইত্যাদি জায়গাসমূহ দেখান হলো এবং ঐতিহাসিক গুরুত্ব ব্যাখ্যা করে জন ওয়েসলিংকে বোঝানো হলো। একদিনের সফরে টুঙ্গিপাড়ায়ও নেওয়া হলো। টুঙ্গিপাড়ায় শেখ মুজিবর রহমান-এর মাজার দেখান হলো। গোপালগঞ্জ সার্কিট হাউসে রাত্রি যাপন করার পরদিন আবার ঢাকায় নিয়ে এসে বঙ্গবন্ধু যাদুঘরের সমস্ত ছবি এবং নিদর্শনগুলো খুবই ভালভাবে ব্যাখ্যা করে জন ওয়েসলিংকে বুঝিয়ে দেওয়া হলো। শুধু বুঝিয়েই দেওয়া হলো না একেবারে তোতা পাখির ন্যায় মুখস্ত করিয়ে দেওয়া হলো। জন ওয়েসলিংকে সমস্ত কিছু বুঝিয়ে মুখস্ত করিয়ে দেওয়ার দায়িত্বে ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সংসদ বিষয়ক উপদেষ্টা সুরঞ্জিত সেন গুপ্ত। সুরঞ্জিত সেন গুপ্ত জন ওয়েসলিংকে সব কিছু বুঝিয়ে মুখস্ত করে দেওয়ার সাথে, প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে "ডক্টর অফ ল" প্রদানের বিষয়টিও ভাল ভাবে বুঝিয়ে দিলেন।

বোস্টন বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট জন ওয়েসলিং নগদ ও বাকি মিলিয়ে অনেক উপঢৌকন নিয়ে বাংলাদেশ থেকে চলে গেলেন। কিন্তু গণভবন যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারী বাসভবন এটা সেন বাবু জন ওয়েসলিংকে বলেন নি। ফলে জন ওয়েসলিং ধরে নিলেন ধানমণ্ডি ৩২শের ঐটা বঙ্গবন্ধু মিউজিয়াম (যাদুঘর)। টুঙ্গিপাড়াটা বঙ্গবন্ধুর গ্রামের বাড়ি আর বিশাল দুর্গের ন্যায় গণভবনটা প্রধানমন্ত্রী শেখ হাসিনার পিতা শেখ মুজিবের বাড়ি। তাই ৬ই ফেব্রুয়ারী ১৯৯৭ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে "ডক্টর অফ ল" ডিগ্রি প্রদান কালে যুক্তরাষ্ট্রের বোস্টন বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট জন ওয়েসলিং যে মানপত্র পাঠ করেন, তার এক জায়গায় লিখেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, আপনাকে আপনার পিতার বিশাল দুর্গের মতো পৈত্রিক বাসভবনে বন্দী করে রাখলেও আপনার উদ্যমকে, আপনার চেতনাকে দমিয়ে রাখতে পারেনি। বিশাল দুর্গের মতো পৈত্রিক বাড়ি ও তার উত্তরাধিকারের মধ্যে আটকে থাকলেও ..... ইত্যাদি ইত্যাদি।

জন ওয়েসলিং তার মানপত্রে যে বিশাল দুর্গের মতো পৈত্রিক বাড়ির উল্লেখ করেছেন সেটা প্রধানমন্ত্রী শেখ হাসিনার পিতার বাড়ি নয়, সেটা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারী বাসভবন গণভবন। একমাত্র গণভবনই বিশাল দুর্গের মতো। তাছাড়া শেখ মুজিবর রহমানের বিশাল দুর্গের মতো কোন বাড়ি কোথাও নেই।

## প্রথম আমেরিকা সফর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই প্রথম মার্কিন যুক্তরাষ্ট্রে সফরে যাচ্ছেন। আত্মীয়স্বজনের এক বিশাল বহর নিয়ে সন্ধ্যার আগেই গণভবন থেকে জিয়া আন্তর্জাতিক বিমান বন্দরের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রওয়ানা হয়ে গেলেন। তিনি নির্দিষ্ট সময়ে জিয়া আন্তর্জাতিক বিমান বন্দরের ভি ভি আই পি লাউঞ্জে পৌঁছলেন এবং আত্মীয়-স্বজনের কোলাহলপূর্ণ পরিবেশে দীর্ঘক্ষণ চা ও নানান পদের নাস্তা খেতে লাগলেন, হাসি-ঠাট্টায় মেতে থাকলেন। মন্ত্রী সভার সদস্যগণ, তিন বাহিনী প্রধানগণসহ উচ্চপদস্থ সামরিক-বেসামরিক কর্মকর্তা এবং বিশিষ্ট নাগরিকগণ বিমান বন্দরের ভি ভি আই পি টারমাকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিদায় দেওয়ার জন্য অপেক্ষা করতে লাগলেন। এদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাবার ফুফাতো ভাইয়ের ছেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ পি এস বাহাউদ্দিন নাসিম নতুন দৃষ্টান্ত স্থাপন করার জন্য, বিমান বন্দর কর্তৃপক্ষকে প্রধানমন্ত্রীকে বহন করার চার্টার্ড বিমানটিকে প্যাসেঞ্জার টারমাকের



লাউঞ্জে নিয়ে যাওয়ার নির্দেশ দিল। বাহাউদ্দিন নাসিম বললো, আমাদের প্রধানমন্ত্রী এতই অতি সাধারণ যে, তিনি ভি ভি আই পি টারমাকের পরিবর্তে সাধারণ যাত্রীদের (প্যাসেঞ্জার) টারমাক (লাউঞ্জ) দিয়ে বিমানে উঠে এক নতুন দৃষ্টান্ত স্থাপন করবেন।

কাজেই প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাবার ফুফাতো ভাইয়ের এ পি এস নাসিম বিমানকে প্যাসেঞ্জার টারমাকে নিয়ে যাওয়ার হুকুম দিল। যথারীতি বিমান কর্তৃপক্ষ বিমানের পাইলটকে ঐ নির্দেশ দিলে পাইলট প্যাসেঞ্জার টারমাকে বিমান নিয়ে এলো। একটু পরে এলো প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাবার আরেক ফুফাতো ভাইয়ের ছেলে এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার চীফ সিকিউরিটি নজিব আহাম্মেদ নজিব। নাসিমের নির্দেশে প্রধানমন্ত্রীর বিমান প্যাসেঞ্জার টারমাকে নেওয়া হয়েছে এই কথা শোনামাত্র নজিব বললো, প্রধানমন্ত্রী ভি ভি আই পি টারমাক দিয়ে বিমানে উঠবে, বিমান ভি ভি আই পি টারমাকে ফেরত আনা হোক।

যথারীতি বিমানকে ভি ভি আই পি টারমাকে ফেরত আনা হলো। কিছুক্ষণ পরে প্রধানমন্ত্রীর এ পি এস বাহাউদ্দিন নাসিম এসে শুনল, তার চাচাতো ভাই নজিব বিমান ভি ভি আই পি টারমাকে ফেরত এনেছে। তখন নাসিম বিমান কর্তৃপক্ষকে বললো, আমি প্রধানমন্ত্রীর এ পি এস, আমি প্রধানমন্ত্রীর ভাবমূর্তি গড়ে তুলি, আমি প্রধানমন্ত্রীর প্রোগ্রাম তৈরী করি। আপনারা কি আমার চাইতে বেশি বোঝেন?

সমস্ত সাংবাদিকদের আমি প্যাসেঞ্জার লাউঞ্জে পাঠিয়েছি। আমি যা বলি সেভাবে কাজ করেন। প্রধানমন্ত্রীর বিমান প্যাসেঞ্জার টারমাকে পাঠান। বিমান কর্তৃপক্ষের মৌখিক নির্দেশে পাইলট আবার বিমান প্যাসেঞ্জার টারমাকে নিয়ে এলো। প্রধানমন্ত্রীর এ পি এস বাহাউদ্দিন নাসিমের চাচাতো ভাই প্রধানমন্ত্রীর চীফ সিকিউরিটি নজিব আহাম্মেদ নজিব প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিমান রেডি বলে এসে, বিমান আবার প্যাসেঞ্জার টারমাকে লাগানো হয়েছে শুনেই হারামজাদা কুত্তার বাচ্চা বলে গালাগালি দিতে দিতে কার নির্দেশে বিমান সরানো হয়েছে জিজ্ঞেস করলে নাসিম বললো, আমার নির্দেশে বিমান সরানো হয়েছে। আমি বিমান প্যাসেঞ্জার টারমাকে নিয়েছি।

নজিব বললো, তুই বিমান সরানোর কে?

আমি চীফ সিকিউরিটি, আমার নির্দেশে বিমান চলবে।

নাসিম বললো, আমার নির্দেশে বিমান চলবে।

নজিব বললো, দেখ বেশি কথা বলবি না খারাপ হইয়া যাইব।

নাসিম বললো, আমি কি তোমার মাহা তামুক খাই যে, আমাকে ডর দেহাও।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাবার দুই ফুফাতো ভাইয়ের দুই ছেলে এ পি এস বাহাউদ্দিন নাসিম এবং চীফ সিকিউরিটি নজিব আহাম্মেদ নজিবের মধ্যেকার ঝগড়ার মুখে বিমান কর্তৃপক্ষ অসহায়ের ন্যায় দাঁড়িয়ে রইল। এমনিভাবে মিনিট বিশ পঁচিশেক চলে গেল। ওদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিমানে ওঠার জন্য ভি ভি আই পি রেস্ট রুম থেকে বাইরে এসে দাঁড়িয়ে রইলেন এবং বললেন কি ব্যাপার আমাকে এখনো বিমানে তুলছে না কেন?

দুই চাচাতো ভাই নজিব-নাসিমের ঝগড়া থামানোর জন দুই চাচাতো ভাইয়ের চাইতেও অনেক অনেক বেশি ক্ষমতাধর ব্যক্তি, বলতে গেলে ক্ষমতার শীর্ষের তিন/চার (৩/৪) নম্বর ব্যক্তি, যিনি সচরাচর নজিব-নাসিমদের ব্যাপারে হস্তক্ষেপ করে না, কিন্তু যাকে দেখলে নজিব-নাসিম ভয়ে এবং কৌশলগত কারণে নেতিয়ে পড়ে, পাগলের মতো টাকা-পয়সার দিকে ছোটা ছাড়া আর অন্য কোন কাজ নেই যার, তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার চাচাতো ভাই (শেখ নাসেরের বড়

ছেলে) শেখ হেলাল এমপি এসে উপস্থিত হলো। নজিব, নাসিম ভয়ে এবং কৌশলগত কারণে নেতিয়ে গেল। শেখ হেলাল এমপি বললো, প্রধানমন্ত্রী দাঁড়িয়ে রয়েছে আর এখনো বিমানের ব্যবস্থা হয় নি? যা ভি ভি আই পিতে বিমান লাগান।

কর্তৃপক্ষ ভি ভি আই পি টারমাকে বিমান নেওয়ার মৌখিক নির্দেশ দিলে ভি ভি আই পি আর প্যাসেঞ্জার টারমাকে বার বার বিমান নেওয়া এবং আনার পরিপ্রেক্ষিতে এবার বিমানের পাইলট ভি ভি আই পি এবং প্যাসেঞ্জার টারমাকের মাঝখানে বিমান রেখে দিয়ে কর্তৃপক্ষকে বললো, আমাকে লিখিত দিতে হবে। লিখিত ছাড়া বিমানের চাকা একবারও ঘুরাবো না।

এবার বিমান কর্তৃপক্ষ আরো বিপাকে পড়লো। কর্তৃপক্ষ লিখিত দেওয়ার পর পাইলট ভি ভি আই পি টারমাকে বিমান নিয়ে গেল। প্রধানমন্ত্রী আমেরিকার উদ্দেশ্যে যাত্রা শুরু করলেন। যদিও এই সমস্ত কারণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার যাত্রা শুরু করতে ঘন্টাদেড়েক দেরী হলো এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা অসন্তোষ প্রকাশ করলেন। কিন্তু প্রধানমন্ত্রী শেখ হাসিনা কার উপর অসন্তোষ প্রকাশ করলেন তা বোঝা গেল না।

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিদায় জানাতে আসা সকল মন্ত্রী, তিন বাহিনী প্রধান, উচ্চপদস্থ সামরিক-বেসামরিক কর্মকর্তা ও বিশিষ্ট নাগরিকগণ যাত্রা শুরুর এই বিলম্বের সময় ভেবলার মতো দাঁড়িয়ে ছিল। পরের দিন দেশের সমস্ত পত্র-পত্রিকায় নানান ভাষায় প্রধানমন্ত্রীর যাত্রা শুরু করতে বিলম্বের সংবাদ পরিবেশন করলো। কিন্তু কেন যাত্রা বিলম্ব হলো, তা কোন পত্রিকাতেই জানা গেল না। প্রকাশ করা হলো না। শুধু বিলম্ব হলো এটাই প্রকাশ করা হলো। শুধু তাই নয়, প্রকাশিত এই সংবাদের পরিপ্রেক্ষিতে সাংবাদিক, কলাম লেখক, আবেদ খান ভোরের কাগজে "প্রধানমন্ত্রীর নিরাপত্তা কি বিঘ্নিত" শিরোনামে ধারাবাহিকভাবে সরেজমিন তদন্ত লিখলেন। আবেদ খান তার প্রতিবেদনে বিমানের অভ্যন্তরে রাজাকারের সন্ধান পাওয়াসহ আরো কত কিছু পেলেন! কত কিছু লিখলেন! বিমান প্রশাসনের অনেক রদবদল হলো। কিন্তু প্রধানমন্ত্রী শেখ হাসিনার যাত্রা বিলম্বের প্রকৃত কারণ আবেদ খানের কলামে এলো না।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমেরিকা সফর করে যুক্তরাষ্ট্রের বোস্টন বিশ্ববিদ্যালয় থেকে ডক্টর অফ ল ডিগ্রির সাথে তাঁর একমাত্র বোন শেখ রেহানাকে সকল কিছুতে (পৌত্রিক সূত্রে) অর্ধেক ভাগ দেওয়ার পাকাপাকি ব্যবস্থার শর্তে সঙ্গে নিয়ে এলেন। ভাগ-বাঁটোয়ারা নিয়ে দুই বোনের দ্বন্দ্বের অবসান ঘটিয়ে শেখ রেহানা ক্যাশিয়ারের দায়িত্ব নিয়ে বাংলাদেশে আবার ফিরে এলেন। অর্থাৎ প্রধানমন্ত্রী শেখ হাসিনার ব্যক্তিগত তহবিলে যা কিছু জমা হবে তার সব কিছুই শেখ রেহানার হাত দিয়ে হতে হবে। এই শর্তে শেখ রেহানা দেশে ফিরে এলেন।

## যুদ্ধ বিমান ক্রয়

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ক্যাশিয়ার বঙ্গবন্ধু কন্যা শেখ রেহানা তার স্বামী শফিক সিদ্দিকীকে সঙ্গে নিয়ে এক বিকেলে প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন গণভবনে এসে প্রধানমন্ত্রীকে রাশিয়ার মিগ-২৯ বোমারু বিমান (যুদ্ধ বিমান) ক্রয় করার পরামর্শ দিয়ে বললেন, এই যুদ্ধ বিমান ক্রয় করলে উত্তর পাড়ার লোকেরাও (ঢাকা ক্যান্টনমেন্টের সৈনিকেরা) খুশি থাকবে এবং আমরা ভারতের দালাল না এটাও জনগণ মনে করবে। উপস্থিত মটর সাইকেল আরোহী বললো, খবরদার নেত্রী (প্রধানমন্ত্রী) এই কাজও করবেন না। দেশের কোটি কোটি মানুষ বেকার, যুদ্ধ বিমান ক্রয় না করে, যে টাকা দিয়ে যুদ্ধ বিমান ক্রয় করবেন, সেই টাকা বেকারদের কর্মসংস্থান



বরাদ্দ করেন।

শেখ রেহানা ও তার স্বামী শফিক সিদ্দিকী চেহারায় ভেতরে ভেতরে প্রচণ্ড রাগ হওয়ার ছাপ ফুটে উঠলো এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা বললেন, বিমান তো বাকিতে কিনবো।

মটর সাইকেল আরোহী বললো, যতই বাকিতে কেনেন, এই টাকা তো এদেশকেই শোধ করতে হবে। নেত্রী (প্রধানমন্ত্রী) একটা কথা খেয়াল রাখবেন, যদি বেকারদের কর্মসংস্থান সৃষ্টি করতে পারেন, দেশের উন্নতি করতে পারেন, তাহলে এদেশের মানুষ শুধু আপনাকে-ই না, আপনার নাতি পুতিকেও মাথায় করে রাখবে।

বঙ্গবন্ধু কন্যা শেখ রেহানা প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্দেশ্যে বললেন, তোমার সাথে কি একটু একাকী কথা বলা যাবে? না, তোমার লোকজন কথার মধ্যে বাঁ-হাত দিতেই থাকবে?

মটর সাইকেল আরোহী বাইরে চলে এলো।

কথা হলো প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার ছোট বোন শেখ রেহানা ও তার স্বামী শফিক সিদ্দিকী বাংলাদেশের মতো একটি দীনহীন দরিদ্র দেশের কর্ণধার হয়ে কেন যুদ্ধ বিমান ক্রয় করেন? ভারতের সাথে যুদ্ধ করার জন্য? মনস্তাত্ত্বিক (সাইকোলজিক্যালি) ভাবে শেখ হাসিনা-শেখ রেহানা গংয়েরা কি কখনই ভারতের সাথে যুদ্ধের কথা চিন্তা করতে পারে? নিশ্চয়ই না। শেখ পরিবার কখনই ভারতের সঙ্গে যুদ্ধের কথা চিন্তা করতে পারে না। বরং শেখ হাসিনা, শেখ রেহানারা সদা সর্বদা ভারতকে তাদের ব্যক্তিগত ও পরিবারগত অভিভাবকই মনে করেন। তারা সব সময়ই ভারতের রাজনীতিবিদদের বিশেষ করে পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী জ্যোতিবসুকে পিতৃতুল্যই মনে করেন। ভারতের সাথে যুদ্ধ করবেন না। তারপরও যুদ্ধ বিমান ক্রয় করেন, রহস্যটা কি?

তাহলে কি হাসিনা-রেহানা গংয়েরা জানেন না যে, বাংলাদেশ পৃথিবীর মধ্যে প্রায় সবচাইতে গরীব দেশ? এদেশের মানুষেরা দিনে আধপেট আহার জোটে না? বস্ত্র নেই, শিক্ষা নেই, বাসস্থান নেই, এসব কি তারা জানেন না? নিশ্চয়ই জানেন। তারা সবাই জানেন। আবার এটাও নিশ্চিত যে, আর যাই হোক শেখ হাসিনা-রেহানারা তাদের অভিভাবক ভারতের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য কখনই যুদ্ধ বিমান ক্রয় করবেন না। তাহলে তারা যুদ্ধ বিমান ক্রয় করেন কেন? একটা কথা মনে রাখতে হবে, দেশের প্রতিরক্ষা খাত হচ্ছে এমন একটা খাত, যে খাতের ব্যয় (ক্রয়-বিক্রয় সম্পর্কে) সম্পর্কে মহান জাতীয় সংসদেও কোন প্রশ্ন উত্থাপন করা যাবে না। রাষ্ট্রীয় নিরাপত্তাজনিত কারণেই প্রতিরক্ষা ব্যয় সম্পর্কে কোথাও কোন প্রশ্ন তোলা যাবে না।

শুধু আমাদের দেশেই নয়, অন্যান্য দেশেও একই নিয়ম। সেই জন্যই ভারতের প্রয়াত প্রধানমন্ত্রী রাজিব গান্ধীর বোফোর্স কেলেঙ্কারিতে স্পষ্ট জড়িত থাকা সত্ত্বেও ভারতের পার্লামেন্টে এই নিয়ে তেমন হৈ-হুল্লোড় হয়নি। এই প্রতিরক্ষা খাত থেকেই বর্তমান বিশ্বে সবচাইতে বেশি দুর্নীতি হচ্ছে। প্রতিরক্ষা ব্যয়ের যেহেতু কোন জবাবদিহিতা নেই, সেহেতু এই খাতেই দুর্নীতি করা বা কমিশন নেওয়া অতীব সহজ। প্রশ্ন হচ্ছে, ভারতের বিরুদ্ধে যুদ্ধ করা হবে না, তথাপি শেখ হাসিনা, শেখ রেহানা গং বর্তমানে যুদ্ধে অকার্যকর পুরনো সেকেলে রাশিয়ান মিগ-২৯ যুদ্ধ বিমান কেন ক্রয় করেন? এর উত্তর শুধু কমিশন। শুধু কমিশন পাওয়ার জন্যই এই অত্যাধুনিক যুগে অত্যাধুনিক কার্যকর জঙ্গী বিমানের পরিবর্তে, অকার্যকর সেকেলে পুরোনো ধ্বজা ভাঙ্গা বোমারু বিমান ক্রয় করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার ক্যাশিয়ার শেখ রেহানা এই রকম এক একটি ডিল-এ কম করে হলেও শত শত কোটি টাকা পেয়ে থাকেন।

# কাদের সিদ্দিকী বনাম শেখ হাসিনা

দেশের মাটিতে থেকে একমাত্র যিনি কাদেরিয়া বাহিনী নামে বিশাল এক মুক্তিবাহিনী গড়ে তুলেছিলেন, বৃহত্তর টাঙ্গাইল জেলা, বৃহত্তর ময়মনসিংহ জেলা এবং বৃহত্তর পাবনা জেলার অধিকাংশ অঞ্চল তিনি নিজের দখলে ও নিয়ন্ত্রণে রেখে সৃষ্টি করেছিলেন স্বাধীন বাংলাদেশের মুক্ত অঞ্চল। দেশ ত্যাগ করে ভারতে না যেয়ে বৃহত্তর টাঙ্গাইল, ময়মনসিংহ, পাবনা ইত্যাদি অঞ্চল জুড়ে গড়ে তোলা হয়েছিল স্বাধীন বাংলাদেশ। এই স্বাধীন বাংলাদেশের হানাদার মুক্ত অঞ্চলে পাকিস্তানী হানাদার বাহিনী কখনোই ঢুকতে পারেনি। পাকিস্তানী খান সেনারা যখনই মুক্তাঞ্চলে প্রবেশের চেষ্টা করেছে, এখনই প্রচণ্ড মার খেয়ে ফেরত এসেছে। এই মুক্তাঞ্চলে মুক্তিবাহিনীর পাশাপাশি গড়ে তোলা হয়েছিল স্বাধীন বাংলাদেশের বেসামরিক প্রশাসন। এখানে যুদ্ধের সাথে চলতো রাজস্ব (খাজনা ট্যাক্স) আদায়। নিয়োগ দেওয়া হতো রাজকর্মচারী (চৌকিদার, দফাদার তহশিলদার, এসডিও) ও কর্মকর্তাদের। গড়ে তোলা হয়েছিল বিচার বিভাগ, সাংস্কৃতিক বিভাগ। শুধু বাংলাদেশেরই নয়, সারা বিশ্বের মুক্তিযুদ্ধের ইতিহাসে এমন নজির খুঁজে পাওয়া যাবে না। মুক্তিযুদ্ধের বিশ্ব ইতিহাসে নজিরবিহীন ইতিহাস সৃষ্টি করেছিলেন যিনি, তিনি হলেন মুক্তিযুদ্ধের কিংবদন্তির নায়ক বঙ্গবীর আব্দুল কাদের সিদ্দিকী বীর উত্তম। মুক্তিযুদ্ধের সময় লোকে যাকে বাঘা সিদ্দিকী বলে জানতো। যাঁর নাম শুনলে পাকিস্তানী সেনাবাহিনীর জেনারেলদের পর্যন্ত আত্মারাম খাঁচা হয়ে যেতো।

১৯৭৫ সালের ১৫ই আগস্ট শেখ হাসিনার পিতা শেখ মুজিবর রহমানকে সপরিবারের হত্যা করলে একমাত্র বঙ্গবীর আব্দুল কাদের সিদ্দিকীই ঐ হত্যার প্রতিবাদ করে। শেখ মুজিব হত্যার পর কাদের সিদ্দিকী নিজেকে শেখ মুজিবের চতুর্থ পুত্র দাবী করে, '৭১-এর ন্যায় পুনরায় যুদ্ধ শুরু করেন। এই যুদ্ধ ছিল কাদের সিদ্দিকীর জীবনে এবং বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে সবচাইতে বড় রাজনৈতিক ভুল। এই যুদ্ধে কাদের সিদ্দিকীর সঙ্গে জনগণের অংশ গ্রহণ তো দূরের কথা, সামান্যতম সমর্থনও ছিল না। '৭৫-এর ১৫ই আগস্ট শেখ মুজিব হত্যাকাণ্ডকে জনগণ সমর্থন করেছিল কিনা যদিও এটা গবেষণার বিষয়, তথাপি এটা নিশ্চিত বলা যায় ঐ হত্যাকাণ্ড জনগণ নিরবে গ্রহণ করেছিল। সে জন্যই শেখ মুজিব হত্যার প্রতিবাদে কাদের সিদ্দিকীর ২য় বার যুদ্ধ জনগণ প্রত্যাখ্যান করেছে।

শেখ মুজিব হত্যার প্রতিবাদ যুদ্ধে জনগণ শামিল তো হয়ইনি, বরং যে হাজার তিনেক যোদ্ধা কাদের সিদ্দিকীর সাথে যুদ্ধে অংশ নিয়েছিল, জনগণ তাদের বাংলাদেশ সরকার ও সেনাবাহিনীর কাছে ধরিয়ে দিতে চেয়েছিল। ঐ যুদ্ধ হয়ে দাঁড়িয়েছিল শেখ মুজিব হত্যা পরবর্তী বাংলাদেশ সরকার এবং বাংলাদেশের আপামর জনগণের বিরুদ্ধে।

ফলে '৭১-এর মহান মুক্তিযুদ্ধে বঙ্গবীর আব্দুল কাদের সিদ্দিকী বিজয়ী হলেও, '৭৫-এর শেখ মুজিব হত্যার প্রতিবাদ যুদ্ধে কাদের সিদ্দিকী এবং তার বাহিনী শোচনীয়ভাবে পরাজয় বরণ করে। যুদ্ধে পরাজিত হয়ে কাদের সিদ্দিকী নির্বাসনে ভারতে চলে গেলে শেখ মুজিব কন্যা শেখ হাসিনা তাকে ধর্মের ভাই ডাকে। সেই থেকেই তাদের ধর্মের ভাই-বোনের সম্পর্ক এতোই গভীর ছিল যে, কাদের সিদ্দিকী মাংস খেতেন না বিধায় শেখ হাসিনা ইলেকট্রিক হিটার এবং মাছ কিনে কাদের সিদ্দিকী যে হোটেলে থাকতেন সেখানে গিয়ে নিজে রান্না করে কাদের সিদ্দিকীকে খাওয়াতেন। শেখ হাসিনা প্রকাশ্যেই বলতেন, একমাত্র কাদের সিদ্দিকী ছাড়া পৃথিবীতে তার আর কেউ নেই এবং কাদের সিদ্দিকীই তার পিতা শেখ মুজিবের একমাত্র



উত্তরসূরী। শেখ হাসিনা বলতেন সারা জীবন কাদের সিদ্দিকীর ঝি-চাকরাণীর কাজ করেও কাদের সিদ্দিকীর ঋণ তিনি শোধ করতে পারেন না।

১৯৮১ সালের ১৭ই মে শেখ হাসিনা ভারত থেকে বাংলাদেশে ফিরে আসার প্রাক্কালে কলকাতা দমদম বিমান বন্দরে বলেন, দেশে ফিরে তাঁর একমাত্র কাজ হবে বঙ্গবন্ধুর উত্তরসূরী তাঁর ধর্মের ভাই কাদের সিদ্দিকী ও তাঁর লোকজনকে দেশে ফিরিয়ে নেওয়ার ব্যবস্থা করা। কিন্তু দেশে ফিরে এসে শেখ হাসিনা তাঁর ধর্মের ভাই শেখ মুজিবের উত্তরসূরী কাদের সিদ্দিকীকে ফিরিয়ে আনার কার্যকর কোন ব্যবস্থা না নিলে বঙ্গবীর কাদের সিদ্দিকীর সহধর্মিনী নাসরিন সিদ্দিকী "বঙ্গবীর কাদের সিদ্দিকী বীর উত্তম স্বদেশ প্রত্যাবর্তন সংগ্রাম পরিষদ" নামে একটি নতুন সংগঠন করে অত্যন্ত যোগ্যতা ও দক্ষতার সাথে বাংলাদেশের আনাচে-কানাচে ঝটিকা সফর করে কাদের সিদ্দিকীকে দেশে ফিরিয়ে আনার পক্ষে ব্যাপক জনমত সৃষ্টি করলে, শেখ হাসিনা এটাকে ভাল দৃষ্টিতে না দেখে চ্যালেঞ্জ হিসেবে মনে করেন এবং নাসরিন সিদ্দিকী ও ঐ সংগঠনকে কুদৃষ্টিতে দেখতে থাকেন। শেখ হাসিনা প্রকাশ্যে কিছু না বললেও ভেতরে ভেতরে তার সংগঠন আওয়ামী লীগকে কাদের সিদ্দিকীর ঐ সংগঠনের সাথে সম্পর্ক না রাখার এবং বিরোধিতা করার নির্দেশ দেন।

১৯৯০ সালে তীব্র গণআন্দোলনে সামরিক স্বৈরাচার জেনারেল হোসেইন মোহাম্মদ এরশাদ-এর পতন হলে, ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবসে শেখ মুজিবের চতুর্থ পুত্রের দাবীদার শেখ হাসিনার ধর্মের ভাই, বঙ্গবীর কাদের সিদ্দিকী বীর উত্তম বাংলাদেশে ফিরে আসার চূড়ান্ত সিদ্ধান্ত ও প্রস্তুতি নেন এবং যথারীতি শেখ হাসিনার সাথে টেলিফোনে কাদের সিদ্দিকী তাঁর স্বদেশ প্রত্যাবর্তনের বিষয়ে আলোচনা করলে শেখ হাসিনা সরাসরি কাদের সিদ্দিকীর স্বদেশ প্রত্যাবর্তনের বিরোধিতা করেন। এরপরও কাদের সিদ্দিকী স্বদেশ প্রত্যাবর্তনে দৃঢ় থাকলে শেখ হাসিনা তাঁর দল আওয়ামী লীগকে কাদের সিদ্দিকীর স্বদেশ প্রত্যাবর্তন কর্মসূচী ভন্ডুল (সাবোটাস) করার নির্দেশ দেন।

১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবসে বঙ্গবীর কাদের সিদ্দিকী বীর উত্তম স্বদেশ প্রত্যাবর্তন করলে জিয়া আন্তর্জাতিক বিমান বন্দরে লক্ষ লক্ষ মানুষ তাকে সংবর্ধনা দিলেও শেখ হাসিনাসহ আওয়ামী লীগের কোন নেতা-কর্মী ঐ সংবর্ধনায় যোগদান করেননি এবং এখান থেকেই শেখ মুজিবের চতুর্থ পুত্রের দাবীদার, শেখ হাসিনার ধর্মের ভাই, কাদের সিদ্দিকীর সাথে শেখ হাসিনার প্রকাশ্য বিরোধ শুরু হয়। এরপর থেকে শেখ হাসিনা তার ধর্মের ভাই কাদের সিদ্দিকীকে এক মুহূর্তও সহ্য করতে পারতেন না। শেখ হাসিনা প্রকাশ্যেই বলতেন আমি আছি বলেই কাদের সিদ্দিকী আছে। আমি না থাকলে কাদের সিদ্দিকীও থাকবে ন। কাদের সিদ্দিকীর অবস্থা হবে ভারতের প্রয়াত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর পুত্র সঞ্জয় গান্ধীর স্ত্রী মেনকা গান্ধীর মতো। যতক্ষণ ইন্দিরা গান্ধী ছিল, মেনকা গান্ধীও ততক্ষণ ছিল। এখন ইন্দিরা গান্ধীও নাই, আর মেনকা গান্ধীও খবর নাই। আমি না থাকলে কাদের সিদ্দিকীরও ঐ অবস্থা হবে। কোন খবর থাকবে না।

আর কাদের সিদ্দিকীও মাশাআল্লাহ কখনই শেখ হাসিনাকে নেত্রী বলে মানলেন না, স্বীকার করলেন না। কাদের সিদ্দিকীর ঐ একই কথা, শেখ হাসিনা আমার বোন, আমি শেখ হাসিনার ধর্মের ভাই, আমিই শেখ মুজিবের রাজনৈতিক উত্তরসূরী। নানাবিধ কারণে বিশেষত কৌশলগত কারণেই শেখ হাসিনা কাদের সিদ্দিকীকে আওয়ামী লীগে রাখেন, আওয়ামী লীগের এমপি বানান। কাদের সিদ্দিকীও একই কারণে আওয়ামী লীগে থাকেন, আওয়ামী লীগের

এমপি হন। শেখ হাসিনার ভাবনা হলো কাদের সিদ্দিকীকে আওয়ামী লীগ থেকে বের করে দিলে আওয়ামী লীগের কিছু ক্ষতি হতে পারে। তাছাড়া কাদের সিদ্দিকীও প্রকাশ্যে সরাসরি উঠে পড়ে তাঁর (শেখ হাসিনার) নেতৃত্বের বিরোধিতায় লিপ্ত হয়ে পড়বে। তার চেয়ে নিজের পৈত্রিক দল আওয়ামী লীগে রেখেই কাদের সিদ্দিকীকে পচিয়ে দিতে হবে। কাদের সিদ্দিকীকে পচিয়ে দেওয়ার লক্ষ্য নিয়েই শেখ হাসিনা কাদের সিদ্দিকীকে আওয়ামী লীগে রেখেছেন।

কাদের সিদ্দিকীও আপাতত নিরবে আওয়ামী লীগে অবস্থান করার কৌশলগত অবস্থান নিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা হেয় করা ও রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার জন্য কাদের সিদ্দিকীর বাড়ীতে পুলিশ পাঠানোর পরিকল্পনা করলে মটর সাইকেল আরোহী এর বিরোধিতা করে বলেন, সামান্যতম কৃতজ্ঞতাবোধ থাকলে আপনি এটা করতে পারেন না। ভুলে যাবেন না, আপনার পিতা-মাতা-ভাইদের মেরে যখন সিঁড়িতে লাশ ফেলে রেখেছিল, তখন সারা পৃথিবীতে একমাত্র কাদের সিদ্দিকী ছাড়া অন্য আর কেউ এর প্রতিবাদ করেনি। আর আজ আপনি প্রধানমন্ত্রী হয়ে তার বাড়িতে পুলিশ পাঠালে তা হবে চরম অকৃতজ্ঞতার কাজ। আপনি এত বড় অকৃতজ্ঞের কাজ করতে পারেন না।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বললেন, ওর (কাদের সিদ্দিকীর) ভাইরা সন্ত্রাসী। ওর ভাইদের ধরার জন্য ওর বাড়ীতে পুলিশ যাবে।

মটর সাইকেল আরোহী বললো, কাদের সিদ্দিকীর ভাই মুরাদ সিদ্দিকী ও আজাদ সিদ্দিকী সন্ত্রাসীই হোক আর যাই হোক, তারা আপনার আমলে কোন সন্ত্রাস করেনি, কোন অপরাধ করেনি।

অত্যন্ত দুর্দিনে আপনার পিতা-মাতা নিহত হয়েছিলেন, কাদের সিদ্দিকী, লতিফ সিদ্দিকী দেশের বাইরে নির্বাসনে ছিলেন, শেখ মুজিব এবং আওয়ামী লীগের নাম নেওয়ার কোন লোক ছিল না তখন নিদারুণ বৈরী পরিবেশে মুরাদ সিদ্দিকী ও আজাদ সিদ্দিকী এই দুই ভাই টাঙ্গাইলের মাটিতে শেখ মুজিব ও আওয়ামী লীগের নাম নেওয়ার জন্য যুবকদের সংগঠিত করতে করতে এবং শেখ মুজিব আওয়ামী লীগ বিরোধী প্রশাসনের সাথে সংঘর্ষে লিপ্ত হতে হতে এক পর্যায়ে সন্ত্রাসীদের খাতায় নাম চলে যায় এবং বহু মামলা তাদের বিরুদ্ধে হয়। যেহেতু প্রশাসন দুর্নীতিপরায়ণ তাই কঠোর ব্যবস্থা না নিয়ে প্রশাসন এদের সাথে ভাগাভাগিতে চলে যায়। তাছাড়া আজাদ-মুরাদ এখন আর কোন ধরনের অপবাদের সাথে যুক্ত নয়। এসব কোন কিছুই আপনার অজানা নয়। আপনি সবই ভালভাবে জানেন। আপনার শাসনামলে ওরা কোন ধরনের বেআইনী কাজের সাথে জড়িত থাকলে গ্রেপ্তার করে জেলে পাঠিয়ে দেওয়ার কঠোর হুঁশিয়ারী দিয়ে তাদের সতর্ক করে দেন।

প্রধানমন্ত্রী বললেন, না, কাদের সিদ্দিকীর বাড়িতেই পুলিশ পাঠিয়ে ওদের ধরতে হবে।

মটর সাইকেল আরোহী বললো, শুধুমাত্র হেয় করার জন্য যদি কাদের সিদ্দিকীর বাড়ীতে পুলিশ পাঠান, তাহলে পৃথিবীতে কৃতজ্ঞতা বলে কিছু থাকবে না।

রাষ্ট্রীয় কাজে তুমি বাধা দিতে পার না, ক্রুদ্ধস্বরে এই কথা বলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেডরুমে চলে গেলেন এবং ঠিকই কাদের সিদ্দিকীর বাড়ীতে পুলিশ পাঠালেন।

## বিচারপতি সাহাবুদ্দীন আহমদের রাষ্ট্রপতি হওয়া

২৩শে জুন '৯৬ প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার আগে থেকেই বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা তার দলের একজনকে নতুন রাষ্ট্রপতি করা নিয়ে বেশ বিপাকে পড়ে গেলেন। দলের যে



নেতাকেই তিনি রাষ্ট্রপতি হওয়ার প্রস্তাব করেন সেই নেতাই কেঁদে ফেলেন। কোন কোন নেতা আবার সভানেত্রী শেখ হাসিনার পা জড়িয়ে ধরে দেশের নতুন রাষ্ট্রপতি হওয়ার থেকে মুক্তি চান। এই অবস্থায় মতিয়ুর রহমান রেন্টু ও মিসেস মতিয়ুর রহমান রেন্টু (ময়না) সুপ্রীমকোর্টের সাবেক প্রধান বিচারপতি ১৯৯০ সালের তত্ত্বাবধায়ক সরকারের রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদকে নতুন রাষ্ট্রপতি করার জন্য বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে এই বলে পরামর্শ দেয় যে, কেউ-ই যখন রাষ্ট্রপতি হতে ইচ্ছুক নন, তখন বিচারপতি সাহাবুদ্দিন আহম্মদকেই নতুন রাষ্ট্রপতি করেন। সাধারণ মানুষের কাছে সাহাবুদ্দীন আহমদ-এর একটা জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতা আছে। তাকে রাষ্ট্রপতি করলে আপনার (শেখ হাসিনার) জনপ্রিয়তা আরো বৃদ্ধি পাবে।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বলেন, না, সাহাবুদ্দীনকে রাষ্ট্রপতি করা যাবে না। কারণ আমি (শেখ হাসিনা) যখন '৯১ সালের নির্বাচনের পর বলেছিলাম নির্বাচনে সূক্ষ্ম কারচুপি হয়েছে, তখন সাহাবুদ্দীন তত্ত্বাবধায়ক সরকারের রাষ্ট্রপতি হিসেবে খালেদা জিয়ার সাথে সুর মিলিয়ে বলেছিল নির্বাচন সম্পূর্ণ সুষ্ঠু ও নিরপেক্ষ হয়েছে। এটা কোন বিচারপতি হলো? এটাকে রাষ্ট্রপতি করবো না।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা প্রথমে জিল্লুর রহমানকে রাষ্ট্রপতি হওয়ার প্রস্তাব করলেন। জিল্লুর রহমান বললেন, নেত্রী আপনি আমাকে দয়া করে আওয়ামী লীগের জেনারেল সেক্রেটারী বানিয়েছেন। এখন যদি দয়া করে আমাকে রাষ্ট্রীয় কোন এক্সিকিউটিভ (নির্বাহী) পদে না দেন তাহলে দলের সেক্রেটারী হিসেবে আমার কোন গুরুত্বই থাকে না। কোন মূল্যই থাকে না। আমাকে দয়া করে রাষ্ট্রপতি না বানিয়ে আপনার কাছাকাছি একটা মন্ত্রণালয় দেন, যাতে আমি সব সময় আপনার কাছে থাকতে পারি।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা এরপর প্রেসিডিয়াম সদস্য সালাউদ্দিন ইউসুফকে রাষ্ট্রপতি হওয়ার প্রস্তাব করলে সালাউদ্দিন ইউসুফ বলেন, নেত্রী আমার স্বাস্থ্য ভাল না।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বলেন, বেশ তো রাষ্ট্রপতি হন। রাষ্ট্রপতির কোন কামকাজ নেই, শুধু বসে বসে সরকারী খরচে আরাম-আয়েশ করবেন।

এই কথা শুনে সালাউদ্দিন ইউসুফ সোজা বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার পা জড়িয়ে ধরে বলেন, নেত্রী আমার এলাকার জনগণের জন্য কিছু কাজ করার সুযোগ দেন।

এই সুযোগে মতিয়ুর রহমান রেন্টু ও মিসেস মতিয়ুর রহমান রেন্টু (ময়না) সাবেক রাষ্ট্রপতি ও বিচারপতি সাহাবুদ্দীন আহমদকে নতুন রাষ্ট্রপতি করার জন্য বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে পুনরায় চাপ দিতে থাকে। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা এরপর প্রেসিডিয়াম সদস্য বর্তমান পররাষ্ট্র মন্ত্রী আব্দুস সামাদ আজাদকে রাষ্ট্রপতি হওয়ার প্রস্তাব করলে আব্দুস সামাদ আজাদ বলেন, নেত্রী আমাকে রহম করেন, দয়া করে আমাকে শেষ বয়সে বাতিল করবেন না। আমি বঙ্গবন্ধুর ফরেন মিনিস্টার (পররাষ্ট্রমন্ত্রী) ছিলাম। আমাকে কাজ করার সুযোগ দেন। আমি দেখিয়ে দেব বঙ্গবন্ধুর মন্ত্রীদের কত যোগ্যতা ছিল।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা রাষ্ট্রপতি করার জন্য কাউকেই খুঁজে পাচ্ছেন না। অর্থাৎ যাকেই রাষ্ট্রপতি করতে চান তিনিই মাফ চেয়ে পালিয়ে যান। এমনি সময়ে এসে উপস্থিত হলেন '৯১ সালের আওয়ামী লীগের রাষ্ট্রপতি প্রার্থী বর্তমান ধানমন্ডি-মোহাম্মদপুর-এর আওয়ামী লীগ এমপি হাজী মকবুল হোসেন। হাজী মকবুল হোসেন এমপির বক্তব্য হলো, আমি '৯১ সালে আওয়ামী লীগের রাষ্ট্রপতি প্রার্থী ছিলাম। আপনিই (শেখ হাসিনা) আমাকে রাষ্ট্রপতি প্রার্থী

করেছিলেন। এখন কেউ রাষ্ট্রপতি হতে চাচ্ছেন না, তখন আমাকেই রাষ্ট্রপতি করেন। নইলে মন্ত্রী করেন। কিছু একটা করেন।
বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিন বললেন, না, আপনাকে কিছুই করা হবে না। মনে নেই, '৯১-এ আমার বিরুদ্ধাচরণ করেছিলেন। আমার সম্পর্কে নানা কথা প্রকাশ করেছিলেন। আপনাকে কিছুই করা হবে না। এমপি করেছি এটাই যথেষ্ট।
এই পরিস্থিতিতে ২১শে জুন ১৯৯৬ মতিয়ুর রহমান রেন্টু ও মিসেস মতিয়ুর রহমান রেন্টু বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে বোঝালেন রাষ্ট্রপতির তো বসে বসে আরাম-আয়েশ করা আর চাঁদ দেখা ছাড়া অন্য কোন কাজ নেই। রাষ্ট্রপতির হাতে কোন নির্বাহী ক্ষমতা নেই। মন্ত্রী শাসিত সরকারে রাষ্ট্রপতি হলো নাচের পুতুল। যেভাবে আপনি নাচাবেন সেইভাবেই রাষ্ট্রপতিকে নাচতে হবে। এই সুযোগ আপনি হাতছাড়া করেন কেন? সাবেক রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদকে নতুন রাষ্ট্রপতি বানিয়ে আরেকটা বাহ্‌বা কেন নেবেন না? বাহ্‌বা নেওয়ার সুযোগ চলে গেলে কিন্তু আর বাহ্‌বা নিতে পারবেন না।
বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা তখন বলেন, ঠিক আছে তাহলে সাহাবুদ্দিনকেই রাষ্ট্রপতি করি। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ২৩শে জুন প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়ে বঙ্গভবন থেকে প্রধানমন্ত্রী হিসেবে সাবেক রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ-এর বাসায় গিয়ে তাকে নতুন রাষ্ট্রপতি হওয়ার প্রস্তাব করেন এবং রাষ্ট্রপতি আব্দুর রহমান বিশ্বাসের মেয়াদ শেষ হওয়ার পর সাবেক রাষ্ট্রপতি ও বিচারপতি সাহাবুদ্দীন আহমদকে নতুন রাষ্ট্রপতি নির্বাচিত করেন।

## বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে মামলা

'৯৬ সালের নভেম্বর মাসের ১ম সপ্তাহের এক বিকেলে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারী বাসভবন গণভবনের নীচতলার পূর্ব দিকের ২নং ড্রয়িং রুমে প্রধানমন্ত্রী এবং তার আত্মীয়-স্বজন মিলে গল্প-গুজব করছেন। শেখ রেহানা এবং তার স্বামী শফিক সিদ্দিকী, চাচাতো বোন লুনা, মিনা এরা সবাই পুলিশের সাব-ইন্সপেক্টর পদে চাকরী দেওয়ার অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে মামলা দেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শলাপরামর্শ দেয়।
অর্থাৎ ১৯৯১ সালে ক্ষমতায় এসে বেগম খালেদা জিয়া এবং তাঁর স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী নাকি তাদের পছন্দমতো ৪৫ জনকে বাংলাদেশ পুলিশ বাহিনীতে সাব-ইন্সপেক্টর পদে চাকরী দিয়েছে। আর এই অভিযোগে বেগম জিয়া ও মতিন চৌধুরীর বিরুদ্ধে স্বজনপ্রীতি ও দুর্নীতির মামলা দায়ের করতে দুর্নীতি দমন ব্যুরোকে নির্দেশ দেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উল্লেখিত আত্মীয়-স্বজনেরা পীড়াপীড়ি করতে থাকলে, মতিয়ুর রহমান রেন্টু ও মিসেস মতিয়ুর রহমান রেন্টু (ময়না) প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ তার আত্মীয়দের বুঝিয়ে বলেন যে, সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াদের না খুঁচিয়ে বরং তাঁদের মাথায় হাত বুলিয়ে চেষ্টা করে দেখেন, দেশের উন্নতি করতে পারেন কিনা। যদি একবার কোন মতে দেশ গঠন করতে পারেন, তাহলে দেখবেন শুধু আপনাকেই না, আপনার নাতি পুতিকেই এদেশের মানুষ মাথায় করে রাখবে।
বিএনপি ও বেগম খালেদা জিয়াকে হোস্টাইল করে আপনি দেশ গড়তে পারবেন না। আবার আপনাকে এবং আওয়ামী লীগকে বাদ দিয়ে কেউ দেশ গড়তে পারবে না। আপনি ও খালেদা জিয়া এই দুই শক্তির ঐক্য ছাড়া কিছুতেই দেশের মঙ্গল করা যাবে না, দেশের উন্নয়ন করা



যাবে না। বিভেদ, অনৈক্য, শত্রুতা পরিত্যাগ করে বন্ধুত্বের হাত বাড়িয়ে দেন। বেগম জিয়া আপনার আগের প্রধানমন্ত্রী, তাকে (বেগম জিয়াকে) বড় বোন ডেকে বুকে টেনে নিয়ে দেশের উন্নয়নের চেষ্টা করুন। তাতে আপনারই লাভ হবে অনেক বেশি। মামলা করলে আপনার (প্রধানমন্ত্রী শেখ হাসিনার) ক্ষতি হবে, দেশের ক্ষতি হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বললেন, তুমি জান না, খালেদা জিয়া ছাত্রদল আর যুবদলের লোকদের পুলিশে চাকরি দিয়েছে।
মতিয়ুর রহমান রেন্টু বললো, এটা আংশিক সত্য। আসল সত্য হলো টাকা দিয়ে এরা চাকরী নিয়েছে। তারপর যদি ধরে নেই চাকরী পাওয়া সকলেই ছাত্রদল, যুবদলের লোক, তবুও তো তারা এদেশেরই মানুষ। বেগম জিয়া ৪৫ জনকে চাকরী দিয়েছে, সেই পথ ধরে আপনি (শেখ হাসিনা) ছাত্রলীগ, যুবলীগের ৭,০০০ (সাত হাজার) জনকে চাকরী দেন। কিন্তু মামলা করবেন না। মামলায় কোন ফল হবে না। মামলা করলে বরং আপনি ছোট হয়ে যাবেন।
সব কাজেই তোমাদের বাধা, তোমাদের আপত্তি। এই কথা বলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপরে তার শয়ন কক্ষে চলে গেলেন এবং প্রধানমন্ত্রীর ছোট বোন শেখ রেহানা, তাঁর স্বামী শফিক সিদ্দিকী এবং তাদের চাচী ও চাচাতো বোনেরা মতিয়ুর রহমান রেন্টু, মিসেস মতিয়ুর রহমান রেন্টুকে ভীষণ তিরস্কার করলো।
পরে ঠিকই পুলিশের এই চাকরী দেওয়াকে স্বজনপ্রীতি ও দুর্নীতি আখ্যায়িত করে দুর্নীতি দমন ব্যুরো ১৯৯৬ সালের ২১শে ডিসেম্বর প্রাক্তন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ও প্রাক্তন স্বরাষ্ট্র মন্ত্রী আব্দুল মতিন চৌধুরী বিরুদ্ধে একটি মামলা দায়ের করে।

## গঙ্গা ও পার্বত্য চট্টগ্রাম এবং ট্রানজিট চুক্তি

ভারতের পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী জ্যোতি বসু '৯৬ সালের শেষের দিকে বাংলাদেশ সফরে এলেন। মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বাংলাদেশে এসেই সরাসরি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারী বাসভবন গণভবনে চলে এলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার যে কয়জন ভারতীয় অভিভাবক আছেন, পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী জ্যোতি বসু তাদের মধ্যে অন্যতম। শুধু অন্যতমই নয়, শেখ হাসিনা পরিবারের ভারতীয় অভিভাবকদের মধ্যে জ্যোতি বসু সবার শীর্ষে।
প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং শেখ রেহানা সপরিবারে যখন ভারতে ছিলেন তখন ভারতীয় মুরব্বী বা অভিভাবকদের মধ্যে জ্যোতি বসুর সান্নিধ্য ও স্নেহ পেয়েছেন সবচাইতে বেশী। জ্যোতি বসু পিতৃতুল্য স্নেহ-মমতা ও সান্নিধ্য দিয়ে গড়ে তুলেছেন শেখ হাসিনা ও রেহানাকে। ১৯৮১ সালের ১৭ই মে বাংলাদেশে ফিরে আসার পর শেখ হাসিনা যত বার ভারতে গিয়েছেন (প্রতি বছর ৩/৪ বার তো যেতেনই), মূলত মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর সাথে শলাপরামর্শের জন্যই গিয়েছেন। জ্যোতি বসুদের বহু সাধনার ফসল আজ শেখ হাসিনা বাংলাদেশের প্রধানমন্ত্রী।
ভারতের পশ্চিম বাংলা রাজ্যের সেই মুখ্যমন্ত্রী জ্যোতি বসু আজ এসেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাসভবন গণভবনে। গণভবনে ঢুকতেই আগে থেকে প্রস্তুত হয়ে থাকা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দৌড়ে এসে জ্যোতি বসুর পায়ে পড়ে পদধূলী নিলেন। দীর্ঘদিন পর পিতা ঘরে এলে নাবালিকা কন্যা যে ভাবে ছুটে এসে পিতার পায়ে পড়ে, ঠিক সেভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জ্যোতি বাবুর পায়ে পড়লেন। অতঃপর দোতলার খাস কামরায় নিয়ে বসালেন এবং আগে থেকে তৈরী করে রাখা নানা ধরনের খাবার, প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজেই পরিবেশন করে জ্যোতি কাকাকে খাওয়াতে লাগলেন। জ্যোতি কাকা খেতে খেতে পারিবারিক, রাজনৈতিক এবং ভারত-বাংলাদেশের দ্বিপাক্ষিক বিষয়ে কথা বলতে থাকলেন।

এক পর্যায়ে জ্যোতি বসু বললেন, দেখ মা, গঙ্গার জলটল কিছু পাবে না। আমিই পাই না, আর তুমি কিভাবে পাবে?

আমি প্রধানমন্ত্রী দেবগৌড়-এর সাথে আলোচনা করে রেখেছি, তুমি গঙ্গা চুক্তি করে ফেল। তাতে করে তুমি জল না পেলেও, তোমার বিরোধীরা গঙ্গার জল, গঙ্গার জল বলে রাজনৈতিক ইস্যু আর তৈরী করতে পারবে না। এই সুবিধাটা তুমি পেয়ে যাবে। ২০/৩০ (বিশ ত্রিশ) বৎসরের একটা চুক্তি করে দেব। তুমি আবার প্রথমেই ২০/৩০ বছর-এর কথা বলতে যেয়ো না। তুমি বলবে ৫ (পাঁচ) বছর মেয়াদের গঙ্গাচুক্তি করতে যাচ্ছ। তোমার বিরোধীরা এই ৫ (পাঁচ) বছর মেয়াদ নিয়ে চিল্লা ফিল্লা করতে থাকবে, পরে আমি ২০/৩০ (বিশ/ত্রিশ) বছর মেয়াদ-এর চুক্তি করে দেব। কেন্দ্রীয় প্রধানমন্ত্রী ও জলমন্ত্রীর সাথে আমার এই রকমই কথা হয়েছে। তুমি এভাবেই কাজ চালিয়ে যাও। আর একটা কথা মা, পার্বত্য চট্টগ্রামের উপজাতীয়দের সাথে তুমি সহসা একটা চুক্তি করে ফেলবে। ওদের রেভিনিউ (খাজনা-টেক্স) ওদের থাকবে, ওদের কর্মচারী ওদের থাকবে। ওখানে কখনো কিছু তুমি (সরকার) করতে চাইলে উপজাতীয়দের অনুমতি নিয়ে করবে। এটা আমি কেন্দ্রীয় প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, প্রতিরক্ষামন্ত্রী এবং পার্বত্য চট্টগ্রামের উপজাতীয় নেতাদের কথা দিয়েছি। যথাশীঘ্র সম্ভব তুমি পার্বত্য উপজাতীয়দের সাথে এই চুক্তি সম্পাদন করবে। এই চুক্তির নাম দেবে শান্তি চুক্তি। এতে তোমারও লাভ হবে। তুমি প্রচার করবে দীর্ঘদিনের যুদ্ধ লড়াই আর অশান্তি দূর করে শান্তি চুক্তি করেছ। সারা দুনিয়ায় তোমার পক্ষে শান্তি শান্তি রব উঠবে। তোমার বাহ্‌বা চলবে। বলা যায় না তুমি নোবেল পুরস্কারও পেয়ে যেতে পার।

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুবোধ বালিকার মতো শুধু জ্বি কাকা, জ্বি কাকা, বলতে লাগলো। জ্যোতি কাকা বললেন, আর একটা লাভ তোমার হবে। বলতো কি লাভ? ওরা খুশি হবে।

ওরা খুশি হলে কি হবে? পার্বত্য চট্টগ্রামের পার্লামেন্টের তিন (৩) টি আসনই স্থায়ীভাবে তুমি পাবে। যেমন গোপালগঞ্জের তিন (৩) আসন পাও।

আর ভারতকে করিডোর দেওয়া ট্রানজিট দেওয়া নৌবন্দর (পোর্ট) দেওয়া এসব তো তোমার পিতার সাথেই আমাদের পাকা কথা হয়েছিল। তুমি এখন তোমার সুবিধাজনক সময়ে আমাদের (ভারতকে) এগুলো দিয়ে দাও। বেশি দেরি কর না কিন্তু। বেশি দেরি করলে আবার দিল্লির দিকে ভুল বোঝাবুঝি হতে পারে বুঝলে?

পশ্চিম বাংলা রাজ্যের মুখ্যমন্ত্রী জ্যোতি বাবু কাজ শেষে চলে গেলেন। তারপর ভারতের প্রধানমন্ত্রী দেব গৌড় বাংলাদেশ সফর করে গেলেন। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিল্লি সফরে গেলেন এবং পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী জ্যোতি কাকার সাজানো ৩০ বছর মেয়াদের পানিবিহীন গঙ্গাচুক্তি করে এলেন। এরপরই প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার ফুফাতো ভাই মহান জাতীয় সংসদের বকলম চীফ হুইপ মাতাল আবুল হাসনাত আব্দুল্লাহকে প্রধান করে, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক কমিটি করলেন এবং জ্যোতিবাবুর নীল নক্সা অনুযায়ী রাজস্ববিহীন, রাজকর্মচারী বিহীন এবং রাজকর্তৃত্ব বিহীন পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি করলেন।

এই শান্তি চুক্তি অনুযায়ী

(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পার্বত্য চট্টগ্রামের কোন খাজনা-ট্যাক্স পাবে না এবং ঐ অঞ্চলের যাবতীয় খাজনা ট্যাক্স উপজাতীয়রাই সংগ্রহ করবে ও খরচ করবে।

(২) পার্বত্য চট্টগ্রামের স্থানীয় কোন কর্মচারী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কর্মচারী হবে



না। উপজাতীয়রাই উপজাতীয়দের মধ্যে থেকে ঐ সকল কর্মচারীদের নিয়োগ দেবে, পদোন্নতি দেবে এবং বরখাস্ত করবে।

(৩) পার্বত্য চট্টগ্রামের জলাশয়, ভূমি, বন ইত্যাদি যা কিছু আছে উপজাতীয়রা যদি অনুমতি না দেয় তাহলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অধিগ্রহণ বা কোয়ার করতে পারবে না।

## ডঃ মহিউদ্দিন মন্ত্রী

১৯৯৬ সালের রমজান মাস। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারী বাসভবন গণভবনে দেশের মান্যবর ব্যক্তি, সরকারী কর্মকর্তা, রাজনীতিবিদ, বিদেশী দূতাবাসের লোকজনের ইফতার পার্টি। গণভবনের ভেতরের বিশাল মাঠে বিশাল প্যান্ডেল, বিশাল আয়োজন। অধিকাংশ অতিথি এসে গেছেন। এমন সময় ডঃ কামাল হোসেন তার দুই-তিনজন সাথী নিয়ে পশ্চিম দিক থেকে প্যান্ডেলের দিকে এগিয়ে আসছেন। প্যান্ডেলের পূর্ব দিকের শেষ প্রান্তে বসে থাকা প্রধানমন্ত্রী শেখ হাসিনা এটা দেখামাত্র চিৎকার করে ডঃ কামাল হোসেনের দিকে হাত উঠিয়ে বলে উঠলেন, ঐ যে, ঐ যে, ঘর ভাঙ্গা আসছে, ঘর ভাঙ্গা আসছে। এই, এই ঘর ভাঙ্গাকে দূরে বসা। ঘর ভাঙ্গা যেন আমার কাছে না আসতে পারে। ঘর ভাঙ্গাকে দূরে বসা।

এপিএস বাহাউদ্দিন নাসিম ডঃ কামাল হোসেনকে প্যান্ডেলের পশ্চিম পার্শ্বের এক কোণে একটা টেবিলে নিয়ে বসালেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘুরে ঘুরে ইফতার পার্টিতে আগত অতিথিদের খোঁজ খবর নিচ্ছেন, সৌজন্য বিনিময় করছেন। কিন্তু ডঃ কামাল হোসেনের দিকে গেলেন না। প্যান্ডেলের এক টেবিলে অন্যান্য স্টাফদের সাথে মাথা নিচু করে বসে আছেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ডঃ মহিউদ্দিন খান আলমগীর। প্রধানমন্ত্রী শেখ হাসিনা যখন এ দিকে এলেন ডঃ মহিউদ্দিন খান আলমগীর খাওয়া ছেড়ে চেয়ার থেকে উঠে দাঁড়িয়ে পড়লেন এবং এমনভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সালাম দিলেন যে, এটা সালাম না পায়ে হাত দিয়ে কদমবুচি একেবারে ধারে কাছের লোকজন ছাড়া অন্য কেউ তা বুঝতেই পারলো না।

ইফতার পার্টির অনুষ্ঠানের শেষে গণভবনের নীচ তলার ৫ (পাঁচ) নম্বর ড্রইংরুমে বসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইফতার পার্টিতে আসা তার কয়েকজন আত্মীয়ের সাথে আলাপ করতে যেয়ে বললেন, ডঃ মহিউদ্দিন খান আলমগীরকে মন্ত্রী বানাতে হবে। মটর সাইকেল আরোহী বললো, মহিউদ্দিন খান আলমগীরকে মন্ত্রী বানাবেন কিজন্য?

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বললেন, আমার ক্ষমতায় আসার পেছনে মহিউদ্দিন খান আলমগীরের অনেক অবদান রয়েছে।

মটর সাইকেল আরোহী বললো, ডঃ মহিউদ্দিন খান আলমগীর রাজদ্রোহী। মাত্র কিছুদিন আগে সরকারের একজন কর্মকর্তা হয়েও মহিউদ্দিন খান আলমগীর সরকারের সাথে বিদ্রোহ করেছে। তাঁকে মন্ত্রী করলে তা সরকারের সাথে বিদ্রোহের পুরস্কার হিসেবে পরিগণিত হবে এবং এটা সরকারের সাথে বিদ্রোহের পুরস্কারের উদাহরণ হয়ে থাকবে। আপনার সরকারের অনেক সরকারী কর্মকর্তা আছে যারা আপনাকে পছন্দ করে না। সরকারের সাথে বিদ্রোহের পুরস্কারের এই উদাহরণ হয়ে থাকলে, সুযোগ পেলে তারাও আপনার সরকারের সাথে বিদ্রোহ করবে। মহিউদ্দিন খান আলমগীরকে মন্ত্রী করার আগে এই বিষয়টা খেয়ালে রাখতে হবে। আপনি যদি সত্যিই মনে করেন আপনার ক্ষমতায় আসার পিছনে মহিউদ্দিন খান আলমগীরের অবদান আছে এবং আপনি তাঁকে পুরস্কৃত করবেন, তাহলে আগে তাকে চাকরী থেকে অবসর দিয়ে

আপনার উপদেষ্টা করেন। সরাসরি মন্ত্রী না করে মন্ত্রীর মর্যাদা দেন। আওয়ামী লীগের প্রেসিডিয়াম মেম্বার করেন। পরের টার্মে মন্ত্রী করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বললেন, আচ্ছা রেন্টু, তুমি কি আমার সরকারী কাজে-কর্মে বাধা দিতেই থাকবা? না আমাকে কাজ করতে দিবা?

না, নেত্রী আমি আপনাকে বাধা দিতে যাবো কেন?

তাহলে তুমি এতো কথা বলছো কেন?

আপনি বললেন তাই বললাম।

এখানে তো আরো অনেকেই আছে, কই কেউ তো তোমার মতো বাধা দিচ্ছে না? তুমি এত কথা বলছ কেন?

আগে থেকেই বলে এসেছি, পুরানো অভ্যাস তাই বলি।


আগে বলছো, তখন আমি শেখ হাসিনা ছিলাম। এখন আমি প্রধানমন্ত্রী।

যতদিন আমি আপনার সাথে আছি, ভালো-মন্দ বলে যাব, শোনা না শোনা, করা না করা আপনার ব্যাপার।

এখনো প্রধানমন্ত্রী ক্ষমতা তো দেখ নাই। দেখবা। এই কথা বলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দোতলায় চলে গেলেন। সরকারদ্রোহী ডঃ মহিউদ্দিন খান আলমগীর মন্ত্রী হলেন।

## অবাঞ্ছিত ঘোষণা


মতিয়ুর রহমান রেন্টু ও মিসেস মতিয়ুর রহমান রেন্টু (ময়না) অবাঞ্ছিত হলো। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মতিয়ুর রহমান রেন্টু ও মিসেস মতিয়ুর রহমান রেন্টু (ময়না) কে অবাঞ্ছিত ঘোষণা করে পুলিশ, এসবি, এনএসআই, ডিএফআই, সিআইডি, ডিবিসহ রাষ্ট্রের যত আইন প্রয়োগকারী সংস্থা আছে সকল সংস্থার কাছে নির্দেশ পাঠালেন। নির্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বললেন, এই অবাঞ্ছিতরা প্রধানমন্ত্রীর বাসভবন, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং প্রধানমন্ত্রী যে সকল অনুষ্ঠানে যোগদান করবেন সেই সকল অনুষ্ঠানে যোগদান করতে পারবে না। এরা যাতে প্রধানমন্ত্রীর বাসভবন, কার্যালয় এবং অনুষ্ঠানে যোগদান করতে না পারে সে দিকে সতর্ক দৃষ্টি রাখার নির্দেশ দেওয়া হলো এবং এই অবাঞ্ছিত ঘোষণাপত্র পত্রিকায়ও প্রকাশ করা হলো।



দৈনিক

দিনকাল

এ জন্যেই কি জীবন বাজি রেখে মুক্তিযুদ্ধ করেছিলাম?



দৈনিক ইত্তেফাক

THE DAILY ITTEFAQ

অবাঞ্ছিত ঘোষণা

ইত্তেফাক রিপোর্ট ॥ সম্প্রতি প্রধানমন্ত্রীর কার্যালয় হইতে ৬ ব্যক্তিকে অবাঞ্ছিত ঘোষণা করা হইয়াছে। ব্যক্তিবর্গ হইতেছেন : মতিউর রহমান রিন্টু, মিসেস মতিউর রহমান রিন্টু, মোঃ [illegible] হোসেন, মোঃ আবদুল মান্নান, কেএম

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

অবাঞ্ছিত ঘোষণা

(১ম পৃঃ পর)

হেমায়েত উল্লাহ আওরঙ্গ এবং মোঃ খলিলুর রহমান মিলন (মরগী মিলন)। ইহারা যাহাতে প্রধানমন্ত্রীর কার্যালয়, বাসভবন (গণভবন) এবং তাহার যাবতীয় অনুষ্ঠানাদিতে উপস্থিত থাকিতে না পারেন সে ব্যাপারে সকলকে সতর্ক দৃষ্টি রাখার অনুরোধ জানান হইয়াছে।

## দশ টাকায় শেখ মুজিবের ছবি

এক শুক্রবার সকালে অর্থমন্ত্রী কিবরিয়ার পি এস ডঃ পারভেজ, প্রধানমন্ত্রীর বাসভবন গণভবনে এসে দশ টাকায় শেখ মুজিবের ছবির লেআউট ডিজাইনের খসড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেখান। নতুন এই দশ টাকার লেআউট ডিজাইনের খসড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনা মৌখিকভাবে অনুমোদন করে দিলে তবেই তা ছেপে নতুন দশ টাকার নোট হিসেবে বাজারে ছাড়া হবে। এই দশ টাকার খসড়া লেআউট ডিজাইনের উপরে ছিল আল্লাহ্‌র ঘর মসজিদের ছবি এবং পিছনে ছিল শেখ হাসিনার পিতা শেখ মুজিবের ছবি।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা লেআউট ডিজাইনে খসড়াটি দেখে অর্থ মন্ত্রীর পিএস ডঃ পারভেজকে ক্ষিপ্ত হয়ে বলে উঠলেন, একি! জাতির পিতার ছবি পিছনে কেন?
অর্থমন্ত্রীর পি এস ডঃ পারভেজ কিছুটা অপ্রস্তুত হয়ে বললেন, বাজারে চালু বর্তমান দশ টাকার নোটের উপরে মসজিদের ছবি আছে। ধর্মীয় অনুভূতির কথা বিবেচনা করে উপরের মসজিদ এর ছবিটা ঠিক রেখে, পিছনে জাতির পিতার ছবি দেওয়া হয়েছে।
প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাগান্বিত কণ্ঠে বললেন, ওসব মসজিদ-টসজিদ বুঝি না, জাতির পিতার ছবি উপরে দিয়ে নতুন দশ টাকার নোট ছেপে বাজারে ছাড়বেন। আমার বাবা যে জাতির পিতা এটা শয়তানের জাতকে গিলাতে হবে।
এরপর অন্য আর একদিন ডঃ পারভেজ শেখ মুজিবের ছবি উপরে এবং মসজিদের ছবি পিছনে দিয়ে করা লেআউট ডিজাইন নিয়ে এলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তা দেখেন ও খুশি হন এবং মৌখিক অনুমোদন করে দেন। বর্তমানে বাজারে শেখ মুজিবের ছবি সম্বলিত যে নতুন দশ টাকার নোট রয়েছে এটা সেটা।

## '৯২-'৯৬ পুলিশের গুলিতে কেউ মারা যায়নি

শুধু লাশ চাই। মানুষের লাশ। ১৯৯০ সামরিক স্বৈরাচার নিপাত করে গণতন্ত্র মুক্ত করতে দেশের বহু লোককে জীবন দিতে হয়েছে। শহীদ নূর হোসেনের রক্তে ভেজা 'স্বৈরাচার নিপাত যাক, গণতন্ত্র মুক্তি পাক' আন্দোলনে সামরিক স্বৈরাচার জেনারেল হোসেইন মোহাম্মদ এরশাদের পুলিশ, বিডিআর ও সেনাবাহিনীর গুলিতে রাজধানী ঢাকাসহ এদেশের অনেক তাজা প্রাণ নিহত হয়েছে। কিন্তু ১৯৯০ সালে এরশাদ পতনের পর বিচারপতি সাহাবুদ্দীন আহমদের নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে পরিচালিত ১৯৯১ সালের নির্বাচনে গণতান্ত্রিকভাবে নির্বাচিত বেগম খালেদা জিয়া সরকারের পতন আন্দোলনে রাজধানী ঢাকা শহরে পুলিশ, বিডিআর আর সেনবাহিনীর গুলিতে একজন লোকও নিহত হয় নি। যদিও ১৯৯১ সালের পর থেকেই খালেদা জিয়া সরকারের পতনের লক্ষ্যে নানান ইস্যুতে শুরু হওয়া শেখ হাসিনার আন্দোলনে ঢাকা শহরে মোট ১০৩ (একশত তিন) জন লোক নিহত হয়েছে। তথাপিও এই নিহত হওয়া ১০৩ জন লোকের মধ্যে ১ জন লোকও পুলিশের বা আইন প্রয়োগকারীর সংস্থার গুলিতে নিহত হয়নি।
১৯৯১ সালের নির্বাচনে জনগণের ভোটে বিজয়ী হয়ে বেগম খালেদা জিয়া ক্ষমতায় আসার পর থেকে, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা খালেদা জিয়াকে ক্ষমতাচ্যুত করার জন্য মরিয়া হয়ে ওঠেন। কখনো ভ্যাট প্রত্যাহারের আন্দোলন, কখনো সচিবালয় ঘেরাও, কখনো সংসদ ভবন ঘেরাও, কখনো নির্বাচন কমিশন ঘেরাও, কখনো বাজেট বাতিলের দাবী, কখনো প্রধানমন্ত্রীর কার্যালয় ঘেরাও ইত্যাদি নানা ইস্যুতে ১৯৯২ থেকে শুরু হওয়া এবং ১৯৯৬ সালের ২৬শে মার্চ স্বাধীনতা দিবসে তত্ত্বাবধায়ক সরকার বিল পাস করা পর্যন্ত, শেখ হাসিনার সকল আন্দোলন, সংগ্রাম, ও হরতালের প্রায় প্রতিটি কর্মসূচীতে ২জন, ৩জন, ৪জন করে মানুষ গুলিতে নিহত হয়েছে। এই নিহত হওয়া মানুষেরা কেউই পুলিশ, বিডিআর বা সেনাবাহিনীর গুলিতে নিহত হয়নি। আবার এই নিহত হওয়া ১০৩ জনের সকলেই নামগোত্রহীন, পরিচয়হীন, অজ্ঞাতনামা ব্যক্তি।
বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা পরিচালিত খালেদা জিয়া সরকার পতন আন্দোলনে আওয়ামী



লীগের পরিচয় বহনকারী একজন কর্মীও নিহত হয়নি। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা নিহত হওয়া ব্যক্তিদের তার দল আওয়ামী লীগের কর্মী বলে দাবী করলেও, নিহতদের নাম পরিচয় খুঁজে পাননি এবং বেগম খালেদা জিয়া সরকার বলেছেন নিহতরা নিরীহ পথচারী। আন্দোলনের সময় গুলিতে নিহত হতভাগা ব্যক্তিরা নিরীহ পথচারী না, রাজনৈতিক কর্মী সেটা মুখ্য বিষয় না।
মুখ্য বিষয় হলো, গুলিতে নিহত ব্যক্তিরা, পুলিশের গুলিতে নিহত হলো না, বিডিআর-এর গুলিতে নিহত হলো না, নিহত হলো না সেনাবাহিনীর গুলিতে। তবে কাদের গুলিতে ১৯৯২ সাল থেকে ১৯৯৬ সাল পর্যন্ত কেবল ঢাকা শহরেই ১০৩ জন মানুষ নিহত হলো। হোক না নিহতরা অজ্ঞাত পরিচয়। তবু নিহত হতভাগারা তো এদেশের মানুষ ছিল। কারা তাদের নির্বিচারে গুলি করে হত্যা করলো? হত্যাকারীরা কারা? কি তাদের পরিচয়? কারা হত্যাকারীদের মানুষ খুন করার জন্য মদদ দিল? কারা হত্যার আয়োজন করলো? কার স্বার্থে এতগুলো মানুষ খুন করা হলো? বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার ভাষায় নিহতরা পুলিশের গুলিতে নিহত না হলেও, খালেদা জিয়ার বিএনপির সন্ত্রাসীরা নিহতদের গুলি করে খুন করেছে। প্রতিটি আন্দোলন, হরতাল, ঘেরাও কর্মসূচীতেই এভাবে নিরীহ পথচারী মানুষ শেখ হাসিনার ভাষায় বিএনপির সন্ত্রাসীদের গুলিতে নিহত হতে লাগলো।
যে কোন ধরনের কর্মসূচীর নির্দিষ্ট দিনের দু'তিন আগে ঢাকা শহরের সকল পেশাদারী খুনীদের কাছে মানুষ খুন করার জন্য অগ্রিম টাকা পৌঁছে দেওয়া হতো। পেশাদার খুনীদের বলা হতো, আমাদের আগামী কর্মসূচীর নির্দিষ্ট দিনে লাশ চাই। মানুষের লাশ। হোক সে যে কোন মানুষের লাশ। এই দেওয়া হলো অগ্রিম টাকা। বাকি টাকা লাশ দেওয়ার পর। কর্মসূচীর নির্দিষ্ট দিনে কর্মসূচীর সফলতার দিকে নজর দেওয়া হতো না। গভীর উত্তেজনার সাথে তাকিয়ে থাকা হতো মানুষের লাশ পড়ার সংবাদের দিকে। মানুষের লাশ পড়ার নিশ্চিত সংবাদ না আসা পর্যন্ত, বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার পানাহার সম্পূর্ণ বন্ধ থাকতো। যতক্ষণ পর্যন্ত মানুষ খুন হওয়ার চূড়ান্ত খবর না আসতো, জননেত্রী শেখ হাসিনা শুধুমাত্র চা আর সেই সাথে ফেনসিডিল ছাড়া অন্য কোন কিছু খেতেন তো নাই-ই, শুধু ছটফট ছটফট করতেন-আর এখনো লাশ পড়লো না, এখনো লাশ পড়লো না, এরপর আমি কি করবো? কি কর্মসূচি দেব?
এখনো লাশ পড়লো না বলে উম্মাদিনী পাগলীর ন্যায় প্রলাপ বকতে থাকতেন এবং ২৯ নম্বর রোডের দোতলা, নিচতলা পায়চারী করতে থাকতেন।
যেই মুহূর্তে মানুষ খুন হওয়া বা লাশের সংবাদ নিয়ে আসা হতো, বঙ্গবন্ধু কন্যা স্বস্তিতে বিছানায় গা এলিয়ে দিয়ে বলতেন, আমার ক্ষুধা লেগেছে, খাবার লাগাও।
এক-দেড়ঘন্টা স্বস্তি ও সুখের নিদ্রা শেষে, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ঘুম থেকে উঠে, খাওয়া-দাওয়া করে তৈরী হয়ে হাতে রুমাল নিয়ে ঢাকা মেডিক্যাল হাসপাতালের মর্গে লাশ দেখতে চলে যেতেন। হাসপাতালের মর্গে লাশ দেখে রুমাল চেপে ধরতেন। ফটো সাংবাদিকরা ছবি তুলতো। "লাশ দেখে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা অশ্রু সংবরণ করতে পারলেন না"- এই ক্যাপশন দিয়ে সে ছবি পত্রিকায় ছাপা হতো।
সচিবালয় ঘেরাওয়ের এক কর্মসূচীর দিনে দুপুর গড়িয়ে ২টা বেজে গেল। কিন্তু লাশ পড়ার কোন সংবাদ এলো না। এদিক-সেদিক কত লোক পাঠালেন। কিন্তু লাশের কোন সংবাদ নেই। বঙ্গবন্ধু কন্যা তীব্র উত্তেজনায় প্রায় উন্মাদ হয়ে প্রলাপ বকতে লাগলেন। সকাল দশটায় সচিবালয় ঘেরাও করার কথা। এখন পর্যন্ত একটি লাশও পড়েনি। পুলিশ একটি টিয়ার গ্যাসও



বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার মেয়ে পুতুলের বিয়ের অনুষ্ঠানে পুতুলের শ্বশুর মোশাররফ হোসেনকে আপ্যায়ন করার সময় শেখ হাসিনার সঙ্গে তার স্বামী ডঃ ওয়াজেদ মিয়ার পরিবর্তে রয়েছে বাইরের লোক। অর্থাৎ নববধু পুতুলের পিতার স্থলে শেখ হাসিনার স্বামীর পরিবর্তে রয়েছে আওয়ামী লীগ নেতা মোফাজ্জল হোসেন মায়া প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক সরকারী ভাবে সস্ত্রীক অবাঞ্ছিত ঘোষিত 'আমার ফাঁসি চাই' গ্রন্থের লেখক মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টু, আওয়ামী লীগ থেকে বিএনপিতে যোগদানকারী চট্টগ্রামের নজীবুল হক মাইজভান্ডারী এমপি, বঙ্গবন্ধু হত্যা মামলার বাদী আব্দুল।

ছোড়েনি। আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা বর্তমানে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ শুধু জাতীয় প্রেসক্লাবের উল্টো দিকে এন এস আই বিল্ডিংয়ের সামনে বিশাল কড়ই গাছের নিচে দাঁড়িয়ে বাদাম খাচ্ছেন ও পুলিশ অফিসারদের সাথে গল্প করছেন। এদিকে বিজয় নগরে শেখ হাসিনা ও শেখ রেহানার চাইনিজ রেস্টুরেন্ট সুংগার্ডেন এর সামনে বসে কনসুপ খাচ্ছেন কেন্দ্রীয় নেত্রী বর্তমান খাদ্যমন্ত্রী মতিয়া চৌধুরী। ২৯ নাম্বার রোডের সরকারী বাসভবনে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার কাছে সংবাদ এলো, লাশ ফেলার মতো ন্যূনতম কোন ক্ষেত্রও তৈরী হচ্ছে না। আর তাই লাশ ফেলা যাচ্ছে না।

অর্থাৎ খুনীদের মানুষ খুন করতে যে গোলযোগপূর্ণ পরিবেশ সৃষ্টি করতে হয়, তার নিম্নতম পরিবেশও সৃষ্টি হচ্ছে না। শেখ হাসিনা ও তার দল আওয়ামী লীগের আজকের সচিবালয় ঘেরাও কর্মসূচী ব্যর্থ হয়েছে। কোন রকম গোলযোগ হচ্ছে না। সব কিছু শান্ত ও স্বাভাবিক রয়েছে। ফলে খুনীরা মানুষ খুন করার সুযোগ পাচ্ছে না। এই কথা শুনে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, যাও দ্রুত যাও, তোফায়েল ভাইয়ের কাছে যাও, মতিয়া চৌধুরীর কাছে যাও। যেয়ে আমার কথা বল। সামান্য একটা কিছু করতে বল। আজ যদি কিছু না হয়, তাহলে আগামী দিনে কর্মসূচী দেওয়ার কোন পুঁজি থাকবে না। যাও, তাড়াতাড়ি যেয়ে বল সামান্য গোলযোগ সৃষ্টি করতে।

ছুটে যাওয়া হলো, যেয়ে তোফায়েল আহমদকে বলা হলো, তোফায়েল ভাই নেত্রী সামান্য গোলযোগ সৃষ্টি করতে বলেছেন ....।

শুনেই ভয়ানক রেগে গিয়ে তোফায়েল আহমদ বল্লেন, যাও এখান থেকে, আমি ঐসবে বিশ্বাস করি না। আমি নিয়মতান্ত্রিক রাজনীতিতে বিশ্বাস করি। আমি ঐ সবে বিশ্বাস করি না। আর একবারও তুমি আমাকে ঐসব বলবে না। তুমি যাও এখান থেকে।

এই কথা বলে তোফায়েল তাকে আহমদ তাড়িয়ে দিল।

এরপর আসা হলো মতিয়া চৌধুরীর কাছে। মতিয়া চৌধুরী সব শুনে প্রথমে চড়া গলায় বললো, আমি এগুলো পারবো না।

সঙ্গে সঙ্গে চুপ করেন বলে মতিয়া চৌধুরীকে একটা ধমক দিতেই মতিয়া চৌধুরী ভেজা বিড়ালের মতো চুপ মেরে যেয়ে বললো, দেখ আমি মহিলা মানুষ, আমি কি করতে পারি। তুমি বস, তুমি বস, বলে চেয়ার থেকে উঠে দাঁড়িয়ে বললেন, স্যুপ খাও, স্যুপ খাও। এদিকে স্যুপ দেন বলে সুংগার্ডেন এর বয়কে ইশারা করলেন।

২৯ নং মিন্টু রোডে যেয়ে পরিস্থিতি বলা হলে, বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা নগদ এক লক্ষ টাকা দিয়ে বললেন, আমি লাশ চাই, যে করেই হোক লাশ চাই।

বেলা তখন ৩টা। কাপ্তান বাজারের উত্তর পাশে গুলিস্তান বাসস্ট্যান্ডের কাছে মানুষ খুনের জন্য খুনীরা অপেক্ষা করতে লাগলো। ঢাকার বাইরে থেকে একটা বাস এসে ভিড়লো। কত মায়ের সন্তান, কত বোনের স্বামী, কত সন্তানের পিতা বাস থেকে নামতে শুরু করলো। বাস থেকে নামা নাম না জানা নিরীহ ২০/৩০ জন যাত্রীর সামান্য ভিড়। খুনীদের দেশে তৈরী পাইপ- গান গর্জে উঠলো। পাইপ গানের এক ঝাঁক গুলি নাম না জানা নিরীহ যাত্রীদের বিদ্ধ করলো। ১৪/১৫ জন যাত্রী পিচঢালা রাজপথে লুটিয়ে পড়লো।

২৯ মিন্টু রোডে শকুনের মতো অপেক্ষায় থাকা বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনাকে এই সংবাদ দেওয়ার সাথে সাথে তিনি পুলকিত হয়ে বললেন, মরছে তো? মরছে তো? যেভাবে গুলি করা হয়েছে তাতে না মরে বাঁচার কথা না। যাও যাও মেডিক্যাল হাসপাতালে যাও, দেখ



কয়টা লাশ পড়েছে। দেখে আমাকে খবর দাও। এই ক্ষুধা লেগেছে, খাবার দাও।

হাসপাতাল থেকে ফিরে তিনটা লাশ পড়ার কথা বললে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা তৈরী হয়ে হাতে রুমাল নিয়ে ঢাকা মেডিক্যাল হাসপাতালের মর্গে গিয়ে গুলিতে নিহতদের লাশ দেখে চোখে রুমাল দিলেন। ফটো সাংবাদিক ছবি তুললেন। পত্রিকায় সেই ছবি ছাপা হলো।

## কুত্তার জাত

মহিলা আওয়ামী লীগের সভানেত্রী, কেন্দ্রীয় আওয়ামী লীগের মহিলা সম্পাদিকা, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বর্তমান এলজিআরডি মন্ত্রী জিল্লুর রহমান-এর স্ত্রী, আই ভি রহমান ১৯৯২ সালে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে জনৈক মহিলার নাম উল্লেখ করে বললেন, নেত্রী ওর নামে অনেক স্ক্যান্ডেল আছে।

জননেত্রী শেখ হাসিনা সঙ্গে সঙ্গে বললেন, কি, বেশ্যা এই তো? কুত্তার (কুকুরের) জাতকে তো বেশ্যা দিয়েই নেতৃত্ব দেয়াবো।

আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার মুখে এই কথা শোনার পর আই ভি রহমান 'থ' হয়ে যান। আর একটি কথাও না বাড়িয়ে বিদায় নেন।

## জিল্লুর রহমান জেনারেল সেক্রেটারী

ধানমন্ডি বত্রিশে বঙ্গবন্ধু ভবনের লাইব্রেরী কক্ষে বসে শেখ হাসিনা, শেখ হাফিজুর রহমান টোকন, শেখ মারুফ এবং আরো কয়েকজন গল্প করছে। আওয়ামী লীগের আসন্ন কাউন্সিলে কাকে জেনারেল সেক্রেটারী করা যায় কথা উঠলে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বলেন, সাজেদা চৌধুরী মেয়ে মানুষ, তাকে জেনারেল সেক্রেটারী রাখা চলে না। তোমরা এমন একজন পুরুষের নাম বল, যে শুধু নামেই পুরুষ। কিন্তু কাজে-কর্মে মেয়ে মানুষের চেয়েও লেবেনডিস। পুরুষ চরিত্রের কোন পুরুষকে জেনারেল সেক্রেটারী বানানো যাবে না। পুরুষ চরিত্রের কোন পুরুষকে দলের সেক্রেটারী করলে, সে আব্দুল রাজ্জাকের মতো দল ভেঙ্গে ফেলবে। একজন পুরুষকেই দলের সাধারণ সম্পাদক করতে হবে, যে নামে পুরুষ কাজে পুরুষ নয়। এমন একজন মেরুদণ্ডহীন পুরুষকেই দলের সাধারণ সম্পাদক করতে হবে। তোমরা খুঁজে এমন একজনকে বের কর।

শেখ হাফিজুর রহমান টোকন বললো, ফুফু জিল্লুর রহমানকে বানালে কেমন হয়?

সঙ্গে সঙ্গে শেখ হাসিনা বললেন, ইয়েস, তুমি তো ঠিক বলেছ, ওই তো সবচাইতে ফিটেস্ট।

শেখ মারুফ বললো, না, বুবু (আপা) জিল্লুর রহমানকে বানানো যাবে না। জিল্লুর রহমান আর তার বউ আই ভি রহমান ১৫ই আগস্টের পর খুনী ফারুক ডালিমদের দাওয়াতে করে বিরানী রান্না করে খাইয়েছিল। সুতরাং জিল্লুর রহমানকে তুমি জেনারেল সেক্রেটারী বানাতে পার না।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, হ্যাঁ, একেই আমার দরকার। এই-ই সব দিক থেকে উপযুক্ত। জিল্লুর রহমানকেই দলের জেনারেল সেক্রেটারী করলে ভেড়া বানিয়ে রাখা যাবে। এই ভেড়া গলায় রশি না থাকলেও উঠানের বাইরে যাবে না। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ঠিকই কাউন্সিল করে জিল্লুর রহমানকে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক করলেন।

## টাকা আর লাশ

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা তার রাজনৈতিক জীবনে দু'টি জিনিষ ছাড়া অন্য কোন কিছুই চিনেন নি। জিনিষ দু'টির একটি হলো অর্থ, মানে টাকা-পয়সা আর অন্যটি হলো লাশ, মানে মানুষের লাশ। এই দু'টি জিনিষ ছাড়া আর দলের নেতা, কর্মী, শুভানুধ্যায়ী এবং অন্যান্য যারা তার (বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার) কাছে এসেছেন তাদের কাছে কোনদিনই তিনি অন্য কোন কিছুই চান নি। এমন কি ২৮শে সেপ্টেম্বর তার জন্মদিনে যারা টাকা ছাড়া অন্য কোন কিছু উপহার নিয়ে আসতেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ভর্ৎসনার সাথে তাঁদের বলতেন, এগুলো আমি নেই না। আমি ক্যাশ চাই, ক্যাশ। নগদ টাকা ছাড়া অন্য উপহার আমি গ্রহণ করি না।

'৯৬ সালের ২৮শে সেপ্টেম্বর গণভবনে বসেও তিনি একই কথা বলেছেন। অর্থের দাবী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার প্রধান দাবী। আপনি যেই হোন না কেন! যেখান থেকেই টাকা নিয়ে আসেন না কেন, জননেত্রী শেখ হাসিনার কথা হচ্ছে তাকে টাকা দিতে হবে। যদি টাকা না দেন তাহলে তার (শেখ হাসিনার) কাছে মানুষ হিসেবেই গণ্য হবেন না। বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনাকে ডান হাতে টাকা দেবেন, ডান হাতের টাকা বাঁ হাতে নেওয়ার সঙ্গে সঙ্গে তিনি (শেখ হাসিনা আপনার কথা বেমালুম ভুলে যেয়ে টাকার জন্য নতুন মক্কেলের দিকে হাত বাড়িয়ে দেবেন। এমনভাবে তিনি টাকা নেবেন, যেন তার পিতার উত্তরাধিকার হিসেবে পিতার টাকাই আপনার কাছ থেকে নিচ্ছেন। টাকা চাই-ই চাই। টাকা দিতেই হবে। চুরি করে টাকা এনেছেন, তাও দিতে হবে। কালো বাজারী বা পাচার করে টাকা এনেছেন, তাও দিতে হবে। মানুষ খুন করে টাকা এনেছেন তাও দিতে হবে। ঘুষ খেয়ে টাকা এনেছেন তাও দিতে হবে।

ঘুষ খেতে ও ঘুষ দিতে শেখ হাসিনার জুড়ি মেলা ভার। টাকা না দিলে আপনাকে মুহূর্তের মধ্যে অপমান করে বের করে দিতে পারেন, আবার টাকা দিলেই আপনাকে সমাদর করে মর্যাদা দিয়ে চেয়ারে বসাতে পারেন।

একদিন ধানমণ্ডি বত্রিশে বঙ্গবন্ধু ভবনের লাইব্রেরী কক্ষে বসে আছেন শেখ হাসিনা এবং তার চাচাতো ভাই শেখ হেলাল। এমন সময়ে বজলুর রহমান (শেখ মুজিবের পি এ বর্তমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার লিয়াজোঁ অফিসার) জনৈক ব্যক্তিকে সঙ্গে করে নিয়ে এসে বললো, নেত্রী ইনি একটা অনুষ্ঠান করতে চান ...। বজলুর রহমানের কথা শেষ না হতেই শেখ হাসিনা রেগে চেয়ার থেকে উঠে দাঁড়িয়ে উচ্চকণ্ঠে আগন্তুক লোকটিকে বললেন, এখানে কি ইতরামি করতে এসেছেন? বাঁদরামির আর জায়গা পান না? আপনাকে না বলে দিয়েছি, আমি যাব না। আবার এসেছেন বুঝি ফাতরামি করতে? আপনি কোথাকার কোন আলতু-ফালতু লোক তার ঠিক নাই। আর আমি আলতু-ফালতু লোকের আলতু-ফালতু অনুষ্ঠানে যাব এটা ভাবলেন কি করে? আমি জাতির জনক বঙ্গবন্ধুর কন্যা, আমার কি কোন দাম নেই? যান বেড়িয়ে যান। এই লোককে বের করে দাও। এই লোক যেন আর ঢুকতে না পারে। ভদ্রলোক প্রথমে হকচকিয়ে গেলেও নিজেকে কোনমতে সামলে নিয়ে ধীর পায়ে বেরিয়ে যাচ্ছেন। ভদ্রলোক দরজা পর্যন্ত যেতেই শেখ হেলালকে শেখ হাসিনা বললেন, ইহ্ চান্দা দেয় না, আবার চিটাগাং-এর লোক। এই কথা শুনে ভদ্রলোক ঘুরে দাঁড়িয়ে এনেছি বলে তার প্যান্টের দু'পকেট থেকে দু'টি একশ' টাকার বান্ডিল বের করে এক লাফে শেখ হাসিনার টেবিলের সামনে এসে পড়লেন।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা চিলের মতো ছোঁ মেরে একশ' টাকার বান্ডিল দু'টি নিজের হাতে



নিয়ে ভদ্রলোককে বলতে লাগলেন-বসেন, বসেন। এই, উনাকে চা-নাস্তা খাওয়াও।

শেখ হেলাল আবার টাকার বান্ডিল দু'টি নেওয়ার জন্য জননেত্রী শেখ হাসিনার সাথে ভদ্রলোকের সামনেই কাড়াকাড়ি শুরু করলো। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা এর মধ্যেই ভদ্রলোককে বলতে লাগলেন, ঠিক আছে, ঠিক আছে, আমি যাব। অনুষ্ঠানটা একটু ভালো করে করেন। আপনি আসবেন। ঘনঘন আসবেন।

১৯৯২ সাল থেকে যমুনা সেতুর নির্মাতা প্রতিষ্ঠান কোরিয়ান হুন্দাই কোম্পানী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে নিয়মিত চাঁদা দিয়ে আসতো। আর সেই জন্যই যমুনা সেতু উদ্বোধনের কয়েক দিন আগে উত্তর বঙ্গের জন্য নির্মিত গ্যাস লাইন সম্পূর্ণ ভেঙ্গে যমুনা নদীতে পড়ে গেল। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গ্যাস লাইন নির্মাণে হুন্দাই কোম্পানীর ত্রুটি, অনিয়ম, নিম্নমানের অভিযোগ আনলেও শেখ হাসিনার সরকার বেমালুম নিরব থাকে।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা আওয়ামী লীগের কোন নেতা-কর্মীকে কখনই নীতির কথা শোনাননি। আদর্শের কথা শোনাননি। ত্যাগের কথা শোনানানি। যে-ই তাঁর কাছে গিয়েছে তাকেই তিনি কারণে-অকারণে শুধু বলতেন, আমি নির্দেশ দিলাম মেরে লাশ ফেলে দাও। আমি লাশ চাই।

আওয়ামী লীগের বর্তমান মন্ত্রীরা অনেকেই বলতেন বঙ্গবন্ধু কন্যা সভানেত্রী শেখ হাসিনা তো টাকা আর লাশ ছাড়া কিছুই বোঝে না। আর কত টাকা, আর কত লাশ দেব? অবক্ষয়। অবক্ষয়।

শিল্পপতি জহির হত্যার প্রধান খুনী আসামী ইউসিবিএল ব্যাংকের পরিচালক চেয়ারম্যান আক্তারুজ্জামান বাবু বলেন, আর কত টাকা দেব, দিতে দিতে তো নিঃশেষ হয়ে গেলাম।

## স্বামীর সাথে না থাকা

বঙ্গবন্ধু কন্যা আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা ১৯৮১ সালের ১৭ই মে বাংলাদেশে আসার পর থেকে তার স্বামী ডঃ ওয়াজেদ মিয়ার সাথে কখনই একটি দিন বা একটি রাত স্বামী-স্ত্রী হিসেবে কাটাননি। আগেই বলেছি, শেখ হাসিনা বাংলাদেশে আসার পর প্রথমে তার স্বামীর মহাখালি সরকারী কোয়ার্টারে ওঠেন, পরে ধানমন্ডি বত্রিশে তার পিত্রালয় বঙ্গবন্ধু ভবন, তারপর ২৯ নম্বর মিন্টু রোড এবং তারও পরে ধানমন্ডি ৫ নম্বারে স্বামী ও নিজের বাড়িতে এবং এখন প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন গণভবনে থাকেন। কিন্তু তার স্বামী ডঃ ওয়াজেদ প্রথম থেকে এখন পর্যন্ত তার (ডঃ ওয়াজেদের) মহাখালির আণবিক শক্তি কমিশনের কোয়ার্টারেই রয়েছেন। তিনি কখনোই ধানমন্ডি বত্রিশে, ২৯ মিন্টু রোডে, ধানমণ্ডি ৫ এবং গণভবনে আসেননি এবং বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাও তাকে আনেননি। শুধু তাই-ই নয়, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা যখন তার স্বামীর মহাখালি কোয়ার্টারে থাকতেন তখন ডঃ ওয়াজেদ থাকতেন ঐ কোয়ার্টারের ভিতরের রেস্ট হাউজে। উভয়ের সাথে রাতে-দিনে দেখা সাক্ষাৎ তো দূরের, মুখোমুখিও হতেন না।

মহাখালি স্বামীর কোয়ার্টারে থাকতে এবং পরবর্তীতে ধানমন্ডি বত্রিশের পিত্রালয় বঙ্গবন্ধু ভবনে থাকতে, ১৯৮৭ সালে মুন্সিগঞ্জ হরগঙ্গা কলেজ ছাত্র সংসদের ভি পি মৃনাল কান্তি দাস নামের তরুণ যুবক আসার আগ পর্যন্ত বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা নিয়মিত, রুটিন মাফিকভাবে প্রতিদিন সন্ধ্যার ঠিক এক ঘন্টা আগে গোসল করে পাউডার, পারফিউম মেখে লম্বা চুলের একটা বেণী করে, চকচকে নতুন শাড়ী-ব্লাউজ পরে খুবই পরিপাটি হয়ে কাউকে সঙ্গে না নিয়ে শুধুমাত্র গাড়ির



বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার কোলে প্রধানমন্ত্রী শেখ  হাসিনা কর্তৃক সরকারীভাবে সস্ত্রীক অবাঞ্ছিত ঘোষিত 'আমার ফাঁসি চাই' গ্রন্থের লেখক মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টুর কন্যা স্বর্ণলতা। শেখ হাসিনা সব  সময় বলতেন স্বর্ণলতা মায়ের পেটে থাকতেই আমাকে (শেখ হাসিনাকে) ভালবাসে'



'আমার ফাঁসি চাই' গ্রন্থের লেখক মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টুর স্ত্রী ময়না, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার কন্যা পুতুল এবং শেখ হেলালের স্ত্রী।

চালক ড্রাইভার জালালকে সঙ্গে নিয়ে অজ্ঞাত স্থানে বেরিয়ে যেতেন এবং ঘন্টা দু'য়েক পরে ফিরে আসতেন। শুধু এই সময়ে ঐ অজ্ঞাত স্থানে যাওয়া ছাড়া বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা আর কখনই একা শুধু জীপ গাড়ী আর চালক নিয়ে বাইরে যেতেন না। ঐ সময় এবং ঐ অজ্ঞাত স্থান ছাড়া যেখানেই তিনি যেতেন তার সাথের সকলকে অবশ্যই সঙ্গে নিয়ে যেতেন।

১৯৮৭ সালে মুন্সিগঞ্জ হরগঙ্গা কলেজ ছাত্র সংসদের ভি পি তরুণ যুবক মৃনাল কান্তি দাসের সাথে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার পরিচয় হয় এবং পরিচয়ের পর থেকেই মৃনাল কান্তি দাস ধানমন্ডি বঙ্গবন্ধু ভবনে দিবা-রাত্রি সার্বক্ষণিকভাবে থাকতে শুরু করলো। শেখ হাসিনা তখন ঐ বাড়িতেই থাকেন। শেখ হাসিনা ধীরে ধীরে নিয়মিত রুটিন মাফিক সন্ধ্যার আগে অজ্ঞাত স্থানে যাওয়া ছেড়ে দিলেন। অধিক রাত পর্যন্ত, এমন কি গভীর রাত পর্যন্ত ধানমন্ডি বত্রিশের বঙ্গবন্ধু ভবনের লাইব্রেরী কক্ষে ভেতর থেকে দরজা লাগিয়ে মৃনাল কান্তি দাস আর শেখ হাসিনা কুটকুট করে কথা বলতেন এবং খিল খিল করে হাসাহাসি করতেন।

হ্যাংলা, পাতলা তরুণ মৃনাল কান্তি দাস অচিরেই ফুলে ফেঁপে এমন নাদুস নুদুস হলো যে, মৃনালের পাছার (নিতম্বের) আয়তন হলো প্রায় সত্তর ইঞ্চি। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার কাছে মৃনালের গ্রহণযোগ্যতা এতোই বেড়ে গেল যে, তা সকলের কাছে ঈর্ষার ব্যাপার হয়ে দাঁড়ালো। মৃনাল কান্তি দাস হলো শেখ হাসিনার সবচেয়ে ঘনিষ্ঠ ব্যক্তি। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার উপর মৃনাল কান্তি দাসের প্রভাব এতোই বেশি হলে যে, আওয়ামী রাজনীতির সকলেই মৃনাল কান্তি দাসকে শেখ হাসিনা রাজ্যের সম্রাট বলে, কুনির্শ করতে কুণ্ঠিত হতো না। মৃনাল এতোই ক্ষমতাবান হলো যে, ১৯৯০ সালে আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির জেনারেল সেক্রেটারী বর্তমান পরিবেশ ও বনমন্ত্রী সৈয়দা সাজেদা চৌধুরীকে অপমান-অপদস্ত করে বঙ্গবন্ধু ভবন থেকে বের করে দিলো। আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা সৈয়দা সাজেদা চৌধুরী আওয়ামী লীগের সভানেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার কাছে এর বিচার ও প্রতিকার না পেয়ে, দলের ওয়ার্কিং কমিটির সভায় পর্যন্ত এই ঘটনা তুলেছিলেন। এরপরে মৃনাল কান্তি দাস সর্বেসর্বা হয়ে পড়লো। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার পোষ্য আত্মীয় বর্তমানে প্রধানমন্ত্রীর এ পি এস বাহাউদ্দিন নাসিম এবং বর্তমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার চীফ সিকিউরিটি নজিব আহাম্মেদেরা মৃনালের হুকুমে মৃনালকে সিগারেট এনে দিয়ে ধন্য হতো।

বঙ্গবন্ধু ভবনে একদিন মৃনালসহ চার পাঁচজন তাস খেলছে, বেলা তখন তিনটা সাড়ে তিনটা। এমন সময় বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার একমাত্র আপন মামা আকরাম মামু এসে কুভঙ্গিতে কুইঙ্গিত করে মৃনালকে বললেন, 'এই মৃনাল যাও না, তোমার জন্য না খেয়ে বসে আছে।'

মৃনাল বললো, 'আরে থাক, থাকতে দেন কিছুক্ষণ না খেয়ে।'

মৃনাল খেতে যাচ্ছে না, তাই শেখ হাসিনা না খেয়ে মৃনালের প্রতীক্ষা করছেন। আকরাম মামা সেই কথাই মৃনাল কান্তি দাসকে বললেন। কিন্তু আকরাম মামার এই কথা বলার বাচনভঙ্গি খুবই খারাপ এবং খুবই আপত্তিকর। আর মৃনাল কান্তি দাস যাদের সাথে বসে তাস খেলছিল, তাদের কাছে আরো ক্ষমতা প্রদর্শনের জন্য, আরো ডাট করে জবাব দিল, 'আরে থাক, থাকতে দেন কিছুক্ষণ না খেয়ে'। অর্থাৎ বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে না খেয়ে তার (মৃনালের) জন্য আরো কিছুক্ষণ অপেক্ষা করতে দেন। মৃনাল কান্তি দাস হয়ে উঠলো বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা রাজ্যের একক অধিপতি। মৃনালের কথা-বার্তায়, চাল-চলনে, আচার-ব্যবহারে একক অধিপতির ছাপ পরিস্ফুটিত হতো লাগলো। একদিন মৃনাল কান্তি দাস বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার উপর রাগ করে চলে গেল। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা নিজে গিয়ে রাগ ভাঙ্গিয়ে মৃনাল



কান্তি দাসকে সঙ্গে করে বঙ্গবন্ধু ভবনে নিয়ে এলেন। এর কিছুদিন পর মৃনাল আবারো রাগ করে বঙ্গবন্ধু ভবন ত্যাগ করে চলে গেলে শেখ হাসিনা অনন্যোপায় হয়ে মৃনালকে আবারো বঙ্গবন্ধু ভবনে ফিরিয়ে আনলেন।

১৯৯১ সালের নির্বাচনে হেরে গিয়ে ধানমন্ডি বত্রিশ নম্বরের বঙ্গবন্ধু ভবন ত্যাগ করে বিরোধী দলীয় নেত্রী হিসেবে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা মৃনাল কান্তি দাস ও তার তিন পোষ্য-আত্মীয় নজিব, নাসিম ও নকিবকে সঙ্গে নিয়ে ২৯ নম্বর মিন্টু রোডের সরকারী বাসায় উঠলেন।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা তার তিন পোষ্য আত্মীয় নজিব এবং নাসিম ও নকিবকে সঙ্গে নিয়ে মিন্টু রোডের বাসায় ওঠায় মৃনাল কান্তি দাস যার পরনাই অসন্তুষ্ট হলো। এই অসন্তুষ্টির এক পর্যায়ে মৃনাল কান্তি দাস বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার মিন্টু রোডের সরকারী বাসা ত্যাগ করে চলে গেল। মৃনাল চলে যাওয়ার পর শেখ হাসিনা তিন তিনবার নিজে স্বয়ং মৃনালকে ফিরিয়ে আনতে যান।

কিন্তু মৃনাল কান্তি দাস ফিরে না এসে, লোকের কাছে পরোক্ষভাবে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সাথে তার দৈহিক সম্পর্কের কথা প্রচার করতে থাকে। কথায় কথায় মৃনাল কান্তি দাস হাসতে হাসতে বলতে থাকে, শেখ হাসিনার শরীরে কোথায় কি আছে, কতটুকু আছে আমি মৃনালের জানতে বাকি নেই। মৃনালের এসব কথা লোকে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার কানে পৌঁছাতে লাগলো।

বছর কয়েক পরে বাংলা নতুন শতাব্দী ১৪০১ সালের ১লা বৈশাখ প্রত্যুষে অন্য কেউ আসার আগেই মৃনাল কান্তি দাস ২৯ নম্বর মিন্টু রোডের দোতলার বারান্দায় এসে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সাথে দেখা করলে, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা দূরে ঘাস খেতে থাকা একটি ছাগল দেখিয়ে মৃনালকে বলেন, দেখ, দেখ ঐটা হলো তুই।

এর বছরখানেক পরে মৃনাল কান্তি দাস পুনরায় নিয়মিত ভাবে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সাথে যোগ দিলেও পূর্বের অবস্থানে যেতে পারেনি। শেখ হাসিনা ১৯৯৬ সালের ১৭ই ফেব্রুয়ারী সন্ধ্যাবেলা ধানমণ্ডি বঙ্গবন্ধু ভবনের ভেতরের গেটের সামনে-পিছন দিক থেকে মৃনাল কান্তি দাস-এর ভুঁড়ি জড়িয়ে ধরা ছাড়া আর তেমন কোন পাত্তা দেননি।

## পাচার

এ দেশের হিন্দু সম্প্রদায় চাকুরীজীবীই হোক আর ব্যবসায়ী হোক, অবলীলাক্রমে এই দেশের সকল ধন-সম্পদ ভারতে পাচার করে। চাকুরীজীবী বৈধ-অবৈধ যেভাবেই অর্থ উপার্জন করুক অর্থাৎ অসৎ পথে ঘুষ দুর্নীতির মাধ্যমেই অর্থ উপার্জন করুক কিংবা চাকরীর বেতনের মাধ্যমে অর্থ উপার্জন করুক, যেভাবে উপার্জন করুক তাদের উপার্জিত সকল ধন-সম্পদই ভারতে পাচার করবে। হিন্দু ব্যবসায়ীদের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। হিন্দু সম্প্রদায় কখনোই এই দেশকে তাদের দেশ মনে করে না। আর তাই এই দেশ থেকে বৈধ-অবৈধভাবে উপার্জিত সমুদয় অর্থ ভারতে পাচার করে।

অনুরূপভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার পরিবার-পরিজন সকলেই এই দেশকে নিজের দেশ মনে করে না। আর সেই কারণেই প্রধানমন্ত্রী শেখ হাসিনা, শেখ রেহানা বৈধ-অবৈধ যেভাবেই অর্থকড়ি-উপার্জন সকল ধন-সম্পদ বিদেশে পাচার করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার পরিবারের লোকেরা প্রধানত ভারত, সিঙ্গাপুর, হংকং, লন্ডন এবং যুক্তরাষ্ট্রে ধন-সম্পদ পাচার করে।

## ভ্যাট প্রত্যাহার

১৯৯২ সালে বেগম খালেদা জিয়ার বিএনপি সরকার বাংলাদেশে প্রথম ভ্যাট প্রথা চালু করে। খালেদা জিয়া ভ্যাট চালু করার সময় তখনকার বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা এবং তার দল আওয়ামী লীগ ভ্যাট প্রথা বাতিলের দাবিতে আন্দোলন শুরু করে। আন্দোলনের প্রথম পর্যায়ে ভ্যাট প্রথা বাতিলের দাবিতে মিছিল সমাবেশ করে বেগম খালেদা জিয়া সরকারকে নির্দিষ্ট সময়সীমা দিয়ে বিরোধীদলীয় নেত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, এর মধ্যে ভ্যাট প্রথা বাতিল না করলে হরতাল করা হবে।

তখন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে বলা হলো আপনি যে ভ্যাট বাতিলের জন্য হরতাল আহ্বান করতে যাচ্ছেন, আপনি ক্ষমতায় গেলে কি করবেন? ভ্যাট প্রথা বাতিল করবেন?

পরেরটা পরে হবে, এই কথা বলে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ঠিকই ভ্যাট বাতিলের দাবিতে হরতাল করলেন। আর তিনি (শেখ হাসিনা) যখন ক্ষমতায় এলেন তখন ভ্যাট বাতিল তো দূরের কথা, উল্টো ভ্যাটের আওতা আরো বাড়িয়ে দিলেন। অর্থাৎ বেগম খালেদা জিয়া সরকার যে সকল পণ্যের উপর ভ্যাট বসিয়েছিলেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা সেই সকল পণ্যের উপর ভ্যাট বহাল তো রাখলেনই বরং যে সমস্ত পণ্যের উপর ভ্যাট ছিল না সেই সমস্ত পণ্যের উপরও ভ্যাট ধার্য করলেন।

## খেলা

জননেত্রী শেখ হাসিনা নিজেকে একজন বড় খেলোয়াড় মনে করেন। তিনি মনে করেন, তিনি দুনিয়ার সবচাইতে দক্ষ খেলোয়াড় এবং তার মতো খেলোয়াড়ের সারা বিশ্বে জুড়ি নেই। তিনি খেলতে ভালবাসেন। বলতে গেলে খেলাই তার একমাত্র কাজ। তিনি সকলের সাথেই খেলেন। জনতার সাথে খেলেন। রাজনৈতিক নেতাদের সাথে খেলেন। নিজেদের দলের কর্মীদের সাথে খেলেন। স্বামীর সাথে খেলেন। আত্মীয়স্বজনের সাথেও খেলেন, তবে কম খেলেন। নিজের বোনের সাথে খেলেন, তবে পেরে ওঠেন না, ধরা পরে হেরে যান। ছেলে-মেয়ের সাথে খেলতে গিয়ে প্রচণ্ড মার খেয়ে যান।

জননেত্রী শেখ হাসিনা মনে করেন তার মতো এতো বড় খেলোয়াড় আর নেই এবং তিনি যে খেলা খেলেন, এ খেলা ধরা বা বোঝার শক্তি কারো নেই। পৃথিবীর কেউই তার খেলা ধরতে পারবে না। বুঝতে পারবে না। এ খেলায় তিনি অনন্যা, অদ্বিতীয়।

বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা যে খেলা খেলেন, সে খেলার নাম হচ্ছে, প্রতারণার খেলা। তিনি সকলের সাথেই প্রতারণার খেলা খেলেন।

## প্রিয়-অপ্রিয়, পছন্দ-অপছন্দ

প্রিয় খাদ্য ঃ গরুর ভুঁড়ি।
প্রিয় গান ঃ জিন্দেগি জেন্দেগি।
প্রিয় ব্যক্তিত্ব ঃ মুখ্যমন্ত্রী জ্যোতি বসু।
সবাইতে বেশি লোভ ঃ টাকার প্রতি।
সব চাইতে অপছন্দের ঃ নামাজী মানুষ
সবচাইতে স্বস্তি এবং আনন্দের ঃ মানুষের লাশ
সব চেয়ে বেশি পটু ঃ মিথ্যে বলায়।

## প্রথম নির্দেশ

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার প্রথম নির্দেশ মেরে ফেল। মেরে লাশ ফেলে দাও। আওয়ামী লীগের কোন নেতা, কর্মী কিংবা সমর্থক কথা প্রসঙ্গেও যদি বলে প্রশাসনের অথবা অন্য রাজনৈতিক দলের অমুক আমাদের বিপক্ষের, তাহলে সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা প্রথমেই যে নির্দেশ বা আদেশ দেন তাহলো মেরে ফেল। মেরে ফেলে দাও। আমি হুকুম দিলাম খুন করে ফেল।

যদি কোন কারণে উক্ত ব্যক্তিকে হত্যা করা না যায়, তাহলে বলবেন ঘুষ দাও। টাকা দাও। টাকা দিয়ে ওকে আমাদের পক্ষে নিয়ে আসো।

১৯৯৫ সালে মাওয়া রোড দিয়ে টুঙ্গিপাড়ায় যাওয়ার সময় ফেরীতে ৩০/৪০ বৎসর আগে দেশ থেকে যুক্তরাজ্যে চলে যাওয়া, যুক্তরাজ্যের নাগরিক শেখ হাসিনা সরকার কর্তৃক নিয়োগকৃত শিল্প ঋণ সংস্থার পরিচালক প্রফেসর আবুল কাসেম তার নিজ থানা নবাবগঞ্জ সম্পর্কে বললেন, নবাবগঞ্জ (ঢাকা জিলার) আওয়ামী লীগের প্রার্থী দেওয়া না দেওয়া সমান কথা। নবাবগঞ্জের মানুষ আওয়ামী লীগকে পছন্দ করে না, ভোটও দেয় না।

এই কথা শুনে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বললেন, রাতের অন্ধকারে ঘরে ঘরে আগুন লাগিয়ে দেন। আগুন লাগিয়ে ওদের পুড়িয়ে মেরে ফেলেন।

## কোন নেতা ছিল না

শেখ হাসিনার কখনোই কোন সিদ্ধান্তই কোন নেতা বা নেতৃস্থানীয় ব্যক্তি অথবা উপদেষ্টা কিংবা জ্ঞানী-গুণী কোন ব্যক্তির সাথে আলাপ-আলোচনা করে নিতেন না। মূলত তিনি সিদ্ধান্ত নিতেন তার চারপাশে থাকা ছেলে- ছোকরা এবং আত্মীয়দের কথার উপর ভর করে। এমন কি বঙ্গবন্ধু কন্যা কোন পদযাত্রা, মিছিল ইত্যাদিতে যখন অংশ নেন তখন কোন নেতা বা নেতৃস্থানীয় কোন ব্যক্তি তাঁর সাথে কখনোই থাকতেন না। কোন নেতা বা ঐ জাতীয় কোন ব্যক্তি ভুলক্রমে যদি বঙ্গবন্ধু কন্যা জননেত্রীর পাশে এসে পড়তো তাহলে তাঁর সাথে থাকা ছেলে-ছোকরারা ঐ নেতা বা ব্যক্তিকে কিলঘুষি, চড় থাপ্পর এমনকি লাথি গুঁতা দিয়ে তাড়িয়ে দিতো। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা এসব বুঝতেন না বা দেখতেন না তা নয়, তিনি এ সবই আড়চোখে দেখতেন, মজা নিতেন, আর খিল খিল করে হাসতেন। মূলত শেখ হাসিনার ইন্ধন ও আস্কারার ফলেই তার সাথে থাকা ছেলে-ছোকরারা নেতাদের সাথে ঐ রকম চরম বেয়াদবী আচার-আচরণ করতে সাহস পেতো।

## চিন্তা-ভাবনা ছাড়াই বলা

কোন কথাবার্তা ঘোষণা দেয়ার ব্যাপারেও কারো সাথে কখনোই কোন আলোচনা করা তো দূরের কথা নিজেও কোন চিন্তা ভাবনা না করেই জননেত্রী শেখ হাসিনা মুখে যাই আসে, তাই বলে ফেলেন বা তাই ঘোষণা দিয়ে দেন। আওয়ামী লীগের নেতা ও শুভানুধ্যায়ীরা সব সময় তটস্থ থাকেন, এই বুঝি বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা বেফাঁস কিছু বলে ফেলেন।

১৯৯৭ সালের ১০ই জানুয়ারী রমনা বটমূলে ছাত্রলীগের প্রতিষ্ঠা বার্ষিকীতে বক্তৃতা করার সময় জননেত্রী শেখ হাসিনা দেশের প্রধানমন্ত্রী হিসেবে তার মন্ত্রী সভার মন্ত্রী তোফায়েল আহমদকে হাত তুলে দেখিয়ে হঠাৎ বলে উঠলেন, "ঐ যে, তোফায়েল ভাইয়েরা ১৯৭৩ সালে বাংলাদেশ ক্যাডার সার্ভিসে অযোগ্য লোকদের চাকরী দিয়েছিলো, তার এই কথায় দাঁড়ালো তিনি বর্তমানে

প্রধানমন্ত্রী হিসেবে বলছেন বা ঘোষণা করছেন বর্তমানে তারই মন্ত্রী তোফায়েল আহমদ সাবেক প্রধানমন্ত্রী তারই পিতা শেখ মুজিবর রহমানের আমলে ১৯৭৩ সালে বাংলাদেশের প্রথম ক্যাডার (বিসিএস) সার্ভিসে অযোগ্য লোকদের চাকরী বা নিয়োগ দিয়েছে। প্রধানমন্ত্রী বা রাষ্ট্রের প্রধান নির্বাহী হিসেবে এই কথা প্রকাশ্যে বলার পর (তার পরদিন সমস্ত পত্র-পত্রিকায় এই সংবাদ ছাপা হয়েছে) বাংলাদেশ ক্যাডার সার্ভিস (বিসিএস' ৭৩) ১৯৭৩-এর সকলের অযোগ্যতা অভিযোগে চাকরী যাওয়া উচিৎ এবং রাষ্ট্রের তৎকালীন প্রধান নির্বাহী বা তৎকালীন প্রধানমন্ত্রী শেখ মুজিবর রহমানের অযোগ্য লোককে চাকরী দেওয়ার অভিযোগে বিচার হওয়া উচিৎ। নইলে বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিরুদ্ধে মানহানির মামলা হওয়া উচিৎ।

## রাজা-বাদশা রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী

আওয়ামী লীগের জুনিয়র সারির নেতারা একদিন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার পুত্র জয়কে বলছে, আপনি যখন প্রধানমন্ত্রী হবেন তখন আপনার সাথে আমরা আছি।"

জয় বলছে, "প্রধানমন্ত্রী ! রাষ্ট্রপতি! মানুষের কাছে ভোটা ভিক্ষা করে? ভোট ভিক্ষা করে আমি কোন দিন রাষ্ট্রপতি বা প্রধানমন্ত্রী হব না। যদি রাজা বানান তাহলে আছি, নইলে নাই।"

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা সঙ্গে সঙ্গে বললেন, "বাবা আমরা তো রাজাই, আগামীতে তো তুমিই রাজা হবা। তোমার নানা তো এদেশের রাজাই ছিলেন, তোমার নানাই তো এই দেশ সৃষ্টি করেছে, এই দেশের মালিক ছিল। চাকর-বাকররা ষড়যন্ত্র করে তোমার নানাকে মেরে সিংহাসন দখল করেছে।

আলীবর্দী খাঁ যেমন বাংলার নবাব ছিলেন, তারপরে তাঁর নাতি সিরাজদ্দৌলা নবাব হয়েছিল। তোমার নানা শেখ মুজিবর রহমানও বাংলাদেশের রাজা ছিল, আগামীতে তুমিই বাংলাদেশের রাজা হবে। রাজা-বাদশাদের আধুনিক নামই রাষ্ট্রপতি-প্রধানমন্ত্রী।

## ওয়াদা

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা নির্বাচনের আগে মূলত এবং প্রধানত তিনটি ওয়াদা করেছিলেন। এই তিনটি গুরুত্বপূর্ণ ওয়াদার প্রথমটি হচ্ছে রেডিও টেলিভিশন এর স্বায়ত্তশাসন।

দ্বিতীয়টি হচ্ছে বিশেষ ক্ষমতা আইন ১৯৭৪ (যে আইনে বিনা বিচারে যে কাউকে কারাগারে আটক রাখা যায়) বাতিল করবেন এবং তৃতীয় হচ্ছে বিচার বিভাগকে প্রশাসন থেকে আলাদা বা পৃথক করবেন।

এই তিনটি ওয়াদার প্রথমটি টেলিভিশন ও রেডিওর স্বায়ত্তশাসন মাশাআল্লাহ। এটা বলা বা লেখার কোনই প্রয়োজন পড়ে না। এরশাদ-এর আমলে শেখ হাসিনা লক্ষ লক্ষ বার টেলিভিশনকে বলেছেন, সাহেব-বিবি- গোলামের বাক্স।

বেগম খালেদা জিয়ার আমলে বিরতিহীন ও লাগামহীনভাবে এমন কোন অনুষ্ঠান নেই যেখানে টেলিভিশনের কথা তিনি বিবি, গোলামের বাক্স বলেননি।

এখন সেই শেখ হাসিনা ক্ষমতায় এসে প্রধানমন্ত্রী হয়ে তার ওয়াদা এমনভাবে পূরণ করেছেন যে মানুষ এখন বলে বাপ-বেটির বাক্স।

আর দ্বিতীয় ওয়াদা বিশেষ ক্ষমতা আইন ১৯৭৪? প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিনা বিচারে মানুষকে কারাগারে রাখার এই কালো আইনটি বাতিল করবেন কিভাবে? কোন যুক্তিতে? এ যে তার পিতা শেখ মুজিবের তৈরি করা কালো আইন। এই বিশেষ ক্ষমতা আইনেই প্রধানমন্ত্রী



শেখ হাসিনার পিতা সাবেক প্রধানমন্ত্রী শেখ মুজিবর রহমান মুক্তিযোদ্ধাসহ এদেশের হাজার হাজার নির্দোষ-নিরপরাধ মানুষকে বিনা বিচারে কারাগারে আটকে রেখেছিল। পিতার সৃষ্টি করা মানুষকে নিগৃহীত করা ও অত্যাচার করা এই কালো আইন তিনি বাতিল করলে, পিতার যোগ্য কন্যা ও উত্তরসূরী তিনি কিভাবে দাবি করবেন?

তাই তিনি ক্ষমতায় যেয়েই বললেন, বিশেষ ক্ষমতা আইন '৭৪ সে তো বাতিল করার প্রশ্নই আসে না! এই তো যোগ্য পিতার যোগ্য কন্যা ও উত্তরসূরী। বাপকা বেটি এই কালো আইনটি শুধু পুরোপুরি বহালই রাখলেন না, এর কার্যকারিতাও প্রয়োগ করতে লাগলেন। কালো আইনের এই প্রয়োগ করতে যেয়ে বিরোধী দলের নেতাকে বিনা কারণে, বিনা বিচারে কারাগারে আটকে রাখলে, মহামান্য আদালত প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারকে শাস্তিস্বরূপ অর্থদণ্ড দেয়। এর পরও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ওয়াদার কথা তো মনে হয়ইনি, লজ্জাও হয়নি। হাজার হলেও বাবার তৈরি করা এবং রেখে যাওয়া, তাই কালো আইনটি বহালই রেখেছেন এবং তৃতীয় ওয়াদা বিচার বিভাগকে প্রশাসন থেকে আলাদা বা পৃথক করা নিয়ে তিনি ভুলেও টু শব্দ করছেন না। বেমালুম চেপে যাচ্ছেন।

## সপ্তাহে দু'দিন ছুটির কাহিনী

এক শুক্রবার বিকেলে শেখ মুজিবের একমাত্র আপন ভাই শেখ নাসেরের বিধবা স্ত্রী শেখ হেলালের মা প্রধানমন্ত্রী শেখ হাসিনার চাচী প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন গণভবনে এসে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বললেন, "মা তোমাকে তো পাই-ই না। তুমি এতো ব্যস্ত থাকো। এ জন্য আমি আসিই না। খাটতে খাটতে তুমি একদম কাহিল হয়ে গেলে। এক কাম কর মা, সপ্তাহে দু'দিন ছুটি দিয়ে যাও। কর্মচারীরাও খুশি হবেনে। আমরাও তোমারে পাবানে।

আপনি ঠিকই তো কইছেন চাচি। এই কথা বলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার পরের দিনই সপ্তাহে দু'দিন ছুটি ঘোষণা করলেন। চারদিকে এবং পত্র-পত্রিকায় সপ্তাহে দু'দিন ছুটি ঘোষণা নিয়ে আলোচনা-সমালোচনার ঝড় উঠলো। পত্র-পত্রিকায় আলোচনা-সমালোচনায় সবচাইতে বেশি গুরুত্ব সহকারে বিস্ময়ের সাথে যা বলা হলো, তা হলো, সরকারের নীতি নির্ধারকরা সপ্তাহে দু'দিন ছুটির ব্যাপারে কিছুই জানেন না। এমন কি মন্ত্রী সভার সদস্যরাও এ ব্যাপারে কিছুই জানেন না এবং সপ্তাহে দু'দিন ছুটির দাবীও কেউ করেনি। তাহলে কার সাথে আলোচনা করে পরামর্শ করে সপ্তাহে দু'দিন ছুটি দেওয়া হলো? এই নিয়ে পত্র-পত্রিকায় অনেক দিন পর্যন্ত হৈ চৈ চললো। প্রশ্ন প্রশ্নই থেকে গেল। উত্তর মিললো, না। কেউ জানতে পারলো না। বুঝতে পারলো না। আবিষ্কার করতে পারলো না এ যে চাচী ভাতিজির কাণ্ড।

## কাকে প্রথম সৎ হতে হবে

কাকে প্রথম সৎ হতে হবে? আমাদের দেশের যে করুণ অবস্থা, এই অবস্থায় কার প্রথম সৎ হওয়া প্রয়োজন বা কাকে প্রথম সৎ করা দরকার? সারা দেশের সমস্ত প্রশাসনের রন্ধ্রে রন্ধ্রে অসৎ ব্যক্তিদের যে অসততা, এই অসততার হাত থেকে মুক্তি পেতে হলে, দেশকে বাঁচাতে হলে, প্রশাসনের কোন ব্যক্তিকে প্রথম সৎ হতে হবে? এই রকম একটা চিন্তা, একটা ভাবনা এবং অনুসন্ধান দীর্ঘ দিন ধরে মাথায় ঘুরপাক খাচ্ছিলো।

কিন্তু এই চিন্তা, ভাবনা এবং অনুসন্ধানের খুব একটা ফল পাওয়া যাচ্ছিল না। আবার মাথা থেকে এটা ফেলে দেওয়াও যাচ্ছিল না। দেশের এই অহিনকূল অবস্থায় প্রশাসনের কাকে প্রথম




বক্তৃতা করছেন বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা। মাঝে চা-এর সাথে ফেনসিডিল হাতে দাঁড়িয়ে আবু জাহেদ। পাশে আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য আমীর হোসেন আমু, আব্দুল জলিল এবং পিছনে মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টু।



বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার কোলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক সরকারীভাবে সস্ত্রীক অবাঞ্ছিত ঘোষিত 'আমার ফাঁসি চাই' গ্রন্থের লেখক মুক্তিযোদ্ধা মতিয়ুর রহমান রেন্টুর কন্যা স্বর্ণলতা এবং শেখ হেলাল এমপির কন্যা।



বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে কেক খাওয়াচ্ছেন ময়না রহমান (মিসেস মতিয়ুর রহমান রেন্টু)। পাশে বসে আছে শেখ হাসিনার কন্যা পুতুল এবং বোন শেখ রেহানা



শেখ হাসিনার কন্যা পুতুলের বিয়ের দিন তাকে বিদায় দিচ্ছে শেখ হাসিনা এবং ময়না রহমান (অবাঞ্ছিত ঘোষিত মিসেস মতিয়ুর রহমান রেন্টু)



বঙ্গবন্ধু শেখ হাসিনার নানা বাড়িতে শেখ হাসিনা, ময়না রহমান এবং অন্যান্যরা

সৎ হওয় উচিৎ, কে প্রথম সৎ হলে প্রশাসনের অসৎ ব্যক্তিরা নিয়ন্ত্রণে আসবে? এবং আস্তে, আস্তে, ধীরে, ধীরে প্রশাসন ও দেশ থেকে ঘুষ ও দুর্নীতি দূর হবে? মাথার এই ভাবনাটা দূর না হতেই, ১৯৯৮ সালের জুলাই মাসে বাংলাদেশ বন বিভাগের কক্সবাজার রেস্ট হাউস-এ বন বিভাগের ডি, এফ ও (ডিভিশনাল ফরেস্ট অফিসার) দের এক বৈঠক বসলো। প্রায় বিশ-পঁচিশ জন ডি, এফ ও বৈঠকে উপস্থিত হলেন।

বৈঠকের আলোচ্য বিষয় সরকার কর্তৃক নতুন সি সি এফ (চীফ কনজারর্ভেটর অফ ফরেস্ট) বা প্রধান বন সংরক্ষক নিয়োগ দান প্রসঙ্গ। ডি এফও দের বৈঠকে আলোচনা হলো, নতুন সি সি এফ প্রার্থী পাঁচ জন। এই পাঁচ জনের মধ্যে বর্তমানে যিনি সি সি এফ আছেন তিনি চাকরীর মেয়াদ বাড়িয়ে সি সি এফ পদে আরো থাকতে চান এবং বাকি চারজন সি এফ (কনজার্ভেটর অফ ফরেস্ট) সি সি এফ হতে চান। এই পাঁচ জন সি সি এফ প্রার্থীই আলাদা আলাদা ভাবে ডি এফ ওদের কাছে ঘুষ বা চাঁদা হিসেবে মোটা অঙ্কের টাকা চাচ্ছেন। ডি এফ ওদের কাছ থেকে এই মোটা অঙ্কের টাকা নিয়ে সি সি এফ প্রার্থীরা নিজস্ব ব্যবস্থাপনায় বা চ্যানেলে সি সি এফ হওয়ার জন্য বনমন্ত্রীকে ঘুষ দেবেন এবং যেহেতু সি সি এফ একটা গুরুত্বপূর্ণ পদ তাই এই পদে কাউকে নিয়োগ দেওয়ার আগে প্রধানমন্ত্রীর একটা সম্মতি বনমন্ত্রীকে নিতেই হবে। আর তাই সি সি এফ প্রার্থীদের কাছ থেকে নেওয়া ঘুষের টাকা থেকে একটা বড় অংশ প্রধানমন্ত্রীকে বনমন্ত্রীর দিতে হবে। নইলে সি সি এফ পদে নিয়োগ দেওয়া হবে না। বনমন্ত্রী ও প্রধানমন্ত্রীকে ঘুষ দেওয়ার এই প্রতিযোগিতায় যে প্রার্থী সর্বোচ্চ ঘুষের টাকা দেবেন তিনিই সি সি এফ হবেন। এ জন্যই সি সি এফ প্রার্থীরা ডি এফ ওদের কাছে মোটা অঙ্কের টাকা দাবি করেছে। ডি এফও'দের আলোচ্য বিষয় হলো, আমরা সি সি এফ প্রার্থীকে টাকা দেব, তিনি সি সি এফ না হয়ে, যে প্রার্থীকে টাকা দেব না সেই প্রার্থীই যদি সি সি এফ হয়ে যায় তাহলে তো আমাদের বদলি করে হেড কোয়ার্টারে নিয়ে কর্মহীন করে রাখা হবে। ডি এফ ও হিসেবে ফিল্ডে থেকে দেদারচে যে টাকা তারা কামাচ্ছে তা বন্ধ হয়ে যাবে। তাই সর্বসম্মতিক্রমে ডিএফওগণ সিদ্ধান্ত নিল যে, সকল সি সি এফ প্রার্থীকে সমান টাকা দেওয়া হবে এবং দেওয়া হলোও তাই।

যিনি নতুন সি সি এফ হয়েছেন (আব্দুস সাত্তার), তিনি মন্ত্রী ও প্রধানমন্ত্রীর টাকা একত্রে বনমন্ত্রীর কাছে না দিয়ে, আলাদাভাবে ভিন্ন ভিন্ন করে দিয়েছেন। নতুন সি সি এফ জনাব আব্দুস সাত্তার প্রধানমন্ত্রীর অংশ বনমন্ত্রীর হাতে না দিয়ে সোজা চলে গেলেন ঢাকার বেইলী রোডের টাঙ্গাইল মিষ্টিঘরের ঠিক সাথে লাগা পিছনে তৃতীয় তলা বিল্ডিং, ১২ নং নিউ বেইলী রোডে, যেখানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ক্যাশিয়ার কাম ছোট বোন শেখ রেহানা অর্ধ বিকলাঙ্গ স্বামী শফিক সিদ্দিকী ঢাক-ঢোল পিটিয়ে তদবিরকারক চেম্বার খুলেছেন। সেখানে গিয়ে শফিক সিদ্দিকীকে না পেয়ে সি সি এফ প্রার্থী আব্দুস সাত্তার গেলেন শেখ হাসিনা ও শেখ রেহানারা মালিকানাধীন বিজয় নগরের সুংগার্ডেন চায়নিজ রেস্টুরেন্টে।

এই রেস্টুরেন্টের ম্যানেজার ইসলামকে তদবিরের বিষয় খুলে বলার পর ম্যানেজার ইসলাম সি সি এফ প্রার্থী আব্দুস সাত্তারকে সঙ্গে নিয়ে চলে গেলেন বনানীর আবেদ টাওয়ারের নিচ তলায় অবস্থিত শেখ হাসিনা ও শেখ রেহানাদের মালিকানাধীন অপর রেস্টুরেন্ট 'ফাউন্টেন ফরচুন রেস্টুরেন্ট এন্ড বার'-এ। সি সি এফ প্রার্থী আব্দুস সাত্তার এখানেই শফিক সিদ্দিকীর হাতে প্রধানমন্ত্রীর অংশটা দিলেন এবং তিনি (জনাব আব্দুস সাত্তার) নতুন সি সি এফ নিয়োগ পেলেন।



## সুরে সুরে কথা বলা

রাজনীতিতে সুরে সুরে কথা বলতে হয়। পার্টি বা সংগঠনের মূল নেতা বা নেত্রী যিনি, তার সুরে সুরে কথা বলতে হয়। আপনি যে পর্যায়ের নেতা বা কর্মীই হন না কেন, পার্টি বা সংগঠনের অথবা রাষ্ট্রের মূল নেতা যিনি, যার হাতে মূল ক্ষমতা, তিনি যদি চৈত্রের ভর দুপুরেও বলেন, এখন রাত, আপনাকেও তাই বলতে হবে। যদিও তখন ভর দুপুর, তবু ভুলেও তা বলতে পারবেন না। যদি সুরে সুরে কথা না বলে, সত্য কথা বলেন, তাহলেই আপনি নেতার কাছে হবেন অগ্রহণযোগ্য ব্যক্তি। নেতা বা নেত্রী যা বলবেন তা যতই অসত্য বা ভুল হোক না কেন, তা আপনাকে তালে তালে সুরে সুরে ঠিক সব ঠিক বলে যেতে হবে। যদি তা না পারেন, তাহলে আর যা হোক অন্তত রাজনীতিতে সাইন করতে পারবেন না। যোগ্য হতে পারবেন না। আর রাজনীতিতে যিনি মূল নেতা-নেত্রী বা ক্ষমতার মূল মালিক, অর্থাৎ যিনি ক্ষমতার কেন্দ্রবিন্দু, তার কাজ হয়, যে তার সাথে তাল মিলিয়ে সুরে সুরে কথা বলবে বা কাজ করবে, তাকেই সবচেয়ে যোগ্য ও আনুগত্যশীল মনে করা। এর বাইরে তিনি আর কিছুই মনে করতে পারবেন না। অর্থাৎ ভুল করেই হোক, অথবা ইচ্ছে করেই হোক, তিনি দিনকে রাত বলেছেন, আর অধীনস্থ কোন নেতা বা কর্মী যদি তা শুধরে দেয় তাহলেই তিনি ধরে নেন অধীন এই লোক তার প্রতি আনুগত্যশীল নয়, যোগ্যও নয়। বাংলাদেশের প্রেক্ষাপটে বিশেষ করে আওয়ামী লীগ সভানেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার ক্ষেত্রে তিনি যা বলবেন বা করবেন তা সঠিক হোক, না হোক, অবশ্যই বলতে হবে ঠিক, সবটাই ঠিক।

বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার রাজনীতিতে প্রথম কথা হচ্ছে, তার (শেখ হাসিনার) কোন ভুল থাকতে পারে না। কেউ যদি মনে করে তার (শেখ হাসিনার) ভুল হয়েছে তাহলে তাকে রাজনীতির প্রথম কথা পুনরায় স্মরণ করতে হবে। ঠিক, ঠিক, নেত্রী আপনি যা বলেছেন বা যা করেছেন তা সব ঠিক। শেখ হাসিনার রাজনীতিতে যারা এভাবে চলেছে তারাই উপরে উঠেছে এবং সফল হয়েছে।

## কোন শিক্ষা নেয়নি

রাষ্ট্রনায়ক বা রাজনৈতিক নেতাদের ইতিহাসে সবচাইতে ক্ষমতাধর ব্যক্তি, যার মুখের কথায় লক্ষ কোটি মানুষ উদ্বেলিত হতো, যার অঙ্গুলীর ইশারায় সারি সারি মানুষ মৃত্যুর দিকে ছুটে যেতো, পরম করুণাময় আল্লাহ্‌র দরবারে হাত তুলে নিজের জন্য দোয়া করার কথা ভুলে গিয়ে যার জন্য মানুষ দোয়া করতো, তিনি শেখ মুজিবর রহমান। কেউ কেউ তাকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান বলেন, কেউ কেউ বলেন না। এদেশের বেশিরভাগ মানুষ জাতির পিতা বঙ্গবন্ধু বলেন না, স্বীকার করেন না এবং মানেন না। কিন্তু তিনি যে বাংলাদেশের রাষ্ট্রপতি/প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতি এটা সকলেই স্বীকার করেন।

১৯৭৫ সালের ১৫ই আগস্ট মসজিদে ফজরের আযান হচ্ছে, আস্‌সালাতু খায়রুম্ মিনান নাউম, আসসালাতু খায়রুম মিনান নাউম। মুসল্লিরা শয্যা ছেড়ে নামাজে যাচ্ছে ঠিক সেই সময় বাংলাদেশের সবচাইতে ক্ষমতাধর ব্যক্তি, রাষ্ট্রপতি শেখ মুজিবর রহমান বাঁচার জন্য, শুধু বাঁচার জন্য, দীর্ঘ তিন ঘন্টা সাড়ে তিন ঘন্টা কত চেষ্টা-তদবিরই না করেছেন। তার প্রাণ বাঁচানোর জন্য সেনাবাহিনীর প্রধানের কাছে ফোন করেছেন। সেনাবাহিনীর ঢাকা ব্রিগেড কমান্ডারের কাছে ফোন করেছেন। তার নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত সেনা ইউনিট প্রধানের

কাছে ফোন করেছেন। পুলিশের আইজির কাছে ফোন করেছেন। পুলিশ কন্ট্রোল রুমে ফোন করলেন। গণভবনে ফোন করলেন। কিন্তু কোন জায়গা থেকেই একটু সাড়াশব্দও এলো না। সর্বশক্তিমান পরম করুণাময় আল্লাহ্ রাব্বুল আলামীন শেখ মুজিবর রহমান ও তার পরিবার-পরিজনের জীবন রক্ষার জন্য একটি মানুষকেও পাঠালেন না। যে ব্যক্তির এতো লোকজন, এতো ঢল তলোয়ার, এতো অনুসারী, এতো ক্ষমতা, তাকে সাহায্য করতে, তার প্রাণ বাঁচাতে কেউ-ই এগিয়ে এলো না।

মানুষের জন্য নিবেদিতপ্রাণ, দেশপ্রেমিককে বন্দী করে বিচার না করে বন্দিদশায় হাতে হ্যান্ডকাপ পরা অবস্থায় সামনে থেকে বুকে গুলি করে হত্যা করে পবিত্র পার্লামেন্টে দাঁড়িয়ে দম্ভের সাথে কোথায় সিরাজ সিকদার বলে, ও দম্ভ করা, স্বাধীনতার ইস্তেহার পাঠকারী এম এ রশিদ শেখ মুজিবের ভাগ্নে শেখ শহীদ যখন ছাত্রলীগের সভাপতি তখন এম এ রশিদ, ছাত্রলীগের সাধারণ সম্পাদক। শেখ কামালের সাথে দ্বন্দ্বের কারণে এম এ রশিদ দীর্ঘদিন শেখ মুজিবর রহমানের কাছে যাননি।

এম এ রশিদ বলেন, বঙ্গবন্ধু যে অল্প কিছুদিনের মধ্যেই মারা যাবেন এটা আমি বুঝতে পেরেছিলাম। শেখ মনি ভাইয়ের অনুরোধে '৭৫-এর জুলাই আগস্টে আমি যখন গণভবনে বঙ্গবন্ধুর সাথে দেখা করতে যাই, আমাকে দেখেই বঙ্গবন্ধু বলে উঠলেন, পৃথিবীতে এমন কেউ আছে, যে আমার দরবারে হাজির হবে না? বলে, অট্টহাসি দিলেন। সেই বলা আর হাসিতে ছিল ভয়ানক অহংকার প্রচণ্ড গরিমা। তখনই আমার মন বলে উঠল, বঙ্গবন্ধু আর বেশিদিন পৃথিবীতে নেই।

১৫ই আগস্টের শিক্ষা হচ্ছে, আল্লাহ্‌কে ভয় করা। সব সময় আল্লাহকে স্মরণে রাখা। মানুষের প্রতি অমানুষের মত আচরণ না করা। মানুষকে সম্মান করা। নিজেকে সর্বেসর্বা মনে না করা। মানুষকে ভালবাসা।

আত্মঅহমিকা ও গরিমা বর্জন করা। কিন্তু দুঃখ ও পরিতাপের বিষয় শেখ হাসিনা, শেখ রেহানা এবং তাদের পরিবার-পরিজন আত্মীয়রা ১৫ই আগস্ট থেকে বিন্দুমাত্র শিক্ষাও নেয়নি। বরং ১৫ই আগস্টের ঘটনা থেকে তারা আরো কুশিক্ষা অর্জন করলো। তারা মানুষকে চুল পরিমাণেও ভালবাসে না। মানুষকে অপমান-অপদস্ত করে প্রচণ্ড আনন্দ বোধ করে।

## কার কত টাকা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার ছোট বোন শেখ রেহানার এখন একই একাউন্ট, একই হিসাব। দুই বোনের মধ্যে অনেক ঝগড়া-ঝাটির পর দু'জনে মিলে একটি একাউন্ট হওয়ার বিনিময়ে আপোষ করা হয়েছে। এই দুই বোনের বর্তমানে আমেরিকায় (মার্কিন যুক্তরাষ্ট্র) তিনটি ডিপার্টমেন্টাল স্টোর হয়েছে। এর একটি চালায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার মেয়ে পুতুল ও তার স্বামী। অপরটি চালায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছেলে জয় এবং তৃতীয়টি চালায় প্রধানমন্ত্রীর ছোট বোন শেখ রেহানার ছেলে ববি। এছাড়া এই দুই বোনের বিভিন্ন দেশে প্রায় তিন থেকে চার হাজার কোটি টাকা নগদ আছে।

প্রধানমন্ত্রীর চাচাতো ভাই শেখ হেলাল এমপি প্রায় হাজার কোটি কোটি টাকার উপরে মালিক। প্রধানমন্ত্রীর চাচাতো বোন লুনা এবং মিনা শত শত কোটি টাকার মালিক। প্রধানমন্ত্রীর অপর চাচাতো ভাই রুবেল ও তার অন্যান্য ভাইয়েরা শত কোটি টাকার মালিক হয়েছে। প্রধানমন্ত্রী চাচাতো চাচা শেখ হাফিজুর রহমান টোকন প্রায় পাঁচশ কোটি টাকার মালিক। প্রধানমন্ত্রীর



বাবার ফুফাতো ভাইয়ের ছেলে প্রধানমন্ত্রীর এ পি এস বাহাউদ্দিন নাসিম এবং তার চাচাতো ভাই প্রধানমন্ত্রীর চীফ সিকিউরিটি নজিব আহাম্মেদ নজিব ও তার ভাইয়েরা মিলে বর্তমানে কয়েক হাজার কোটি টাকার মালিক হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নিকট এবং দূর সম্পর্কের আত্মীয়-স্বজনেরা এমন কেউ নেই, যিনি বর্তমানে শত কোটি টাকার মালিক হননি।

## ধিক শেখ মুজিব ধিক

'৭১ সালের ২৫শে মার্চ পাকিস্তানী সৈন্যরা দৈনিক ইত্তেফাক পত্রিকা জ্বালিয়ে দিলে, ত্বরিৎগতিতে পাকিস্তানের প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ইত্তেফাকের মালিক ব্যারিস্টার মঈনুল হোসেনদের ক্ষতিপূরণ বাবদ নগদ দশ লক্ষ টাকা দেয় এবং মুক্তিযুদ্ধের সময় মঈনুল হোসেনরা লন্ডন-জার্মানী ঘুরে অত্যাধুনিক অফসেট মেশিন কিনে আনলেন, কিন্তু মুক্তিযুদ্ধে অংশ নিলেন না। পাকিস্তানী হানাদার কবলিত গোটা সময়, অর্থাৎ মুক্তিযুদ্ধের সময়, অর্থাৎ মুক্তিযুদ্ধের গোটা নয় মাস মঈনুল হোসেনরা পাকিস্তান প্রেস থেকে বিনা পয়সায় (পাকিস্তান সরকারের খরচে) ইত্তেফাক পত্রিকা বের করলেন।

বলা বাহুল্য, ঐ সময় ইত্তেফাকে পাকিস্তানী জেনারেল ইয়াহিয়া খান, টিক্কা খান, ফরমান আলী, নিয়াজি ও পাকিস্তানী অন্যান্য জেনারেল ও সৈন্যদের এবং ঘাতক গোলাম আযমসহ অন্যান্য আলবদর, রাজাকারদের প্রশংসা করে খবর ছাপা হতো। আর মুক্তিযোদ্ধাদের বলা হতো দেশদ্রোহী ভারতীয় চর। অর্থাৎ ইত্তেফাক তখন মুক্তিযুদ্ধের বিপক্ষে অবস্থান নিয়ে পাকিস্তানী তাঁবেদারি ও দালালিতে লিপ্ত ছিল এবং দালালি ও তাঁবেদারির পুরস্কার হিসেবে পাকিস্তান সরকারের সমস্ত বিজ্ঞাপন ইত্তেফাক পেতো। অপ্রত্যাশিতভাবে হঠাৎ ১৬ই ডিসেম্বর দেশ স্বাধীন হয়ে যাওয়ায় ইত্তেফাকের মালিক আনোয়ার হোসেন মঞ্জুরা পাকিস্তান সরকারের কাছে থেকে দালালি ও তাঁবেদারির পুরস্কারস্বরূপ পাওয়া বিজ্ঞাপনের বিলের টাকা নিতে পারেনি। লক্ষ প্রাণের বিনিময়ে দেশ স্বাধীনের পরে পূর্ব পরিচয়ের সূত্র ধরে স্বাধীন দেশের কর্ণধার শেখ মুজিবর রহমানের কাছ থেকে পাকিস্তানী দালালির ও তাঁবেদারির সেই বিলের টাকা নেয়। কোন বিবেকবান মানুষ কি এই বিলের টাকা দিতে পারে?

এ জন্যই কি লক্ষ লক্ষ মানুষের জীবন আর মা-বোনের ইজ্জতের বিনিময়ে বাংলাদেশ স্বাধীন করা হয়েছে? ধিক, শেখ মুজিব, ধিক।

এদেশের মুক্তিপাগল দামাল ছেলেরা প্রাণের মায়া ছিন্ন করে দেশমাতৃকার মুক্তির জন্য প্রাণপণ লড়াই করছে। হানাদার পাকিস্তানী বাহিনীর সাথে মুখোমুখি যুদ্ধ করছে। ঠিক তখন পাকিস্তান সরকার মুক্তিযুদ্ধ নস্যাৎ করার জন্য কুমলতবে ই পি সি এস (ইস্ট পাকিস্তান ক্যাডার সার্ভিস)-এর পরীক্ষা নিল। নিজের প্রাণের বিনিময়ে পাকিস্তানী হানাদারদের কবল থেকে দেশ ও দেশের মানুষকে বাঁচানোর সেই অগ্নিপরীক্ষার দিনে, বাংলার দামাল ছেলেরা পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ শুরু করলো। আর স্বার্থান্বেষী চরম সুবিধাবাদী কতিপয় ব্যক্তি পাকিস্তান সরকারের দেওয়া সেই ই পি সি এস পরীক্ষায় অংশ নিল এবং দেশপ্রেম বিবর্জিত ঐ ব্যক্তিরা ই পি সি এস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ইস্ট পাকিস্তান ক্যাডার সার্ভিসের চাকরীতে যোগ দিল। লক্ষ প্রাণের বিনিময়ে দেশ স্বাধীনের পরে মুক্তিযুদ্ধের সাথে সম্পর্কহীন শেখ মুজিবর রহমান ঐ বিশ্বাসঘাতক দেশদ্রোহীদের স্বাধীন বাংলাদেশ ক্যাডার সার্ভিসের চাকরীতে পুর্নবহাল করলেন। কিন্তু কেন? ন্যূনতম বিবেক থাকলে কি এটা সম্ভব? শেখ মুজিব, ধিক।

মানুষের জন্য নিবেদিতপ্রাণ দেশপ্রেমিক সর্বহারা দলের নেতা কমরেড সিরাজ সিকদারকে বিনা বিচারে বন্দীদশায় হাতে হ্যান্ডকাপ পরা অবস্থায় সম্মুখ থেকে গুলি করে হত্যা করে, মহান জাতীয় সংসদে দাঁড়িয়ে আজ কোথায় সিরাজ সিকদার বলে আস্ফালন করে শেখ মুজিব হয়েছে বিবেকহীন এক কাপুরুষ।

## ডায়েরীর পাতা

তুমি যা চেয়েছিলে তাই হয়েছে। তুমি চেয়েছিল যেনতেন প্রকারে একবার শুধু ক্ষমতায় যাওয়া। তাই হয়েছে। দেশের জন্য, জাতির জন্য কিছু করতে হলে যে ত্যাগ স্বীকার করা প্রয়োজন তা তুমি করতে কখনই প্রস্তুত ছিলে না। প্রথম থেকেই শুধু ক্ষমতায় যাওয়ার জন্য তুমি সর্বদা ব্যস্ত ছিলে এবং তাই হয়েছে। ১৫/৬/৯৬

না, তুমি দেশের জন্য কিছুই করতে পারবে না। কেননা দেশের জন্য কিছু করার মন তোমার নেই। মানুষের জন্য কিছু করার মন নেই বলেই, তোমার ইচ্ছেও নেই। আর ইচ্ছে নেই বলেই তোমার উপায়ও নেই। যদি তোমার ইচ্ছে থাকতো, তাহলে কিছু একটা উপায় হতো। কিন্তু জাতির জন্য কিছু করার ইচ্ছে তোমার নেই। কাজেই উপায়ও নেই। ১৫/১২/৯৬ইং

আমরা তোমাকে ক্ষমা করতে চাই। কিন্তু কোন বিচারেই ক্ষমা করতে পারি না। তুমি ক্ষমার অযোগ্য। তুমি প্রার্থনা কর আল্লাহ্ রাব্বুল আলামীন যেন তোমাকে ক্ষমা করার সামর্থ্য আমাদের দেন। ২৭/০২/৯৭ইং

১৯৮১ সালের ১২ই জুন যখন তুমি তোমার পিতার ধানমন্ডি বত্রিশ নম্বরের বাড়িটি এবং অলঙ্কারসহ যাবতীয় জিনিষ, ৭২ পৃষ্ঠার একটি ইনফেন্ট্রিতে সই করে বুঝে নিচ্ছিলে, তখনই মনে হচ্ছিল তুমি মানুষ নাও অন্য কিছু। তুমি যখন খুঁটিয়ে খুঁটিয়ে সব বুঝে নিচ্ছিলে, সবাই হতবাক হয়ে তোমার দিকে তাকিয়েছিল। কি রকম ধীর স্থীর এবং অবলীলাক্রমে তুমি বলছিলে, আমার কানের দুল তিনটা কই? আমার নাকের ফুল দুইটা কই? আমার হাতের চল্লিশটা চুরি কই? ইত্যাদি ইত্যাদি, তুমি বলছিলে আর সরকারী কর্তৃপক্ষ একটা একটা করে সব বুঝিয়ে দিচ্ছিল। সে দিনটার কথা আমার আজো মনে আছে। সেদিন তোমাকে দেখে মনেই হয়নি যে, এই বাড়িতেই তোমার পিতৃকুলের সব শেষ হয়ে গেছে। তুমি এমন ভাবে গুনে প্রায় সত্তর লক্ষ টাকার গয়নাসহ অন্যান্য মালামাল বুঝে নিলে যে, তাতে মনে হলো, তুমি মানুষ নও। অন্য কোন কিছু।

কারো লেখা পড় না; কোন বই পড় না। ভাল কথা শোন না। তোমার নাম শেখ হাসিনা। তুমি পিতৃমাতৃহীন স্বামী কর্তৃক পরিত্যাক্ত এক রমণী। তোমার মেয়ের ভাষায় তুমি বহুরূপী। তোমার প্রিয় গৃহভৃত্য রমাকান্ত, যাকে তুমি ভালবাসতে, সেও তোমাকে ভালবাসতো। কিন্তু সেও তোমার কাছে রইল না। তুমি এমন এক প্রাণী।

## শিক্ষা

এসবই তুমি আমাদের দিয়েছ।
তোমার কাছ থেকেই এসব আমাদের পাওয়া।
তুমি যা দিয়েছ, তার সবটুকুই আমরা পেয়েছি।
নতুন করে তোমার কাছ থেকে আমাদের আর পাওয়ার কিছুই নেই।



তাই, তুমি যা দিয়েছ, তা আমরা সকলের কাছে ফাঁস করে দিতে চাই।
তাতে তুমি দুঃখ পেলে, আমাদের কিছু করার নেই।
এ শিক্ষা তুমিই আমাদের দিয়েছ। তোমার কাছ থেকেই আমরা এ শিক্ষা পেয়েছি।
সেদিন হয়তো তুমি ভাব নাই, তোমার শিক্ষাই তোমার বিরুদ্ধে কাজে লাগিয়ে দেব।
এই হয়। আসলে এই হয়। তোমার মতো যারা এ শিক্ষা দেয় তারা কেউই ভাবে না, এই শিক্ষা একদিন তাদের বিরুদ্ধেই কাজে লেগে যাবে।
তই হয়তো তুমিও ভাব নি।
তোমাকে অসংখ্য ধন্যবাদ, একেবারে খালি হাতে বিদায় না দিয়ে অন্তত শিক্ষাটা দিয়ে দিয়েছিলে।
নইলে তো মাঠে মারা যেতে হতো। (অবশ্য তুমি তাই চেয়েছিলে)
তোমার দেয়া শিক্ষাটা বেঁচে কিনে, অন্তত বাঁচার চেষ্টা করি।
শেষবারের মতো বলি, তুমি দুঃখ করো না। বিশ্বাস কর, তোমার বিরুদ্ধে এ ছাড়া আমাদের আর কিছুই করার ছিল না।
জানি বিশ্বাস করবে না। কারণ, তোমার মাঝে বিশ্বাস বলে কিছু নেই।

## মুক্তিযুদ্ধের চেতনা

মুক্তিযুদ্ধের চেতনা হচ্ছে মানুষের মনন জগতের এক ধরনের অনুভূতি। যে অনুভূতির ফলে একটা জাতির মন-মানসিকতার আমূল পরিবর্তন ঘটে এবং এই পরিবর্তনের ফলে গোটা জাতি মন থেকে পুরনো ধ্যানধারণা ব্যক্তি স্বার্থপরতা, ঝেড়ে ফেলে নতুন মন ও ভাবনা নিয়ে গড়ে ওঠে। এই মন ও ভাবনাকে বলা হয় চেতনা।

আর এই গড়ে ওঠা নতুন মন ও ভাবনা বা চেতনা হচ্ছে, নিজের চাইতে অন্যকে (অপরকে) বেশি বড় করে দেখা। বেশি ভালবাসা। নিজের ব্যক্তি স্বার্থের চাইতে দেশ ও জাতির স্বার্থকে বেশি বড় করে দেখা। নিজের সুখ-দুঃখ ভুলে গিয়ে অন্যের সুখ-দুঃখকে প্রাধান্য দেওয়া।

একটা জাতির জীবনে এই চেতনা বছর বছর আসে না। একটি বিশেষ মুহূর্তে একটি বিশেষ প্রয়োজনে হাজার হাজার বছর পর একটা জাতির জীবনে এরূপ একটি চেতনার জন্ম বা সৃষ্টি হয়। আর একটা জাতির জীবনে যখনই এই চেতনার সৃষ্টি হয়, তখনই সেই জাতি ব্যক্তিস্বার্থের উর্দ্ধে উঠে একে অপরকে নিজের মতো ভালবাসে। কখনো কখনো নিজের চাইতে অন্যকে বেশি ভালবাসে।

নিজের চাইতে অন্যকে বেশি ভালবাসা বা অন্যকে নিজের মতো করে ভালবাসার চেতনাকেই বলা হয় মুক্তিযুদ্ধের চেতনা।

জাতির জীবনে যখনই এই চেতনার জন্ম হয় তখনই সে জাতির মাথা তুলে দাঁড়ায়। পৃথিবীর কোন শক্তিই আর সেই জাতিকে দাবিয়ে রাখতে পারে না।

অন্যকে নিজের চাইতে বেশি ভালবাসার চেতনা হাজার হাজার বছর পর বাঙালি জাতির জীবনে এসেছিল '৭১-এ মহান মুক্তিযুদ্ধের সময়।

'৭১ সালে বাঙালি জাতি নিজের সুখ-দুঃখের চাইতে অন্যের সুখ-দুঃখকে বড় করে দেখেছে, বেশি করে দেখেছে।

নিজের চাইতে অন্যকে বেশি ভালবাসার বা অন্যকে নিজের মতো ভালবাসার চেতনা বার বার

আসে না। হাজার বছরে একটা জাতির জীবনে একবার এই চেতনা আসে।
জাতির জীবনে যখন এই চেতনা আসে, তখন গোটা জাতি সকল প্রকার অন্যায়, অবিচার, স্বার্থপরতা, পরাধীনতা ইত্যাদি সকল কিছুর বিরুদ্ধে রুখে দাঁড়ায় এবং মুক্তির লড়াই শুরু করে।
বাঙালির হাজার বছরের ইতিহাসে একমাত্র '৭১-এর মুক্তিযুদ্ধের সময়েই বাঙালি এই চেতনায় উদ্বুদ্ধ হয়েছিল এবং গোটা বাঙালি জাতি তখন সকল প্রকার ব্যক্তিস্বার্থের উর্ধ্বে উঠে দেশ ও জাতির স্বার্থকে বড় করে দেখেছে। অন্যকে নিজের চাইতে বেশি ভালবেসেছে। সমস্ত বিদেশী পণ্য বর্জন করে দেশীয় দ্রব্য ব্যবহার করেছে।
এককথায় "মুক্তিযুদ্ধের চেতনা হচ্ছে নিজের চাইতে অন্যকে বেশি ভালবাসা। নিজের ব্যক্তি স্বার্থের চাইতে দেশ ও জাতির স্বার্থ বেশি দেখা।"
স্বাধীনের পর দেশপ্রেম বিবর্জিত রাজনৈতিক নেতৃত্ব রাষ্ট্রীয় ক্ষমতায় এসে মুক্তিযুদ্ধের এই চেতনাকে ধ্বংস করে দিয়েছে। আর এই মুক্তিযুদ্ধের চেতনা ধ্বংসকারী দেশপ্রেম বিবর্জিত রাজনৈতিক নেতৃত্বের নেতৃত্ব দিয়েছিলেন শেখ মুজিবর রহমান। বলা যায়, শেখ মুজিবের নেতৃত্বেই মুক্তিযুদ্ধের চেতনা ধ্বংস হয়েছে।

## আমার, শেখ মুজিবের ও শেখ হাসিনার ফাঁসি চাই

ইতিহাস সাক্ষ্য দেয় ইংল্যান্ডের ক্রমওয়েল রাজতন্ত্রের ক্ষমতা লোপ করে নিজেই ক্ষমতার অপব্যবহার করে একজন স্বৈরাচারী হয়েছিলেন। কিন্তু ইংল্যান্ডের গণতান্ত্রিক জনতা তাকে ক্ষমা করেনি। দেশের প্রচলিত আইনে তার বিচার হয়েছিল তার মৃত্যুর পর। এই বিচার প্রিভি কাউন্সিল পর্যন্ত গড়িয়েছিল এবং তার ফাঁসি হয়েছিল। কবর হতে তার হাড়গোড় তুলে ফাঁসির কাষ্ঠে ঝুলানো হয়েছিল। এটাই হলো আইনের শাসন।
'৭৫-এর ১৫ই আগস্ট শেখ মুজিব হত্যার প্রতিবাদে যুদ্ধ করে দেশের যে ক্ষতি করেছি, সেই অপরাধে আমার ফাঁসি চাই।
স্বাধীনতার ঘোষক মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জিয়াউর রহমান হত্যার ষড়যন্ত্রের কথা জেনেও তা প্রকাশ না করার এবং হত্যাকারীদের সম্পৃক্ত থাকার অপরাধে আমার ফাঁসি চাই।
'৮৩-এর মধ্য ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র জয়নাল ও জাফর এবং '৮৪-এর ফেব্রুয়ারী সেলিম ও দেলোয়ার হত্যায় শেখ হাসিনার পরিকল্পনা ও ষড়যন্ত্রে অংশ নিয়ে যে অপরাধ করেছি তার জন্য আমার ফাঁসি চাই।
১৯৯২ সালের ডিসেম্বরে সার্ক শীর্ষ সম্মেলন পণ্ড করার জন্য শেখ হাসিনার পরিকল্পনা ও নির্দেশে হিন্দু-মুসলমান রায়ট লাগিয়ে যে অপরাধ করছি তার জন্য আমার ফাঁসি চাই।
১৯৯২ সালের পর থেকে ১৯৯৬ সালের মার্চ পর্যন্ত আন্দোলনের নামে ঢাকা শহরে শেখ হাসিনার নীলনক্সা ও নির্দেশে যে ১০৩ (একশত তিন) জন লোক নিহত হয়, এই অজ্ঞাতনামা ১০৩ জন মানুষ হত্যার দায়ে আমার ফাঁসি চাই।



## তবে তার আগে

(১) সম্পূর্ণ সুযোগ থাকা সত্ত্বেও সঠিক সময়ে শেখ মুজিবর রহমান স্বাধীনতা ঘোষণা না করায়, আমাদের স্বাধীনতার জন্য ত্রিশ লক্ষ মানুষকে নিহত (শহীদ) হতে হয় এবং দুই লক্ষ মা-বোনকে ধর্ষিত হয়। এই ত্রিশ লক্ষ মানুষ হত্যা এবং দুই লক্ষ নারী ধর্ষিত হওয়ার জন্য দায়ী শেখ মুজিবর রহমানের মরণোত্তর ফাঁসি চাই।

(২) মুক্তিযুদ্ধের চেতনা ধ্বংস করার অভিযোগে শেখ মুজিবর রহমানের মরণোত্তর বিচার চাই, শাস্তি চাই।

(৩) যে মুক্তিযোদ্ধারা যুদ্ধ করে দেশ স্বাধীন করেছে এবং দেশ স্বাধীন করে শেখ মুজিবর রহমানকে স্বাধীন দেশে ফিরিয়ে এনেছে, স্বাধীনতার পর ভারত থেকে সেই প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা না এনে, রাজাকার আলবদরসহ ভুয়া ব্যক্তিদের মুক্তিযোদ্ধা সনদ (সার্টিফিকেট) দেওয়ার অভিযোগে শেখ মুজিবর রহমানের মরণোত্তর বিচার চাই, শাস্তি চাই।

(৪) ক্ষমা না চাইতেই স্বাধীনতা বিরোধী রাজাকার, আল বদরদের ঢালাওভাবে ক্ষমা ঘোষণা করার অপরাধে শেখ মুজিবর রহমানের মরণোত্তর শাস্তি চাই।

(৫) মহান বিপ্লবী নেতা কমরেড সিরাজ সিকদারকে বন্দী অবস্থায় বিনা বিচারে গুলি করে হত্যা করার অপরাধে শেখ মুজিবর রহমানের মরণোত্তর ফাঁসি চাই।

(৬) সিরাজ সিকদারকে খুন করে পবিত্র পার্লামেন্টে দাঁড়িয়ে আজ কোথায় শেখ মুজিবর রহমানের মরণোত্তর শাস্তি চাই।

(৭) জনগণের ভোট দেওয়ার অধিকার, মিছিল করার অধিকার, দল করার অধিকার এবং সংবাদপত্রের স্বাধীনতা হরণসহ সংবিধানের মৌলিক অধিকার হরণ করে জাতির উপর একদলীয় (বাকশাল) শাসন-শোষণ চাপিয়ে দেওয়ার অপরাধে শেখ মুজিবর রহমানের মরণোত্তর বিচার চাই, শাস্তি চাই।

(ক) ১৯৭৫ সালের ১৫ই আগস্ট শেখ মুজিবর রহমান নিহত হওয়ার পর অনেক চেষ্টা এবং কষ্টের পর শিক্ষিত ছাত্র যুবকদের মাঝে মুক্তিযুদ্ধের চেতনা ফিরিয়ে আনার ধারার সূচনা হয়েছিল। ছাত্র-যুবকরা ভাবতে শুরু করেছিল "রাজনীতি হচ্ছে মানুষকে দেওয়ার জন্য, পাওয়ার জন্য নয়।"
কিন্তু শেখ হাসিনা দেশে এসে সন্ত্রাসী, চোরাকারবারী, কালোবাজারী, ঘুষখোরদের রাজনীতির চালিকাশক্তিতে পরিণত করেছে এবং রাজনীতি থেকে সকল প্রকার নীতি-

আদর্শ ঝেটিয়ে বিদায় করে প্রতিষ্ঠিত করেছে নীতিহীন এক রাজনীতি। এই অপরাধে শেখ হাসিনার বিচার চাই, শাস্তি চাই।

(খ) ভারতে বসে স্বাধীনতার ঘোষক মুক্তিযোদ্ধা রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে হত্যার ষড়যন্ত্র ও পরিকল্পনা করে এবং ১৯৮১ সালের ৩০শে মে তা বাস্তবায়িত করার অপরাধে শেখ হাসিনার ফাঁসি চাই।

(গ) ১৯৮২ সালে, জনগণ কর্তৃক নির্বাচিত বিএনপি সরকার উৎখাত করে সামরিক সরকার প্রতিষ্ঠিত করার ষড়যন্ত্রে লিপ্ত থাকার অপরাধে শেখ হাসিনার বিচার চাই, শাস্তি চাই।

(ঘ) সামরিক স্বৈরাচার জেনারেল এরশাদকে হাতের মুঠোয় রাখার জন্য, ষড়যন্ত্র ও পরিকল্পনা করে, ছাত্র আন্দোলনের নামে, '৮৩-র মধ্য ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র জাফর ও জয়নাল এবং '৮৪-র ফেব্রুয়ারীতে সেলিম ও দেলোয়ার হত্যার অপরাধে শেখ হাসিনার ফাঁসি চাই।

(ঙ) ১৯৯২ সালের ডিসেম্বরে সার্ক শীর্ষ সম্মেলন পণ্ড করার জন্য হিন্দু-মুসলমান সাম্প্রদায়িক রায়ট লাগিয়ে দেওয়ার অপরাধে শেখ হাসিনার বিচার চাই, শাস্তি চাই।

(চ) ১৯৯২ সাল থেকে ১৯৯৬ সালের মার্চ পর্যন্ত, আন্দোলনের ইস্যু তৈরী করার জন্য ঢাকা শহরে ১০৩ জন নিরীহ অজ্ঞাতনামা সাধারণ মানুষকে খুন করার অপরাধে শেখ হাসিনার ফাঁসি চাই।





শেয়ার কেলেঙ্কারীর মহানায়ক এই সেই শফিক সিদ্দিকী প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোটবোন শেখ রেহানার স্বামী









অর্থমন্ত্রীর পিএস ডঃ পারভেজ এই খানে এই ভাবে শেখ মুজিবের ছবি দিয়ে নতুন দশ টাকার নোটের লেয়াউট ডিজাইন নিয়ে আসেন।









এই লেয়াউট দেখে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষিপ্ত হয়ে শেখ মজিবের ছবি উপরে দিয়ে লেয়াউট ডিজাইন নিয়ে আসার আদেশ দিলে পরে এই লেয়াউট ডিজাইন করা হয় এবং দশ টাকার নোট হিসাবে বাজারে ছাড়া হয়।



অফিস-আদালত, দোকানপাট, কলকারখানা, স্কুল-কলেজ ইঞ্জিন চালিত সকল প্রকার যানবাহন অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা করা হলো। এমনি একদিনে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা